লেকচার

Short সিলেবাসে

HSC সৃজনশীল

MADE EASY

with Test Papers

# সমাজবিজ্ঞান

প্রথম পত্র

অধিকতর ও Smart প্রস্তুতির জন্য

ডাউনলোড করতে QR Code টি স্ক্যান করো

অধিক অনুশীলনের জন্য বোর্ড প্রশ্নপত্রসহ মডেল টেস্ট ও শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা পর্যায়ক্রমে আপলোড হবে...

# বিস্তারিত সূচি

● পৃষ্ঠা নং দেখে কাঙ্ক্ষিত বিষয়টির অবস্থান জেনে নিই


## এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল ---------- ৩–৬

১. ঢাকা, যশোর, কুমিল্লা, চট্টগ্রাম, সিলেট, দিনাজপুর ও ময়মনসিংহ বোর্ড ২০২২ .......... ৩
২. রাজশাহী ও বরিশালি বোর্ড ২০২২ .......... ৪
৩. ঢাকা, রাজশাহী, কুমিল্লা, বরিশাল, দিনাজপুর ও ময়মনসিংহ বোর্ড ২০২১ .......... ৫
৪. যশোর, চট্টগ্রাম ও সিলেট বোর্ড ২০২১ .......... ৬

## এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি ---------- ৭–৮

৫. সকল বোর্ড ২০২২ .......... ৭
৬. সকল বোর্ড ২০২১ .......... ৮

## শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল ---------- ৯–১৬

৭. আবদুল কাদির মোল্লা সিটি কলেজ, নরসিংদী .......... ৯
৮. শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা .......... ১০
৯. বিএএফ শাহীন কলেজ, যশোর .......... ১১
১০. বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম .......... ১২
১১. হবিগঞ্জ সরকারি মহিলা কলেজ .......... ১৩
১২. অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল .......... ১৪
১৩. পটুয়াখালী সরকারি মহিলা কলেজ .......... ১৫
১৪. দিনাজপুর সরকারি কলেজ .......... ১৬

## শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি ---------- ১৭–২৮

১৫. বিএএফ শাহীন কলেজ, কুর্মিটোলা, ঢাকা .......... ১৭
১৬. আব্দুল কাদির মোল্লা সিটি কলেজ, নরসিংদী .......... ১৮
১৭. তেজগাঁও কলেজ, ঢাকা .......... ১৯
১৮. শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা .......... ২০
১৯. মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ .......... ২১
২০. বিএএফ শাহীন কলেজ, যশোর .......... ২২
২১. খুলনা সরকারি মহিলা কলেজ .......... ২৩
২২. বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম .......... ২৪
২৩. হবিগঞ্জ সরকারি মহিলা কলেজ .......... ২৫
২৪. পটুয়াখালী সরকারি মহিলা কলেজ .......... ২৬
২৫. অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল .......... ২৭
২৬. দিনাজপুর সরকারি কলেজ .......... ২৮

## এক্সক্লুসিভ মডেল টেস্ট : সৃজনশীল ---------- ২৯–৩০

২৭. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১ .......... ২৯
২৮. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২ .......... ৩০

## এক্সক্লুসিভ মডেল টেস্ট ও উত্তরমালা : বহুনির্বাচনি ---------- ৩১–৩২

২৯. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩ .......... ৩১
৩০. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪ .......... ৩২


লেকচার

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

## ১ ঢাকা, যশোর, কুমিল্লা, চট্টগ্রাম, সিলেট, দিনাজপুর ও ময়মনসিংহ বোর্ড ২০২২ বিষয় কোড : 1 1 7

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ রাফি এবং শুভ্র দুই বন্ধু ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ে। রাফি যে বিষয়ে পড়ে তার মূল আলোচ্য বিষয় হলো সমাজ। অপরদিকে শুভ্রর বিষয়টির মূল আলোচ্য বিষয় মানুষ ও তার সংস্কৃতি।

ক. সমাজবিজ্ঞানের জনক কে? ১
খ. 'সমাজবিজ্ঞান সমাজের পূর্ণাঙ্গ পাঠ।'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত রাফির অধ্যয়নের বিষয়টি ব্যাখ্যা কর। ৩
ঘ. শুভ্র ও রাফির পঠিত বিষয় পরস্পর সম্পর্কযুক্ত – ব্যাখ্যা কর। ৪

২ ▶ 'ক' বাংলাদেশের প্রাচীন শহরগুলোর মধ্যে অন্যতম। প্রধানত ব্যবসায় বাণিজ্যের কেন্দ্ররূপে শহরটির উদ্ভব ঘটলেও বর্তমানে এখানে শিল্পকারখানাও গড়ে উঠেছে। কাজের সন্ধানে ব্যাপক স্থানান্তর ঘটায় একদিকে বেকারত্ব বাড়ছে অন্যদিকে অপরিকল্পিতভাবে গড়ে উঠেছে বাসস্থান, বস্তি ও অন্যান্য স্থাপনা।

ক. ডুর্খেইম প্রদত্ত সমাজবিজ্ঞানের সংজ্ঞাটি লেখ। ১
খ. সমাজবিজ্ঞান সামাজিক ঘটনার কার্যকারণ নির্ণয় করে –বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের বিষয়বস্তু সমাজবিজ্ঞানের কোন শাখায় আলোচিত হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের শহরটির উন্নয়নে সমাজবিজ্ঞানের জ্ঞান সহায়ক।"– ব্যাখ্যা কর। ৪

৩ ▶
ছক-১ : প্রজ্ঞা — মেধা — বুদ্ধিমত্তা
ছক-২ : কুঠার — তবলা — ভবন

ক. সংস্কৃতি কী? ১
খ. সভ্যতা পরিমাপ করা যায়– ব্যাখ্যা কর। ২
গ. ছক-১ এ কোন ধরনের সংস্কৃতির কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ছক-২ এর সংস্কৃতির উপাদানটি সভ্যতা বিনির্মাণ করে – ব্যাখ্যা কর। ৪

৪ ▶ **দৃশ্যপট-১ :** সংবাদপত্র থেকে জানা যায় গ্রিসের নিকটবর্তী সমুদ্র উপকূলে নৌকাডুবিতে ৩২ জন নিহত হয়। জানা যায়, তাদের বেশিরভাগই বাংলাদেশি। তারা অবৈধভাবে ইউরোপে প্রবেশের চেষ্টা করছিল। বাংলাদেশ সরকার মানব পাচারের সাথে জড়িত কয়েকজনকে গ্রেফতার করে।

**দৃশ্যপট-২ :** ১৪ বছর বয়সি রকি তার বন্ধুদের নিয়ে স্কুলগামী মেয়েদের উত্যক্ত করে। ইদানিং তারা ছোটখাটো ছিনতাই করে বলেও শোনা যায়।

ক. বিচ্যুতি কী? ১
খ. ত্রুটিপূর্ণ শিক্ষাব্যবস্থা কীভাবে অপরাধের সাথে জড়িত? ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যপট-১ এ কোন ধরনের অপরাধের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যপট-২ এর অপরাধ নিয়ন্ত্রণে তুমি কী সুপারিশ করবে? ব্যাখ্যা কর। ৪

৫ ▶ এক সময় বর্ষাকালে নদী তীরবর্তী গ্রামসমূহে চুরি-ডাকাতি বেড়ে যেত। বর্তমানে সরকার নদী তীরবর্তী গ্রামসমূহের অবকাঠামো বিশেষ করে রাস্তাঘাট, ব্রিজ-কালভার্ট এবং বিদ্যুৎ ব্যবস্থার সম্প্রসারণ করে। ফলে মানুষের ব্যাপক কর্মসংস্থানের সৃষ্টি হয় এবং চুরি-ডাকাতিও কমে আসে।

ক. বংশগতি কী? ১
খ. ধর্ম কীভাবে সামাজিক নিয়ন্ত্রণ করে? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে বর্ণিত অপরাধপ্রবণতা বেড়ে যাওয়াকে তুমি সমাজজীবনের প্রভাব বিস্তারকারী কোন উপাদানের সাথে সংশ্লিষ্ট বলে মনে কর? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত উদ্যোগসমূহ সমাজজীবনের প্রভাব বিস্তারকারী উপাদানের আলোকে মূল্যায়ন কর। ৪

৬ ▶ একমাত্র সন্তান তন্ময়কে নিয়ে যুথী ও ইমন দম্পতি ঢাকা শহরে বসবাস করে। ইমন পেশাগত কাজে ব্যস্ত থাকলেও যুথী সংসারের অন্যান্য কাজের পাশাপাশি একমাত্র সন্তানের লেখাপড়ার যাবতীয় দায়িত্ব পালন করেন। তন্ময়ের অক্ষরজ্ঞান শেখানো থেকে স্কুলে ভর্তি, আনা-নেয়া, হোমওয়ার্ক তৈরি সবকিছুই যুথী অত্যন্ত যত্নের সাথে সম্পাদন করেন।

ক. সমাজকাঠামো কাকে বলে? ১
খ. 'বিবাহ একটি প্রতিষ্ঠান'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে পরিবারের কোন কাজটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে পরিবারের ধরনটি পরিবারের বিবর্তনের সর্বশেষ ধাপ।"– বিশ্লেষণ কর। ৪

৭ ▶ মুহিন ও পৃথা খালাতো ভাইবোন। দুজনই বিসিএস পাস করে সরকারি চাকরিতে যোগ দিয়েছে। পারিবারিক সিদ্ধান্তে দুজন সম্প্রতি বিবাহবন্ধনে আবদ্ধ হয়েছে।

ক. বহুবিবাহ কী? ১
খ. লেভিরেট বিবাহের তাৎপর্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মুহিন ও পৃথার জ্ঞাতিসম্পর্কের ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে বর্ণিত বিবাহটি সামাজিকভাবে তাৎপর্যপূর্ণ।" – ব্যাখ্যা কর। ৪

৮ ▶ সানোয়ার সাহেব স্ত্রী ও তিন সন্তান নিয়ে ঢাকা শহরে বসবাস করেন। গ্রামের আত্মীয়-স্বজনরা প্রায়ই নানা প্রয়োজনে তার বাসায় আসেন। কেউ চিকিৎসার প্রয়োজনে আসেন আবার কেউবা চাকরির প্রয়োজনে। তিনি সাধ্যমত সবাইকে সাহায্য করেন। গত মাসে তিনি তার বোনের এক ছেলের চাকরির ব্যবস্থা করে দিয়েছেন। এছাড়া দরিদ্র ও অসচ্ছল আত্মীয়দের বিয়ে-শাদী ও বিপদে-আপদে আর্থিক সাহায্য করেন।

ক. পরিবার কাকে বলে? ১
খ. 'মামা' কোন ধরনের জ্ঞাতিপদ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সানোয়ার সাহেবের পরিবারটি কোন ধরনের –ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে সানোয়ার সাহেবের কর্মকাণ্ডে জ্ঞাতিসম্পর্কের সামাজিক গুরুত্ব প্রতিফলিত হয়েছে।– বিশ্লেষণ কর। ৪

৯ ▶ স্বামী-স্ত্রী দুজনই সরকারি চাকরিজীবী। সারাদিন অফিস শেষ করে স্ত্রী বাসায় এসে সন্তানদের দেখাশোনাসহ সংসারের যাবতীয় দায়িত্ব পালন করেন। স্বামী অফিস থেকে এসে ক্লাবে যান, মোবাইল বা টিভি দেখেন। স্বামী মনে করেন, সংসারের এসব দায়িত্ব পালন করা তার কাজ নয়। সংসার ও অফিসের সকল দায়িত্ব পালন করতে গিয়ে স্ত্রী শারীরিক ও মানসিকভাবে অসুস্থ হয়ে পড়েছেন।

ক. সামাজিক অসমতা কী? ১
খ. 'দাসরা ছিল প্রভুর সম্পত্তি'– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে সামাজিক অসমতার কোন ধরনটি লক্ষণীয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে উল্লিখিত অবস্থা সমাজ প্রগতির অন্তরায়।" –তোমার সুচিন্তিত মতামত দাও। ৪

১০ ▶ রাশেদ দশম শ্রেণির ছাত্র। চুরি, ছিনতাইসহ নানা অপকর্মে লিপ্ত। একদিন তার বাবা জানতে পারে তার ছেলেকে পুলিশ ধরে নিয়ে গেছে। বর্তমানে তার পরিবার তার চরিত্র সংশোধনের মাধ্যমে তাকে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে চেষ্টা করছে।

ক. বিবর্তন কী? ১
খ. চুরির অভিপ্রায়কে অপরাধ বলা যায় কি? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত অপরাধের ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. রাশেদের ক্ষেত্রে সুষ্ঠু সামাজিকীকরণের কার্যকারিতা বিশ্লেষণ কর। ৪

১১ ▶ কলেজ শিক্ষক তারেক সাহেব বলেন, বর্তমান যুগে কম্পিউটার, ইন্টারনেট, ই-মেইল ব্যবহার করে ঘরে বসেই যেকোনো দেশের সাথে যোগাযোগ স্থাপন করা যায়। তথ্যের আদান-প্রদান করা যায়। কিন্তু আমাদের দেশের ছেলেমেয়েরা মোবাইল ও কম্পিউটার ব্যবহার করে গান, নাটক, সিনেমা দেখে, যার কারণে সমাজে ইভটিজিং বেড়ে গেছে। তিনি বলেন, আমাদের মানসিকতা, ধ্যানধারণা ও জ্ঞানের অপ্রতুলতাই এর জন্য দায়ী।

ক. লোকাচার কী? ১
খ. সামাজিক বিবর্তন বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে সামাজিক পরিবর্তনের কোন কারণটির কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে তারেক সাহেবের উক্তির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

# ২ রাজশাহী ও বরিশাল বোর্ড ২০২২

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট | **সমাজবিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ রুমানা বিশ্ববিদ্যালয়ে যে বিষয়ে ভর্তি হয়েছে অষ্টাদশ শতাব্দীতে ইংল্যান্ডের শিল্প বিপ্লবের পর সমাজজীবনে যে বৈপ্লবিক পরিবর্তন ঘটেছে তারই প্রেক্ষাপটে সেটির উদ্ভব হয়েছে। আর এই বিষয়টি সমাজের সামগ্রিক দিক নিয়ে আলোচনা করে।

ক. Logos শব্দটির অর্থ কী? ১
খ. "সমাজবিজ্ঞান হলো মূল্যবোধ নিরপেক্ষ বিজ্ঞান।"—বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে রুমানার পঠিত বিষয়ের প্রকৃতি ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়টি পাঠের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

২ ▶ আনন্দপুর গ্রামে মৃৎশিল্পীদের বাস। মৃৎশিল্প তাদের ঐতিহ্যবাহী পেশা। এ গ্রামের মৃৎশিল্পীদের তৈরি তৈজসপত্র ও ফুলদানি শহরের মানুষের কাছে ব্যাপক জনপ্রিয়তা লাভ করেছে। ইদানীং গ্রামে কতিপয় মহাজনদের আনাগোনা লক্ষ করা যায়। মৃৎশিল্পীরা এ ব্যাপারে ঐকমত্যে পৌঁছে যে, যেভাবেই হোক তারা তাদের জীবন-জীবিকায় অন্যকে হস্তক্ষেপ করতে দেবে না।

ক. সংঘ কী? ১
খ. অবস্তুগত সংস্কৃতি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের আলোচনা তোমার পাঠ্যবইয়ের কোন প্রত্যয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত প্রত্যয়ের সাথে সমাজের পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৩ ▶ বাংলাদেশের রাজধানী ঢাকায় শুভর জন্ম এবং সেখানেই তার বেড়ে ওঠা। শুভর বয়স পাঁচ বছর । বাবা-মায়ের সাথে সে পহেলা বৈশাখের মঙ্গল শোভাযাত্রায় অংশগ্রহণ করে এবং বিকেলে রমনা বটমূলে সাংস্কৃতিক অনুষ্ঠান দেখতে যায়। এ সময় শুভ তার বাবার কাছে এ সম্পর্কে জানতে চাইলে বাবা তাকে বলে, বাঙালির প্রাণের উৎসব পহেলা বৈশাখ। এগুলো আমাদের ঐতিহ্য, রীতিনীতি ও প্রথা। আর এগুলোর সমন্বয়ে গড়ে উঠে আমাদের জীবনযাত্রা প্রণালি।

ক. দল কী? ১
খ. "পরিবার সর্বজনীন"—বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি তোমার পাঠ্যবইয়ের কোন প্রত্যয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত প্রত্যয়ের সাথে সভ্যতার পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৪ ▶ সজল বিশ্ববিদ্যালয়ের লেখাপড়া শেষ করে ঢাকায় বিয়ে করেন। তিনি স্ত্রী, পুত্র, কন্যা নিয়ে সেখানে বসবাস করেন। তিনি নিয়মিত বাবা-মা ও অন্যান্য আত্মীয়-স্বজনদের খোঁজখবর রাখেন। সেই সাথে আর্থিক সহায়তা প্রদান করেন। এছাড়া তিনি তার গ্রামের শিক্ষা ও সাংস্কৃতিক উন্নয়নে সহায়তা করেন।

ক. বিবাহ কী? ১
খ. মাতৃতান্ত্রিক পরিবার বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত পরিবারটি কোন ধরনের পরিবার—ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রতিফলিত সজল সাহেবের ভূমিকা সমাজের জন্য ইতিবাচক—যুক্তিসহ তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৫ ▶ লতার মা-বাবা দুজনেই চাকরি করায় তার ছোট খালা রিয়া তাদের বাসায় থাকে। সে নিজের পড়ালেখার পাশাপাশি লতাকে দেখাশোনা করে। এর মধ্যে হঠাৎ লতার মা সড়ক দুর্ঘটনায় মারা যায়। এ অবস্থায় লতার বাবা তার ছোট খালা রিয়াকে বিয়ে করেন।

ক. শিশুর সামাজিকীকরণের প্রধান মাধ্যম কোনটি? ১
খ. "শিশুর রক্ষণাবেক্ষণ পরিবারের অন্যতম প্রধান কাজ" —বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিবাহ কোন ধরনের বিবাহ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত বিবাহের সামাজিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৬ ▶ পৃথিবীর বৃহত্তম ব-দ্বীপ আমাদের এ বাংলাদেশ। নদী ও পাহাড় এদেশের প্রাকৃতিক সৌন্দর্যকে নয়নাভিরাম করার পাশাপাশি কৃষি উৎপাদনে বৈচিত্র্য এনেছে। মানুষের ঘরবাড়ির ধরন, পোশাক, পরিচ্ছদ, যাতায়াত ব্যবস্থা সব কিছুতেই বৈচিত্র্য লক্ষ করা যায়, পেশায়ও রয়েছে ভিন্নতা। আর এ সবকিছুই বাংলাদেশকে এনে দিয়েছে বহুমাত্রিকতা।

ক. কোন অঞ্চল মানুষের বসবাসের জন্য উপযোগী? ১
খ. বংশগতি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি সমাজজীবনে প্রভাব বিস্তারকারী কোন উপাদানকে ইঙ্গিত করে? পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত উপাদানটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৭ ▶ মানব শিশু যখন জন্মগ্রহণ করে তখন অন্যান্য প্রাণীর (গরু, ছাগল) সাথে তার মৌলিক পার্থক্য খুব কম। কিন্তু শিশুটি যত বড় হতে থাকে অন্যান্য প্রাণী থেকে তার মধ্যে স্বতন্ত্র বৈশিষ্ট্য এবং পার্থক্য ক্রমশ প্রকট হয়ে ওঠে। এ পার্থক্যের মূলে সামাজিক শিক্ষা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সমাজই তাকে সামাজিক করে তোলে। তাই এটি জন্ম থেকে শুরু হয়ে বিরামহীনভাবে ব্যক্তির মৃত্যু পর্যন্ত চলে।

ক. জ্ঞাতিসম্পর্ক কী? ১
খ. দাসপ্রথা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে সমাজবিজ্ঞানের কোন প্রক্রিয়াটির ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রক্রিয়াটির মাধ্যমসমূহের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৮ ▶ প্রাকৃতিক সৌন্দর্যবেষ্টিত পলাশপুর গ্রামে কৃষক, ধোপা, নাপিত, কামার, কুমার এবং কিছু জেলেদের বসবাস। এই গ্রামের লোকেরা তাদের পৈতৃক পেশাকে আঁকড়ে ধরে জীবিকা নির্বাহ করে। দৃষ্টিভঙ্গির পরিবর্তনের ফলে তাদের সন্তানরা পিতার পেশা গ্রহণ না করে, চাকরি, ব্যবসায় করে জীবিকা নির্বাহ করে।

ক. 'Society' গ্রন্থের রচয়িতা কে? ১
খ. 'সামাজিকীকরণ একটি জীবনব্যাপী প্রক্রিয়া'—বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি সামাজিক স্তরবিন্যাসের কোন প্রত্যয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "সামাজিক স্তরবিন্যাসের উক্ত ধরনটির গুরুত্ব সাম্প্রতিককালে হ্রাস পাচ্ছে।"—বিশ্লেষণ কর। ৪

৯ ▶ বিপত্নীক রাজীব সাহেবের বয়স ৬৫ বছর। তার ছেলেমেয়েরা সবাই উচ্চশিক্ষিত এবং সমাজে প্রতিষ্ঠিত। রাজীব সাহেবের ছেলেমেয়েরা তাদের বাবার প্রতি যত্নবান না। পারিবারিক কোনো সিদ্ধান্তের ক্ষেত্রে তারা রাজীব সাহেবের সাথে পরামর্শ করেন না। তাদের ধারণা বয়সের কারণে তিনি সঠিক সিদ্ধান্ত গ্রহণে অক্ষম, অথচ অভিজ্ঞতার দিক থেকে রাজীব সাহেব সবসময়ই সন্তানদের চেয়ে এগিয়ে।

ক. লোকাচার কী? ১
খ. সামাজিক অসমতা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উক্ত বিষয়টি আমাদের সামাজিক মূল্যবোধের অন্তরায়— তুমি কি এ বক্তব্যের সাথে একমত? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

১০ ▶ **ঘটনা-১ :** সুমন টিকিট না কেটে ট্রেন ভ্রমণে বের হয়েছে। টিটি টিকেট চেক করতে আসলে সুমন টিকিট দেখাতে ব্যর্থ হয়।
**ঘটনা-২ :** রাজন একজন ব্যবসায়ী। তিনি আয়কর ফাঁকি দেন। তাছাড়া সে ট্রেডমার্ক নকল ও জালিয়াতি করার কাজের সাথে যুক্ত।

ক. বিবর্তন কী? ১
খ. সামাজিক নিয়ন্ত্রণ বলতে কী বোঝায়? ২
গ. ঘটনা-১ বিচ্যুতি না অপরাধ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "ঘটনা-২ দেশের আর্থসামাজিক উন্নয়নের পথে অন্তরায়" —বিশ্লেষণ কর। ৪

১১ ▶ তুষার একজন সফল কৃষক। তিনি উন্নত জাতের বীজ, সার ও কীটনাশক ব্যবহার করে কৃষি উৎপাদন বৃদ্ধি করেছেন। এর ফলে তার আর্থিক সচ্ছলতা আসে। তার ছেলেমেয়েরা সবাই উচ্চশিক্ষিত। বর্তমানে তারা ইন্টারনেট ও মোবাইল ব্যবহার করে বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়, বিভিন্ন দেশের সংস্কৃতি, রাষ্ট্রব্যবস্থা সম্পর্কে জানতে পারে। এছাড়াও তারা ইন্টারনেটের মাধ্যমে দেশে-বিদেশে সকলের সাথে যোগাযোগ রক্ষা করে।

ক. লেভিরেট বিবাহ কী? ১
খ. কাব্য ও কাব্যগ্রন্থের সংস্কৃতিগত পার্থক্য বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে গ্রামীণ জীবনযাত্রা পরিবর্তনে কোন উপাদানটির ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সামাজিক পরিবর্তনে উক্ত উপাদানটির প্রভাব বিশ্লেষণ কর। ৪

## ৩ ঢাকা, রাজশাহী, কুমিল্লা, বরিশাল, দিনাজপুর ও ময়মনসিংহ বোর্ড ২০২১

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ সুমি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে পড়ালেখা করছে। সে কোন বিষয়ে পড়ালেখা করছে?— মামার এমন প্রশ্নের উত্তরে সে বলল, আমরা যে সমাজে বসবাস করছি এর উৎপত্তি, ক্রমবিকাশ কীভাবে হয়েছে তা জানতে পারাই আমার পঠিত বিষয়। এমন কি এটা সমাজজীবনের প্রায় সকল বিষয় অধ্যয়ন ও বিশ্লেষণ করে থাকে।

ক. 'Socius' শব্দটির অর্থ কী? ১
খ. নৃবিজ্ঞান বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন বিষয়টি তুলে ধরার চেষ্টা করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়টি সমাজের পূর্ণাঙ্গ পাঠ– বিশ্লেষণ কর। ৪

২ ▶ কাজল ও পারুল দুই বান্ধবী জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়। কাজল যে বিষয়টা নিয়ে পড়ছে, সেটিকে সমাজের পূর্ণাঙ্গ পাঠ বলা হয়। এটির উদ্দেশ্য হলো সমাজে বসবাসকারী মানুষের পারস্পরিক সম্পর্কে বিজ্ঞানভিত্তিক বিশ্লেষণ করা। অন্যদিকে পারুলের পঠিত বিষয় রাষ্ট্র, সরকারব্যবস্থা, ক্ষমতা, কর্তৃত্ব ইত্যাদি নিয়ে আলোচনা করে।

ক. "সমাজবিজ্ঞান হচ্ছে সমাজের বিজ্ঞান"— উক্তিটি কার? ১
খ. "সমাজবিজ্ঞান একটি তাত্ত্বিক বিজ্ঞান"— কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে পারুলের অধ্যয়নের বিষয় কোনটি? ৩
ঘ. উদ্দীপকে কাজলের অধ্যয়নের বিষয়টির গুরুত্ব বর্তমানে বৃদ্ধি পাচ্ছে— বিশ্লেষণ কর। ৪

৩ ▶ মুকুল একটি প্রত্যন্ত এলাকায় বাস করে। তাদের এলাকার জনগোষ্ঠীর মধ্যে মতের অমিল থাকলেও নিজেদের মৌলিক চাহিদা পূরণে তারা সমষ্টিগতভাবে একতাবদ্ধ। পারস্পরিক সহযোগিতার ওপর নির্ভরশীল। মানুষগুলোর মধ্যকার সম্পর্ক জটিল জালের মতো ছড়িয়ে আছে।

ক. সমাজের ক্ষুদ্রতম সামাজিক সংগঠন কোনটি? ১
খ. সামাজিক নিয়ন্ত্রণ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে পারস্পরিক সহযোগিতার ওপর নির্ভরশীল মুকুলের এলাকাটি কোনটিকে নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রত্যয়টির সাথে সম্প্রদায়ের পার্থক্য আলোচনা কর। ৪

৪ ▶ পৃথিবীর সর্বত্র নববর্ষ একটি প্রচলিত উৎসব। সম্রাট আকবর বাংলা সনের প্রবর্তক। বাংলা নববর্ষ এখন জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সর্বজনীন এক জাতীয় উৎসবে পরিণত হয়েছে। বাঙালির কর্মপ্রভাবে নববর্ষের ব্যাপক প্রভাব রয়েছে। নববর্ষকে কেন্দ্র করে চারদিকে নানারকম মেলা বসে। পান্তা-ইলিশ খাওয়ার মহাউৎসব চলে। নববর্ষ আজ সত্যের গৌরব, মঙ্গলের গৌরব। মহত্ত্বের গৌরবে সকলের জীবন উদ্ভাসিত হয়ে উঠুক— সেই প্রত্যাশা সকলের।

ক. ম্যাকাইভারের মতে, সমাজের অর্থ কী? ১
খ. বস্তুগত সংস্কৃতি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি তোমার পাঠ্যবইয়ের কোন প্রত্যয়কে ইঙ্গিত করে?— ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত প্রত্যয়ের সাথে সভ্যতার পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৫ ▶ জামিল সাহেবের তিনটি ছেলে। বড় ছেলের নাম জনি। মেজটির নাম রনি। ছোট ছেলের নাম পিন্টু। জনির ছেলে, মেয়ে, স্ত্রী নিয়ে জামিল সাহেব একসাথে বসবাস করেন। রনি তার স্ত্রী, পুত্র, কন্যা নিয়ে পাশের শহরে বসবাস করেন। প্রবাসী পিন্টু ছুটিতে এসে বিয়ে করে নতুন স্ত্রীকে নিয়ে প্রবাসে চলে যান।

ক. 'Ancient Society' বইটি কার লেখা? ১
খ. জ্ঞাতিসম্পর্ক বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের আলোকে পরিবারের ধরনসমূহ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত কোন পরিবারটি তোমার কাছে পছন্দ? যুক্তিসহ তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৬ ▶ ঘটনা-১ : সূর্য তার চাচাতো বোনকে বিয়ে করে।
ঘটনা-২ : চম্পা তার স্বামীর মৃত্যুর পর স্বামীর ছোট ভাইকে বিয়ে করে।

ক. প্রথা কী? ১
খ. পিতৃতান্ত্রিক পরিবার বলতে কী বোঝ? ২
গ. ঘটনা-১ কোন ধরনের বিবাহ? ব্যাখ্যা কর। ৩
ঘ. ঘটনা-২ বিবাহের সামাজিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৭ ▶ অলোক বাবু পেশায় একজন চিকিৎসক। তিনি তার কর্মস্থলে মোটর বাইকে করে যাওয়া-আসা করেন। একদিন কর্মস্থলে যেতে তিনি কর্দমাক্ত রাস্তায় গুরুতর দুর্ঘটনায় আহত হন। পথচারীরা তাকে নিকটস্থ হাসপাতালে নিয়ে যান। আন্তরিকতার টানে তার অফিসের সহকর্মীরাসহ বহু আত্মীয়স্বজন তাকে দেখতে ছুটে আসে। সেখানে তৈরি হয় এক আবেগঘন পরিবেশ।

ক. সম্প্রদায়ের মূলভিত্তি কী কী? ১
খ. লোকরীতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের বিষয়টি তোমার পাঠ্যবইয়ের কোন দিককে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়টি সামাজিক বন্ধন স্থাপনে কতটা গুরুত্ব বহন করে বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

৮ ▶ লিজা গ্রামের দরিদ্র পরিবারের সন্তান। বেঁচে থাকার তাগিদে সে ব্যবসায়ী সবুজ সাহেবের বাড়িতে গৃহপরিচারিকার কাজ করে। সবুজ সাহেবরা যা খেত লিজাকে তা খেতে দেওয়া হতো না। সবুজ সাহেবের স্ত্রী লিজার সাথে ভালো ব্যবহার করে না বরং মাঝে মাঝে গালমন্দ ছাড়াও তাকে প্রহার করে থাকে।

ক. জাতি বর্ণপ্রথা কী? ১
খ. সামাজিক নিরাপত্তা বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে সামাজিক স্তরবিন্যাসের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উক্ত অসমতাটি আমাদের সামাজিক উন্নতির অন্তরায়— তুমি কি এ বক্তব্যের সাথে একমত? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৯ ▶ বকুলের স্বামী সড়ক দুর্ঘটনায় মারা যায়। একটি ছেলে সামি, একটি মেয়ে হেনাকে নিয়ে বকুল আর্থিক এবং সামাজিকভাবে দিশেহারা হয়ে পড়ে। স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তাকে বিধবা ভাতার ব্যবস্থা করে দেন। সে একটি বেসরকারি সংস্থা থেকে ঋণ নিয়ে ছাগল পালন শুরু করে। বকুলের মেয়ে হেনা স্কুল থেকে উপবৃত্তি পায়। অপরদিকে বকুলের ছেলে সামি প্রবাসী কল্যাণ ব্যাংক থেকে ঋণ নিয়ে কুয়েতে যায়। বর্তমানে তারা সচ্ছলভাবে জীবন যাপন করছে।

ক. সামাজিক স্তরবিন্যাসের ধরন কয়টি? ১
খ. জেন্ডার বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকটি তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়কে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত কার্যক্রমের আর্থসামাজিক গুরুত্ব আলোচনা কর। ৪

১০ ▶ সজল সাহেব দীর্ঘদিন প্রবাসে ছিলেন। দেশে ফিরে লক্ষ করেন তাদের গ্রাম আগের মতো নেই। গ্রামে বিদ্যুৎ এসেছে। গ্রামের প্রতিটি ঘরে টেলিভিশন, বৈদ্যুতিক পাখা, লোকের হাতে হাতে মোবাইল। গ্রামের লোকদের ফসল আবাদ করতে বৃষ্টির জন্য অপেক্ষা করতে হয় না। উন্নত পানির পাম্প, শ্যালো মেশিন বসানো হয়েছে। তিনি মনে করেন, সময়ের পরিবর্তনের সাথে সাথে এমনটি ঘটেছে।

ক. প্রগতি কী? ১
খ. উন্নয়ন বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে সমাজবিজ্ঞানের কোন প্রত্যয়টির ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বর্ণনায় উক্ত প্রত্যয়টির তুমি কী ধরনের পরিবর্তন লক্ষ করেছ, তা বিশ্লেষণ কর। ৪

১১ ▶




ক. দল কী? ১
খ. বয়স বৈষম্য বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের চিত্রটি কী তত্ত্ব নামে পরিচিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজ পরিবর্তনের ক্ষেত্রে উক্ত তত্ত্বটি কতটা কার্যকর? বিশ্লেষণ কর। ৪

## ৪ ✓ যশোর, চট্টগ্রাম ও সিলেট বোর্ড ২০২১

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ কৃষির ওপর নির্ভরশীল থাকা 'ক' অঞ্চলে বেশকিছু শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠায় মানুষের জীবন-জীবিকায় বেশ পরিবর্তন এসেছে। পুরাতন পেশা ছেড়ে মানুষ নতুন নতুন পেশায় যুক্ত হচ্ছে। বিভিন্ন অঞ্চল থেকে প্রত্যহ কর্মের সন্ধানে মানুষ এলাকাটিতে এসে ভিড় জমাচ্ছে। কিছু মানুষের আর্থিক অবস্থার উন্নতি হলেও অনেক মানুষই কর্মহীন হয়ে ঘুরে বেড়াচ্ছে। চুরি, ছিনতাই ও ছোটখাটো অপরাধমূলক কর্মকাণ্ডও সংঘটিত হতে দেখা যাচ্ছে ইদানীংকালে।

ক. পরিবেশ সমাজবিজ্ঞানের আলোচ্য বিষয় কী? ১

খ. সমাজবিজ্ঞান মূলত সমাজের পূর্ণাঙ্গ পাঠ— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সমাজবিজ্ঞানের আলোচ্য কোন পরিধির সাথে মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. "সমাজবিজ্ঞানের জ্ঞান ব্যতীত এলাকাটির উন্নয়ন সম্ভব নয়"— উদ্দীপকের আলোকে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

২ ▶ ফাহিম বিশ্ববিদ্যালয়ে যে বিষয়ে অধ্যয়ন করে তার মূল আলোচ্য বিষয় মূলত সমাজ, সামাজিক সম্পর্ক, সামাজিক কার্যাবলি, সামাজিক দল-প্রতিষ্ঠান ইত্যাদি। অপরদিকে, তার বন্ধু তারেক যে বিষয়টিতে অধ্যয়ন করে তার মূল আলোচ্য বিষয়— মানুষ, তার উদ্ভব ও বিকাশ, মানুষের দৈহিক গড়ন ও সংস্কৃতির ভিন্নতা।

ক. শিকার ও খাদ্য সংগ্রহ সমাজের একটি বৈশিষ্ট্য উল্লেখ কর। ১

খ. সমাজবিজ্ঞান মূল্যবোধ নিরপেক্ষ— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে তারেকের অধ্যয়নকৃত বিষয় কোনটি বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৩

ঘ. ফাহিমের অধীত বিষয়টির ব্যাপকতা গভীর— বিশ্লেষণ কর। ৪

৩ ▶ তিতাস নদীর পাড়ে রমেশের গ্রাম। রমেশের বাবা-চাচা সবাই মাছ ধরে ও মাছ বিক্রি করে জীবন নির্বাহ করে। বংশ পরম্পরায় এটাই তাদের কাজ। গ্রামের বেশিরভাগ মানুষের পেশাও তাই। এরা পরস্পরের প্রতি খুব বেশি আন্তরিক। পড়াশুনায় রমেশের ভীষণ আগ্রহ। গ্রামের স্কুলের সে নিয়মিত ছাত্র। পড়াশোনার ফাঁকে ফাঁকে সে বাবা-চাচাদের সাথে মাছ ধরে ও বিক্রিতে সহায়তা করে। মেধাবী রমেশ মেডিকেল পাস করে এখন ডাক্তার হিসেবে সমাজে প্রতিষ্ঠিত। সপ্তাহে একদিন সে তাঁর গ্রামের মানুষকে বিনামূল্যে চিকিৎসা সেবা দিয়ে থাকে।

ক. মুখ্য দল কাকে বলে? ১

খ. প্রথা মূলত সামাজিক— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত জনসমষ্টি সমাজবিজ্ঞানের কোন মৌল প্রত্যয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর রমেশের পেশার পরিবর্তন সামাজিক গতিশীলতা সৃষ্টিতে সহায়ক? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪ ▶ শুভপুর গ্রামের কতিপয় যুবক করোনা মহামারির প্রথমদিকে গ্রামের মানুষদের স্বাস্থ্য সচেতনতামূলক নানা কর্মসূচি গ্রহণ করে। হাত ধোঁয়া, স্যানিটাইজার ব্যবহার, মাস্ক পরিধান, সামাজিক দূরত্ব বজায় রাখাসহ নানাবিধ প্রচারণা চালায় এবং গ্রামের হতদরিদ্র পরিবারের জন্য ত্রাণ সহায়তার ব্যবস্থা করে। তাদের এ জাতীয় কর্মকাণ্ড গ্রামের মানুষের নিকট খুব সমাদৃত হয়। বর্তমানে তারা স্থানীয় জনপ্রতিনিধি ও প্রশাসনের সহযোগিতায় গ্রামের মানুষের কর্মসংস্থান ও জীবনযাত্রার মান উন্নয়নের জন্য 'সবুজ সাথি' নামে একটি ক্লাবের মাধ্যমে কাজ করে যাচ্ছে।

ক. বন্যদশা বলতে কী বোঝ? ১

খ. সমাজ অর্থ সহযোগিতা— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে গ্রামের যুবকদের উদ্যোগ সমাজবিজ্ঞানের কোন মৌল প্রত্যয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সবুজ সাথি' শুভপুর গ্রামে পরিবর্তন আনতে সক্ষম— বিশ্লেষণ কর। ৪

৫ ▶ আমাদের সমাজব্যবস্থায় একসময় বয়োজ্যেষ্ঠরা ছোটদেরকে গল্প, রূপকথা ও উপদেশমূলক বাণী শোনাত। একসময় গ্রামে-গঞ্জে পালাগান, জারি-সারি ইত্যাদি ব্যাপকভাবে হতো। বিশেষ করে পুঁথিপাঠ, গাজীর গান, শ্লোকের মধ্য দিয়ে মানব চরিত্রের গুণাবলি প্রকাশ পেত। বয়োজ্যেষ্ঠরা মনে করে, সময়ের পরিবর্তন হলেও এসবের প্রয়োজন এখনো শেষ হয়ে যায়নি।

ক. সমাজ কাঠামো কী? ১

খ. সভ্যতা মূলত বস্তুগত— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সংস্কৃতির কোন ধরনটি উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত বিষয়াবলি সামাজিক নিয়ন্ত্রণে কীভাবে ভূমিকা রাখতে পারে? তোমার মত দাও। ৪

৬ ▶ কৃষক পরিবারের ছেলে রফিক ঢাকায় একটি শিল্পগোষ্ঠীতে চাকরি করে। মামাতো বোন স্বর্ণাকে বিয়ে করে সে ঢাকায় বাসা ভাড়া নিয়ে বসবাস করছে। রফিকের বাবা-মা গ্রামের বাড়িতেই থেকে যায়।

ক. প্রতিষ্ঠান কী? ১

খ. বিবাহ একটি সামাজিক চুক্তি— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত বিবাহের ধরনটি ব্যাখ্যা কর। ৩

ঘ. 'রফিকের পরিবার গঠন সমাজের বর্তমান বাস্তবতা'— বিশ্লেষণ কর। ৪

৭ ▶ ফাইয়াজ তার বাবা-মার সাথে ঢাকায় বসবাস করে। ফাইয়াজের বাবা-মা দুজনই চাকরিজীবী। তার পরিবারে দাদা-দাদি ছাড়াও অবিবাহিত এক চাচা ও ফুফু থাকে। বাবা-মা ব্যস্ত বলে তার অধিকাংশ সময় কাটে পরিবারের অন্য সদস্যদের সাথে। ফাইয়াজ তার দাদার কাছ থেকে ধর্মীয় শিক্ষা নেয় এবং চাচা ও ফুফু তাকে পড়াশোনায় সাহায্য করে।

ক. অনুলোম পরিবার কী? ১

খ. পিতৃসূত্রীয় পরিবার প্রত্যয়টি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত পরিবারটির ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. ফাইয়াজের পারিবারিক পরিবেশ সুষ্ঠু সামাজিকীকরণের অনুকূল— ব্যাখ্যা কর। ৪

৮ ▶ জামান সাহেব শহরে তার স্ত্রী ও দুই সন্তান নিয়ে বসবাস করেন। গ্রাম থেকে মাঝে মাঝে আত্মীয়স্বজন শহরে আসলে তার বাসায় ওঠে। তিনি সাধ্যমতো গ্রামের আত্মীয়স্বজনকে আর্থিকভাবে সহায়তা করে থাকেন। কয়েকদিন আগে তাঁর এক চাচা মেয়ে বিয়ের জন্য কিছু জমি বিক্রি করতে চাইলে তিনি তা কিনে নেন।


ক. মাতৃতান্ত্রিক পরিবার কী? ১

খ. বর্ণনামূলক জ্ঞাতিসম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত পরিবারটির ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উদ্দীপকে প্রতিফলিত জ্ঞাতিসম্পর্কের ভূমিকা সমাজের জন্য ইতিবাচক? মত দাও। ৪

৯ ▶




ক. দাস কাকে বলে? ১

খ. স্তরবিন্যাস সকল সমাজে বিদ্যমান— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সামাজিক স্তরবিন্যাস ব্যবস্থার কোন ধরনটির উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ক ও খ-এর মধ্যে সামাজিক অসমতা মূলত উৎপাদনের উপকরণের মালিকানাভিত্তিক— ব্যাখ্যা কর। ৪

১০ ▶ **দৃশ্যকল্প-১ :** সাবিনা সুমনের চেয়ে অধিকতর মেধাবী হলেও তাদের পিতা-মাতা সাবিনাকে পড়াতে ইচ্ছুক নন। বরং উচ্চশিক্ষার সুযোগ না দিয়েই তাকে বিয়ে দিয়ে দেন। গ্রামে অধিকাংশ মানুষই নারীশিক্ষা বা তাদের প্রতি মনোভাব বিভিন্ন পূর্বসংস্কার আরোপ করেন।

**দৃশ্যকল্প-২ :** নিঃসন্তান বিধবা বৃদ্ধার বর্তমান অবস্থা করুণ। একসময় সহায়-সম্পত্তি থাকলেও এখন তিনি নিঃস্ব। সাহায্যের জন্য তিনি দ্বারে দ্বারে ঘুরে বেড়ান।

ক. জাতি বর্ণপ্রথা কী? ১

খ. নারীবাদ প্রত্যয়টি ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এ কোন ধরনের বৈষম্য নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর অবস্থা উত্তরণে সামাজিক নিরাপত্তা ধারণাটি মূল্যায়ন কর। ৪

১১ ▶ গণি মিয়া তার গ্রামের মানুষজনের কাছে একজন সফল কৃষি উদ্যোক্তা ও কৃষক বন্ধু হিসেবে পরিচিত। গ্রামের মানুষ চাষাবাদের ক্ষেত্রে তার পরামর্শ নিয়ে থাকে। সে মোবাইলের মাধ্যমে কৃষি সংক্রান্ত নানা তথ্য ও সমস্যার সমাধান বিষয়ে জানতে পারে। এর ফলে সে নতুন নতুন ফসলের চাষাবাদ ও ন্যায্যমূল্য নিশ্চিত করতে সক্ষম হয়েছে। বর্তমানে সে অর্থনৈতিকভাবে বেশ স্বাবলম্বী। গণি মিয়া মাঝে মাঝে ভাবে বাপ-দাদার আমলে যদি এ সুবিধা থাকত তাহলে তাদের আর এত কষ্ট করতে হতো না।

ক. প্রগতি কী? ১

খ. সামাজিক পরিবর্তন সর্বজনীন— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সামাজিক পরিবর্তনের কোন উপাদানটির কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "গণি মিয়ার অবস্থার উন্নয়ন ও সামাজিক পরিবর্তন এক সূত্রে গাঁথা"— বিশ্লেষণ কর। ৪

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ৫ সকল বোর্ড ২০২২

বিষয় কোড : 1 1 7

সময়—২০ মিনিট

### সমাজবিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—১৫


[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। যে কোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও।]

**১. 'Sociology' শব্দটি সর্বপ্রথম কে ব্যবহার করেন?**
K এমিল ডুর্খেইম L মরিস জিনসবার্গ
M অগাস্ট কোঁৎ N ম্যাকাইভার

**২. "সমাজবিজ্ঞান হচ্ছে সামাজিক প্রতিষ্ঠানের বিজ্ঞান।" – উক্তিটি কার?**
K এমিল ডুর্খেইম L ম্যাকাইভার ও পেজ
M কার্ল মার্কস N অগাস্ট কোঁৎ

**৩. সামাজিকীকরণ প্রক্রিয়া কখন শুরু হয়?**
K জন্মের পর থেকে L শৈশবে
M কৈশোরে N যৌবনে

■ **নিচের ছকটি লক্ষ কর এবং ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**





**৪. ছকের '?' চিহ্নিত স্থানে কোনটি বসবে?**
K সমাজ কাঠামোর উপাদান
L সামাজিক স্তরবিন্যাসের উপাদান
M সামাজিক গতিশীলতার উপাদান
N সামাজিক নিয়ন্ত্রণের উপাদান

**৫. উক্ত প্রত্যয়টি সম্পর্কে বলা যায়–**
i. এটি সমাজবিজ্ঞানের মৌলিক প্রত্যয়
ii. এটি ভাববিনিময়ের অন্যতম ব্যবস্থা
iii. এটি কতক সংগঠনের পারস্পরিক সূত্রের সমন্বয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. 'সমাজ অর্থ সহযোগিতা'–উক্তিটি কার?**
K ডেভিড পোপিনো L ম্যাকাইভার
M শেফার N জিন্সবার্গ

■ **নিচের চিত্রটি লক্ষ কর এবং ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :**




**৭. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানটিতে নিচের কোনটি বসবে?**
K বিবাহ L পরিবার
M জ্ঞাতিসম্পর্ক N সমাজ

**৮. উক্ত প্রত্যয়টি সম্পর্কে প্রযোজ্য তথ্য হলো–**
i. এটি কৃত্রিম জ্ঞাতিসম্পর্ক সৃষ্টি করতে পারে
ii. এটি আত্মীয়তার সম্পর্ক গড়ে তুলতে পারে
iii. এটি সামাজিকভাবে স্বীকৃত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৯. পরিবার কোন ধরনের প্রতিষ্ঠান?**
K রাজনৈতিক L সামাজিক
M ধর্মীয় N অর্থনৈতিক

**১০. 'Socius' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**
K ইংরেজি L ল্যাটিন M গ্রিক N ফরাসি

**১১. মাতৃতান্ত্রিক পরিবার কাদের মধ্যে লক্ষণীয়?**
K চাকমা L গারো
M সাঁওতাল N মণিপুরি

**১২. সুন্দরবন এলাকায় জলদস্যুদের আস্তানা বেশি হওয়ার কারণ–**
K বিদ্যমান সামাজিক পরিবেশ
L বংশানুক্রমে ওই এলাকার লোকজন জলদস্যু
M বিদ্যমান ভৌগোলিক পরিবেশ
N অর্থনৈতিক সংকট

**১৩. সমাজজীবনে প্রভাব বিস্তারকারী মৌল উপাদান কয়টি?**
K ২ L ৩ M ৪ N ৫

■ টুটুল রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিষয়ে পড়াশোনা করে। সে তার ক্লাসের বন্ধুদের সাথে ফেসবুকের মাধ্যমে যোগাযোগ করে। এমনকি মোবাইল ফোনের মাধ্যমেও ঘনিষ্ঠজনদের সাথে সামাজিক যোগাযোগ রক্ষা করে।

**১৪. টুটুলের সামাজিক যোগাযোগের ক্ষেত্রে কোন বিষয়ের প্রভাব লক্ষণীয়?**
K শিক্ষা L তথ্য ও প্রযুক্তি
M গণমাধ্যম N মোবাইল ফোন

**১৫. উক্ত বিষয়ের অন্তর্ভুক্ত হলো–**
i. অনলাইন সংবাদপত্র
ii. স্যাটেলাইট চ্যানেল
iii. ইন্টারনেট
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৬. জাতিবর্ণের একটি বৈশিষ্ট্য হচ্ছে–**
K জন্মসূত্রে সদস্যপদ লাভ
L একই রকম আয়
M একই রকম সামাজিক মর্যাদা
N একই এলাকায় বসবাস

■ অলক ও রহমত ছোটবেলা থেকে গ্রামের একই স্কুলে পড়াশোনা করেন। চাকরি করার ইচ্ছা থাকলেও অলক শেষ পর্যন্ত পৈতৃক পেশা বেছে নিতে বাধ্য হন। তবে রহমত ব্যবসায় করে শহরে গাড়ি-বাড়ির মালিক হন।

**১৭. অলক পৈত্রিক পেশা বেছে নেওয়ার কারণ কী?**
K জাতিবর্ণ প্রথা L শ্রেণি মর্যাদা
M সামাজিক শ্রেণি N সামাজিক স্থিতিশীলতা

**১৮. রহমতের মর্যাদা এখানে–**
i. আরোপিত
ii. অর্জিত
iii. বংশভিত্তিক নয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. সততা, ন্যায়পরায়ণতা, সত্যবাদিতা ইত্যাদি গুণগুলো সামাজিকীকরণের কোন মাধ্যমে রপ্ত করা যায়?**
K ধর্ম L আইন
M গণমাধ্যম N খেলার সাথি

**২০. 'Politics' গ্রন্থের রচয়িতা কে?**
K প্লেটো L নিবয়ের
M অ্যারিস্টটল N সরোকিন

**২১. কোনটি সমাজের প্রত্যাশিত বা স্বাভাবিক আচরণ নয়?**
K বড়দের সম্মান করা
L বিচ্যুতিমূলক আচরণ করা
M ছোটদের স্নেহ করা
N ধর্মীয় রীতিনীতি মেনে চলা

■ লালন দশম শ্রেণিতে পড়ে। অসৎ বন্ধুদের প্ররোচনায় সে মাদকাসক্ত এবং একসময় ছোটখাটো চুরির মতো কর্মকাণ্ডে জড়িয়ে পড়ে।

**২২. উদ্দীপকের লালনের কর্মকাণ্ড কোন ধরনের অপরাধ?**
K সংগঠিত L ভদ্রবেশি
M কিশোর N শিকারবিহীন

**২৩. সামাজিক নিয়ন্ত্রণের সর্বাধিক গুরুত্বপূর্ণ বাহন কোনটি?**
K পরিবার L ধর্ম
M লোকরীতি N শিল্পকলা

■ সীমা ও শিউলি দুই বোন। তারা যথাক্রমে নৃবিজ্ঞান ও সমাজবিজ্ঞান বিষয়ে অধ্যয়নরত। দুই বোনের মাঝে বিষয়গত চিন্তাচেতনায় অনেক সাদৃশ্য লক্ষ করা যায়। আর এজন্য তারা পরস্পরকে পাঠ্য বিশ্লেষণে সহায়তা করতে পারে।

**২৪. শিউলির পঠিত বিষয়টির মূল প্রতিপাদ্য বিষয় কী?**
K সমাজ L মানুষ M প্রাণী N পাখি

**২৫. উদ্দীপকের শিউলির পঠিত বিষয়টি যে ধরনের ভূমিকা পালন করে–**
i. সমাজের বাস্তবতা অনুধাবন না করা
ii. দায়িত্ব-কর্তব্য সম্পর্কে সচেতন
iii. সামাজিক সমস্যা চিহ্নিতকরণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৬. নিচের কোনটি প্রাথমিক দল?**
K রাষ্ট্র L বিশ্ববিদ্যালয়
M ক্লাব N পরিবার

■ সেলিম সম্প্রতি বিয়ে করে বাবা-মায়ের থেকে আলাদা হয়ে অন্যত্র বসবাস করছে।

**২৭. উদ্দীপকের সেলিমের পরিবার কোন ধরনের?**
K মাতৃবাস L পিতৃবাস
M নয়াবাস N দ্বৈতবাস

**২৮. সামাজিক পরিবর্তনের এলিট তত্ত্বটি কার?**
K কার্ল মার্কস L ম্যাক্স ওয়েবার
M মর্গান N প্যারেটো

**২৯. বই কোন ধরনের সংস্কৃতি?**
K বস্তুগত L অবস্তুগত
M লোকজ N গ্রামীণ

**৩০. দাসব্যবস্থায় কয়টি শ্রেণি বিদ্যমান?**
K ২ L ৩ M ৪ N ৫

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | K | ৩ | K | ৪ | K | ৫ | L | ৬ | L | ৭ | M | ৮ | N | ৯ | L | ১০ | L | ১১ | L | ১২ | M | ১৩ | M | ১৪ | L | ১৫ | N |
| ১৬ | K | ১৭ | K | ১৮ | M | ১৯ | K | ২০ | M | ২১ | L | ২২ | M | ২৩ | K | ২৪ | K | ২৫ | M | ২৬ | N | ২৭ | M | ২৮ | N | ২৯ | K | ৩০ | K |

## ৬ সকল বোর্ড ২০২১

সময়–৩০ মিনিট

### সমাজবিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. সমাজবিজ্ঞানের প্রধান আলোচ্য বিষয়–**
i. সমাজ
ii. পশুপাখি
iii. মানুষের পারস্পরিক সম্পর্ক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২. হেনরি মর্গানের মতে সমাজ বিবর্তনের স্তর কয়টি?**
K ৩ L ৪ M ৫ N ৬

**৩. "আমরা যা তাই হলো সংস্কৃতি"– উক্তিটি কার?**
K ম্যাকাইভার L ডুর্খেইম
M গিডিংস N হবহাউস

**৪. দল যে ধরনের সংগঠন–**
i. কিছু লোকের সমষ্টি
ii. পারস্পরিক মিথস্ক্রিয়া
iii. পেশাভিত্তিক গোষ্ঠী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. পরিবার গঠনের পূর্বশর্ত কী?**
K সমাজ L সংঘ M বিবাহ N দল

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
গতবার পূজায় উচ্চবংশের রবিন তার বন্ধু নিম্নবংশের সাধন কর্মকারকে নিমন্ত্রণ করে বাড়িতে নিয়ে যায়। রবিনের মা পূজা উৎসবে বাড়িতে সাধনের আসার বিষয়টিকে ভালোভাবে নিতে পারেননি। এক পর্যায়ে তিনি রবিনকে ডেকে বললেন, তুমি সাধনকে পূজায় নিমন্ত্রণ না করলেও পারতে।

**৬. উদ্দীপকে রবিনের মার মানসিকতা সামাজিক স্তরবিন্যাসের কোন প্রকরণকে ইঙ্গিত দেয়?**
K এস্টেট প্রথা L দাসপ্রথা
M জাতি বর্ণপ্রথা N সামাজিক শ্রেণি

**৭. উক্ত প্রকরণটির বৈশিষ্ট্য হলো–**
i. এই প্রথায় অন্তর্বিবাহ স্বীকৃত
ii. এই প্রথায় মর্যাদার পরিবর্তন সম্ভব
iii. এটা একটা পেশাভিত্তিক গোষ্ঠী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. অগাস্ট কোঁৎ সমাজবিজ্ঞানকে মনে করেন–**
i. সামাজিক স্থিতিশীলতার বিজ্ঞান
ii. সামাজিক পরিবর্তনশীলতার বিজ্ঞান
iii. সামাজিক গতিশীলতার বিজ্ঞান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৯. 'Kin' শব্দটির বাংলা পরিভাষা কী?**
K আত্মীয় L সঙ্গী M বন্ধু N বংশ

**১০. সংঘ গড়ে ওঠে–**
K মানুষের ইচ্ছার মাধ্যমে
L জন্মের পূর্বে
M মানুষের অনিচ্ছার মাধ্যমে
N আত্মীয়দের মাধ্যমে

**১১. পাত্র-পাত্রীর স্বাধীন ইচ্ছার ভিত্তিতে সংঘটিত বিবাহ হলো–**
K লেভিরেট L সরোরেট
M বহু স্ত্রী বিবাহ N রোমান্টিক বিবাহ

■ **উদ্দীপকটি পড়ে ১২নং প্রশ্নের উত্তর দাও :**
ভাইয়ের তুলনায় মেধাবী হওয়া সত্ত্বেও আর্থিক সংকটের কারণে ঋতুর বাবা ঋতুর পড়ালেখা বন্ধ করে দেন। কিন্তু তার ভাইয়ের পড়ালেখা চালিয়ে যান।

**১২. উদ্দীপকে কোন ধরনের সামাজিক অসমতা লক্ষ করা যায়?**
K বয়সভিত্তিক L লিঙ্গভিত্তিক
M ক্ষমতাভিত্তিক N মেধাভিত্তিক

**১৩. সংস্কৃতির বৈশিষ্ট্য হচ্ছে–**
i. সংস্কৃতি মানুষকে একত্রিত করে
ii. সংস্কৃতি শিক্ষণীয় বিষয়
iii. সংস্কৃতি অর্জন করতে হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৪. মানুষ জন্ম থেকে মৃত্যু অবধি কোথায় অবস্থান করে?**
K সম্প্রদায়ে L পরিবারে
M আত্মীয়দের বাড়িতে N রাষ্ট্রে

**১৫. ভারতীয় হিন্দু সমাজে জাতিবর্ণের ধরন কয়টি?**
K ৩ L ৪ M ৫ N ৬

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
রসুলপুরের মানুষের চিন্তাচেতনা আবেগ-অনুভূতি, ইচ্ছা-অনিচ্ছা, আশা-আকাঙ্ক্ষা ও অন্যান্য দৃষ্টিভঙ্গির বেশ পরিবর্তন ঘটেছে। এ এলাকার মানুষের স্বাভাবিক উন্নয়নের পাশাপাশি সামাজিক অবস্থারও আমূল পরিবর্তন ঘটেছে।

**১৬. কোনটির প্রভাবে রসুলপুরের সামাজিক পরিবর্তন ঘটেছে?**
K জৈবিক উপাদান L প্রযুক্তিগত উপাদান
M মনস্তাত্ত্বিক উপাদান N অর্থনৈতিক উপাদান

**১৭. উক্ত প্রভাবে মানুষের মধ্যে–**
i. ব্যক্তিস্বাতন্ত্র্যের ধারণা হয়
ii. অনুকরণপ্রিয়তা বৃদ্ধি পায়
iii. রুচিবোধের পরিবর্তন হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৮. 'The Republic' গ্রন্থের রচয়িতা কে?**
K কার্ল মার্কস L ভিকো
M এরিস্টটল N প্লেটো

**১৯. 'Casta' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**
K ইংরেজি L রোমান
M স্প্যানিশ N গ্রিক

■ **উদ্দীপকটি পড়ে ২০নং প্রশ্নের উত্তর দাও :**
দিনমজুর করিমের ছেলে মনির বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ম্যাজিস্ট্রেট হয়েছে।

**২০. উদ্দীপকে মনিরের এই অবস্থান কোন ধরনের গতিশীলতাকে নির্দেশ করে?**
K আনুভূমিক L আরোপিত
M উর্ধ্বমুখী উল্লম্বী N নিম্নমুখী উল্লম্বী

**২১. সমাজ পরিবর্তনের ক্ষেত্রে সামাজিক বিবর্তনের তত্ত্বটি কার?**
K কার্ল মার্কস L ইবনে খালদুন
M অগাস্ট কোঁৎ N হার্বার্ট স্পেন্সার

**২২. সমাজবিজ্ঞানের উৎপত্তি হয় কত সালে?**
K ১৭৯৮ L ১৮১৮ M ১৮৩৯ N ১৯৩৯

**২৩. কোন মনীষীকে সমাজবিজ্ঞানের জনক বলে অভিহিত করা হয়?**
K অগাস্ট কোঁৎ L ইবনে খালদুন
M ম্যাকিয়াভেলি N হার্বার্ট স্পেন্সার

**২৪. সমাজবিজ্ঞানকে বলা হয়–**
K মূল্যবোধভিত্তিক বিজ্ঞান L বস্তুনিষ্ঠ বিজ্ঞান
M আদর্শনিষ্ঠ বিজ্ঞান N ব্যবহারিক বিজ্ঞান

**২৫. নৃবিজ্ঞানের মূল প্রতিপাদ্য বিষয় কী?**
K সমাজ L সম্প্রদায়
M মানুষ N সামাজিকীকরণ

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
হুমায়ুন আহমেদ আমাদের সবার নিকট একজন সুপরিচিত সাহিত্যিক। তাঁর বিভিন্ন নাটক, উপন্যাসে বাঙালির অতীত, বর্তমান প্রথা-পদ্ধতি, আচার-আচরণ প্রতিফলিত হয়েছে। যুগ যুগ ধরে এগুলো আমাদের ঐতিহ্যের ধারক ও বাহক।

**২৬. হুমায়ুন আহমেদের কর্মপ্রচেষ্টা সমাজবিজ্ঞানের কোন বিষয়ের ইঙ্গিত প্রদান করে?**
K দল L পরিবার M সংঘ N সংস্কৃতি

**২৭. উক্ত বিষয়টি প্রভাব বিস্তার করে–**
i. সংগীত শেখার ক্ষেত্রে
ii. অবস্তুগত সংস্কৃতির ক্ষেত্রে
iii. সামাজিক রীতিনীতির ক্ষেত্রে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৮. এস্টেট প্রথায় সামাজিক শ্রেণি বলতে–**
i. ভূমি মালিক বা অভিজাত শ্রেণি
ii. যাজক শ্রেণি
iii. ভূমিদাস শ্রেণি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
সাবের সাহেব তাঁর স্ত্রী ও এক সন্তান নিয়ে শহরে বসবাস করেন। একদা তাঁর স্ত্রী মরিয়ম বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে মারা যান। তাঁদের একমাত্র সন্তান রাহাতকে দেখভালের জন্য সাবের সাহেব মরিয়মের ছোট বোনকে বিবাহ করেন।

**২৯. সাবের সাহেবের পরিবারটি কী ধরনের পরিবারের ইঙ্গিত দেয়?**
K একক পরিবার L যৌথ পরিবার
M মাতৃতান্ত্রিক পরিবার N মাতৃবাস পরিবার

**৩০. উদ্দীপকে উল্লিখিত বিবাহের ফলে–**
i. সন্তান লালন-পালনের সুবিধা
ii. আত্মীয়তার বন্ধন অটুট রাখা
iii. বৈবাহিক সম্পর্ক স্থায়ী হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | K | ৪ | K | ৫ | M | ৬ | M | ৭ | L | ৮ | L | ৯ | K | ১০ | K | ১১ | N | ১২ | L | ১৩ | N | ১৪ | L | ১৫ | L |
| ১৬ | M | ১৭ | N | ১৮ | N | ১৯ | M | ২০ | M | ২১ | N | ২২ | M | ২৩ | K | ২৪ | L | ২৫ | M | ২৬ | N | ২৭ | N | ২৮ | N | ২৯ | K | ৩০ | K |

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল


## ৭ ✓ আবদুল কাদির মোল্লা সিটি কলেজ, নরসিংদী

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০


[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ রাশেদ স্কুল থেকে বাড়ি ফেরার পথে দেখল, এলাকার বড় ভাই গ্রামের একটি রাস্তা সংস্কার করার ব্যাপারে বৈঠকে বসে আলোচনা করছে। সেও ঐ বৈঠকে গিয়ে বসল। কিন্তু সে ছোট বলে তাকে কেউ গুরুত্ব দিল না। এদিকে তারাও কাজের প্রক্রিয়াগত ব্যাপার একমত হতে পারছিল না। এমতাবস্থায় এলাকার সবচেয়ে বয়োজ্যেষ্ঠ আব্দুর করিম সাহেব সেখানে উপস্থিত হলে সকলে দাঁড়িয়ে তাকে সম্মান করে। অতঃপর তাঁর দিক নির্দেশনায় উক্ত কাজটি সম্পন্ন হয়।

ক. 'Survival for the fittest' ধারণার প্রবক্তা কে? ১
খ. 'সমাজবিজ্ঞান বিশ্লেষণধর্মী বিজ্ঞান'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সামাজিক ক্ষেত্রে কোন বৈষম্যের দিকটি ফুটে ওঠে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর সমাজে উক্ত বৈষম্যের ইতিবাচক ও নেতিবাচক উভয় দিকই রয়েছে? ৪

২ ▸




ক. 'সমাজবিজ্ঞান হলো সামাজিক প্রতিষ্ঠানের বিজ্ঞান'– উক্তিটি কার? ১
খ. বিশেষ গুণসম্পন্ন কর্তৃত্ব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে সামাজিক স্তরবিন্যাসের যে ধরনের ইঙ্গিত পাওয়া যায় তার বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত প্রথা সমাজের জন্য প্রয়োজনীয়– মন্তব্যটির পক্ষে অথবা বিপক্ষে তোমার মতামত দাও। ৪

৩ ▸



ক. নৃ-বিজ্ঞানের জনক কে? ১
খ. সমাজ বলতে কী বোঝায়? ২
গ. ছকে '?' চিহ্নিত স্থানে সামাজিক প্রতিষ্ঠানের কোন বিষয়টিকে নির্দেশ করছে? আকৃতির ভিত্তিতে এর প্রকারভেদ ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত সামাজিক প্রতিষ্ঠান সম্পর্কে মর্গানের তত্ত্বটি বিশ্লেষণ কর। ৪

৪ ▸ বাংলাদেশের একটি স্বনামধন্য কলেজ শিক্ষার্থীদের মানোন্নয়নের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করে। শিক্ষার্থীদের নিয়মিত পরীক্ষা নেওয়া তার মধ্যে অন্যতম। পরীক্ষা শুরুর আগে কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীদের বিভিন্ন নিয়মকানুন সম্পর্কে অবহিত করেন। এক সেমিস্টার পরীক্ষা চলাকালীন জনৈক শিক্ষার্থী অসদুপায় অবলম্বন করায় পরীক্ষা হলের পরিদর্শকের দৃষ্টিগোচর হয় এবং তাকে বহিষ্কারের সিদ্ধান্ত নেয়।

ক. ডুর্খেইম কয় ধরনের নৈরাজ্যের কথা বলেছেন? ১
খ. সমাজকাঠামো বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের শিক্ষার্থীর আচরণ অপরাধ বা বিচ্যুতি কোনটি বলে গণ্য হবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'অপরাধ দূরীকরণে প্রতিকারমূলক ব্যবস্থা রয়েছে'– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৫ ▸




ক. লোকরীতি এর ইংরেজি প্রতিশব্দ কী? ১
খ. লেভিরেট ও সরোরেট বিবাহ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপক '?' চিহ্নিত স্থানে সামাজিকীকরণের কোনটি বসবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সামাজিকীকরণের ক্ষেত্রে উক্ত দিকটির প্রভাব মূল্যায়ন কর। ৪

৬ ▸ প্রকৃতির রাজ্যে দ্বন্দ্ব ⟶ দ্বান্দ্বিক বস্তুবাদ ⟶ ঐতিহাসিক বস্তুবাদ

ক. জেন্ডার কী? ১
খ. দাসপ্রথা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপক দ্বারা সামাজিক পরিবর্তনের কোন তত্ত্বকে নির্দেশ করে। ব্যাখ্যা কর। ৩
ঘ. সামাজিক পরিবর্তনে প্যারেটোর তত্ত্বটি বিশ্লেষণ কর। ৪

৭ ▸ নিজামউদ্দিন ও হাফিজুর রহমান স্কলারশিপ নিয়ে তুরস্কের একটি বিশ্ববিদ্যালয়ে পড়ালেখা করছে। বিভিন্ন দেশের শিক্ষার্থীরা তাদের দেশ সম্পর্কে বর্ণনা দেন। নিজামউদ্দিন তার দেশের এমন একটি মূল প্রত্যয় তুলে ধরেন, যার অন্তর্ভুক্ত হচ্ছে সমাজস্থ মানুষের জ্ঞান, বিজ্ঞান, ধর্ম, ধ্যানধারণা বিশ্বাস, আইন-আদালত, মূল্যবোধ প্রভৃতি যা মানুষ বংশানুক্রমে অর্জন করে। অন্যদিকে হাফিজুর রহমান তার দেশের প্রাচীন যুগ, নব্যপ্রস্তর যুগ, ধাতুর যুগ এবং সংস্কৃতির চূড়ান্ত বিকাশ তুলে ধরেন।


ক. 'Colere' কোন ভাষার শব্দ? ১
খ. সামাজিক নিরাপত্তা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে নিজামউদ্দিনের বর্ণনা তোমার পঠিত বিষয়ের কোন প্রত্যয়কে নির্দেশ করে। ব্যাখ্যা কর। ৩
ঘ. 'হাফিজুর রহমান ও নিজামউদ্দিনের বর্ণিত বিষয়ের মধ্যে সাদৃশ্য রয়েছে'– মূল্যায়ন কর। ৪

৮ ▸



ক. বিশ্বায়ন কী? ১
খ. জনসংখ্যা বণ্টনে ভৌগোলিক উপাদানের প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে কোন বিষয়টিকে ইঙ্গিত করছে? এর প্রকৃতি ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়টির উৎপত্তির ক্ষেত্রে বিভিন্ন মনীষীর অবদান বিশ্লেষণ কর। ৪

৯ ▸ বাংলাদেশে প্রতিনিয়ত গ্রামাঞ্চল সংকোচিত হয়ে নগরায়ণ গড়ে উঠছে। এদেশের মানুষের আচার-ব্যবহার, চালচলন আর আগের মতো নেই। পদ্মা বহুমুখী সেতু বাংলাদেশের মানুষের অগ্রগতির স্বপ্ন দেখাচ্ছে।

ক. কত বছর বয়সিদের অপরাধকে কিশোর অপরাধ বলা হয়? ১
খ. 'অপরাধ দমনে গণমাধ্যম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক দ্বারা তোমার পঠিত বিষয়ের কোন দিককে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'পদ্মা বহুমুখী সেতু' সমাজের ইতিবাচক পরিবর্তন ঘটাবে– মন্তব্যটি যাচাই কর। ৪

১০ ▸



ক. 'নৈতিক শৃঙ্খলা প্রতিষ্ঠার যৌক্তিকীকরণ অগ্রগতি হলো প্রগতি'– উক্তিটি কার? ১
খ. 'সামাজিক পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের '?' চিহ্নিত স্থানে সমাজবিজ্ঞানের কোন মৌল প্রত্যয়টি বসবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজের সাথে উক্ত মৌল প্রত্যয়ের বৈসাদৃশ্য তুলে ধর। ৪

১১ ▸ A এর মাধ্যমে ব্যক্তির সাথে অপরাপরদের আত্মিক সম্পর্ক গড়ে ওঠে। শুধু স্বামী-স্ত্রীর মধ্যকার নয়, A এর মাধ্যমে উভয়পক্ষের আত্মীয় পরিজনদের মধ্যে গড়ে ওঠে আত্মীয়তা, যা সমাজজীবনে চলার পথকে অনেক সহজ করে দেয়।

ক. 'The Mind and Society' গ্রন্থটি কার? ১
খ. বিবর্তন কী? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে A দ্বারা কোন সামাজিক প্রতিষ্ঠানকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত প্রতিষ্ঠানের সামাজিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

## ৮ শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]


১ ▶ অষ্টাদশ শতাব্দীতে ইংল্যান্ডের শিল্প বিপ্লবের পর সমাজজীবনে যে বৈপ্লবিক পরিবর্তন ঘটেছে তারই প্রেক্ষাপটে সমাজবিজ্ঞানের উদ্ভব ঘটেছে। আর এ সমাজবিজ্ঞান ধর্ম, সংস্কৃতি, আইন বিভিন্ন বিষয় নিয়ে পাঠ করে।

ক. মানব সমাজের সবচেয়ে আদিম সংগঠন কোনটি? ১
খ. আদর্শ ও মূল্যবোধ বলতে কী বোঝ? ২
গ. অনুচ্ছেদে সমাজবিজ্ঞান যে বিষয়গুলো নিয়ে পাঠ করে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. অনুচ্ছেদে উল্লিখিত বিষয়গুলো ছাড়াও সমাজবিজ্ঞানের আরও যে শাখা বা পরিধি রয়েছে তার তালিকা তৈরি কর। ৪

২ ▶ কনা ও বিথী বিশ্ববিদ্যালয়ে দুটি বিষয় পড়ে। কনার পঠিত বিষয়ের আলোচ্য— সমাজ, সমাজের মানুষের বিভিন্ন দিক তথা গোটা জীবনের পর্যালোচনা। বিথীর বিষয়ের আলোচ্য— ব্যক্তির আচরণ তথা ব্যক্তিত্বের বিশ্লেষণ কর।

ক. 'Sociology' শব্দটি কোন দুটি ভাষা থেকে এসেছে? ১
খ. সমাজবিজ্ঞানকে সামাজিক সম্পর্কের বিজ্ঞানভিত্তিক পাঠ বলা হয় কেন? ২
গ. বিথীর পঠিত বিষয়টি কী? সেটার সংজ্ঞা বিশ্লেষণ কর? ৩
ঘ. কনার পঠিত বিষয় এবং বিথীর পঠিত বিষয়ের মধ্যে পার্থক্য লেখ। ৪

৩ ▶ নিচের ছকটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :




চিত্র-'ক' চিত্র-'খ'

ক. সামাজিক গতিশীলতাকে কী কী ভাগে ভাগ করা যায়? ১
খ. সংঘ বা সমিতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের চিত্র-ক ও চিত্র-খ-এ যে মৌল প্রত্যয়ের বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে তার সংজ্ঞা দাও। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়গুলোর মধ্যকার পার্থক্য কিংবা সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৪ ▶ নিচের ছকটি লক্ষ্য কর এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :





ক. 'Community' শব্দের বাংলা কী? ১
খ. প্রথা কী উদাহরণ দাও? ২
গ. উদ্দীপকের A ও B-এর সংজ্ঞা দাও? ৩
ঘ. A ও B-এর মধ্যে চারটি পার্থক্য লেখ। ৪

৫ ▶ আধুনিক একক বিবাহভিত্তিক পরিবার দীর্ঘ ক্রমবিবর্তনের ফলশ্রুতি। আদিম সমাজ ও বিভিন্ন উপজাতি সমাজের পরিবার প্রথা লক্ষ করলে এর সত্যতা মিলে। বর্তমানে ভারতের নীলগিরি উপত্যকার টোডা সমাজে দলগত বিবাহরীতি রয়েছে।

ক. বাংলাদেশের কোন সমাজে মাতৃবাস পরিবাররীতি প্রচলিত রয়েছে? ১
খ. 'পরিবার হলো একটি সর্বজনীন প্রতিষ্ঠান'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের একক বিবাহভিত্তিক পরিবারের উৎপত্তির বর্ণনা দাও। ৩
ঘ. একক বিবাহভিত্তিক পরিবার ছাড়াও আরও অন্যান্য কী কী পরিবার রয়েছে ছক আকারে দেখাও। ৪

৬ ▶ নিচের ছকটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :





ক. পরিবারের প্রধান কাজ কোনটি? ১
খ. পিতৃপ্রধান ও মাতৃপ্রধান পরিবারের মধ্যে পার্থক্য কী? ২
গ. উদ্দীপকে শূন্যস্থানে যা হবে তার সংজ্ঞা বিশ্লেষণ কর। ৩
ঘ. সামাজিক উক্ত প্রত্যয়ের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৭ ▶ দিলরুবা একটি গার্মেন্টস ফ্যাক্টরিতে কর্মরত। তিনি লক্ষ করলেন কর্মস্থলে নারী ও পুরুষের কর্মপরিবেশ ভিন্ন। পারিবারিক পরিবেশে দেখলেন বয়স বাড়ার সাথে সাথে তার ওপর বিভিন্ন বিধি-নিষেধ আরোপিত হলেও তার ভাইয়ের ক্ষেত্রে তা প্রযোজ্য নয়।

ক. সামাজিকীকরণ কাকে বলে? ১
খ. 'সামাজিক স্তরবিন্যাস সর্বজনীন'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে দিলরুবার ক্ষেত্রে সামাজিক অসমতার কোন উপাদানটি কার্যকর? আলোচনা কর। ৩
ঘ. 'উক্ত উপাদানটির প্রভাবে সামাজিক অগ্রগতি থেকে যায়'— বিশ্লেষণ কর। ৪

৮ ▶ নিচের ছকটি লক্ষ্য কর এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :





ক. বিবর্তন শব্দের প্রবক্তা কে? ১
খ. বিশ্বায়নের ইতিবাচক দিকগুলো লেখ? ২
গ. সামাজিক পরিবর্তনের সাথে ABC প্রত্যয়গুলোর সম্পর্ক আলোচনা কর? ৩
ঘ. উক্ত তিনটি প্রত্যয়ের মধ্যে বিশেষ পার্থক্য না থাকলে কিছু পার্থক্য রয়েছে ব্যাখ্যা কর। ৪

৯ ▶ সালেহা তার অনেক নাতি-নাতনি নিয়ে বেশ সুখী। অথচ আগে রেডিও, টেলিভিশন ও মোবাইল ফোন ছিল না। রেলগাড়ি, মোটরগাড়ি, বিমান, মোবাইল ফোন এসবই সালেহার বৃদ্ধ বয়সে দারুণ আনন্দ দেয়।

ক. 'Folkways' শব্দের অর্থ কী? ১
খ. ধর্ম কীভাবে সামাজিক পরিবর্তন ঘটায়? ২
গ. উদ্দীপকে সমাজবিজ্ঞানের যে প্রত্যয়টির চিত্র ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত প্রত্যয়টির পেছনে দায়ী কারণসমূহ বিশ্লেষণ কর। ৪

১০ ▶ নিচের ছকটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :




ক. 'Ancient Society' গ্রন্থের লেখক কে? ১
খ. জ্ঞাতি সম্পর্ক কী? ২
গ. উদ্দীপকে 'A' চিহ্নিত স্থানে যে সামাজিক প্রতিষ্ঠানকে নির্দেশ করে সেটি সংজ্ঞা দাও। ৩
ঘ. মানব সমাজে উক্ত প্রতিষ্ঠানটি যে যে বহুমাত্রিক কার্যাবলি সম্পাদন করে থাকে সেগুলো লেখ। ৪

১১ ▶ সম্প্রতি প্রধানমন্ত্রী ঘোষণা করেন অর্থনৈতিক ভিত্তি সুদৃঢ় হলে দেশের সম্পূর্ণ অবৈতনিক শিক্ষা চালু করা হবে। ফলে দেশে শিক্ষার প্রসার ঘটলে সমাজে জনগণের আদর্শ ও নৈতিক মূল্যবোধ জাগ্রত হবে।

ক. ধর্মের সংজ্ঞা দাও? ১
খ. রাষ্ট্রবিজ্ঞানকে সমাজবিজ্ঞানের অংশ বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে সামাজিক পরিবর্তনের যে উপাদানের প্রভাব বর্ণিত রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের প্রধানমন্ত্রীর ঘোষণায় সামাজিক পরিবর্তনের প্রধান উপাদানের প্রভাব ব্যক্ত করা হয়েছে— তুমি কি এ বক্তব্যকে সমর্থন কর? মতামত দাও। ৪

# ৯ বিএএফ শাহীন কলেজ, যশোর

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ বাজিতপুর গ্রামের বর্গাচাষি রহিম মিয়ার আজ খুশির দিন। কেননা, নতুন ফসল কেটে সে আজ বাড়িতে তুলেছে। রহিমের স্ত্রী ও ছেলেমেয়েরা আজ খুব আনন্দিত। তারা মায়ের কাছে নতুন ধানের চাল দিয়ে পিঠা ও পায়েস খাওয়ার আবদার করছে। রহিম মিয়ার মনে দুঃখ, কষ্টে ফলানো ফসল অন্যের ঘরে চলে যায়। যদি নিজের কিছু জমি থাকত তাহলে এ কষ্ট আর থাকত না।

ক. "সমাজবিজ্ঞান হলো অনুষ্ঠান প্রতিষ্ঠানের বিজ্ঞান"– সংজ্ঞাটি কার? ১

খ. "সমাজবিজ্ঞান হলো মূল্যবোধ নিরপেক্ষ বিজ্ঞান"– কথাটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের বিষয়বস্তু সমাজবিজ্ঞানের কোন শাখার আলোচ্য বিষয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের রহিম মিয়ার অবস্থান উত্তরণে সমাজবিজ্ঞান পাঠের প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

২ ▸ গ্রামের বয়োবৃদ্ধরা এক সময় তাদের ছেলেমেয়ে, নাতি-নাতনিদের গল্প, রূপকথা, উপদেশমূলক বাণী শোনাত। এক সময় পালাগান, জারি, সারি ইত্যাদি ব্যাপকভাবে গ্রামেগঞ্জে হতো। বিশেষ করে পুঁথিপাঠ, গাজীর গান ইত্যাদি গ্রামে ব্যাপক প্রচলিত ছিল। এসবের মধ্য দিয়ে শিশু কিশোররা পারস্পরিক শ্রদ্ধাবোধ, নীতি-নৈতিকতা শিক্ষা পেত। এখনও এসবের প্রয়োজনীয়তা শেষ হয়ে যায়নি। মানুষ মনে করে এগুলোই আমাদের মূল শিকড়।

ক. প্রথা কী? ১

খ. সম্প্রদায়ের ভিত্তি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের বর্ণনায় সংস্কৃতির কোন উপাদানের প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত ব্যবস্থাবলি সামাজিক নিয়ন্ত্রণে সহায়ক– বিশ্লেষণ কর। ৪

৩ ▸ কালাম সাহেব গুরুতর অসুস্থ। ঘনিষ্ঠ আত্মীয়স্বজন চিকিৎসার ব্যয়ভার বহন করেন। তার পরিবারের খোঁজখবর নেন। সমস্যা সমাধানের চেষ্টা করে। তাদের সাহায্য-সহযোগিতায় তিনি ভালো আছেন।

ক. মাতৃসূত্রীয় পরিবার কী? ১

খ. 'পরিবার একটি সর্বজনীন প্রতিষ্ঠান' ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সমাজজীবনের কোন সম্পর্কটি প্রকাশ পেয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উক্ত বিষয়টি সামাজিক সম্পর্ককে সুদৃঢ় করে'– বিশ্লেষণ কর। ৪

৪ ▸

| সংজ্ঞা | বৈশিষ্ট্য |
|---|---|
| দুই বা ততোধিক ব্যক্তির সেই সমাবেশকে বোঝায় যা কোনো লক্ষ্য অর্জনে তাদের মধ্যে পারস্পরিক মিথস্ক্রিয়ার ভিত্তিতে সামাজিক ও মনস্তাত্ত্বিক সচেতনতা ও সম্পর্ক সৃষ্টি করে। | ১. মূলভিত্তি হলো সামাজিক সম্পর্ক। ২. ক্ষণস্থায়ী ও দীর্ঘস্থায়ী হতে পারে। ৩. প্রতীকী রূপ আছে। ৪. আকার পরিবর্তনশীল। |

ক. লোকরীতি কী? ১

খ. 'সামাজিক স্তরবিন্যাস সর্বজনীন'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সমাজবিজ্ঞানের কোন মৌল প্রত্যয়টিকে ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উক্ত মৌল প্রত্যয়টির শ্রেণিবিভাগে ভিন্নতা রয়েছে'– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৫ ▸ মা-বাবা, ভাই-বোন ও স্ত্রী-সন্তানসহ নকীবের বসবাস। এছাড়া গ্রাম হতে তাদের নিঃসন্তান বিধবা ফুফু ২ বছর যাবৎ তাদের সাথে আছে। পরিবারের সমস্ত ব্যয় নির্বাহ করে নকীব ও তার বাবা। নকীবের সন্তানরা প্রতিদিন সকালে তাদের দাদির কাছে আরবি পড়ে। মা ও ফুফু তাদের স্কুলের পড়া তৈরি করতে সাহায্য করে। প্রতিদিন বিকেলে তারা চাচার সাথে মাঠে পার্কে যায়। নকীবের ফুফু বাচ্চাদের স্কুলে আনা-নেওয়ার কাজটি করে।

ক. অনুলোম বিবাহ কী? ১

খ. 'একক পরিবার শিল্পায়নের ফল'– ব্যাখ্যা কর। ২

গ. আকারের ভিত্তিতে নকীবের পরিবারের ধরনটি ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকে উল্লিখিত পরিবারের কার্যাবলি সময়ের সাথে পরিবর্তিত হচ্ছে'– তুমি কি একমত? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৬ ▸ সোলাইমান মিয়া বাগানে কাজ করার সময় শাহীনকে বলল, ফুল গাছে বেশি সার-পানি দেওয়া যেমন খারাপ, তেমনি কম সার-পানি দেওয়াও খারাপ। পরিমিত সার-পানি ও সুষম পরিচর্যা না করলে গাছে ভালো ফুল ধরে না।


ক. বিশ্বায়ন কী? ১

খ. প্রথাগত জ্ঞাতি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক সমাজবিজ্ঞানের কোন প্রত্যয়টিকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের উল্লিখিত প্রক্রিয়াটি সমাজতাত্ত্বিকভাবে বিশ্লেষণ কর। ৪

৭ ▸ নিচের ছকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :





ক. DNA-এর পূর্ণরূপ কী? ১

খ. বংশগতি বলতে কী বোঝায়? ২

গ. উপরের ছকে 'ক' চিহ্নিত স্থানে সমাজজীবনের প্রভাব বিস্তারকারী যে উপাদানটির ইঙ্গিত রয়েছে তা বর্ণনা কর। ৩

ঘ. তুমি কি মনে কর, উক্ত উপাদানটি সমাজব্যবস্থাকে নানাভাবে প্রভাবিত করে? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৮ ▸





ক. 'সব আবহাওয়া মানুষের স্বাধীনতা অনুকূল নয়'– কে বলেছেন? ১

খ. 'পরিবেশ ও মানবজীবন অঙ্গাঅঙ্গিভাবে জড়িত।' ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সমাজজীবনে প্রভাববিস্তারকারী কোন উপাদানের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে (?) প্রশ্নবোধক চিহ্নের উপাদানটি সমাজ জীবনের কোন কোন ক্ষেত্রকে প্রভাবিত করে? আলোচনা কর। ৪

৯ ▸




ক. জেন্ডার কী? ১

খ. আরোপিত ও অর্জিত মর্যাদা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত যে বিষয়টি সামন্তযুগে বিদ্যমান ছিল বিষয়টির বিভিন্ন দিক ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত একটি ধরন ভারতীয় সমাজ ব্যবস্থায় সর্বত্র বিরাজমান– যুক্তির সাথে তোমার মতামত দাও। ৪

১০ ▸ মি. সাকিব চৌধুরী একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপক। মালামাল ক্রয়ে তিনি প্রকৃত মূল্যের চেয়ে বেশি মূল্য দেখিয়ে প্রতিষ্ঠানের প্রচুর টাকা আত্মসাৎ করেন। অপরদিকে, বস্তিতে বসবাসরত স্বামীহারা হাজেরা খাতুন নিজের সন্তানদের জন্য খাদ্যের জোগান না করতে পেরে মালিকের বাসা থেকে চাল-ডাল চুরির অপরাধে পুলিশ কর্তৃক ধৃত হন।

ক. বিচ্যুতি মূলক আচরণ কী? ১

খ. প্রবেশন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের মি. সাকিব চৌধুরীর অপরাধ কী ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকের মি. সাকিব চৌধুরীর এবং হাজেরা খাতুনের অপরাধের সামাজিক প্রেক্ষাপট ভিন্ন'– উক্তিটি মূল্যায়ন কর। ৪

১১ ▸ রাজনের বড় ভাই বহু বছর ধরে শহরে থাকে। আগে মা-বাবার কাছে চিঠি লিখে সবার খোঁজ-খবর নিত। এখন মোবাইলে যোগাযোগ করে। ভিডিও কলের মাধ্যমে ভাই, মা-বাবার সাথে যোগাযোগ করে। এতে ছেলে-মেয়েদের খেলাধুলাও সরাসরি দেখতে পায়।

ক. সামাজিক পরিবর্তন কী? ১

খ. সামাজিক প্রগতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে সামাজিক পরিবর্তনের কোন উপাদানের প্রভাব প্রকাশিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সামাজিক পরিবর্তনের উক্ত উপাদানটি কীভাবে বিশ্বায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে? উল্লেখ কর। ৪

## ১০ ✓ বিএএফ শাহীন কলেজ, চট্টগ্রাম

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ কাজল ও কলি দুই বান্ধবী একটি পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়। কাজল যে বিষয়টি নিয়ে পড়ছে, সেটিকে সমাজের পূর্ণাঙ্গ পাঠ বলা হয়। এটির উদ্দেশ্য হলো সমাজে বসবাসকারী মানুষের পারস্পরিক সম্পর্ককে বিজ্ঞানভিত্তিক বিশ্লেষণ করা। অন্যদিকে কলির পঠিত বিসয় রাষ্ট্র, সরকারব্যবস্থা, ক্ষমতা ও কর্তৃত্ব ইত্যাদি নিয়ে আলোচনা করে।

ক. 'সমাজবিজ্ঞান হচ্ছে সমাজের বিজ্ঞান'— উক্তিটি কার? ১

খ. 'সমাজবিজ্ঞান একটি তাত্ত্বিক বিজ্ঞান'— কথাটি বুঝিয়ে লেখ। ২

গ. 'উদ্দীপকের কলির অধ্যয়নের বিষয়টি কোনটি'— বুঝিয়ে লেখ। ৩

ঘ. 'উদ্দীপকে কাজলের অধ্যয়নের বিষয়টির গুরুত্ব বর্তমানে বৃদ্ধি পাচ্ছে'— বিশ্লেষণ কর। ৪

২ ▸ অলক বাবু পেশায় একজন চিকিৎসক। তিনি তার কর্মস্থলে মোটর বাইকে করে যাওয়া আসা করেন। একদিন কর্মস্থলে যেতে তিনি কর্দমাক্ত রাস্তায় দুর্ঘটনায় গুরুতর আহত হন। পথচারিরা তাকে নিকটস্থ হাসপাতালে নিয়ে যান। আন্তরিকতার টানে তার অফিসের সহকর্মীসহ বহু আত্মীয়স্বজন তাকে দেখতে আসেন।

ক. সম্প্রদায়ের মূলভিত্তি কী কী? ১

খ. লোকগীতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের বিষয়টি তোমার পাঠ্যবইয়ের কোন দিকটি ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বিষয়টি সামাজিক বন্ধন স্থাপনে কতটা গুরুত্ব বহন করে বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

৩ ▸ ঘটনা-১ : সুমন তার স্ত্রীর মৃত্যুর স্ত্রীর ছোট বোনকে বিয়ে করে।
ঘটনা-২ : রনজু তার মামাতো বোনকে বিয়ে করে।

ক. পরিবারের সংজ্ঞা দাও। ১

খ. প্রথাগত জ্ঞাতি কী? বোঝিয়ে লেখ। ২

গ. ঘটনা-২ কোন ধরনের বিবাহ? ব্যাখ্যা কর। ৩

ঘ. ঘটনা-১-এর বিবাহের সামাজিক গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

৪ ▸ বিধানের বাবা পুলিশে চাকরি করেন। সম্প্রতি তিনি রাজশাহী থেকে বরিশালে বদলি হয়েছেন। একারণে বিধানের মন খুব খারাপ। সে প্রায়ই একা একা থাকে। ক্লাসের সহপাঠীদের সাথে কথাও বলতে চায় না। শিক্ষক তাকে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার জন্য ক্লাসে পড়াশুনা ও বাইরে খেলাধুলার ব্যাপারে সাহায্য করছেন।

ক. বিশ্বায়ন কী? ১

খ. সামাজিকীকরণে গণমাধ্যমের ভূমিকা কীরূপ? ব্যাখ্যা কর। ২

গ. বিধানের সামাজীকীকরণে কোন কোন উপাদানের ভূমিকা লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের বিধানের সামাজিকীকরণে আরও কী কী মাধ্যম ভূমিকা পালন করতে পারে? মতামত দাও। ৪

৫ ▸ কামাল তার তিন ভাই, দুই বোন ও মা-বাবাসহ গ্রামে বাস করত। কামাল বিয়ে করে চাকরিসূত্রে শহরে বসবাস শুরু করেন। তার ভাই-বোনদেরকেও একে একে চাকরির আশায় শহরে নিয়ে আসে এবং তারা আলাদা বাসা ভাড়া করে থাকে। বোনদের বিয়ের পরে শুধু তার বৃদ্ধ বাবা-মা গ্রামের বাড়িতে বসবাস করছে।


ক. প্রতিষ্ঠান কী? ১

খ. কাল্পনিক জ্ঞাতি বলতে কী বোঝায়? ২

গ. কামালের শহরের পরিবারটি কোন ধরনের পরিবার? ব্যাখ্যা কর। ৩

ঘ. কামালের গ্রামের পরিবারটি ভেঙে যাবার আর্থসামাজিক কারণ বিশ্লেষণ কর। ৪

৬ ▸





ক. 'Ancient Society' গ্রন্থের লেখক কে? ১

খ. লেভিরেট বিবাহ কী? ২

গ. উদ্দীপকে 'A' চিহ্নিত স্থান কোন সামাজিক প্রতিষ্ঠানের কার্যাবলিকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'মানব সমাজে উক্ত প্রতিষ্ঠানটি বহুমাত্রিক কার্যাবলি সম্পাদন করে থাকে'— উক্তিটির সপক্ষে যুক্তি দাও। ৪

৭ ▸




ক. অণু পরিবার কী? ১

খ. 'সামাজিকীকরণ একটি জীবনব্যাপী প্রক্রিয়া'— বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে মানবজীবনে প্রভাববিস্তারকারী কোন উপাদানটি বসবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সমাজ ও সভ্যতার বিকাশ সাধনে উক্ত উপাদানটির প্রভাব অনস্বীকার্য'— বিশ্লেষণ কর। ৪

৮ ▸ পিতামাতার একমাত্র সন্তান আবীর অল্পসময়ে ধন-সম্পদের মালিক হতে গিয়ে বিভিন্ন সমাজবিরোধী কর্মকাণ্ডে জড়িত হয়ে পড়ে। আইনের চোখ কিছুকাল ফাঁকি দিতে পারলেও একসময় সে পুলিশের হাতে ধরা পড়ে। অল্পবয়সে তার অপরাধের বিবরণ শুনে বিচারক অবাক হয়ে যান। এসব বয়সি ছেলেমেয়েদের অপরাধমূলক কর্মকাণ্ড হতে বিরত রাখতে সংশোধনমূলক প্রক্রিয়ার ওপর গুরুত্ব দেওয়া হয়। এছাড়া পত্রপত্রিকা, টেলিভিশনে সচেতনতামূলক প্রচারণার ওপরও গুরুত্ব আরোপ করা হয়।


ক. অপরাধ কাকে বলে? ১

খ. মূল্যবোধ বিরোধী আচরণ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে অপরাধের কোন কারণের কথা উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকে গৃহীত ব্যবস্থাই অপরাধ প্রতিরোধের উত্তম পন্থা'— বিশ্লেষণ কর। ৪

৯ ▸




ক. সামাজিক পরিবর্তন প্রধানত কয় প্রকার হতে পারে? ১

খ. বিবর্তন বলতে কী বোঝ? ২

গ. চিত্র 'ক' তে সামাজিক পরিবর্তনের কোন তত্ত্বের ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. চিত্র 'খ' তে বর্ণিত তত্ত্বটি উৎপাদন ব্যবস্থার সাথে সম্পর্ক যুক্ত— তুমি কি একমত? মতামত দাও। ৪

১০ ▸ জার্মান প্রবাসী ষাটোর্ধ বয়সি জামাল প্রায় পঁয়ত্রিশ বছর পর বাংলাদেশে এলেন। এতটা বছর পর দেশ তথা গ্রামে এসে তিনি চমকে গেলেন। রাস্তাঘাট, ঘরবাড়ির ধরন, প্রায় সবার বাড়িতে বিদ্যুৎ ও টেলিভিশন, হাতে হাতে মোবাইল ফোন এ সবই গ্রামীণ জীবনে ব্যাপক পরিবর্তন এনে দিয়েছে। মানুষের দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধে তিনি যথেষ্ট পরিবর্তন দেখতে পাচ্ছেন।

ক. মানব জীবনে প্রভাববিস্তারকারী উপাদানসমূহ কী কী? ১

খ. সমাজজীবনে ভৌগোলিক পরিবেশের প্রভাব বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে মি. কামালের গ্রামের মানুষের সামাজিক পরিবর্তনে কোন উপাদানের ভূমিকা আছে? বিবরণ দাও। ৩

ঘ. "উক্ত উপাদনটি সমাজজীবনের মূল চালিকা শক্তি" বিশ্লেষণ কর। ৪

১১ ▸ 'ক' একজন উচ্চ পদস্থ সরকারি কর্মকর্তা। উচ্চ বেতনে চাকরি করেন। তবে তার বেতনের বড় একটা অংশ ব্যয় করেন জুয়া খেলতে। 'খ' একজন অনাথ বালক দাদির কাছে থাকে। অন্যের বাগানের ফল চুরি, ফুলচুরি ইত্যাদি করে বেড়ান। পাড়া প্রতিবেশী ওর অত্যাচারে অতিষ্ট। দাদি ওর কর্মকাণ্ডে বিব্রত।

ক. কিশোর অপরাধ কাকে বলে? ১

খ. শিক্ষা কীভাবে ত্রুটিপূর্ণ মনোভাবের সংশোধন করে। – ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'ক'-এর আচরণটি অপরাধ না বিচ্যুতি? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের 'খ'-এর আচরণের কারণ ব্যাখ্যা কর। ৪

## ১১ ✓ হবিগঞ্জ সরকারি মহিলা কলেজ

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ ইবনে খালদুন → জিয়ামবাতিস্তা ভিকো → শিল্প বিপ্লব → সামাজিক অসংগতি → ১৮৩৯ →

ক. সমাজবিজ্ঞানের জনক কে? ১
খ. অগাস্ট কোঁতের মতে, সমাজবিজ্ঞানের আলোচ্য বিষয় কয়টি ও কী কী? ২
গ. উদ্দীপকে কোন বিষয়টি তুলে ধরা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'সমাজবিজ্ঞান সমাজের পূর্ণাঙ্গ পাঠ'– ব্যাখ্যা কর। ৪

২ ▶ রসায়নের অধ্যাপক হুমায়ুন সাহেবের আগ্রহের জায়গা সামাজিক বিজ্ঞান। বিবিধ সামাজিক সমস্যা তাকে তাড়িয়ে বেড়ায়। খুঁজে ফেরেন মুক্তির পথ। এ জন্য তিনি বিভিন্ন জার্নাল পড়েন। যোগাযোগ রাখেন তার আগ্রহ সংশ্লিষ্ট বিষয়ের সহকর্মীদের সাথে।

ক. ম্যাকিয়াভেলী রচিত বিখ্যাত গ্রন্থটির নাম কী? ১
খ. সামাজিক প্রতিষ্ঠান বলতে কী বোঝ? উদাহরণসহ লেখ। ২
গ. 'সমাজবিজ্ঞান মূল্যবোধ নিরপেক্ষ বিজ্ঞান'– ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে সমাজবিজ্ঞানের পরিধি ও বিষয়বস্তু আলোচনা কর। ৪

৩ ▶ রাবিদদের বাড়ি টাঙ্গুয়ার হাওড়ের প্রত্যন্ত গ্রামে। তাদের গ্রামের মানুষগুলোর মধ্যে কলহ-বিবাদ যেমন আছে, তেমনি আছে পারস্পরিক সহযোগিতা-ঐক্য। তাদের মধ্যকার সম্পর্ক যেন এক জটিল জাল।

ক. ক্ষুদ্রতম সামাজিক সংগঠন কোনটি? ১
খ. সামাজিক নিয়ন্ত্রণ বলতে কী বোঝ? ২
গ. বিবাহের প্রকারভেদ আলোচনা কর। ৩
ঘ. সামাজিক নিয়ন্ত্রণের বাহনসমূহ আলোচনা কর। ৪

৪ ▶ সামিয়ার বাড়ি চর কুকরি-মুকরির প্রত্যন্ত গ্রামে হলেও সে অত্যন্ত মেধাবী। তার অশিক্ষিত বাবা-মা বিষয়টি অবগত হয় তার শ্রেণি শিক্ষকের মাধ্যমে। স্থানীয় একটি সংস্থার সহযোগিতায় সে এখন ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ে। আর অবাক হয় তার এলাকা আর ঢাকা শহরের বহুমাত্রিক সাংস্কৃতিক বিভিন্নতায়।

ক. সংস্কৃতি কী? ১
খ. 'সভ্যতা মূলত বস্তুগত'– ব্যাখ্যা কর। ২
গ. অগবার্নের সাংস্কৃতিক ব্যবধানের সূত্রটি আলোচনা কর। ৩
ঘ. সংস্কৃতি ও সভ্যতার সম্পর্ক বুঝিয়ে লেখ। ৪

৫ ▶ দুই বছরের ছেলে রুমন ও স্ত্রী রাইনাকে রেখে হঠাৎ একটি সড়ক দুর্ঘটনায় মারা যায় আরিফ। তার মৃত্যুতে পরিবারের লোকজন ভেঙে পড়ে। অবশেষে রুমনের ভবিষ্যতের কথা ভেবে পরিবারের ইচ্ছায় একদিন রাইনার সাথে আরিফের ভাই জারিফের বিয়ে হয়।

ক. জ্ঞাতি সম্পর্ক কী? ১
খ. অনুলোম ও প্রতিলোম বিবাহ কী? ২
গ. উদ্দীপকে কোন ধরনের বিবাহের চিত্র ফুটে উঠেছে? উক্ত বিয়ের গুরুত্ব উল্লেখ কর। ৩
ঘ. বিবাহের সামাজিক গুরুত্ব আলোচনা কর। ৪

৬ ▶ জনাব সোহেল আরমান ও তার স্ত্রী রাবু অত্যন্ত মেধাবী ও উচ্চশিক্ষিত হওয়ায় তাদের সন্তানেরাও অত্যন্ত মেধাবী ও পড়াশুনায় কৃতিত্বের স্বাক্ষর রাখছে। দেশ-বিদেশের বড় বড় বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করছে তারা।

ক. কোন অঞ্চল মানুষের বসবাসের উপযোগী। ১
খ. বংশগতি কী? ২
গ. জনাব সোহেল আরমানের সন্তানদের ওপর কোন উপাদানের প্রভাব লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যক্তিত্ব গঠনে পরিবারের ভূমিকা উদ্দীপকের আলোকে বুঝিয়ে লেখ। ৪

৭ ▶ আবিদ সাহেব ও তার স্ত্রী দুজনেই চাকরিজীবী। তাদের একমাত্র ছেলে রনিকে সময় দিতে পারেন না কেউই। ফলে রনি পাড়ার বখাটে ছেলেদের সাথে মিশে পড়ালেখায় অমনোযোগী হয়ে পড়েছে; আসক্ত হয়ে গেছে নেশায়।

ক. সামাজিকীকরণের প্রধান মাধ্যম কোনটি? ১
খ. সামাজিকীকরণ বলতে কী বোঝ? ২
গ. রনির বিচ্যুতিমূলক আচরণের জন্য সামাজিকীকরণের কোন বাহনটি দায়ী বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৩
ঘ. সামাজিকীকরণের বাহনসমূহ আলোচনা কর। ৪

৮ ▶ ভাই রানার তুলনায় বোন রিতু মেধাবী। কিছু আর্থিক অনটনের কারণে রিতুর বাবা-মা রিতুর পড়াশুনা বন্ধ করে দিয়েছেন; চলছে রানার পড়াশুনা।

ক. সামাজিক গতিশীলতা কয় প্রকার। ১
খ. সামাজিক অসমতা বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত অসমতাটি কোন ধরনের অসমতার উদাহরণ? বুঝিয়ে লেখ। ৩
ঘ. উদ্দীপকের আলোকে সামাজিক অসমতার কুফল আলোচনা কর। ৪

৯ ▶ শিক্ষিত বেকার যুবক রাজন আজ দিশেহারা। হতাশা এড়াতে বেছে নিয়েছে মাদককে। সে এখন বখাটেদের আড্ডার নিত্য সদস্য। ক্রমেই জড়াচ্ছে অন্যান্য অপরাধে।

ক. বিচ্যুতি কী? ১
খ. শিক্ষককে সালাম না দেওয়া কী অপরাধ? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের রাজনের কার্যক্রম অপরাধের কোন ধরনকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'বেকারত্বই মাদকাশক্তির একমাত্র কারণ নয়'– ব্যাখ্যা কর। ৪

১০ ▶ দীর্ঘদিন প্রবাসে থেকে গ্রামে ফিরে আহমদের চক্ষু চড়কগাছ। কুপি-হারিকেনের বদলে ঘরে ঘরে বৈদ্যুতিক বাতির ঝিলিক। মানুষের হাতে হাতে স্মার্টফোন। বাড়ি বাড়ি পানির পাম্প বসানো। সে মনে করে সময়ের পরিবর্তনেই এমনটা হয়েছে।

ক. প্রগতি কী? ১
খ. উন্নয়ন বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে সমাজবিজ্ঞানের কোন প্রত্যয়টির উল্লেখ পাওয়া যায়। ৩
ঘ. উদ্দীপকের বর্ণনায় উক্ত প্রত্যয়টির তুমি কী ধরনের পরিবর্তন লক্ষ করেছ, তা বিশ্লেষণ কর। ৪

১১ ▶ আরিনাকে কম্পিউটারে বসে থাকতে দেখে তার দাদা জিজ্ঞাসা করেন, কী করছ? সে উত্তর দেয়, চাকরির আবেদন করছি। পরপরই মোবাইলের মাধ্যমে টাকা জমা দেওয়া দেখে তিনি বিস্ময়ে অভিভূত হয়ে পড়েন আর ভাবেন, গতিময় জীবন আমাদের স্থবিরতাকে বিদায় দিয়েছে।

ক. 'The New Science' গ্রন্থের লেখখ কে? ১
খ. 'সংস্কৃতি সামাজিক পরিবর্তন ঘটায়' – ব্যাখ্যা কর। ২
গ. সামাজিক পরিবর্তনে জৈবিক উপাদানের প্রভাব আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টির মূল বৈশিষ্ট্যসমূহ বিশ্লেষণ কর। ৪

## ১২ অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ◉ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ অষ্টাদশ শতাব্দীতে ইংল্যান্ডের শিল্প বিপ্লবের পর সমাজজীবনে যে বৈপ্লবিক পরিবর্তন ঘটেছে তারই প্রেক্ষাপটে একটি নতুন বিষয়ের উদ্ভব ঘটেছে। আর উক্ত বিষয়টি সমাজ, ধর্ম, রাজনীতি, অর্থনীতি, আইন, সংস্কৃতিসহ বিভিন্ন বিষয় নিয়ে পাঠ করে।

ক. "সমাজবিজ্ঞান" একমাত্র বিজ্ঞান যা সমাজ এবং সামাজিক সম্পর্ক বিষয়ে অধ্যয়ন করে।" সংজ্ঞাটি কার? ১
খ. "সমাজবিজ্ঞান হলো সমাজের পূর্ণাঙ্গ পাঠ"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে নতুন কোন বিষয়টির উদ্ভবের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উল্লিখিত অনুচ্ছেদের বিষয়গুলো ছাড়াও উক্ত বিষয়টির পরিধি ব্যাপক– আলোচনা কর। ৪

২ ▸




ক. Civilization শব্দের অর্থ কী? ১
খ. সভ্যতা বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে চিত্র 'ক'-এ কোন মৌল প্রত্যয়ের বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে চিত্র 'খ'-এ কোন মৌল প্রত্যয়ের বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে? 'ক'-এর সাথে 'খ'-এর মধ্যকার বৈসাদৃশ্যমূলক সম্পর্ক বিশ্লেষণ কর। ৪


৩ ▸ সমাজবিজ্ঞানের মৌল প্রত্যয়ের অন্যতম একটি প্রত্যয় রয়েছে যা–
∆ একটি প্রতিষ্ঠিত ও প্রচলিত ব্যবস্থার নাম।
∆ ব্যক্তি বা গোষ্ঠীর সম্পর্ক নিয়ন্ত্রণ করে।
∆ এবং মানুষের প্রয়োজন পূরণার্থে সমাজে বিভিন্ন আঙ্গিকে গড়ে ওঠে।

ক. সমাজবিজ্ঞানের মূল প্রতিপাদ্য বিষয় কী? ১
খ. সমাজকাঠামো বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে কোন প্রত্যয়ের প্রতি ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত প্রত্যয়টির বৈশিষ্ট্যসমূহ বিশ্লেষণ কর। ৪

৪ ▸ রহমান সাহেবের দুই মেয়ে এক ছেলে। স্ত্রী মারা গেলে সন্তানের সুবিধার কথা ভেবে তিনি তার মৃত স্ত্রীর ছোটবোনকে বিয়ে করেন। এদিকে তার বড় মেয়েকে রহমান সাহেব তার আপন ভাইয়ের ছেলের সাথে বিয়ে দেন। আর ছেলেকে রহমান সাহেব তার আপন বোনের মেয়ের সাথে বিয়ে দেন। কিন্তু তার ছোট মেয়ে পছন্দ করে নিজের ইচ্ছামত বিয়ে করে।


ক. 'The History of Human Marriage' বইটি কার লেখা? ১
খ. বর্ধিত পরিবার বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে কয় ধরনের বিবাহের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিবাহসমূহের সামাজিক গুরুত্ব মূল্যায়ন কর। ৪

৫ ▸





ক. অনুলোম পরিবার কে? ১
খ. সামাজিকীকরণ একটি জীবনব্যাপী প্রক্রিয়া– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের ছকের '?' চিহ্নিত স্থানে সামাজিক সংগঠনের কোন বিষয়টিকে নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজজীবনে উক্ত বিষয়টির প্রভাব মূল্যায়ন কর। ৪

৬ ▸




ক. 'দ্বান্দ্বিক বস্তুবাদ' তত্ত্বটি কোন সমাজবিজ্ঞানীর? ১
খ. সংস্কৃতি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের '?' চিহ্নিত স্থানে সমাজজীবনের কোন উপাদানটি প্রযোজ্য হবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজজীবনে উক্ত উপাদানটির প্রভাব মূল্যায়ন কর। ৪

৭ ▸





ক. সংগীত, নৃত্য ইত্যাদি কোন সংস্কৃতির রূপ? ১
খ. সামাজিক স্তরবিন্যাস বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে সমাজজীবনের প্রভাব বিস্তারকারী কোন উপাদানের ইঙ্গিত রয়েছে। ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজজীবনে উক্ত উপাদানটির প্রভাব মূল্যায়ন কর। ৪

৮ ▸ মানবশিশু যখন জন্মগ্রহণ করে তখন অন্যান্য প্রাণী শাবকের সাথে তার মৌলিক পার্থক্য খুব কম থাকে। কিন্তু শিশুটি যত বড় হতে থাকে অন্যান্য প্রাণী থেকে তার মধ্যে স্বতন্ত্র বৈশিষ্ট্য এবং পার্থক্য ক্রমশ প্রকট হয়ে ওঠে। এ পার্থক্যের মূলে সামাজিক শিক্ষা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সমাজই তাকে সামাজিক করে তোলে। আর তাই একটি জন্ম থেকে শুরু হয়ে বিরামহীনভাবে ব্যক্তির মৃত্যু পর্যন্ত চলে।

ক. সমাজবিজ্ঞানের অন্যতম কেন্দ্রীয় প্রত্যয় কোনটি? ১
খ. প্রতিষ্ঠান বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে সমাজবিজ্ঞানের কোন প্রক্রিয়াটির ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "এটি এমন একটি প্রক্রিয়া, যার মাধ্যমে মানবশিশু সমাজের একজন কাঙ্ক্ষিত পূর্ণাঙ্গ সদস্য হিসেবে গড়ে ওঠে।" বিশ্লেষণ কর। ৪

৯ ▸





ক. Ageism শব্দের অর্থ কী? ১
খ. দাসপ্রথা বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের '?' চিহ্নিত স্থানে সামাজিক স্তরবিন্যাসের যে ধরনের ইঙ্গিত পাওয়া যায় তার বৈশিষ্ট্য আলোচনা কর। ৩
ঘ. ছকে প্রদত্ত '?' স্থানে প্রযোজ্য বিষয়টির শ্রেণিবিভাগ বিশ্লেষণ কর। ৪

১০ ▸ সচীন মণ্ডল এলাকায় খুব একজন ভালো মানুষ হিসেবে পরিচিত নন। তিনি কথায় কথায় মিথ্যা বলেন, যেকোন অবৈধ কাজ করার জন্যও তিনি ঘুষ নেন। তিনি ঠিকমতো আয়কর পরিশোধ করেন না। প্রতিদিন রাতে ক্লাবে গিয়ে জুয়া খেলেন ও মদ্যপান করেন। তার বাবা-মাকে ঠিকমতো দেখাশোনা করেন না। বাসায় নিয়োজিত কাজের ছেলেটিকেও প্রায়ই মারধর করেন।

ক. কাঙ্ক্ষিত বা বাঞ্ছিত পরিবর্তনকে কী বলে? ১
খ. বিশ্বায়ন বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে কয় ধরনের অপরাধ সংঘটিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আইনের দৃষ্টিতে সচীন মণ্ডলের সব কর্মকাণ্ড অপরাধ হিসেবে গণ্য হবে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১ ▸




ক. Social Deviance-এর বাংলা প্রতিশব্দ কী? ১
খ. উন্নয়ন বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের '?' চিহ্নিত স্থানে সামাজিক পরিবর্তনের কোন মতবাদ/তত্ত্বটি প্রযোজ্য? ব্যাখ্যা কর। ৩
ঘ. সামাজিক পরিবর্তনের ক্ষেত্রে উক্ত মতবাদটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

## ১৩ পটুয়াখালী সরকারি মহিলা কলেজ

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ কবির বিশ্ববিদ্যালয়ের অনার্স ১ম বর্ষের ছাত্র। সে তার খালার বাসায় থেকে পড়ালেখা করছে। তার খালু একজন সরকারি চাকরিজীবী। একদিন তিনি জিজ্ঞেস করলেন, কবির তুমি কোন বিষয়ে পড়ালেখা করছ? কবির উত্তর দিল, আমি এমন একটি বিষয়ে পড়ালেখা করছি যা মানুষের চালচলন, আচার-আচরণ, বর্তমান ও ভবিষ্যৎ নিয়ে আলোচনা করে।

ক. 'সমাজবিজ্ঞান হলো সামাজিক প্রতিষ্ঠানের বিজ্ঞান'— উক্তিটি কার? ১
খ. ত্রয়সস্তর সূত্রটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন বিষয়টি সম্পর্কে বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'সমাজবিজ্ঞান সমাজের পূর্ণাঙ্গ পাঠ'— উদ্দীপকের আলোকে তোমার মতামত যুক্তিসহ আলোচনা কর। ৪

২ ▶ তিতাস নদীর তীরে মালোদের বাস। ঘাটে বাঁধা নৌকা, মাটিতে ছড়ানো জাল, উঠানের কোণে গাবের মটকি, ঘরে ঘরে চরকি, টেকো, তকলি সূতা কাটার, জাল বোনার সরঞ্জাম। এসব নিয়েই মালোদের সংসার। মাঘ মাসের শেষ তারিখে মালো পাড়াতে 'মাঘ মন্ডলের ব্রত' উৎসবের ধুম পড়ল।

ক. সংঘ কী? ১
খ. সামাজিক উলম্ব গতিশীলতা কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সমাজবিজ্ঞানের যে প্রত্যয়ের ছবি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপকটিতে উক্ত প্রত্যয়ের দুটি ধরনেরই প্রতিফলন ঘটেছে'— তুমি কি এর সাথে একমত? তোমার মতামত উপস্থাপন কর। ৪

৩ ▶ কামাল তার তিন ভাই, দুই বোন ও মা-বাবাসহ গ্রামে বাস করত। কামাল বিয়ে করে চাকরিসূত্রে শহরে বসবাস শুরু করে। তার ভাইদেরকেও একে একে চাকরির আশায় শহরে নিয়ে আসে এবং আলাদা বাসা ভাড়া করে থাকে। বোনদের বিয়ে হয়ে গেলে শুধু তার বৃদ্ধ বাবা-মা গ্রামের বাড়িতে বসবাস করছে।

ক. প্রতিষ্ঠান কী? ১
খ. কাল্পনিক জ্ঞাতি বলতে কী বোঝ? ২
গ. কামালের শহরের পরিবারটি কোন ধরনের পরিবার? ব্যাখ্যা কর। ৩
ঘ. কামালের গ্রামের পরিবারটি ভেঙে যাওয়ার আর্থসামাজিক কারণ বিশ্লেষণ কর। ৪

৪ ▶ এইচএসসি পরীক্ষায় জিপিএ-৫ পাওয়া ছাত্রছাত্রীর ওপর গবেষণা করে দেখা যায়, তাদের অধিকাংশের পিতা-মাতাও অনেক মেধাবী। গবেষকগণ মনে করেন, অনুকূল পরিবেশের সামান্য সহায়তা এবং উত্তরাধিকারসূত্রে ছাত্রছাত্রীরা এ মেধা লাভ করেছে।

ক. ব্যক্তির অনানুষ্ঠানিক শিক্ষাপ্রতিষ্ঠান কোনটি? ১
খ. কুটিরশিল্প ও দৈনন্দিন আচার-অনুষ্ঠানের ওপর ভৌগোলিক পরিবেশের প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ছাত্রছাত্রীর ক্ষেত্রে সমাজজীবনে প্রভাব বিস্তারকারী কোন উপাদান ভূমিকা রেখেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজজীবনে উদ্দীপক দ্বারা ইঙ্গিতকৃত উপাদানের প্রভাব বিশ্লেষণ কর। ৪

৫ ▶ আলম তার বাবা মায়ের সাথে বসে টিভিতে মিনা কার্টুন উপভোগ করে। তার ছোট বোনও এসবের খুব ভক্ত। তাদের বাবা-মা আলম ও তার ছোট বোনকে পত্র-পত্রিকা থেকে বিশেষ বিশেষ প্রযুক্তি সম্পর্কে পড়ে শোনায়। ইন্টারনেট ব্যবহার করে তারা অল্প বয়সেই পত্র-পত্রিকা ও শিক্ষামূলক চলচ্চিত্র উপভোগ করে। ওয়েবসাইট থেকে প্রয়োজনীয় তথ্য তারা শিক্ষামূলক কাজে ব্যবহার করা শিখে ফেলেছে।

ক. সামাজিকীকরণ কাকে বলে? ১
খ. মানুষের মেধার ওপর প্রভাব বিস্তারকারী উপাদানটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সামাজিকীকরণের কোন মাধ্যমটির প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপকের অবস্থা বিশ্বায়নের ফল'— বিশ্লেষণ কর। ৪

৬ ▶ গণি মিঞা একজন দরিদ্র কৃষক। নিজস্ব এক টুকরা জমি চাষ করে তার ভরণ-পোষণ চলে না। সন্তানদের লেখাপড়া করানো দূরে থাক পেট পুরে খাওয়াতেও পারে না। এ বছর সে গ্রামের জমিদার চৌধুরী সাহেবের কাছ থেকে আরও কিছু জমি বর্গা নিয়ে চাষ করেছে। এতে তার অর্থনৈতিক অবস্থা একটু উন্নত হয়েছে। তবে তার দুই ভাই দিন মজুরি করে জীবিকা নির্বাহ করে।

ক. সামাজিক গতিশীলতা কয় প্রকার? ১
খ. সম্প্রদায় বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে তোমার পাঠ্যবইয়ের কোন প্রত্যয়ের ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপকের উক্তির প্রত্যয়টি সমাজের মানুষে মানুষে ভেদাভেদের বাস্তব চিত্রের প্রতিচ্ছবি।' — ব্যাখ্যা কর। ৪

৭ ▶ সাইদুর সাহেব টেলিভিশনে একটি ব্রেকিং নিউজ দেখে আঁতকে উঠেন এবং এ ঘটনা তাকে খুব নাড়া দেয়। "মাদক সেবনে বাধা দিতে গিয়ে ১৭ বছরের রেখার হাতে বাবা-মা খুন।" পুলিশ তাকে গ্রেফতার করে আদালতে প্রেরণ করেছে। এ ঘটনায় সাইদুর সাহেব খুব শঙ্কিত হয়েছেন।

ক. বিচ্যুতি কী? ১
খ. দারিদ্র্য কীভাবে অপরাধের সাথে সম্পর্কিত? ২
গ. উদ্দীপকে বর্ণিত রেখার কর্মকাণ্ড কোন ধরনের অপরাধ? ব্যাখ্যা কর। ৩
ঘ. রেখার ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা অপরাধ প্রতিরোধে কতটুকু সহায়ক হবে বলে তুমি মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮ ▶ পারভীন আক্তার সমাজবিজ্ঞানের শিক্ষিকা। তিনি সমাজবিজ্ঞান ক্লাসে গিয়ে ছাত্রছাত্রীদের সামাজিক পরিবর্তন কীভাবে সাধিত হচ্ছে তা নিয়ে কথা বলেন। প্রথমে তিনি বলেন, সমাজ সদা পরিবর্তনশীল। আর এই পরিবর্তন বিভিন্ন কারণে সংঘটিত হয়। এছাড়া তিনি সামাজিক পরিবর্তন সম্পর্কিত মতবাদ নিয়ে আলোচনা করেন। সামাজিক পরিবর্তনের ক্ষত্রে কার্ল মার্কস ও প্যারোটো কতটুকু অবদান রেখেছে সে সম্পর্কেও ধারণা দেন।

ক. সামাজিক পরিবর্তন কী? ১
খ. সামাজিক পরিবর্তনের উপাদানগুলোর নাম লেখ। ২
গ. সামাজিক পরিবর্তনের ক্ষেত্রে কার্ল মার্কস কী ধরনের অবদানের কথা বলেছেন? তা মূল্যায়ন কর। ৩
ঘ. সামাজিক পরিবর্তনে প্যারোটোর তত্ত্বটি বিশ্লেষণ কর। ৪

৯ ▶ পায়েলদের বাড়ি সিলেটে। পায়েলের মায়ের কথামতো পরিবার চলে এবং মেয়েরা পারিবারিক সম্পত্তির উত্তরাধিকারী হয়। পরিবারের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত পায়েলের মা বয়োজ্যেষ্ঠ মহিলাদের সাথে আলাপ-আলোচনা করে গ্রহণ করে থাকে। পর্যায়ক্রমে পায়েলও তার মায়ের ভূমিকায় অবতীর্ণ হয়।

ক. নয়াবাস পরিবার কাকে বলে? ১
খ. পরিবারকে সামাজিকতা শিক্ষার কেন্দ্রস্থল বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে কীভাবে মাতৃতান্ত্রিক পরিবারের বৈশিষ্ট্যকে প্রকাশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. পরিবার কাঠামোর ভিত্তিতে পায়েলের মায়ের সিদ্ধান্ত গ্রহণ ক্ষমতাকে তুমি যৌক্তিক মনে কর কী? বিশ্লেষণ কর। ৪

১০ ▶ ফিরোজ বিশ্ববিদ্যালয়ে যে বিষয়ে অধ্যয়ন করে সে বিষয়টির উৎপত্তি সম্পর্কে সন্ধান করতে গিয়ে দেখলেন ল্যাটিন শব্দ Socius ও গ্রিক শব্দ Logos থেকে এর উদ্ভব। ১৮৩৯ সালে একজন ফরাসি দার্শনিক তার 'কোর্স-ডি-ফিলোসফি পজিটিভ' গ্রন্থে সর্বপ্রথম এ বিষয়টিকে বিজ্ঞান হিসেবে আখ্যায়িত করেন।

ক. 'সমাজবিজ্ঞান হলো সামাজিক প্রতিষ্ঠানের বিজ্ঞান' — উক্তিটি কার? ১
খ. শিক্ষার সমাজবিজ্ঞান বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে ফিরোজ কোন বিষয়ে অধ্যয়ন করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উক্ত বিষয়টি সমাজের সামগ্রিক পাঠ'— বিশ্লেষণ কর। ৪

১১ ▶ বরগুনা জেলার পাথরঘাটা উপজেলার চরকগাছি গ্রামের অধিকাংশ জনগণ দরিদ্র ও হিন্দু। তারা দলবদ্ধভাবে বসবাস করে এবং একে অপরকে সাহায্য করে। তারা নদীতে মাছ ধরে জীবিকা নির্বাহ করে। যুগ যুগ ধরে এ গ্রামের জেলেরা অভিন্ন আদর্শ ও রীতিনীতির ভিত্তিতে অসাম্প্রদায়িক চেতনায় উদ্বুদ্ধ হয়ে সহযোগিতার ভিত্তিতে বসবাস করছে।

ক. সম্প্রদায়ের মূলভিত্তি কী? ১
খ. সামাজিক প্রথা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত পারস্পরিক সহযোগিতা ও দলবদ্ধভাবে বসবাস করার মাধ্যমে কিসের কার্যাবলিকে ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক দ্বারা ইঙ্গিতকৃত বিষয়ের সাথে সম্প্রদায়ের মৌলিক পার্থক্যসমূহ বিশ্লেষণ কর। ৪

## ১৪ দিনাজপুর সরকারি কলেজ

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ রাফি ও জুয়েল রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অনার্সে ভর্তি হয়েছে। রাফির পঠিত বিষয়ের মূল প্রতিপাদ্য বিষয় হলো সমাজ ও সমাজস্থ মানুষের কার্যাবলি, আচরণ, রীতিনীতি ইত্যাদি এবং অপরদিকে জুয়েলের পঠিত বিষয়ের মূল প্রতিপাদ্য বিষয় হলো উৎপাদন, বন্টন, ভোগ, সঞ্চয় ইত্যাদি। তবে তাদের উভয়ের বিষয়ই সমাজস্থ মানুষের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করে।

ক. "সমাজবিজ্ঞানই একমাত্র বিজ্ঞান যা সমাজ ও সামাজিক সম্পর্ক বিষয়ে অধ্যয়ন করে"–উক্তিটি কোন সমাজবিজ্ঞানীর? ১
খ. সামাজিক নৃবিজ্ঞানের বিষয়বস্তুগুলো উল্লেখ কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত রাফির পঠিত বিষয়টি সমাজের পূর্ণাঙ্গ পাঠ–বিশ্লেষণ কর। ৩
ঘ. রাফি ও জুয়েলের বিষয় দুটির সম্পর্ক আলোচনা কর। ৪

২ ▸ সজল একটি প্রত্যন্ত এলাকায় বাস করে। তাদের এলাকার জনগোষ্ঠীর মধ্যে মতের অমিল থাকলেও নিজেদের মৌলিক চাহিদা পূরণে তারা সমষ্টিগতভাবে একতাবদ্ধ। পারস্পরিক সহযোগিতার ওপর নির্ভরশীল। মানুষগুলোর মধ্যকার সম্পর্ক জটিল জালের মতো ছড়িয়ে আছে।

ক. Suicide গ্রন্থের লেখক কে? ১
খ. সামাজিক নিয়ন্ত্রণ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে পারস্পরিক সহযোগিতার ওপর নির্ভরশীল সজলের এলাকাটি কোনটিকে নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রত্যয়টির সাথে সম্প্রদায়ের পার্থক্য আলোচনা কর। ৪

৩ ▸ সমাজের সবচেয়ে ক্ষুদ্রতম এক সামাজিক সংগঠন যার বন্ধনের মূল চাবিকাঠি হলো পারস্পরিক স্নেহ, মায়া-মমতা, ভালোবাসা, সম্প্রীতি, শ্রদ্ধা ও ভক্তি। সভ্যতার উন্মেষ হতেই নানাবিধ প্রয়োজনের তাগিদে এই সংগঠনের সূত্রপাত ঘটে।

ক. Kin শব্দের অর্থ কী? ১
খ. জাতিবর্ণ (Caste) বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে নির্দেশিত সংগঠনটির প্রকারভেদসমূহ উল্লেখ কর। ৩
ঘ. উদ্দীপকে নির্দেশিত সংগঠনটির অস্তিত্ব ভবিষ্যতে বিলুপ্ত হবে–উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৪ ▸ জনাব রিয়াজ তার শ্রেণিতে সমাজবিকাশের ধারা পড়াতে গিয়ে মাল্টিমিডিয়া প্রজেক্টরে কিছু প্রত্নতাত্ত্বিক নিদর্শন ও ধ্বংসাবশেষের ছবি দেখালেন। ছবি প্রামাণ্য চিত্র এমন একটি যুগকে নির্দেশ করে যার অন্যতম বৈশিষ্ট্য ছিল উদ্বৃত্ত উৎপাদন (Surplus production)। আর এই উদ্বৃত্ত উৎপাদনই নগর সভ্যতার বিকাশের কারণ হিসেবে জনাব রিয়াজ তাঁর বক্তব্যে উল্লেখ করেছেন।

ক. Ancient Society গ্রন্থের রচয়িতা কে? ১
খ. শিল্প সমাজের বৈশিষ্ট্যগুলো লেখ। ২
গ. উদ্দীপকে জনাব রিয়াজের প্রামাণ্য চিত্রটি কোন যুগকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্বৃত্ত উৎপাদন কোন সভ্যতা বিকাশের কারণ হিসেবে জনাব রিয়াজ উল্লেখ করেছেন? তুমি কি তাঁর বক্তব্যের সাথে একমত? যুক্তি দাও। ৪

৫ ▸ জনাব রহমান স্ত্রী ও দুই সন্তান নিয়ে সুখেই আছেন। সংসারে তার বৃদ্ধ মা-বাবাও আছে যাদের তিনি সবসময় যত্নের সাথে দেখাশোনা করেন। তার স্ত্রী ও সন্তানেরাও তার বাবা-মায়ের সাথে আনন্দে সময় কাটায়। এছাড়া প্রতিবেশীদের সাথেও মোস্তফা সাহেবের সম্পর্ক একেবারে আত্মীয়ের মতো। রহমান সাহেবের ছোট ছেলে তো পাশের বাড়ির রফিক সাহেবের ছোট ছেলেকে নিজের ভাই বলেই মনে করে।

ক. একক বিবাহ কী? ১
খ. পরিবার বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে কয় ধরনের জ্ঞাতি সম্পর্কের উল্লেখ আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'জনাব রহমানের পারিবারিক সুখ-শান্তির নেপথ্যে রয়েছে জ্ঞাতিসম্পর্ক'– বিশ্লেষণ কর। ৪

৬ ▸ ক এবং খ সহপাঠী। তারা দুজনে একই গ্রামে বসবাস করে। বিকেলে তারা ক্রিকেট খেলে। তাদের ভালো বোঝাপড়া থাকায় একে অপরকে দোস্ত বলে সম্বোধন করে। এ দোস্ত সম্পর্ক সমাজজীবনে পারস্পরিক মিথস্ক্রিয়া সৃষ্টির অন্যতম মাধ্যম।

ক. অনুলোম বিবাহ কী? ১
খ. নগর জীবনে জ্ঞাতি সম্পর্কের গুরুত্ব কম কেন? ২
গ. উদ্দীপকে ক এবং খ কোন জ্ঞাতি সম্পর্কে আবদ্ধ? ব্যাখ্যা কর। ৩
ঘ. আমাদের সমাজে উদ্দীপকের জ্ঞাতি সম্পর্কের ভূমিকাই মুখ্য? বিশ্লেষণ কর। ৪

৭ ▸ সুশীল জলদাসের বাড়ি ইছামতি নদীর তীরে। তার ছোটো একটি নৌকা আছে। সে সারাদিন নৌকাটি নিয়ে নদীতে মাছ ধরে। সে যা মাছ পায় তার কিছুটা বাড়ির জন্য রেখে দিয়ে বাকিটা বিক্রি করে দেয়। বেশ কিছুদিন থেকে সে খুব একটা মাছ পায় না। ইদানীং নদীতে পানি না থাকায় আগের মতো আর মাছ পাওয়া যায় না। সে তার পেশা পরিবর্তন করতে চায়। কিন্তু মাছ ধরা ছাড়া সে অন্য কোনো কাজ জানে না।

ক. কৃৎকৌশল বলতে কী বোঝ? ১
খ. সমাজজীবনের ওপর বংশগতির প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সমাজজীবনের উপর প্রভাব বিস্তারকারী উপাদানটির বৈশিষ্ট্য ও গুরুত্ব উল্লেখ কর। ৩
ঘ. সমাজজীবনের উপর প্রভাব বিস্তারকারী উপাদানটির প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাবসমূহ আলোচনা কর। ৪

৮ ▸ বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে নবজাতক সামাজিক জীব হিসেবে পরিচিতি লাভ করে। এর মধ্যে এমন একটি প্রক্রিয়া রয়েছে যার মাধ্যমে ব্যক্তি মানুষ বৃহত্তম সমাজের সাথে গভীরভাবে সম্পর্ক গড়ে তোলে। নিজের এবং অন্যের ব্যক্তিত্ব সম্পর্কে সচেতন হয়। একই সাথে সমাজের প্রচলিত নিয়মকানুন, বিধিবিধান, রীতিনীতি, আদর্শ ও মূল্যবোধ গ্রহণের মাধ্যমে ব্যক্তিমানুষের সাথে সমাজের সম্পর্ক সুস্পষ্ট প্রতিফলন সাধনের প্রক্রিয়া সম্পন্ন হয়।

ক. ব্যক্তির মনে দায়িত্ববোধ ও সামাজিক চেতনা সৃষ্টি করে কে? ১
খ. সমাজজীবনে বংশগতির প্রভাব আলোচনা কর। ২
গ. উদ্দীপকে নির্দেশিত প্রক্রিয়াটির ক্ষেত্রে সমবয়সি দলের ভূমিকা কীরূপ? ৩
ঘ. উদ্দীপকে নির্দেশিত প্রক্রিয়াটির ক্ষেত্রে শিক্ষা এবং ধর্মীয় প্রতিষ্ঠানের পরিবর্তনশীল ভূমিকা আলোচনা কর। ৪

৯ ▸ ভারতীয় সমাজব্যবস্থার একটি সনাতনী ধর্মব্যবস্থাতে দেখা যায় মানুষ বিভিন্নভাবে বিভক্ত হয়েছে। এই বিভক্তির মূলে রয়েছে জন্মভিত্তিক এবং পেশাভিত্তিক বিভক্তি। এই বিভাজনটি সর্বপ্রথম পর্তুগিজরা আবিষ্কার করে।

ক. কার্ল মার্কস কীরূপ সমাজের স্বপ্ন দেখেছিলেন? ১
খ. সামাজিক স্তরবিন্যাসের প্রকারভেদগুলো উল্লেখ কর। ২
গ. উদ্দীপকে সামাজিক স্তরবিন্যাসের কোন ধরনটিকে উল্লেখ করা হয়েছে? এর বৈশিষ্ট্যগুলো উল্লেখ কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ধরনটির প্রকরণগুলো বিশ্লেষণ কর। ৪

১০ ▸ আসমা বেওয়ার স্বামী পাঁচ বছর পূর্বে সড়ক দুর্ঘটনায় মারা যায়। স্বামীর মৃত্যুর পর সে খুব অসহায় হয়ে পড়ে। স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তাকে বিধবা ভাতার ব্যবস্থা করে দেয়। সে একটি এনজিও থেকে ঋণ নিয়ে গাভী পালন শুরু করে। আসমা বেওয়ার ছেলে করিম এবং মেয়ে রুমা। রুমা স্কুল থেকে উপবৃত্তি পায়। সে অষ্টম শ্রেণিতে পড়ে। করিম কর্মসংস্থান ব্যাংক থেকে ঋণ নিয়ে পোল্ট্রি খামার করেছে। বর্তমানে তাদের সংসারে সচ্ছলতা রয়েছে।

ক. সামাজিক অসমতা বলতে কী বোঝ? ১
খ. বয়স বৈষম্যের ভিত্তিতে কীভাবে সামাজিক বৈষম্য সৃষ্টি হয়? ২
গ. উদ্দীপকে কোন বিষয়টি সম্পর্কে ধারণা দেওয়া হয়েছে? ধারণাটির সংজ্ঞা দাও। ৩
ঘ. বাংলাদেশে উদ্দীপক নির্দেশিত ধারণাটির কোন কোন কার্যক্রম রয়েছে? এসব কার্যক্রমের আর্থসামাজিক গুরুত্ব উল্লেখ কর। ৪

১১ ▸ রবিন কলেজের কিছু বন্ধুবান্ধবের সাহচর্যে নেশাগ্রস্ত হয়ে পড়ে। নেশার টাকা জোগাড় করতে সে বাবা-মার ওপর চাপ প্রয়োগ করে। এক সময় সে অপরাধ জগতে পা বাড়ায়, হয়ে ওঠে পুলিশের তালিকাভুক্ত অপরাধী।

ক. বিচ্যুতিমূলক আচরণ সম্পর্কিত এনমিক তত্ত্ব (Anomic theory) প্রবক্তা কে? ১
খ. অপরাধ ও বিচ্যুতির পার্থক্য লেখ। ২
গ. উদ্দীপকে উল্লিখিত কারণ ছাড়া রুবেলের মতো ছেলেরা অপরাধের জড়িয়ে পড়ে এমন অন্য একটি উল্লেখযোগ্য কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. রবিনের মতো ছেলেদেরকে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনার জন্য কী পদক্ষেপ নেওয়া যেতে পারে? তোমার মতামত দাও। ৪

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ১৫ বিএএফ শাহীন কলেজ, কুর্মিটোলা, ঢাকা

সময়–৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. সমাজবিজ্ঞানের উদ্ভবে কয়টি বুদ্ধিবৃত্তিক চিন্তাধারা ভূমিকা রেখেছিল?**
K দুই L তিন
M চার N পাঁচ

**২. অর্থশাস্ত্র মানুষের দৈনন্দিন জীবনের কার্যাবলি আলোচনা করে সংজ্ঞাটি কে প্রদান করেছেন?**
K অধ্যাপক মার্শাল
L কার্ল মার্কস
M জেমস মিল
N হার্বাট স্পেনসার

**৩. নিচের কোনটি সামাজিক নিয়ন্ত্রণের শক্তিশালী মাধ্যম?**
K পরিবার L সমাজ
M রাষ্ট্র N আইন

**৪. মনোবিজ্ঞানকে কোন বিষয়ের বিজ্ঞান বলা হয়?**
K সমাজবিজ্ঞানের L আচরণের
M পরিবেশের N দেহের

**৫. নিচের কোনটি সামাজিক মিথস্ক্রিয়াকে নিয়ন্ত্রণ করে?**
K লোকাচার
L টোটেম
M ট্যাবু
N স্তরবিন্যাস

**৬. কোনটির উপর ভিত্তি করে সমাজের উপরিকাঠামো গড়ে ওঠে?**
K সমাজ কাঠামো
L অধিকাঠামো
M মৌল কাঠামো
N কোনোটিই নয়

**৭. সামাজিক স্তরবিন্যাসের প্রাচীনতম রূপ কোনটি?**
K পরিবার L সঙ্গীসাথি
M অফিস N সমাজ

**৮. সমাজ অর্থ সহযোগিতা উক্তিটি কার?**
K অগাস্ট কোঁৎ L গিডিংস
M ম্যাকাইভার N ডুর্খেইম

**৯. সমাজে কিসের প্রাধান্য বেশি?**
K সহমর্মিতা
L সহযোগিতার
M সমঝোতার
N সংঘাতের

**১০. সমাজ পরিবর্তনের রৈখিক ধারা অনুসারী হলেন–**
i. কার্ল মার্কস
ii. হার্বার্ট স্পেন্সার
iii. অগাস্ট কোঁৎ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১১. সমাজ বর্তমানে অসামঞ্জস্য থেকে সামঞ্জস্যতা এবং জটিল থেকে শৃঙ্খলায় এসেছে – কার উক্তি?**
K সরোকিন L স্পেন্সার
M কলিং N প্যারেটো

**১২. Innovation শব্দের অর্থ কী?**
K প্রথা প্রবর্তন L মূল্যবোধ
M বিদ্রোহ N পশ্চাৎপদতা

**১৩. প্রধান প্রধান গোষ্ঠী ও প্রতিষ্ঠানের যৌগিক সমন্বয়ে গড়ে ওঠে–**
K সম্প্রদায় L সংস্কৃতি
M সমাজ কাঠামো N সমাজ

**১৪. "লোকাচার সমাজের স্বাভাবিক প্রক্রিয়ায় বা গতিধারায় জন্মলাভ করে" উক্তিটি কার?**
K ম্যাকাইভার
L পোপেনো
M শেফার
N সামনার

**১৫. জামাল তার চাচাতো বোনকে বিয়ে করলে জামালের বিবাহ যোগ কোন ধরনের বিবাহ?**
K লেভিরেট
L সরোরেট
M প্যারালাল
N ক্রস

**১৬. মর্গানের মতে সিনডিয়াসমিয়ান যে ধরনর পরিবার–**
K দলগত L প্রাথমিক
M আপন জ্ঞাতি N অস্থায়ী যুগল

**১৭. মামতো ফুফাতো ভাইবোনের বিবাহে ধরন কোনটি?**
K লেভিরেট L প্যারালাল
M সরোরেট N ক্রসকাজিন

**১৮. যৌথ পরিবার ভেঙে যাওয়ার কারণ কোনটি?**
K অর্থনৈতিক L রাজনৈতিক
M সংস্কৃতি N সামাজিক

**১৯. স্বামী-স্ত্রী দুজন মিলে অথবা তাদের অবিবাহিত সন্তানদের নিয়ে গঠিত পরিবারকে কী বলা হয়?**
K যৌথ পরিবার
L নয়াবাস পরিবার
M অণু পরিবার
N বর্ধিত পরিবার

**২০. টোডা উপজাতি কোন অঞ্চলে বসবাস করে?**
K পূর্ব ভারতে
L পশ্চিম ভারতে
M দক্ষিণ ভারতে
N উত্তর ভারতে

**২১. সমাজজীবনের কোনটি ভৌগোলিক পরিবেশ দ্বারা প্রভাবিত ও নিয়ন্ত্রিত?**
K সামাজিক কর্মকাণ্ড
L ধর্মীয় কর্মকাণ্ড
M রাজনৈতিক কর্মকাণ্ড
N অর্থনৈতিক কর্মকাণ্ড

**২২. কোন অঞ্চলের মানুষ সাধারণত কর্ম শক্তিতে বলিয়ান উদ্যমী হয়?**
K নাতিশীতোষ্ণ অঞ্চলের
L পাহাড়ি অঞ্চলের
M নিম্নাঞ্চলের
N কোনটিই নয়

**২৩. মানুষের জৈব মানসিক সত্তা কী দ্বারা প্রভাবিত হয়?**
K পরিবেশ L সমাজ
M রাষ্ট্র N পরিবার

**২৪. সিলেট অঞ্চলে অধিক পরিমাণ চায়ের চাষ হওয়ার প্রধান কারণ কোনটি?**
K গ্রীষ্মপ্রধান অঞ্চল হওয়া
L শীতপ্রধান অঞ্চল হওয়া
M প্রচুর পরিমাণ বৃষ্টি হওয়া
N উষ্ণ অঞ্চল হওয়া

**২৫. কোন ধরনের জলবায়ু স্বৈরাচারী শাসনের অনুকূল?**
K সমভাবাপন্ন জলবায়ু
L উষ্ণ জলবায়ু
M শীতল জলবায়ু
N আর্দ্র জলবায়ু

**২৬. সংঘ ব্যক্তির কোনটি গঠনের সহায়ক?**
K স্বাস্থ্য গঠনে
L মূল্যবোধ গঠনে
M ব্যক্তিত্ব গঠনে
N চরিত্র গঠনে

**২৭. রাস্তাঘাট, পুল, কালভার্ট ইত্যাদি কোন প্রযুক্তির ফসল?**
K কৃষি প্রযুক্তি L শিল্প প্রযুক্তি
M যোগাযোগ প্রযুক্তি N নির্মাণ প্রযুক্তি

**২৮. প্রকৃতিকে কাজে লাগাতে গিয়ে মানুষ প্রথমে কিসের উদ্ভাবন করেছে?**
K চাকা L নৌকা
M হাতিয়ার N বাষ্প ইঞ্জিন

**২৯. জীবের বংশগতির ধারক ও বাহক কোনটি?**
K রক্ত L DNA
M RNA N ক্রোমোসোম

**৩০. লাইসেঙ্কোইজম এর উদ্ভব কোথায়?**
K জার্মানি
L জাপানি
M চীন
N সোভিয়েত ইউনিয়ন

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | K | ৪ | L | ৫ | K | ৬ | M | ৭ | N | ৮ | M | ৯ | L | ১০ | N | ১১ | L | ১২ | K | ১৩ | M | ১৪ | N | ১৫ | M |
| ১৬ | N | ১৭ | N | ১৮ | K | ১৯ | M | ২০ | M | ২১ | N | ২২ | L | ২৩ | K | ২৪ | M | ২৫ | L | ২৬ | L | ২৭ | M | ২৮ | M | ২৯ | L | ৩০ | N |

## ১৬ আব্দুল কাদির মোল্লা সিটি কলেজ, নরসিংদী

সময়—৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. "Social Change" গ্রন্থটির লেখক কে?**
K ডুর্খেইম L রুশো
M অগবার্ন N ওয়েবার

**২. সমাজবিজ্ঞানকে বলা হয়—**
K মূল্যবোধ নিরপেক্ষ বিজ্ঞান
L বস্তুনিষ্ঠ বিজ্ঞান
M আদর্শনিষ্ঠ বিজ্ঞান
N ব্যবহারিক বিজ্ঞান

**৩. সমাজে প্রবীণরা অনেক সময় অবহেলার শিকার হন। এর মূল কারণ—**
i. প্রবীণদেরকে অনুৎপাদনশীল ও অক্ষম মনে করা হয়
ii. প্রবীণদের অভিজ্ঞতা ও দক্ষতা বেশি থাকে
iii. কর্মক্ষমতা উল্লেখযোগ্য হারে হ্রাস পায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
আতিক সাহেব তার স্ত্রী ও এক সন্তান নিয়ে শহরে বসবাস করেন। একদা তার স্ত্রী আম্বিয়া বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে মারা যান। তাদের একমাত্র সন্তান রাহাতকে দেখভালের জন্য আতিক সাহেব আম্বিয়ার ছোট বোনকে বিবাহ করেন।

**৪. আতিক সাহেবের পরিবারটি কী ধরনের পরিবারের ইঙ্গিত দেয়?**
K একক পরিবার
L যৌথ পরিবার
M মাতৃতান্ত্রিক পরিবার
N মাতৃবাস পরিবার

**৫. উদ্দীপকে উল্লিখিত বিবাহের ফলে—**
i. সন্তান লালন-পালনের সুবিধা
ii. আত্মীয়তার বন্ধন অটুট রাখা
iii. বৈবাহিক সম্পর্ক স্থায়ী হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. নৃবিজ্ঞানের মূল প্রতিপাদ্য বিষয় কী?**
K সমাজ L সম্প্রদায়
M মানুষ N সামাজিকীকরণ

**৭. সংঘ গড়ে ওঠে—**
K মানুষের ইচ্ছার মাধ্যমে
L মানুষের অনিচ্ছার মাধ্যমে
M আত্মীয়দের মাধ্যমে
N জন্মের পূর্বে

**৮. হেনরি মর্গানের মতে, সমাজ বিবর্তনের স্তর কয়টি?**
K ৩ L ৪ M ৫ N ৬

**৯. পাত্র-পাত্রীর স্বাধীন ইচ্ছার ভিত্তিতে সংঘটিত বিবাহ হলো—**
K লেভিরেট L সরোরেট
M বহু স্ত্রী বিবাহ N রোমান্টিক বিবাহ

**১০. 'Casta' শব্দটি কোন ভাষা থেকে এসেছে—**
K ইংরেজি L রোমান M স্প্যানিশ N গ্রিক

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
সালমা একাদশ শ্রেণিতে পড়ে। সে বড়দের সম্মান করে এবং ছোটদের স্নেহ করে। কেউ বাড়িতে বেড়াতে এলে সালাম দিয়ে তাকে সম্ভাষণ জানায়।

**১১. উদ্দীপকে বর্ণিত বিষয়টির সাথে নিচের কোনটির সাদৃশ্য রয়েছে?**
K প্রথা L লোকাচার
M লোকরীতি N সামাজিক গতিশীলতা

**১২. উক্ত বিষয়ের বৈশিষ্ট্যের ক্ষেত্রে প্রযোজ্য তথ্য হলো—**
i. মানুষের গোষ্ঠী জীবন থেকে উদ্ভূত
ii. অপ্রাতিষ্ঠানিকভাবে প্রয়োগ হয়
iii. সমাজভেদে পার্থক্য দেখা যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. মানুষ জন্ম থেকে মৃত্যু অবধি কোথায় অবস্থান করে?**
K সম্প্রদায়ে L পরিবারে
M আত্মীয়দের বাড়িতে N রাষ্ট্রে

**১৪. পরিবার গঠনের পূর্বশর্ত কী?**
K সমাজ L সংঘ M বিবাহ N দল

**১৫. ভারতীয় হিন্দু সমাজে জাতিবর্ণের ধরন কয়টি?**
K ৩ L ৪ M ৫ N ৬

**১৬. এস্টেট প্রথায় সামাজিক শ্রেণি বলতে—**
i. ভূমি মালিক বা অভিজাত শ্রেণি
ii. যাজক শ্রেণি
iii. ভূমিদাস শ্রেণি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
গতবার পূজায় উচ্চবংশের লোকনাথ তার বন্ধু নিম্নবংশের বিশ্বনাথ কর্মকারকে নিমন্ত্রণ করে বাড়িতে নিয়ে যায়। লোকনাথের মা পূজা উৎসবে বাড়িতে বিশ্বনাথের আসার বিষয়টিকে ভালোভাবে নিতে পারেননি। এক পর্যায়ে তিনি লোকনাথকে ডেকে বললেন, তুমি বিশ্বনাথকে পূজায় নিমন্ত্রণ না করলেও পারতে।

**১৭. উদ্দীপকে লোকনাথের মার মানসিকতা সামাজিক স্তরবিন্যাসের কোন প্রকরণকে ইঙ্গিত দেয়?**
K এস্টেট প্রথা L দাসপ্রথা
M জাতি বর্ণপ্রথা N সামাজিক শ্রেণি

**১৮. উক্ত প্রকরণটির বৈশিষ্ট্য হলো—**
i. এই প্রথায় অন্তর্বিবাহ স্বীকৃত
ii. এই প্রথায় মর্যাদার পরিবর্তন
iii. এটা একটা পেশাভিত্তিক গোষ্ঠী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. সুন্দরবন এলাকায় জলদস্যুদের আস্তানা বেশি হওয়ার কারণ—**
K বিদ্যমান সামাজিক পরিবেশ
L বিদ্যমান ভৌগোলিক পরিবেশ
M অর্থনৈতিক সংকট
N বংশানুক্রমে ওই এলাকার লোকজন জলদস্যু

**২০. কখন মানুষ বেশি পরিশ্রম করেও পরিশ্রান্ত হয় না, ক্ষুধা কম অনুভব করে এবং দিনেও ঘুম কম আসে?**
K গ্রীষ্মকালে L শীতকালে
M বসন্তকালে N বর্ষাকালে

**২১. বিচ্যুতি হলো—**
i. ঐতিহ্য পরিপন্থি আচরণ
ii. আইন বিরোধী আচরণ
iii. মূল্যবোধ পরিপন্থি আচরণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. সমাজ পরিবর্তনের রৈখিক তত্ত্বের প্রবক্তা হলেন—**
K প্যারেটো L সরোকিন
M স্পেন্সার N কার্ল মার্কস

**২৩. বিবর্তন মানে হলো—**
i. ধারাবাহিক পরিবর্তন
ii. নতুন আবিষ্কার
iii. রূপান্তর
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
জামিল তার মা-বাবার একমাত্র সন্তান। তার মা-বাবা প্রায়ই নিজেদের মধ্যে ঝগড়া করার ফলে সংসারে অশান্তি লেগেই আছে। ফলে জামিল মা-বাবার কাছ থেকে যথাযথ যত্ন না পেয়ে রাত বিরাতে যত্রতত্র ঘুরে বেড়ায় এবং লোকজনের সাথে খারাপ আচরণ করে।

**২৪. উদ্দীপকে জামিলের ওপর সামাজিকীকরণের কোন মাধ্যমটির প্রভাব পড়েছে?**
K পরিবার L শিক্ষা প্রতিষ্ঠান
M সঙ্গী দল N প্রতিবেশী

**২৫. উদ্দীপকে জামিলের যথাযথ সামাজিকীকরণের জন্য—**
i. পরিবারকে আরও সচেতন হতে হবে
ii. পারিবারিক মূল্যবোধের চর্চা করতে হবে
iii. জামিলকে অন্য কোথাও পাঠাতে হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৬. 'সমাজবিজ্ঞান হলো সামাজিক ক্রিয়াকর্ম বা কার্যাবলির পাঠ'— সংজ্ঞাটি কার?**
K হবস L মন্টেস্কু
M অগাস্ট কোঁৎ N ম্যাক্স ওয়েবার

**২৭. অগাস্ট কোঁৎ সমাজবিজ্ঞানকে মনে করেন—**
i. সামাজিক স্থিতিশীলতার বিজ্ঞান
ii. সামাজিক পরিবর্তনশীলতার বিজ্ঞান
iii. সামাজিক গতিশীলতার বিজ্ঞান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
সুন্দরপুরের মানুষের চিন্তাচেতনা আবেগ-অনুভূতি, ইচ্ছা-অনিচ্ছা, আশা-আকাঙ্ক্ষা ও অন্যান্য দৃষ্টিভঙ্গির বেশ পরিবর্তন ঘটেছে। এ এলাকার মানুষের স্বাভাবিক উন্নয়নের পাশাপাশি সামাজিক অবস্থারও আমূল পরিবর্তন ঘটেছে।

**২৮. কোনটির প্রভাবে সুন্দরপুরের সামাজিক পরিবর্তন ঘটেছে?**
K জৈবিক উপাদান L প্রযুক্তিগত উপাদান
M মনস্তাত্ত্বিক উপাদান N অর্থনৈতিক উপাদান

**২৯. উক্ত প্রভাবে মানুষের মধ্যে—**
i. ব্যক্তিস্বাতন্ত্র্যের ধারণা হয়
ii. অনুকরণপ্রিয়তা বৃদ্ধি পায়
iii. রুচিবোধের পরিবর্তন হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. 'Pro-gredio' শব্দের অর্থ কী?**
K পেছনে চলা L অগ্রগামী
M সামনে চলা N পশ্চাৎগামী

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | K | ৩ | L | ৪ | K | ৫ | K | ৬ | M | ৭ | K | ৮ | K | ৯ | N | ১০ | M | ১১ | K | ১২ | M | ১৩ | L | ১৪ | M | ১৫ | L |
| ১৬ | N | ১৭ | M | ১৮ | L | ১৯ | L | ২০ | L | ২১ | L | ২২ | N | ২৩ | K | ২৪ | K | ২৫ | K | ২৬ | N | ২৭ | L | ২৮ | M | ২৯ | N | ৩০ | M |

## ১৭ তেজগাঁও কলেজ, ঢাকা

সময়–৩০ মিনিট

### সমাজবিজ্ঞান প্রথম পত্র — বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. সমাজবিজ্ঞানের উৎপত্তি হয়েছে কত সালে?**
K ১৮১৯ L ১৮২৯
M ১৮৩৯ N ১৯৩৯

**২. "সমাজবিজ্ঞান হলো সমাজের প্রতিষ্ঠানের বিজ্ঞান"–**
K এমিল ডুর্খেইম L কার্ল মার্কস
M ওয়েবার N খালদুন

**৩. 'Positive Philosophy' গ্রন্থটি কার লেখা?**
K অগাস্ট কোঁৎ L হেনরি মর্গান
M ম্যাকিয়াভেলি N ই. বি টেইলর

**৪. সমাজবিজ্ঞানের পরিধি হলো–**
i. পরিবারের সমাজবিজ্ঞান
ii. চিকিৎসা সমাজবিজ্ঞান
iii. গণিতের সমাজবিজ্ঞান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৫. কার্ল মার্কস সমাজবিকাশে কতটি স্তরের কথা বলেছেন?**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

**৬. 'Social Organization' গ্রন্থটি কার লেখা?**
K কুলী L সামনার
M টনিজ N অগবার্ন

■ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :**
একসময় মানুষ বাঁশ-কাঠ নির্মিত ঘরে বসবাস করত। এখন পাকা বাড়িতে বসবাস করে। কেরোসিনের বাতির পরিবর্তে ব্যবহার করছে বৈদ্যুতিক বাতি।

**৭. অনুচ্ছেদে কীসের ধারণা পাওয়া যায়?**
K সাহিত্য L সংস্কৃতি
M সভ্যতা N অলৌকিকতা

**৮. অনুচ্ছেদে বর্ণিত বিষয়ের বৈশিষ্ট্য হচ্ছে–**
i. এটি মানুষের বিমূর্ত চিন্তার ফল
ii. এটি ধ্বংস হতে পারে
iii. এটি স্থানান্তরিত হয় না
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii


**৯. 'আমরা যা তাই আমাদের সংস্কৃতি"– উক্তিটি কার?**
K টেইলর L সরোকিন
M ম্যাকাইভার N প্যারোটো

**১০. বিবাহ হচ্ছে এমন এক দুঃসাহসিক বন্ধুত্ব– এটি কে বলেছেন?**
K জিসবার্ট L ওয়েস্টারমার্ক
M গ্রোভস N মর্গান

**১১. 'Monogamy' শব্দের অর্থ কী?**
K বহুস্বামী বিবাহ L বহুস্ত্রী বিবাহ
M একক বিবাহ N দলগত বিবাহ

**১২. পরিবারের সাথে ব্যক্তির সম্পর্ক হলো–**
i. অকৃত্রিম
ii. বিচ্ছিন্ন
iii. অবিচ্ছেদ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**




**১৩. 'ক' চিহ্নিত স্থানে নিচের কোনটি বসবে?**
K বিবাহ L জ্ঞাতি সম্পর্ক
M পরিবার N সম্প্রদায়

**১৪. চিত্রে অলিখিত বিষয়টি সম্পর্কে প্রযোজ্য তথ্য হলো–**
i. এটি কৃত্রিম জ্ঞাতি সম্পর্ক সৃষ্টি করতে পারে
ii. এটি কৃত্রিমভাবে অনাত্মীয়ের সঙ্গে আত্মীয়তার সম্পর্ক গড়ে তুলতে পারে
iii. এটি সামাজিক সাংস্কৃতিকভাবে নির্ধারিত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৫. 'Culture' শব্দটি এসেছে?**
K Culture L Colere
M Colure N Colur

**১৬. হ্যান্টিংটনের মতে কত ডিগ্রি তাপমাত্রায় মানসিক দক্ষতা ও বুদ্ধিমত্তা সবচেয়ে বেশি?**
K ৫০ ডিগ্রি ফা. L ৪০ ডিগ্রি ফা.
M ৩০ ডিগ্রি ফা. N ২০ ডিগ্রি ফা.

**১৭. উৎকৃষ্ট নৃগোষ্ঠী নিকৃস্ট নৃগোষ্ঠীর সঙ্গে বৈবাহিক সম্পর্ক প্রতিষ্ঠা করতে থাকলে উৎকৃষ্ট নৃগোষ্ঠীদের–**
i. সৃজনশীল বৈশিষ্ঠ্য বাড়তে থাকবে
ii. সৃজনশীল ক্ষমতা কমতে থাকবে
iii. সভ্যতার অগ্রগতি বাধাপ্রাপ্ত হবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৮. সামন্ত সমাজে কয়টি শ্রেণি?**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

**১৯. দাসরা ছিল উৎপাদনের জীবন্ত হাতিয়ার– উক্তিটি কার?**
K প্লেটো L অ্যারিস্টটল
M হবহাউস N অগবার্ন

**২০. সামাজিক অসমতা কত প্রকার?**
K দুই L তিন
M চার N পাঁচ

**২১. সামাজিকীকরণের অন্যতম মাধ্যম কোনটি?**
K পরিবার L সমাজ
M নৃত্য N সাহিত্য

■ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
রাজিব একটি অফিসে চাকরি করে। সে নিয়মিত অফিসে যায় এবং ন্যায়পরায়ণতা ও বিশ্বস্তার সাথে দায়িত্ব পালন করে। সে নিয়মিত উপাসনা করে।

**২২. রাজিবের সামাজিকীকরণের ক্ষেত্রে কোন মাধ্যমটি বেশি ভূমিকা পালন করেছে?**
K বিদ্যালয় L খেলার সাথি
M ধর্ম N গণমাধ্যম

**২৩. সুষ্ঠু সামাজিকীকরণের জন্য যে সমস্ত গুণাবলির প্রয়োজন তা হলো–**
i. সহমর্তিতা
ii. সত্যবাদিতা
iii. শৃঙ্খলা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৪. আসাবিয়া তত্ত্বটি কার?**
K ইবনে খালদুন
L কার্ল মার্কস
M এমিল ডুর্খেইম
N ই. বি. টেইলর

**২৫. আইন বিরোধী আচরণকে কী বলে?**
K বিচ্যুতি L অপরাধ
M অসদাচরণ N অভদ্রতা

**২৬. 'Deviance' শব্দটির বাংলা প্রতিশব্দ কী?**
K আচরণ L নিয়ন্ত্রণ
M অপরাধ N বিচ্যুতি

**২৭. ভদ্রবেশী অপরাধের উদাহরণ কোনটি?**
K বকা দেয়া L ঘুষ
M মাদকাসক্তি N ডাকাতি

**২৮. কাঙ্ক্ষিত পরিবর্তনকে বলে–**
K পরিবর্তন L বিবর্তন
M প্রগতি N উন্নয়ন

**২৯. সংস্কৃতির অসম-অগ্রগতি তত্ত্বটি কার?**
K অগবার্ন L প্যারোটো
M জিসবার্গ N স্পেন্সার

**৩০. সমাজ পরিবর্তন সম্পর্কে কোনটি মার্কসের তত্ত্ব?**
K চক্রাকার L রৈখিক
M বক্রাকার N কোনটিই নয়

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | K | ৩ | K | ৪ | K | ৫ | L | ৬ | K | ৭ | M | ৮ | N | ৯ | M | ১০ | M | ১১ | M | ১২ | L | ১৩ | L | ১৪ | K | ১৫ | L |
| ১৬ | L | ১৭ | M | ১৮ | L | ১৯ | L | ২০ | K | ২১ | K | ২২ | M | ২৩ | N | ২৪ | K | ২৫ | L | ২৬ | N | ২৭ | L | ২৮ | M | ২৯ | K | ৩০ | L |

## ১৮ শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা

সময়–৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. **সমাজবিজ্ঞানের প্রথম নাম কী?**
K সোশ্যাল ফিজিক্স
L সোশ্যাল নেটওয়ার্ক
M সোশ্যাল ওয়ার্ক
N সোশ্যাল আইডিয়া

২. **Sociology শব্দটির প্রবক্তা কে?**
K প্লেটো L অ্যারিস্টটল
M ইবনে খালদুন N অগাস্ট কোঁৎ

৩. **সমাজবিজ্ঞানের সংজ্ঞায় প্রতিষ্ঠান ওপর জোর দিয়েছেন নিচের কোন সমাজবিজ্ঞানী?**
K গিডিংস L সামনার
M ডুর্খেইম N সিমেল

৪. **কোন বিষয়কে সামাজিক কর্মকাণ্ডের বিজ্ঞান বলা হয়?**
K মনোবিজ্ঞান L পদার্থবিজ্ঞান
M সমাজবিজ্ঞান N জীববিজ্ঞান

৫. **কোন বিষয়ের বৈশিষ্ট্য, রূপ, স্বভাব বা পরিচয়কে বলে?**
K সংজ্ঞা L প্রকৃতি
M পরিধি N সঠিক বিশ্লেষণ

৬. **সমাজের সবচেয়ে ক্ষুদ্রতম সামাজিক সংগঠন কোনটি?**
K পরিবার L গোষ্ঠী
M রাষ্ট্র N সম্প্রদায়

৭. **'সমাজ অর্থ সহযোগিতা'– উক্তিটি কার?**
K অগাষ্ট কোঁৎ L গিডিংস
M ডুর্খেইম N ম্যাকাইভার

৮. কোনটি সামগ্রিক জীবন প্রণালিকে নির্দেশ করে?
K প্রথা L ধর্ম
M সংস্কৃতি N আইন

৯. **নিচের কোনটি মানুষের সহজাত প্রবৃত্তি?**
K প্রতিদ্বন্দ্বিতা করা
L দলগতভাবে জীবনযাপন
M অবসর জীবনযাপন করা
N পরিশ্রম করা

■ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
ক্লাসে তোমাকে সমাজবিজ্ঞানের সংজ্ঞা বলতে বলায় তুমি বললে "সমাজবিজ্ঞান হলো সামাজিক আচরণ এবং মানবসমাজের বিজ্ঞানভিত্তিক অধ্যায়ন"।

১০. তোমার দেওয়া সংজ্ঞাটি কোন সমাজবিজ্ঞানীর সংজ্ঞার অনুরূপ?
K রবার্টসন L আরটি শেফার
M ডব্লিউ পি স্কট N স্মেলসার

১১. **উক্ত সংজ্ঞায় যেসব প্রত্যয়ের প্রতি গুরুত্ব দেওয়া হয়েছে তা হলো–**
i. সামাজিক আচরণ
ii. সামাজিক সম্পর্ক
iii. মানবসমাজের বিজ্ঞানভিত্তিক অধ্যয়ন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

১২. **প্রতিষ্ঠান নামক চাকার উপর ভিত্তি করে কোনটি পরিচালিত হয়?**
K রাষ্ট্র L সমাজ
M পরিবার N সংঘ

১৩. বাঙালি সমাজে বিয়ের পর অলংকার পরা হলো–
K আদর্শ L মূল্যবোধ
M প্রথা N লোকরীতি

১৪. **নিচের কোনটি সামাজিক নিয়ন্ত্রণের অপ্রাতিষ্ঠানিক মাধ্যম?**
K পরিবার L বিদ্যালয়
M লোকাচার N সংঘ

১৫. **সমাজ কাঠামোর মৌলিক উপাদান কোনটি?**
K সংঘ L সম্প্রদায়
M সমাজ N পরিবার

১৬. **Strata শব্দের অর্থ কী?**
K মাটির স্তর L পানির স্তর
M বায়ুর স্তর N সামাজিক স্তর

১৭. **কোনটি সৃষ্টি হলে শ্রেণিদ্বন্দ্ব তথা অপরাধ বেড়ে যাবে?**
K কর্মসংস্থান L শ্রেণি বৈষম্য
M সাম্য N আত্মসচেতনতা

১৮. সামাজিক স্তরবিন্যাসের ক্রিয়াবাদী তত্ত্বটি দেন?
K ডেভিস ও মুর L পারসন্স
M স্মেলার N কার্ল মার্কস

১৯. **মানুষের জীবনের বিপর্যয় মোকাবিলায় কোনটির উদ্ভব হয়েছে?**
K সামাজিক নিরাপত্তা
L সমাজসেবার
M সামাজিক বিমার
N মৌলিক নিরাপত্তার

২০. **সামাজিক পরিবর্তনের মুখ্য কারণ হচ্ছে–**
K ধর্ম L সংস্কৃতি
M শিক্ষা N অর্থনীতি

২১. **Progress শব্দের উৎপত্তি কোন শব্দ থেকে?**
K Pro-Year L Pro-grace
M Program N Pro-gredio

২২. **নিচের কোনটি স্বয়ংক্রিয় পরিবর্তন প্রক্রিয়া?**
K বিবর্তন L প্রগতি
M গতিশীলতা N উন্নয়ন

২৩. **কোন প্রত্যয়টি সর্বদা উর্ধ্বগামী?**
K ধ্যানধারণা L বিবর্তন
M উন্নয়ন N আদেশ

২৪. সমাজবিজ্ঞান একাধারে সামাজিক 'স্থিতিশীলতা ও গতিশীলতার বিজ্ঞান' কে বলেছেন?
ঘ. উদ্দীপকে উল্লেখিত পরিবারের কার্যাবলি সময়ের সাথে পরিবর্তিত হচ্ছে— তুমি কি একমত? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৪। মধ্যপ্রাচ্যের উষ্ণ আবহাওয়া খেজুর চাষের উপযোগী। মালদ্বীপ সমুদ্র বেষ্টিত হওয়ায় প্রচুর মাছ পাওয়া যায়। গ্রীষ্মকালে বাংলাদেশে প্রচুর রসালো ফল পাওয়া যায়।

ক. মানবজীবনে প্রভাব বিস্তারকারী উপাদান কয়টি? ১
খ. বংশগতি বলতে কী বোঝায়? ২
গ. সমাজবিজ্ঞানে প্রভাব বিস্তারকারী কোন উপাদানের প্রতি ইঙ্গিত দেয়া হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মানুষের অর্থনৈতিক কর্মকাণ্ড ভৌগোলিক পরিবেশের ওপর নির্ভরশীল— ব্যাখ্যা কর। ৪

৫। ঘটনা-১ রাকিবের চেহারা, কথা বলার ঢং, হাঁটার-ভঙ্গি অবিকল তার বাবার মতো। বাবার মতোই সে বুদ্ধিমান ও পরিশ্রমী।
ঘটনা-২ নীতু সিলেটের শ্রীমঙ্গলের মেয়ে। তাদের অঞ্চল চা শিল্প এবং কমলালেবু উৎপাদনের জন্য উপযোগী এবং এই শিল্প দেশটির বৈদেশিক মুদ্রা আনয়নে একটি গুরুত্বপূর্ণ অবদান রাখে।

ক. অন্তর্বিবাহ কী? ১
খ. 'পরিবার সামাজিকীকরণের আদর্শ মাধ্যম' —ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত ঘটনা-১ সমাজজীবনের কোন উপাদানটি দ্বারা প্রভাবিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. ঘটনা-১ ও ঘটনা-২ সমাজজীবনের প্রভাববিস্তারকারী উপাদান হলেও উভয় ক্ষেত্রে কোন উপাদানটির প্রভাব সবচেয়ে বেশি বলে তুমি মনে কর? ৪

৬। জাহান-এর মা-বাবা দুজনেই চাকরিজীবী। কাজের মেয়ের তত্ত্বাবধানে সে বড় হচ্ছে। প্রায়ই তাদের মধ্যে ঝগড়া-বিবাদ হয়। অনাদরে ও অবহেলায় বড় হওয়ার কারণে সে সামাজিক পরিবেশের সাথে খাপ খাইয়ে চলতে পারে না। তার মধ্যে আত্মবিশ্বাসের ঘাটতি প্রবল।


ক. সামাজিক পরিবর্তন কাকে বলে? ১
খ. খেলার সাথি কোন ধরনের সামাজিক গোষ্ঠী? ২
গ. জাহান-এর অসামঞ্জস্যপূর্ণ আচরণের জন্য সামাজিকীকরণের কোন বাহনটি দায়ী? বিশ্লেষণ কর। ৩
ঘ. উক্ত বাহনের প্রভাবে জাহান-এর জীবনে কী নেতিবাচক প্রভাব পড়তে পারে? আলোচনা কর। ৪

৭। নিচের ছক চিত্রটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :


লিঙ্গ → বয়স → বুদ্ধি → বংশ → বর্ণ → নরগোষ্ঠী | → ?

ক. জেন্ডার কী? ১
খ. স্তরবিন্যাস বলতে কী বোঝ? ২
গ. উপরের ছকে '?' চিহ্নিত স্থানে সামাজিক অসমতার যৌক্তিক প্রত্যয় ব্যবহার কর এবং তার স্বরূপ ব্যাখ্যা কর। ৩
ঘ. সামাজিক অসমতার জৈবিক উপাদানগুলো মূলত প্রাকৃতিক, তুমি কি একমত? যুক্তি দাও। ৪

৮।



চিত্র : ১



চিত্র : ২

ক. জেন্ডার কী? ১
খ. নারীবাদ Feminism ধারণা বুঝিয়ে লেখ। ২
গ. চিত্র-১-এর বৈশিষ্ট্যসমূহ আলেচনা কর। ৩
ঘ. চিত্র-১-এর সাথে চিত্র-২-এর বৈশিষ্ট্যের তুলনামূলক আলোচনা কর। ৪

৯। দরিদ্র পরিবারে জন্ম নেওয়া মেধাবী ছাত্র মিনহাজ বিশ্ববিদ্যালয়ের পড়াশোনা শেষ করে অনেক চেষ্টা করেও চাকরির দেখা পেল না। নিজের জীবনের চাহিদা মেটাতে এবং বাবা-মার সংসারেও কোনো ধরনের আর্থিক সহায়তা করতে পারছে না। তাই মিনহাজ দীর্ঘদিন হতাশায় ভুগে ছিনতাই চক্রের সাথে যোগ দিয়ে ছিনতাই, চুরি, ডাকাতি, খুনসহ নানাবিধ অসামাজিক কর্মকাণ্ডে লিপ্ত হয়।

ক. প্যারোল কী? ১
খ. অপরাধ ও বিচ্যুতির মধ্যে পার্থক্য দেখাও। ২
গ. উদ্দীপকের মিনহাজের অপরাধী হওয়ার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত মিনহাজের মতো অনেকের অপরাধী হওয়ার জন্য উক্ত কারণটির ভূমিকা রয়েছে— বিশ্লেষণ কর। ৪

১০। একজন মার্কিন সমাজতত্ত্ববিদ বিচ্যুতিমূলক আচরণের কারণ নির্ণয় করতে গিয়ে বলেন, আধুনিক শিল্পায়িত সমাজ বৈষয়িক সমৃদ্ধি অর্জনের ওপর সর্বাধিক গুরুত্ব দিয়ে থাকে। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে সমাজে সমৃদ্ধি অর্জনের সুযোগ সমভাবে বণ্টিত নয়। ফলে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে সমাজের সুবিধা বঞ্চিত মানুষ বিচ্যুতিমূলক আচরণ করে। আবার কিছু সমাজতাত্ত্বিক মনে করেন, সমাজের অভিজাত সম্প্রদায় বা ধনিক শ্রেণি নিজেদের স্বার্থে আইন প্রণয়ন করে কিছু কাজকে অবৈধ ঘোষণা করে। ফলে সমাজে অপরাধের জন্ম হয়।

ক. অপরাধসংক্রান্ত জৈবিক তত্ত্বটির প্রবক্তা কে? ১
খ. প্রবেশন কী? ২
গ. বিচ্যুতি ও অপরাধের মধ্যে পার্থক্য নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে কোন সমাজবিজ্ঞানীর কথা বলা হয়েছে? তাঁর বিচ্যুতিমূলক আচরণ সংক্রান্ত তত্ত্বটি সংক্ষেপে আলোচনা কর। ৪

১১। সোহেল ডিগ্রি পাস করে অনেক চেষ্টা করার পরও কোনো চাকরি পাচ্ছে না, তার একটা কারণ কম্পিউটার সম্পর্কে তার দক্ষতা না থাকা। বর্তমান বিশ্ব দ্রুত পরিবর্তিত হচ্ছে, আর তার সাথে তালমিলিয়ে চলতে চাইলে বৈজ্ঞানিক আবিষ্কার ও উদ্ভাবন সম্পর্কিত জ্ঞান থাকা জরুরি।

ক. মানুষের সত্তা কয়টি এবং কী কী? ১
খ. সমাজবিজ্ঞান একটি তাত্ত্বিক বিজ্ঞান— কথাটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত সামাজিক পরিবর্তনের উপাদানটি কৃষিক্ষেত্রে কীভাবে ইতিবাচক পরিবর্তন আনতে পারে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের উপাদানটি "সামাজিক পরিবর্তনের একমাত্র কারণ নয়"— বিশ্লেষণ কর। ৪

# এক্সক্লুসিভ মডেল টেস্ট ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ২৯ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩

বিষয় কোড : 1 1 7

সময়—৩০ মিনিট

### সমাজবিজ্ঞান প্রথম পত্র ⊙ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. Socious শব্দটির ভাবার্থ কী?**
K সংঘ  L সঙ্গী
M সমিতি  N সমাজ

**২. কোন বিষয়কে সামাজিক কর্মকাণ্ডের বিজ্ঞান বলা হয়?**
K মনোবিজ্ঞান  L পদার্থবিজ্ঞান
M সমাজবিজ্ঞান  N জীববিজ্ঞান

**৩. নৈতিকতার প্রশ্নে সমাজবিজ্ঞান কীরূপ ভূমিকা পালন করে?**
K নিরপেক্ষ  L পক্ষপাতদুষ্ট
M ভূমিকা রাখে না  N ব্যাপক

**৪. সাম্যবাদী সমাজ বলতে বোঝায়—**
i. আর্থিক সমতা
ii. দৈহিক সমতা
iii. বণ্টনের সমতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii
M ii ও iii  N i, ii ও iii

**৫. কীভাবে বসবাস করা মানুষের সহজাত প্রবৃত্তি?**
K একাকী  L বিচ্ছিন্নভাবে
M সমাজবদ্ধভাবে  N মিলেমিশে

**৬. সমাজবিজ্ঞানী জিসবার্ট প্রতিষ্ঠানকে কিসের সাথে তুলনা করেছেন?**
K ট্রেনের  L চাকার
M সম্প্রদায়ের  N নদীর

■ **উদ্দীপকটি পড়ে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :**
'ক' এর কোনো সর্বজনীনস্বীকৃত সংজ্ঞা নেই। একেক জন একেকভাবে 'ক' কে সংজ্ঞায়িত করেছেন। 'ক' কেবলমাত্র সন্তান জন্মদান পর্যন্তই স্থায়ী হয় না বরং এরপর আরও কিছুদিন স্থায়ী হয়। কোনো কোনো সমাজবিজ্ঞানীর মতে 'ক' হচ্ছে এমন বন্ধুত্ব যাতে সামাজিক সমর্থন রয়েছে।

**৭. উদ্দীপকে উল্লিখিত 'ক'-এর সাথে কিসের মিল রয়েছে?**
i. সমাজের
ii. বিবাহের
iii. ধর্মের
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L ii
M ii ও iii  N i, ii ও iii

**৮. উদ্দীপকে আলোচিত কিসের সর্বজনীন স্বীকৃত সংজ্ঞা নেই?**
K সমাজের  L ধর্মের
M বিবাহের  N পরিবারের

**৯. শিশু সামাজিকীকরণে কে বেশি শক্তিশালী ভূমিকা পালন করে?**
K পিতা  L মাতা
M শিক্ষক  N সঙ্গী

**১০. সমাজের অস্তিত্বের নিয়ামক কী?**
K নারী  L পুরুষ
M সামাজিকীকরণ  N পরিবার

**১১. কে শিশুর কাছে একক আদর্শরূপে প্রতিভাত হয়?**
K পিতা  L শিক্ষক
M ধর্মীয় নেতা  N খেলার সাথী

**১২. রাষ্ট্র আমাদের চাহিদা মিটিয়ে থাকে—**
i. অর্থনৈতিক
ii. সামাজিক
iii. সাংস্কৃতিক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii
M ii ও iii  N i, ii ও iii

**১৩. বড়দের অসম্মান করা হলো—**
K অপরাধ  L বিচ্যুতি
M বিশৃঙ্খলা  N নৈরাজ্য

**১৪. বিচ্যুত আচরণের উপাদানকে কয় ভাগে ভাগ করা হয়?**
K দুই  L তিন
M চার  N পাঁচ

**১৫. অপরাধের জৈবিক দৃষ্টিভঙ্গির জনক কে?**
K ফ্রয়েড  L লমব্রোসো
M গিলিন  N অগবার্ন

**১৬. অপরাধ বলতে বোঝায়—**
i. সামাজিক শৃঙ্খলার বিপরীত
ii. রাষ্ট্রীয় আইনের পরিপন্থী
iii. ঐতিহ্যের বিপরীত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii
M ii ও iii  N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
আকাশ দশম শ্রেণিতে পড়ে। তার বাবা-মা দুজনই চাকরিজীবী। অধিকাংশ সময় আকাশ একাকী বাসায় থাকে। এক পর্যায়ে সে বন্ধুদের প্ররোচনায় মাদকাসক্ত হয়ে পড়ে এবং সে সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িয়ে পড়ে।

**১৭. আকাশ কোন ধরনের অপরাধ করে?**
K কিশোর অপরাধ  L ভদ্রবেশী অপরাধ
M সংগঠিত অপরাধ  N শিকারবিহীন অপরাধ

**১৮. সমাজ থেকে অপরাধ দূর করার উপায় হলো—**
i. নৈতিক শিক্ষা প্রবর্তন করা
ii. অসৎ সঙ্গ ত্যাগ করা
iii. সুষ্ঠু পারিবারিক পরিবেশ তৈরি করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii
M ii ও iii  N i, ii ও iii

**১৯. সমাজ কাঠামোর রদবদল বলতে বোঝায় সামাজিক—**
K পরিবর্তন  L বিবর্তন
M উন্নয়ন  N প্রগতি

**২০. 'Soceity' গ্রন্থটি কে লিখেছেন?**
K MacIver & Page  L Robertson
M M. Devis  N Mill

**২১. সামাজিক পরিবর্তন যেমন হয়—**
i. নেতিবাচক
ii. ইতিবাচক
iii. স্বাভাবিক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii
M ii ও iii  N i, ii ও iii

**২২. সামাজিক পরিবর্তনের অন্যতম কারণ—**
K শিক্ষা  L বাসস্থান
M চিকিৎসা  N সচেতনতা

**২৩. সামাজিক পরিবর্তনের অন্যতম বৈশিষ্ট্য কী?**
K স্থির  L একই প্রকৃতির
M বৈচিত্র্যময়তা  N ব্যাপকতা

**২৪. ই-মেইল সামাজিক পরিবর্তনের কোন ধরনের উপাদান?**
K প্রাকৃতিক  L প্রযুক্তিগত
M সামাজিক  N সাংস্কৃতিক

**২৫. সমাজ পরিবর্তনের রৈখিক তত্ত্বের প্রবক্তা হলেন—**
K প্যারেটো  L সরোকিন
M স্পেনসার  N কার্ল মার্কস

**২৬. কার্ল মার্কস সামাজিক পরিবর্তনের কোন মতবাদ দিয়েছেন?**
K রৈখিক  L সরল
M চক্রাকার  N জটিল

**২৭. যে উপাদানটি সামাজিক পরিবর্তন এ ভূমিকা রেখেছে—**
i. ইন্টারনেট
ii. কম্পিউটার
iii. বাষ্পীয় ইঞ্জিন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii  L i ও iii
M ii ও iii  N i, ii ও iii

**২৮. কোন প্রত্যয়টি সর্বদা ঊর্ধ্বগামী?**
K ধ্যানধারণা  L বিবর্তন
M উন্নয়ন  N আদেশ

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
'ক' নামক ব্যক্তি স্বপ্ন দেখতেন তার ছেলেমেয়ে সবাই সুশিক্ষায় শিক্ষিত হয়ে গ্রামের অসহায় সুবিধাবঞ্চিত মানুষের সেবা করবে যাতে করে তাদের গ্রাম একটি সুখী ও সমৃদ্ধ এলাকায় পরিণত হবে। আজ তার স্বপ্ন সফল হয়েছে।

**২৯. উদ্দীপকে কোন ধরনের পরিবর্তনের কথা বলা হয়েছে?**
K প্রগতি  L বিবর্তন
M উন্নয়ন  N রূপান্তর

**৩০. উদ্দীপকে উল্লিখিত বৈশিষ্ট্য হলো—**
i. কাঙ্ক্ষিত পরিবর্তন
ii. নির্দিষ্ট অভিমুখে সমাজের অগ্রগমন
iii. সমাজের মাঝে ধারাবাহিক পরিবর্তন
**নিচের কোনটি সঠিক?**
K i ও iii  L i ও ii
M ii ও iii  N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | M | ৩ | K | ৪ | L | ৫ | M | ৬ | L | ৭ | L | ৮ | M | ৯ | L | ১০ | M | ১১ | K | ১২ | N | ১৩ | L | ১৪ | K | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | K | ১৮ | N | ১৯ | K | ২০ | K | ২১ | K | ২২ | N | ২৩ | M | ২৪ | L | ২৫ | N | ২৬ | K | ২৭ | N | ২৮ | M | ২৯ | K | ৩০ | L |

## ৩০ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪

বিষয় কোড : 1 1 7

**সমাজবিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা**

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. 'Scientia' শব্দের অর্থ কী?**
K বিজ্ঞান L দক্ষতা
M কৌশল N জ্ঞান

**২. সমাজবিজ্ঞানকে বলা হয়—**
K মূল্যবোধভিত্তিক বিজ্ঞান
L বস্তুনিষ্ঠ বিজ্ঞান
M আদর্শনিষ্ঠ বিজ্ঞান
N ব্যবহারিক বিজ্ঞান

**৩. সামাজিক প্রপঞ্চের ওপর জোড় দিয়ে সংজ্ঞা প্রদান করেছেন কে?**
K কোভালেভস্কি L গিডিংস
M শেফার N পার্ক

**৪. সমাজবিজ্ঞানের প্রধান আলোচ্য বিষয়—**
i. সমাজ
ii. পশুপাখি
iii. মানুষের পারস্পরিক সম্পর্ক
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৫. সমাজবিজ্ঞান কিসের পূর্ণাঙ্গ বিজ্ঞানভিত্তিক পাঠ?**
K রাষ্ট্রের L সমাজের
M সম্প্রদায়ের N গোষ্ঠীর

**৬. মৌলিক সামাজিক প্রতিষ্ঠান কোনটি?**
K ধর্মীয় প্রতিষ্ঠান L মানবাধিকার সংস্থা
M শ্রমিক সংঘ N গ্রামীণ সংগঠন

**৭. সমাজবিজ্ঞানের উদ্ভবের ক্ষেত্রে যথেষ্ট প্রভাব বিস্তার করে—**
i. কার্ল মার্কস
ii. চার্লস ডারউইন
iii. সিগমন্ড ফ্রয়েড
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**৮. কিসের মাধ্যমে মানুষের সামগ্রিক জীবন আবর্তিত হয়?**
K বিদ্যালয় L কর্মস্থল
M সামাজিক প্রতিষ্ঠান N নিজস্ব প্রতিষ্ঠান

**৯. কিসের মাধ্যমে মানুষের যাবতীয় সামাজিক সম্পর্ক নির্ধারিত হয়?**
K আচরণ L লেনদেন
M আত্মীয়তা N বিবাহ

■ উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :
মি. রহিম স্ত্রী, সন্তান ও মা, বাবাসহ ঢাকায় বসবাস করেন। হঠাৎ এক সড়ক দুর্ঘটনায় তার শ্বশুড়-শাশুড়ি মারা যায়। তিনি তার একমাত্র শ্যালক জামিলকে ঢাকার বাসায় নিয়ে আসেন এবং স্কুলে ভর্তি করিয়ে দেন।

**১০. বর্তমানে রহিম সাহেবের পরিবারটি কোন ধরনের পরিবার?**
K একক পরিবার L যৌথ পরিবার
M বর্ধিত পরিবার N নয়াবাস পরিবার

**১১. শ্যালকের প্রতি মি. রহিমের দায়িত্ব পালন পরিবারের কোন কার্যকে নির্দেশ করে?**
i. অর্থনৈতিক কাজ
ii. শিক্ষামূলক কাজ
iii. নিরাপত্তামূলক কাজ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১২. পরিবারকে শিশুর কী বলা হয়?**
K প্রাথমিক শিক্ষা কেন্দ্র
L মাধ্যমিক শিক্ষা কেন্দ্র
M জৈবিক চাহিদা কেন্দ্র
N চারণভূমি

**১৩. সামাজিকীকরণের প্রথম ধাপ কোনটি?**
K সমাজ L ধর্ম
M পরিবার N বিবাহ

**১৪. যৌথ পরিবার ভেঙে যাবার কারণ—**
K সামাজিক L রাজনৈতিক
M অর্থনৈতিক N সাংস্কৃতিক

**১৫. মানবসভ্যতার অগ্রগতির মূলে কিসের প্রভাব রয়েছে?**
K সামাজিক পরিবেশ
L ভৌগোলিক পরিবেশ
M রাজনৈতিক পরিবেশ
N সাংস্কৃতিক পরিবেশ

**১৬. সিন্ধু নদের তীরে কোন সভ্যতা গড়ে ওঠেছিল?**
K আসিরীয় সভ্যতা L ক্যালডীয় সভ্যতা
M মিশরীয় সভ্যতা N সিন্ধু সভ্যতা

**১৭. সংস্কৃতি মানুষের কী ধরনের সৃষ্টি?**
K বস্তুগত L অবস্তুগত
M সাধারণ N বৈজ্ঞানিক

**১৮. লাইসেংকোইজম কী?**
K উৎপাদন পদ্ধতি L প্রজনন পদ্ধতি
M বিপণন পদ্ধতি N বন্ধ্যাত্ব পদ্ধতি

■ উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :
লিটনের বর্তমান বয়স ১৬ বছর। ৫ বছর বয়সে লিটনের বাবা মারা যায়। বাবা ছাড়া লিটন বেপরোয়া হয়ে উঠেছে। সে বর্তমানে নানা ধরনের অপরাধের সাথে জড়িত। ইদানীং সে একটি মেয়েকে স্কুলে যাওয়ার পথে উত্যক্ত করে।

**১৯. লিটন কোন ধরনের অপরাধী?**
K কিশোর L ভদ্রবেশী
M সংঘবদ্ধ N শিকারবিহীন অপরাধী

**২০. উক্ত অপরাধের অন্তর্ভুক্ত—**
i. ডাকাতি করা
ii. ছোটখাটো চুরি করা
iii. পকেটমারা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২১. কতিপয় ব্যক্তির সমন্বয়ে কী গড়ে ওঠে?**
K দল L সমাজ
M গোষ্ঠী N রাষ্ট্র

**২২. প্রতিটি দাস কার অধীন ছিল?**
K মনিবের L পিতা-মাতার
M সরকারের N সামাজিক সংগঠনের

**২৩. দাসদের ক্ষেত্রে প্রযোজ্য তথ্য হচ্ছে—**
i. দাসরা মনিবের অধীন
ii. জন্মগতভাবে পেশা নির্ধারিত
iii. রাজনৈতিক অধিকার ছিল না
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**২৪. 'Casta' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**
K ইংরেজি L রোমান
M স্প্যানিশ N গ্রিক

**২৫. ব্রহ্মার কোথা থেকে বৈশ্য বর্ণের সৃষ্টি?**
K পায়ের পাতা L উরু
M বাহু N মুখ

**২৬. শ্রেণি শব্দটি সর্বাধিক ব্যবহার করেছেন কে?**
K ওয়েবার L মার্ক্স
M বটোমার N ডুর্খেইম

**২৭. সামাজিক স্তরবিন্যাসের ক্রিয়াবাদী তত্ত্বটি দেন?**
K ডেভিস ও মুর L পারসন্স
M স্মেল্সার N কার্ল মার্কস

**২৮. সমাজে অসমতার জন্য দায়ী জৈবিক উপাদানসমূহ হলো—**
i. বয়স
ii. মেধা
iii. সম্পদ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :
সুন্দরপুরের মানুষের চিন্তাচেতনা আবেগ-অনুভূতি, ইচ্ছা-অনিচ্ছা, আশা-আকাঙ্ক্ষা ও অন্যান্য দৃষ্টিভঙ্গির বেশ পরিবর্তন ঘটেছে। এ এলাকার মানুষের স্বাভাবিক উন্নয়নের পাশাপাশি সামাজিক অবস্থারও আমূল পরিবর্তন ঘটেছে।

**২৯. কোনটির প্রভাবে সুন্দরপুরের সামাজিক পরিবর্তন ঘটেছে?**
K জৈবিক উপাদান L প্রযুক্তিগত উপাদান
M মনস্তাত্ত্বিক উপাদান N অর্থনৈতিক উপাদান

**৩০. উক্ত প্রভাবে মানুষের মধ্যে—**
i. ব্যক্তিস্বাতন্ত্র্যের ধারণা হয়
ii. অনুকরণপ্রিয়তা বৃদ্ধি পায়
iii. রুচিবোধের পরিবর্তন হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | L | ৩ | L | ৪ | L | ৫ | L | ৬ | K | ৭ | N | ৮ | M | ৯ | N | ১০ | M | ১১ | N | ১২ | K | ১৩ | M | ১৪ | M | ১৫ | L |
| ১৬ | N | ১৭ | M | ১৮ | L | ১৯ | K | ২০ | M | ২১ | M | ২২ | K | ২৩ | N | ২৪ | M | ২৫ | L | ২৬ | L | ২৭ | K | ২৮ | K | ২৯ | M | ৩০ | N |

5242011

লেকচার

Short সিলেবাসে

HSC সৃজনশীল

# MADE EASY

with Test Papers

# সমাজবিজ্ঞান

## দ্বিতীয় পত্র

অধিকতর ও Smart প্রস্তুতির জন্য

ডাউনলোড করতে QR Code টি স্ক্যান করো

অধিক অনুশীলনের জন্য বোর্ড প্রশ্নপত্রসহ মডেল টেস্ট ও শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা

পর্যায়ক্রমে আপলোড হবে...

# বিস্তারিত সূচি

● পৃষ্ঠা নং দেখে কাঙ্ক্ষিত বিষয়টির অবস্থান জেনে নিই


## এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল ---------- ৩–৬

১. ঢাকা, যশোর ও কুমিল্লা বোর্ড ২০২২ .......... ৩
২. রাজশাহী, চট্টগ্রাম, সিলেট, বরিশাল, দিনাজপুর ও ময়মনসিংহ বোর্ড ২০২২ .......... ৪
৩. ঢাকা, যশোর, কুমিল্লা, চট্টগ্রাম, সিলেট, দিনাজপুর ও ময়মনসিংহ বোর্ড ২০২১ .......... ৫
৪. রাজশাহী ও বরিশাল বোর্ড ২০২১ .......... ৬

## এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি ---------- ৭–৮

৫. সকল বোর্ড ২০২২ .......... ৭
৬. সকল বোর্ড ২০২১ .......... ৮

## শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল ---------- ৯–১৬

৭. বিএএফ শাহীন কলেজ, কুর্মিটোলা, ঢাকা .......... ৯
৮. সবুজবাগ সরকারি কলেজ, ঢাকা .......... ১০
৯. সাতক্ষীরা সরকারি মহিলা কলেজ .......... ১১
১০. কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ .......... ১২
১১. চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম .......... ১৩
১২. ইস্পাহানি পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম .......... ১৪
১৩. পটুয়াখালী সরকারি কলেজ .......... ১৫
১৪. দিনাজপুর সরকারি কলেজ .......... ১৬

## শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি ---------- ১৭–২৬

১৫. বিএএফ শাহীন কলেজ, কুর্মিটোলা, ঢাকা .......... ১৭
১৬. মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, ঢাকা .......... ১৮
১৭. শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা .......... ১৯
১৮. কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল .......... ২০
১৯. বিএএফ শাহীন কলেজ, যশোর .......... ২১
২০. সরকারি প্রফুল্ল চন্দ্র কলেজ, বাগেরহাট .......... ২২
২১. কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ .......... ২৩
২২. চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম .......... ২৪
২৩. ইস্পাহানি পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম .......... ২৫
২৪. দিনাজপুর সরকারি কলেজ .......... ২৬

## এক্সক্লুসিভ মডেল টেস্ট : সৃজনশীল ---------- ২৭–২৮

২৫. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১ .......... ২৭
২৬. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২ .......... ২৮

## এক্সক্লুসিভ মডেল টেস্ট ও উত্তরমালা : বহুনির্বাচনি ---------- ২৯–৩০

২৭. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩ .......... ২৯
২৮. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪ .......... ৩০


লেকচার

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

## ১ ঢাকা, যশোর ও কুমিল্লা বোর্ড ২০২২

বিষয় কোড : 1 1 8

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট **সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। রফিক সাহেব ক্লাসে এমন কিছু চিন্তাবিদের নাম বললেন যাদের গবেষণা কিংবা চিন্তাচেতনা বাংলাদেশের সমাজ ও সংস্কৃতি জানতে সহায়ক ভূমিকা পালন করে। পরবর্তীতে ব্রিটিশ শাসনামলে এ ধারা আরও সমৃদ্ধ হয়। আধুনিককালে জনসংখ্যা বৃদ্ধি, অপরাধ প্রবণতা সম্পর্কে জানতে এ বিষয়টি কার্যকরী ভূমিকা পালন করছে। এ বিষয়ের জ্ঞান দ্বারাই যেকোনো সামাজিক পরিকল্পনা প্রণয়ন করা সম্ভব।

ক. বাংলাদেশে সমাজবিজ্ঞানের জনক কে? ১
খ. সমাজবিজ্ঞান চর্চায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশে সমাজবিজ্ঞান চর্চার পটভূমি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে সমাজবিজ্ঞান পাঠের প্রয়োজনীয়তা যথাযথভাবে প্রতিফলিত হয়েছে– উক্তিটি মূল্যায়ন কর। ৪

২। **দৃশ্যপট-১ :** জালাল সাহেব টিভিতে একটি ডকুমেন্টারি দেখে জানতে পারেন মানবসভ্যতার অন্যতম একটি যুগ সম্পর্কে। এ যুগে এসে মানুষ কৃষি উৎপাদন করতে শিখে ও যাযাবর জীবনের অবসান ঘটায়। ধারালো ও মসৃণ পাথরের হাতিয়ারের ব্যবহার ছিল তাদের প্রাত্যহিক জীবনের অংশ।
**দৃশ্যপট-২ :** রহমান সাহেব একজন নির্মাণ ঠিকাদার। সাম্প্রতিক সময়ে নির্মাণ কাজে অপরিহার্য ধাতুর আকাশচুম্বি দামে তিনি উদ্বিগ্ন হয়ে পড়েন। মানবসভ্যতা বিকাশের সর্বশেষ পর্যায়ে এ ধাতুর আবির্ভাব। এ ধাতুর ব্যাপক ব্যবহারের ফলেই শিল্প বিপ্লব সম্ভব হয়েছে।

ক. নবপোলীয় বিপ্লব কথাটি কে ব্যবহার করেছেন? ১
খ. 'আগুনের আবিষ্কার জীবনকে সহজ করে'– ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যপট-১ এ কোন যুগের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মানবসভ্যতার অগ্রগতিতে দৃশ্যপট-২ এর যুগের অবদান মূল্যায়ন কর। ৪

৩। শালবন বিহার → আনন্দ বিহার → কোটিলা মুড়া

ক. লেখার আবিষ্কার হয়েছে কোন যুগে? ১
খ. তাম্রযুগ বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন প্রত্নতাত্ত্বিক স্থানের নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত নিদর্শনগুলো বাংলাদেশের সামাজিক ইতিহাসকে ধারণ করে– বিশ্লেষণ কর। ৪

৪। ইতিহাস অধ্যয়ন করে তাহসিন পাক-ভারত উপমহাদেশের একটি প্রাচীন সভ্যতার বিষয়ে জ্ঞান লাভ করে। এ সভ্যতার বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে, এতে রয়েছে আধুনিক নাগরিক জীবনের সুযোগ-সুবিধা। একতলা-দোতলা বাড়ি, গলি ও সুপ্রশস্ত রাস্তা, পরিকল্পিত আবাসিক ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা, ল্যাম্প পোস্ট, শস্যাগার প্রভৃতির উপস্থিতি ছিল বলে সে জানতে পারে।

ক. জাভা মানব কোন যুগের অধিবাসী? ১
খ. প্রত্নতত্ত্বের উৎস হিসেবে মুদ্রার ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন সভ্যতার প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তাহসিন উদ্দীপকে বর্ণিত সভ্যতাটির সমাজতাত্ত্বিক গুরুত্ব কীভাবে লিপিবদ্ধ করতে পারে? বিশ্লেষণ কর। ৪

৫। দৃশ্যকল্প-১ : প্রিয়া বাংলাদেশের ময়মনসিংহ অঞ্চলে বসবাসকারী একটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্য। কিছুদিন পূর্বে প্রিয়ার বিয়ে হয়েছে। স্বামীকে নিয়ে প্রিয়া বর্তমানে মায়ের বাড়িতে বসবাস করছে।
দৃশ্যকল্প-২ : পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে বসবাসকারী বিমলও একটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্য। বিয়ের পর বিমল তার স্ত্রীকে নিজ বাড়িতে এনে স্থায়িভাবে বসবাস করছে। তাদের সামাজিক সংগঠন অত্যন্ত মজবুত।

ক. হেডম্যান কোন নৃগোষ্ঠীর মৌজা প্রধান? ১
খ. জুম চাষ কেন নিষিদ্ধ করা হয়েছে? বুঝিয়ে লেখ। ২
গ. দৃশ্যকল্প-১ এ কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত প্রিয়া ও বিমল উভয়ই ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্য হলেও তাদের পরিবার ও বিবাহ ব্যবস্থা স্বতন্ত্র– মূল্যায়ন কর। ৪

৬। ১৯৬৬ → ১৯৬৯ → ১৯৭০ → ?

ক. তমদ্দুন মজলিস কী? ১
খ. লাহোর প্রস্তাব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের দ্বিতীয় সালটির তাৎপর্য বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের প্রশ্নবোধক চিহ্নে কোন সালটি বসবে? এর সাথে উল্লিখিত সালগুলোর সম্পর্ক নির্দেশ কর। ৪

৭। শীতের শিশিরভেজা ভোরে ফাইয়াজ খালি পায়ে ফুল নিয়ে তার স্কুলে যাওয়ার জন্য বাসা থেকে বের হয়ে দেখতে পায়, রাস্তায় অনেক মানুষ তার মতো ফুল নিয়ে শ্রদ্ধা জানানোর জন্য শহিদ মিনারের দিকে যাচ্ছে। ফাইয়াজের মন গর্বে ভরে যায় এ দৃশ্য দেখে। সে শ্রদ্ধায় স্মরণ করে যারা ভাষার জন্য রক্ত ঝরিয়েছিল।

ক. যুক্তফ্রন্ট নির্বাচন কত সালে অনুষ্ঠিত হয়? ১
খ. অপারেশন সার্চলাইট বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন আন্দোলনের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আন্দোলনটি বাঙালি জাতীয়তাবাদকে কীভাবে প্রভাবিত করেছিল? বিশ্লেষণ কর। ৪

৮। 

| ছক-১ | ছক-২ |
|---|---|
| বাস, ট্রেন ও লঞ্চে উপচে পড়া ভিড় | কলকারখানার কালো ধোঁয়া |
| সড়কে যানবাহনের আধিক্য | উচ্চৈঃস্বরে হর্ন/মাইক বাজানো |
| বাসস্থান সমস্যা | পানিতে বর্জ্য নিক্ষেপ |

ক. বেকারত্ব কী? ১
খ. দারিদ্র্য কীভাবে নিরক্ষরতা সৃষ্টি করে? ব্যাখ্যা কর। ২
গ. ছক-১ এ কোন সামাজিক সমস্যাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ছক-২ এর সমস্যাটি ছক-১ এ নির্দেশিত সমস্যার প্রভাব– তোমার মতামত দাও। ৪

৯। দৃশ্যপট-১ : কাসেম সাহেব দুইশ বিঘা জমির মালিক। অনেক কৃষি শ্রমিক তার জমিতে কাজ করে। এলাকায় তার অনেক প্রভাব। বিচার-সালিশেও কাশেম সাহেবের ভূমিকা তাৎপর্যপূর্ণ।
দৃশ্যপট-২ : শিমুল সাহেব গার্মেন্টস কারখানার মালিক। তার কারখানায় অনেক শ্রমিক কাজ করে। তিনি শ্রমিক ও এলাকাবাসীর কল্যাণে নানা ধরনের কর্মকাণ্ড করে থাকেন। তার এসব কর্মকাণ্ডের জন্য এলাকাবাসী তাকে স্থানীয় সরকার নির্বাচনে অংশ নিতে অনুরোধ করছে। শিমুল সাহেবও বিষয়টি নিয়ে ভাবছেন।

ক. NGO-এর পূর্ণরূপ লেখ। ১
খ. গ্রামীণ সমাজে বিনোদনের ক্ষেত্রে পরিবর্তন হচ্ছে– ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যপট-১-এর কাশেম সাহেব যে সমাজে বসবাস করেন সে সমাজের স্তরবিন্যাসের উপাদানটি চিহ্নিত করে ব্যাখ্যা কর। ৩
ঘ. "কাশেম সাহেব ও শিমুল সাহেবের ক্ষমতা কাঠামোর মধ্যে তাৎপর্যপূর্ণ পার্থক্য রয়েছে।"– উক্তিটি মূল্যায়ন কর। ৪

১০। 

? → কৌতূহল
? → হতাশা
? → সঙ্গদোষ
? → প্রেমে ব্যর্থতা
? → মানসিক চাপ থেকে মুক্তি

ক. ইভটিজিং কী? ১
খ. জঙ্গিবাদের সাথে দারিদ্র্যের সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ? চিহ্নিত স্থানে কোন সামাজিক সমস্যাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সমস্যাটি সমাধানে কী কী পদক্ষেপ নেওয়া যেতে পারে বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

১১। শিউলি গ্রামের দুস্থ মহিলা। দিনমজুর স্বামীর রোজগারে সন্তানদের নিয়ে অনাহারে অর্ধাহারে দিন কাটাতে হতো। অতঃপর স্থানীয় একটি বেসরকারি সংস্থা থেকে কিছু নগদ অর্থ নিয়ে হাঁস-মুরগির খামার গড়ে তোলে। এখন সে অনেকটা সচ্ছল। অন্যদিকে তার প্রতিবেশী বিউটি সংসারে একটু সচ্ছলতা আনার জন্য শিউলির মতো সংস্থা থেকে কিছু টাকা নিয়ে সেলাই মেশিন কিনে কাপড় সেলাই করে পরিবারের আয় বৃদ্ধি করছে।

ক. BARD-এর পূর্ণরূপ কী? ১
খ. 'কুমিল্লা মডেল' বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বেসরকারি সংস্থার যে কার্যক্রম প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. নারীর কর্মসংস্থান সৃষ্টিতে উদ্দীপকে বর্ণিত সংস্থাটির ভূমিকা মূল্যায়ন কর। ৪

## ২ ✓ রাজশাহী, চট্টগ্রাম, সিলেট, বরিশাল, দিনাজপুর ও ময়মনসিংহ বোর্ড ২০২২

সময়–১ ঘণ্টা ৪০ মিনিট **সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৪০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। রুনা ২০২০ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নতুন একটি বিষয়ে ভর্তি হয়। বিষয়টির সূচনা ১৯২৫-২৬ শিক্ষাবর্ষে দর্শন বিভাগে কিছু তত্ত্ব ও বিষয়বস্তু পাঠের মাধ্যমে। পরবর্তীতে রাষ্ট্রবিজ্ঞানের সাথে আরও কিছু বিষয় যুক্ত হয়। ১৯৫৭-৫৮ শিক্ষাবর্ষে বিষয়টি স্বতন্ত্র একটি বিভাগ হিসেবে প্রতিষ্ঠিত হয়, যার প্রথম অধ্যক্ষ ছিলেন একজন ফরাসি নৃবিজ্ঞানী। বাংলাদেশের মতো একটি "উন্নয়নশীল দেশের সামাজিক সমস্যা উপলব্ধি করতে বিষয়টির জ্ঞান অত্যন্ত গুরুত্বপূর্ণ।"

ক. বাংলাদেশের সমাজবিজ্ঞানের জনক কে? ১

খ. সামাজিক উন্নয়ন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে রুনার পঠিত বিষয়টির বিকাশধারা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উন্নয়নশীল দেশের সামাজিক সমস্যা উপলব্ধিতে উক্ত বিষয়টির জ্ঞান অত্যন্ত গুরুত্বপূর্ণ"– উক্তিটির সপক্ষে যুক্তি দাও। ৪

২। ১৮৩৯ সালে ফ্রান্সে একটি সামাজিক বিজ্ঞানের জন্ম হলেও বাংলাদেশে ১৯৫৭ সালে বিকাশ লাভ করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপকের পরিশ্রমের ফলে এটি সম্ভব হয়। সেজন্য তাকে বিজ্ঞানটির বাংলাদেশের জনক বলা হয়। একটি সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার জন্য এ বিষয়টির পঠন অত্যন্ত জরুরি।

ক. 'Course de Philosophic Positive' বইটি কোন সমাজবিজ্ঞানীর লেখা? ১

খ. "সমাজবিজ্ঞান হচ্ছে সামাজিক সম্পর্কের বিজ্ঞান" — বুঝিয়ে বল। ২

গ. উদ্দীপকে কোন অধ্যাপকের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের মতো একটি উন্নয়নশীল দেশে উদ্দীপকে নির্দেশিত বিষয়টির পঠন অত্যন্ত জরুরি– বিশ্লেষণ কর। ৪

৩। কলেজে ভর্তি হয়েই একাদশ শ্রেণির ছাত্র অর্ঘ্যর নতুন বন্ধুবান্ধব জোটে। একদিন কলেজ থেকে বাসায় ফেরার পথে পাড়ার বড় ভাই ও বন্ধুবান্ধবের প্ররোচণায় সে মাদক গ্রহণ করে। সেই থেকে কলেজ ফাঁকি দিয়ে পাড়ার গোপন আস্তানায় অর্ঘ্যের নিয়মিত যাতায়াত। তার বাবা-মা যখন বিষয়টি জানতে পারে ততক্ষণে অনেক দেরি হয়ে গেছে।

ক. নিরক্ষরতা কী? ১

খ. জলবায়ু পরিবর্তন কীভাবে জীববৈচিত্র্য ধ্বংস করে? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের অর্ঘ্যের মাদকাসক্তির কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের অর্ঘ্যের সমস্যা থেকে উত্তরণের উপায় বিশ্লেষণ কর। ৪

৪। কবির মিঞা ও ফারুক সাহেব বাল্যবন্ধু। কবির মিঞা আজও পিতৃভিটায় মাটির ঘরে বসবাস করেন। পেশায় তিনি কৃষক। ফারুক সাহেব সচিবালয়ে চাকরি করেন। বহুদিন পর ফারুক সাহেব বাল্যবন্ধু কবির মিঞার বাড়িতে বেড়াতে এসেছেন। উঠানে গোলার পাশে বসে দুই বন্ধু গল্প করছেন। একপর্যায়ে ফারুক সাহেব বলেন, তোমাদের গ্রামের প্রায় ঘরে বিদ্যুৎ, রেফ্রিজারেটর, স্যাটেলাইট টিভি সংযোগ ও ইন্টারনেট সুবিধা বিদ্যমান, যা আধুনিকতার বহিঃপ্রকাশ।

ক. মধ্যবিত্ত শ্রেণি কারা? ১

খ. গ্রামীণ সমাজে গতিশীলতা তুলনামূলক কম কেন? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে বর্ণিত কবির মিঞা ও ফারুক সাহেব প্রত্যেকে যে সমাজের প্রতিনিধিত্ব করেন, উভয় সমাজের মধ্যে পার্থক্য নির্দেশ কর। ৩

ঘ. তোমাদের জীবনযাত্রায় আধুনিকতার ছোঁয়া লেগেছে এ উক্তির আলোকে কবির মিঞার সমাজব্যবস্থায় বর্তমানে কী ধরনের পরিবর্তন লক্ষণীয় তা বিশ্লেষণ কর। ৪

৫।

১ গন্ধেশ্বরীর মন্দির

২ অতীশ দীপঙ্কর

৩ সত্যপীর ভিটা

৪ তাম্র ও শিলা লিপি

৫ সোমপুর বিহার

ক. নবপলীয় বিপ্লব কী? ১

খ. চাকার আবিষ্কার সভ্যতা বিকাশের ভিত্তি– বুঝিয়ে বল। ২

গ. উদ্দীপকের ছকে বাংলাদেশের কোন প্রত্নতাত্ত্বিক স্থানের ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের সামাজিক ইতিহাস জানতে উক্ত প্রত্নতাত্ত্বিক নিদর্শনসমূহের গুরুত্ব অনস্বীকার্য– বিশ্লেষণ কর। ৪

৬। ভারতীয় উপমহাদেশের একটি প্রাচীন সভ্যতা; এটি মূলত একটি নগর সভ্যতা। কেন্দ্রীয় প্রশাসনিক ব্যবস্থা, প্রশাসনের শীর্ষকর্তা একজন পুরোহিত রাজা, এখানে বিভিন্ন দেব-দেবীর পূজা-অর্চনা করা হতো। সামাজিক শ্রেণি অনুযায়ী ইটের তৈরি বাড়ি, পাকা রাস্তা, নর্দমা, গোসলের পুকুর, গোলাঘর ইত্যাদির উপস্থিতি লক্ষ করা যায়। কিন্তু সভ্যতার সৃষ্টিকারী জনগোষ্ঠীর সঠিক পরিচয় আজও উদ্ধার করা সম্ভব হয়নি। 'জন মার্শালের' নেতৃত্বে প্রত্নতাত্ত্বিক খনন কার্যের মাধ্যমে ১৯২২ সালে এটি আবিষ্কৃত হয়।

ক. ময়নামতি কোন জেলায় অবস্থিত? ১

খ. নগরায়ণ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে সভ্যতাটি কোন প্রাচীন 'নগর সভ্যতার' প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উপমহাদেশের সামাজিক ইতিহাস জানতে উক্ত নগর সভ্যতার গুরুত্ব অপরিসীম– বিশ্লেষণ কর। ৪

৭। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ছাত্র পার্থিবের নতুন বন্ধু 'ক' বাংলাদেশের একটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্য। এদের সমাজের প্রশাসনিক কাঠামো আদাম, মৌজা, সার্কেল এরূপ স্তরে বিভক্ত। প্রত্যেক স্তরে একজন প্রধান ব্যক্তি কর্তৃত্ব করেন। রাজা ঐ সমাজের ঐক্য ও সংহতির প্রতীক। পার্থিবের অন্য আর একজন বন্ধু 'খ' অপর একটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্য যার বসবাস বৃহত্তর ময়মনসিংহে। এদের সমাজ মায়ের কর্তৃত্বে পরিচালিত এবং তাদের ভাষার নাম মান্দি।

ক. আদামের প্রধানকে কী বলা হয়? ১

খ. এথনিক গোষ্ঠী বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত পার্থিবের বন্ধু 'ক' এর জীবনধারা ব্যাখ্যা কর। ৩

ঘ. পার্থিবের বন্ধু 'ক' ও 'খ' এর জীবনধারার বৈসাদৃশ্য বিশ্লেষণ কর। ৪

৮। একুশে ফেব্রুয়ারির প্রভাতফেরিতে সহপাঠীদের সাথে শহিদ মিনারে ফুল দিতে যায় নিলয়। এরপর এ দিনটি উপলক্ষে কলেজে আলোচনা সভায় বক্তব্য দিতে গিয়ে একজন স্যার বলেন, আজ বাঙালি জাতির ইতিহাসে এক গৌরবময় দিন। এ দিনটিতে ছাত্র-জনতা রাজপথের সংগ্রামে সালাম, রফিক, বরকত, জব্বারসহ অনেকেই শহিদ হন এবং বাঙালি ন্যায্য দাবি প্রতিষ্ঠা করে।

ক. ছয় দফা কত সালে উত্থাপন করা হয়? ১

খ. জাতীয়তাবাদ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকটি কোন আন্দোলনের কথা স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের উক্ত আন্দোলনটিতেই বাঙালি জাতীয়তাবাদের বীজ রোপিত রয়েছে– বিশ্লেষণ কর। ৪

৯। তাসলিমা একটি বস্তিতে রুম নিয়ে বসবাস করে। পোশাক তৈরির কারখানায় কাজ করে কোনো রকমে তার দিন চলে যায়। তার ছোট ভাইকেও তার কাছে এনে রাখতে চেয়েছিল। কিন্তু সে রাজি নয়। মাঠে ফসল ফলানোই সে বেশি পছন্দ করে।

ক. গ্রাম কাকে বলে? ১

খ. প্রান্তিক চাষি বলতে কী বোঝ? ২

গ. তাসলিমা যে সমাজে বসবাস করছে সেই সমাজের জীবন-জীবিকা ব্যাখ্যা কর। ৩

ঘ. তাসলিমার ছোট ভাই যে সমাজে বসবাস করছে সেই সমাজের গতিশীল অর্থনৈতিক ব্যবস্থার চিত্র বিশ্লেষণ কর। ৪

১০। যখন কালামের বয়স ১৮ বছর এবং সখিনার ১৫ বছর, তখন তাদের বিয়ে হয়। বর্তমানে তারা তিন কন্যা সন্তানের জনক-জননী। শাশুড়ির 'নাতি চাই' সে ইচ্ছা পূরণের জন্য সখিনা আরেক কন্যা সন্তানের জন্ম দেয়। এতে করে সংসারের সদস্য সংখ্যা বৃদ্ধির সাথে তার আয় বৃদ্ধি পায়নি, বরং অভাব-অনটন, ঝগড়াঝাঁটি, মারপিট লেগেই আছে।

ক. জলবায়ু কী? ১

খ. "বৃক্ষ নিধন একটি উল্লেখযোগ্য সামাজিক সমস্যা"– বুঝিয়ে বল। ২

গ. উদ্দীপকে কালাম ও সখিনার বিবাহে কোন ধরনের সামাজিক সমস্যার প্রতি ইঙ্গিত দেয়া হয়েছে– ব্যাখ্যা কর। ৩

ঘ. কালাম ও সখিনার এ ধরনের বিবাহ বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির অন্যতম কারণ– বিশ্লেষণ কর। ৪

১১। জাবেদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগ থেকে এম.এস.এস. পাস করেছে। সে একটি স্বেচ্ছাসেবী সংস্থা গড়ে তুলে। প্রশিক্ষণ প্রদান, শিক্ষা ও কাজের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন তথা সমাজ থেকে দারিদ্র্য নির্মূল করাই হচ্ছে এই সংস্থাটির অন্যতম উদ্দেশ্য। উক্ত উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে সে টার্গেট গ্রুপ তৈরি করে সংস্থাটির কার্যক্রম শুরু করে। বর্তমানে সংস্থাটি স্বনির্ভর জনগোষ্ঠী তৈরিতে সমাজে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে।

ক. NGO-এর পূর্ণরূপ কী? ১

খ. বেকারত্ব বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে জাবেদের উদ্যোগ কোন ধরনের সংস্থার কার্যক্রমকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "স্বনির্ভর সমাজ বিনির্মাণে জাবেদের মতো গড়ে তোলা সংস্থাসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে"– উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

## ৩ ✔ ঢাকা, যশোর, কুমিল্লা, চট্টগ্রাম, সিলেট, দিনাজপুর ও ময়মনসিংহ বোর্ড ২০২১

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। ছক-১ : অর্থশাস্ত্র → আইন-ই-আকবরী → দি ইমপেরিয়াল গেজেটিয়ার → দি ইন্ডিয়ান ওয়ার্কিং ক্লাস → ল্যান্ড প্রোবলেমস্ অব ইন্ডিয়া।
ছক-২ : অজিত কুমার সেন → এ. কে. নাজমুল করিম → রুদ লেভি স্ট্রস।
ক. 'সমাজবিজ্ঞান সমীক্ষণ' গ্রন্থটি কার লেখা? ১
খ. উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সমাজবিজ্ঞানের ভূমিকা বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের ছক-১-এর বিষয়সমূহ বাংলাদেশের সমাজবিজ্ঞানের কোন দিকটি নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশে সমাজবিজ্ঞানের বিকাশে ছক-২-এর ব্যক্তিবর্গ কীভাবে সম্পৃক্ত? বিশ্লেষণ কর। ৪

২। স্বামী ও দুই সন্তান নিয়ে ভালোই চলছিল পোশাককর্মী রাবেয়ার সংসার। কিন্তু করোনাকালীন লকডাউনে স্বামী-স্ত্রী দুজনেই কর্মচ্যুত হলে গ্রামে ফিরে আসতে বাধ্য হয়। একটি বেসরকারি উন্নয়ন সংস্থার কর্মী রফিক রাবেয়া ও তার মতো বেশকিছু পরিবারের আয় উপার্জনে সহায়তার জন্য কাজ করছে।
ক. ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের প্রথম অধ্যক্ষ কে ছিলেন? ১
খ. অপরাধ নিয়ন্ত্রণে সমাজবিজ্ঞানের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সামাজিক সমস্যাটি চিহ্নিত কর। ৩
ঘ. রফিকের পেশাগত দায়িত্ব পালনে সমাজবিজ্ঞানের জ্ঞান সহায়ক— বিশ্লেষণ কর। ৪

৩। তামীম দুটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর জীবনধারা পাঠ করে নিচের ছকটি তৈরি করে :

| | | | | |
|---|---|---|---|---|
| নৃগোষ্ঠী-১ | রাজশাহী অঞ্চলে বাস | বহিগোত্র বিবাহ প্রচলিত | সম্পত্তি পিতা থেকে পুত্র পায় | প্রধান উৎসব সোহরাই |
| নৃগোষ্ঠী-২ | ময়মনসিংহ অঞ্চলে বাস | প্যারালাল কাজিন বিবাহ নিষিদ্ধ | সম্পত্তি মাতা থেকে কন্যা পায় | প্রধান উৎসব ওয়ানগালা |

ক. জনসংখ্যার দিক থেকে বৃহত্তম নৃগোষ্ঠী কোনটি? ১
খ. জুম চাষ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের নৃগোষ্ঠী-১-এর সংক্ষিপ্ত পরিচয় দাও। ৩
ঘ. "নৃগোষ্ঠী-২-এর জীবনধারা ও বাঙালি সংস্কৃতির মধ্যে তাৎপর্যপূর্ণ ভিন্নতা রয়েছে"— মূল্যায়ন কর। ৪

৪। বিশ্ববিদ্যালয়ে পড়ার সময় রাঙ্গামাটির মেয়ে উর্মিলার সাথে মিতার সখ্যতা। উর্মিলা গ্রামের হেডম্যানের মেয়ে। গতবছর তাদের বিজু উৎসবে আমন্ত্রিত হয়ে মিতা রাঙ্গামাটি যায়। তিন দিনব্যাপী বৈচিত্র্যময় আচার-অনুষ্ঠানে মিতা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ ও উপভোগ করে। পরবর্তীতে এ সম্পর্কিত তার একটি লেখা দৈনিক পত্রিকায় প্রকাশিত হলে বেশ প্রশংসিত হয়।
ক. মারমাদের আদি নিবাস কোথায়? ১
খ. শিক্ষার প্রসার ক্ষুদ্র নৃগোষ্ঠীর জীবনধারাকে কীভাবে প্রভাবিত করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের উর্মিলা কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্য? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে মিতার আচরণে ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংস্কৃতির প্রতি শ্রদ্ধাবোধ প্রকাশ পেয়েছে"— মূল্যায়ন কর। ৪

৫। অত্যাচারী শাসকরা মানুষের ভাষা, বর্ণের ওপর আঘাত করে। মানুষ নেমে আসে রাজপথে। হরতাল, ধর্মঘট, মিছিল, মিটিংয়ের মাধ্যমে চলে প্রতিবাদ। শহিদ হয় অনেক ছাত্র-জনতা। প্রতিষ্ঠিত হয় জনতার দাবি। পরবর্তীতে অনুষ্ঠিত ২টি নির্বাচন মানুষের মধ্যে জন্ম দেয় স্বাধীনতাবোধের। বিপুল সংখ্যক মানুষ সমর্থন জানায় তাদের প্রিয় দলকে। এরই ধারাবাহিকতায় জনপথটি স্বাধীনতা লাভ করে।
ক. ছয় দফা কখন উত্থাপন করা হয়? ১
খ. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত আন্দোলনটির গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে বর্ণিত নির্বাচনসমূহ বাংলাদেশ নামক রাষ্ট্রের জন্মের সাথে সাদৃশ্যপূর্ণ।" তুমি কি একমত? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৬। অঞ্চলটিতে ধান, পাটের মতো অর্থকরী ফসল উৎপন্ন হয়। কিন্তু এসব থেকে আয় চলে যায় শাসকদের অঞ্চলে। বাজেটে বরাদ্দ রাখা হয় খুবই কম। কোনো কলকারখানা এই অঞ্চলে তৈরি করা হয় না। এসবের প্রতিবাদ করেন একজন রাজনৈতিক মানবিক নেতা। মানুষকে সংঘবদ্ধ করেন, প্রতিবাদ করেন, জেল খাটেন। অবশেষে ডাক দেন স্বাধীনতার।
ক. বাংলাদেশের ইতিহাসে ১৯৬৯ সাল গুরুত্বপূর্ণ কেন? ১
খ. বাঙালি জাতীয়তাবাদ ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত বৈষম্যের ধরনটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত নেতা আর আমাদের বঙ্গবন্ধুর ভূমিকা এক ও অভিন্ন— বিশ্লেষণ কর। ৪

৭। উচ্চ বংশের নসু চৌধুরীর পরিবারের তিন প্রজন্ম শোভনপুর গ্রামের বিচার সালিশের দায়িত্ব পালন করে আসছে। তবে এখন এ কাজে চৌধুরী পরিবারের গুরুত্ব হ্রাস পাচ্ছে। কিছুদিন আগে নসু চৌধুরীকে নিজের ভূমি বিরোধ মীমাংসার জন্য ক্ষমতাসীন রাজনৈতিক দলের তরুণ নেতার সাহায্য নিতে হয়েছে।
ক. প্রান্তিক কৃষক কারা? ১
খ. নগরের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য অকৃষিজ অর্থনৈতিক কর্মকাণ্ড বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে চৌধুরী পরিবারের ভূমিকা গ্রামীণ ক্ষমতা কাঠামোর কোন উপাদানকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বর্তমান পরিস্থিতি গ্রামীণ ক্ষমতা কাঠামোর পরিবর্তনশীলতা নির্দেশ করে — বিশ্লেষণ কর। ৪

৮। দৃশ্যপট-১ : রহিম শেখ একজন ধনী কৃষক। তার বেশিরভাগ জমি বর্গা নিয়ে চাষাবাদ করেন তারই গ্রামের ফরিদ মিয়া। রহিম শেখের জমিতে দিনমজুর হিসেবে কাজ করেন আবুল মিয়া।
দৃশ্যপট-২ : এক সময় রহিম শেখ তার গ্রামের সালিশ বিচার করতেন। একবার চেয়ারম্যানও নির্বাচিত হয়েছিলেন। বর্তমানে রহিম শেখকে আর গ্রামের সালিশ বিচারে ডাকা হয় না। সরকারদলীয় তরুণ রাজনৈতিক নেতা আবীরের কাছে রহিম শেখ তার নিজের একটি জমির সমস্যা সমাধানের জন্য অনুরোধ করেন।
ক. পুশ ফ্যাক্টর কী? ১
খ. শিক্ষা সামাজিক স্তরবিন্যাসের একটি গুরুত্বপূর্ণ উপাদান— ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যপট-১-এ গ্রামীণ সামাজিক স্তরবিন্যাসের কোন উপাদানটি চিত্রিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যপট-২-এ গ্রামীণ ক্ষমতা কাঠামোর পরিবর্তিত রূপটি নির্দেশ করছে— ব্যাখ্যা কর। ৪

৯। রহিমা ও তার স্বামী একজন ঠিকাদারের অধীনে মাটি কাটার কাজ করে থাকে। একই ধরনের কাজ করলেও রহিমার স্বামী রহিমা থেকে বেশি মজুরি পায়। কাজ শেষে বাড়িতে এসেও রহিমাকে সংসারের রান্নাসহ বাকী কাজকর্ম করতে হয়। এত পরিশ্রম করেও রহিমা কম মজুরি পাওয়ায় সে প্রায় সময়ই হতাশায় ভোগে।
ক. মাদকাসক্তির একটি কারণ উল্লেখ কর। ১
খ. বাল্যবিবাহ মাতৃমৃত্যু বৃদ্ধি করে— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন ধরনের বৈষম্য নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের পরিস্থিতি সমাজ উন্নয়নে প্রতিবন্ধক— ব্যাখ্যা কর। ৪

১০। মেধাবী প্রভা ৮ম শ্রেণিতে পড়ে। তার বাবা বন্ধুর ছেলের সাথে তার বিয়ে ঠিক করেন। বিয়ের দিন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এ বিয়ে ভেঙে দেন। গ্রামবাসী চেয়ারম্যান সাহেবের কাছে প্রতিজ্ঞাবদ্ধ হন; তারা তাদের কন্যাদের উচ্চশিক্ষিত করে বিয়ে দিবেন। বিষয়টি পত্রিকায় প্রকাশিত হয় এবং মানুষের মধ্যে বেশ সাড়া জাগায়।
ক. জেন্ডার বৈষম্য কী? ১
খ. কর্মক্ষেত্রের পরিবেশ কর্মদক্ষতা বাড়াতে সাহায্য করে— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে প্রভার ক্ষেত্রে কোন সামাজিক সমস্যা উপস্থাপিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে চেয়ারম্যান সাহেবের ভূমিকা কীভাবে সমস্যা প্রতিরোধে ভূমিকা রাখবে? বিশ্লেষণ কর। ৪

১১। **দৃশ্যপট-১ :** পঁচাশিতম জন্মদিনের শুভেচ্ছা বাণীতে ভরে গেছে স্মার্টফোনের নোটিফিকেশন। কিন্তু হাসান সাহেবের আজ এসবের প্রতি মনোযোগ নেই। তিনি ও তার স্ত্রী দুজনেরই শরীর ভালো নেই। এদিকে তার গৃহকর্মী আজ কোনো কারণে আসতে পারেনি।
**দৃশ্যপট-২ :** 'এ' লেভেলের ছাত্র জিসানকে মাদক নিরাময় কেন্দ্রে ভর্তি করানো হয়েছে। তার বাবা সরকারি চাকরিজীবী। ঢাকা শহরে নিজস্ব সুপরিসর ফ্ল্যাটে তাদের বাসা। ছোটবেলা থেকে জিসান বাবা-মায়ের সান্নিধ্য ও মনোযোগ খুব কমই পেয়েছে। ভিডিও গেমস্, স্মার্টফোন, বন্ধুবান্ধবের সাথে আড্ডা এসবই তার বেড়ে ওঠার সঙ্গী।
ক. জঙ্গিবাদ বলতে কী বোঝ? ১
খ. জেন্ডার বৈষম্য ও নারীর ক্ষমতায়নের মধ্যে সম্পর্ক কী? ২
গ. দৃশ্যপট-১-এর সমস্যাটি চিহ্নিত কর। ৩
ঘ. পরিবারের কোন ধরনের কার্যের অবহেলা জিসানের পরিণতির জন্য দায়ী? বিশ্লেষণ কর। ৪

## ৪ রাজশাহী ও বরিশাল বোর্ড ২০২১

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। মমতাকে 'সমাজবিজ্ঞান সমীক্ষণ' গ্রন্থটি পড়তে দেখে তার পিতা বললেন, "তুমি কি জানো? এই গ্রন্থের লেখকের অক্লান্ত পরিশ্রমেই বাংলাদেশে সমাজবিজ্ঞানের সরব পথ চলা শুরু হয়েছিল।" মমতা বলল, "বাবা, একথাও মনে রাখতে হবে যে, বাংলাদেশের বিভিন্ন পর্যায়ের বিদ্বান ব্যক্তি ও প্রতিষ্ঠানের প্রচেষ্টায় সমাজবিজ্ঞান সমৃদ্ধ হয়েছে।"
ক. ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের প্রথম অধ্যক্ষ কে ছিলেন? ১
খ. "সমাজবিজ্ঞান একটা মূল্যবোধ নিরপেক্ষ বিজ্ঞান"– বুঝিয়ে লেখ। ২
গ. বাংলাদেশে সমাজবিজ্ঞান বিকাশে উদ্দীপকে উল্লিখিত গ্রন্থের লেখকের ভূমিকা ও অবদান বর্ণনা কর। ৩
ঘ. তুমি কি মমতার মতামতের সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি উপস্থাপনসহ বাংলাদেশের সমাজবিজ্ঞানের বিকাশধারা বিশ্লেষণ কর। ৪

২। একজন সচেতন নাগরিক হিসেবে সজিব মনে করে, মানবসমাজে বসবাস করতে হলে সামাজিক আইনকানুন ও আচার-আচরণের জ্ঞান থাকা আবশ্যক। এ প্রসঙ্গে তার বন্ধু রাজিবের মতে, আমাদের ন্যায় উন্নয়নশীল দেশের সামাজিক সমস্যা উপলব্ধি করার জন্য সমাজ সম্পর্কিত একটি মানবতাবাদী বিষয় অতীব গুরুত্বপূর্ণ।
ক. অধ্যাপক লেভি স্ট্রস কে? ১
খ. "সমাজ গবেষণায় নিরপেক্ষতা আবশ্যক"– বুঝিয়ে বল। ২
গ. বাংলাদেশের প্রেক্ষাপটে উদ্দীপকে সজিব এবং রাজিবের আলোচনায় কোন বিষয়ের প্রতি আলোকপাত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি একটি মানবতাবাদী বিজ্ঞান– মূল্যায়ন কর। ৪

৩। তিহাম বিশ্ববিদ্যালয়ে যে বিষয়টি নিয়ে পড়ালেখা করে তা মানুষের একত্রে বসবাসের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করে। বিষয়টি মূল্যবোধ নিরপেক্ষভাবে যৌথ জীবন, কার্যাবলি এবং পারস্পরিক সম্পর্ক ব্যাখ্যা বিশ্লেষণ করে। বিষয়টি পাঠের মাধ্যমে সামাজিক দায়িত্ব-কর্তব্য সম্পর্কেও সচেতন হওয়া যায়।
ক. কত সালে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়? ১
খ. "সমাজবিজ্ঞান হচ্ছে সামাজিক সম্পর্কের বিজ্ঞান।"– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে উল্লিখিত তিহামের পঠিত বিষয়টির প্রায়োগিক দিক বাংলাদেশের প্রেক্ষিতে ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, আধুনিক প্রযুক্তিনির্ভর সমাজেও উক্ত বিষয়টি অধ্যয়ন গুরুত্বপূর্ণ? মতামত দাও। ৪

৪। জয় বিদেশ থেকে নৃবিজ্ঞানের ওপর উচ্চতর ডিগ্রি নিয়ে দেশে ফিরেই দুটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর ওপর গবেষণা করা শুরু করে। যাদের উভয়ের মধ্যে দৈহিক বৈশিষ্ট্য, পারিবারিক জীবন, সম্পত্তি এবং অন্ত্যেষ্টিক্রিয়ায় বেশ সাদৃশ থাকলেও ভাষা, ধর্ম ও ধর্মীয় বিশ্বাসে পার্থক্য রয়েছে। এদের একটি নৃগোষ্ঠীর ধর্মের নাম সংসারেক, ভাষার নাম মান্দি এবং পরিবার ব্যবস্থা মাতৃপ্রধান। অপরপক্ষে, অন্য নৃগোষ্ঠী হিন্দুধর্মের বৈষ্ণবীয় মতবাদে বিশ্বাসী, ভাষার নাম মৈথেয়ী এবং তাদের শ্রেষ্ঠ নৃত্য অনুষ্ঠানের নাম লাইহারাউবা।
ক. বৈসাবি কী? ১
খ. এথনিক সম্প্রদায় বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপক দ্বারা কোন দুটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক দ্বারা ইঙ্গিতকৃত দুটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর সামাজিক ও সাংস্কৃতিক জীবনধারা বিশ্লেষণ কর। ৪

৫। বাংলাদেশের উত্তরাঞ্চলে একটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর বাস। এদের ঐতিহ্যবাহী নৃত্যগীত, 'ঝুমুর'। এদের গায়ের রং কালো এবং নাকের গড়ন নিগ্রোদের মতো খ্যাঁদা ও চ্যাপটা। প্রাচীনকালে এরা তীর-ধনুক দিয়ে শিকার করত। বর্তমানে এরা দিনমজুর ও কৃষিজীবী হলেও বিশ শতকের প্রথম ভাগে এদের দ্বারা সংঘটিত বিদ্রোহ বাংলার ইতিহাসে একটি আলোচিত রাজনৈতিক ঘটনা।
ক. নোকনা কী? ১
খ. জুমচাষকে সরকার নিরুৎসাহিত করার কারণ কী? ২
গ. উদ্দীপকে কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ক্ষুদ্র নৃগোষ্ঠীর আর্থসামাজিক জীবনধারা বিশ্লেষণ কর। ৪

৬। পৃথিবীতে একটি জাতি আছে, যারা ভাষার জন্য বুকের রক্ত দিয়েছে। এমনকি শোষকের শাসন, শোষণ নির্যাতনের প্রতিবাদ করতে গিয়ে বুলেটবিদ্ধ হয়েছে বারবার। কিন্তু তারা মাথা নত করেনি। একসময় তারা স্বাধীনতার লাল সূর্য ছিনিয়ে এনেছে।
ক. যুক্তফ্রন্ট নির্বাচন কত সালে হয়? ১
খ. অপারেশন সার্চলাইট বলতে কী বোঝ? ২
গ. 'ভাষা আন্দোলন' বাঙালি জাতীয়তাবাদ বিকাশে কীভাবে ভূমিকা রেখেছে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. "বাংলাদেশের স্বাধীনতা একদিনের ফসল নয়"– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭। **দৃশ্যপট-১ :** 'ক' নামক একটি দেশের দুটি অংশের মধ্যে দুই হাজার কিলোমিটারের ভৌগোলিক দূরত্ব। ধর্মের ভিত্তিতে সৃষ্ট দেশটির মানুষের জীবনধারায় মিল থাকলেও দেশ বিভাগের অব্যবহিত পরে দুটি অংশের মধ্যে বৈষম্য প্রবল হতে থাকে। জাতীয় আয়ের সিংহভাগ পূর্বাঞ্চল হতে আসতে থাকলেও পশ্চিমাঞ্চলের শাসকগোষ্ঠী তা নিজেদের উন্নয়নে ব্যয় করতে থাকে।
**দৃশ্যপট-২ :** ১৯৭১ সালের ৭ মার্চ ঘোষণা করা হয়, "এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম আমাদের স্বাধীনতা সংগ্রাম।"
ক. ছয় দফা কত সালে উত্থাপন করা হয়? ১
খ. বাঙালি জাতীয়তাবাদ বলতে কী বোঝ? ২
গ. দৃশ্যপট-১ বাংলাদেশের কোন ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যপট-২ কীভাবে বাঙালি জাতিকে স্বাধীনতা সংগ্রামে উদ্বুদ্ধ করে? বিশ্লেষণ কর। ৪

৮। শফিক সাহেব একজন ধনী কৃষক এবং দুই দশক যাবৎ ইউনিয়ন পরিষদের সদস্য। গ্রামের বিচার শালিশ করার জন্য তৃণমূল পর্যায়ের মানুষের সাথে তাকে সম্পর্ক রাখতে হয়। তার বড় ছেলে শামীম ঢাকায় পড়ালেখার জন্য যেত। বর্তমানে সে লেখাপড়া শেষ করে একজন আইনজীবী এবং একটি 'ল' ফার্মের মালিক।
ক. প্রান্তিক কৃষক কারা? ১
খ. চাপ সৃষ্টিকারী দল বলতে কী বোঝায়? ২
গ. শফিক সাহেবের অবস্থানের ভিত্তিতে কোন সমাজের সামাজিক স্তরবিন্যাসের রূপ ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের শামীমের সাথে তার বাবা শফিক সাহেবের সামাজিক অবস্থানের পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৯। আলাল এমন এক সমাজে বাস করে যে সমাজের মানুষের মধ্যে স্বাজাত্যবোধ প্রবল। সেখানে কৃষিভিত্তিক অর্থনীতি, মানসিকতা সহজ-সরল এবং যৌথ পরিবার ব্যবস্থা ও ঐতিহ্যের প্রতীক বিদ্যমান। অপরপক্ষে, শাওন সাহেব যে সমাজে বাস করে না সে সমাজের মানুষের সম্পর্ক নৈর্ব্যক্তিক। সেখানে অকৃষিজ পেশা, ব্যক্তিস্বাতন্ত্র্যবাদে বিশ্বাসী এবং অনু পরিবারের সংখ্যাই বেশি।
ক. বর্গাচাষি কারা? ১
খ. শাসক এলিট ও অশাসক এলিট বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে আলাল বাংলাদেশের কোন সমাজের প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে আলাল এবং শাওন সাহেবের সমাজব্যবস্থার মধ্যে বৈসাদৃশ্য বিশ্লেষণ কর। ৪

১০। এসএসসি পরীক্ষায় জিপি-৫ পেয়ে রবি শহরের একটি কলেজে ভর্তি হয়। সে নম্র, ভদ্র ও মেধাবী ছাত্র হওয়ায় সকলের প্রিয়পাত্র হয়ে ওঠে। এক বছর যেতে না যেতেই পরিবারের সদস্যরা তার আচরণে পরিবর্তন লক্ষ করে। সে একটি বিশেষ মতবাদে প্রভাবিত হয়ে একদিন কাউকে কিছু না বলে বাড়ি থেকে নিখোঁজ হয়ে যায়। দীর্ঘ ছয় মাস পরে পুলিশের সাথে বন্দুক যুদ্ধে নিহত রবির লাশ শনাক্ত হয়।
ক. প্রবীণ কারা? ১
খ. বায়ুদূষণ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে বর্ণিত বিষয়টি তোমার পাঠ্যবইয়ের কোন সমস্যাকে চিহ্নিত করে? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে রবির মতো ছেলেদের এমন পরিণতি থেকে রক্ষার উপায় চিহ্নিত করে তোমার মতামত ব্যক্ত কর। ৪

১১। রোকাইয়া অষ্টম শ্রেণিতে পড়া অবস্থায় তার পিতা মালেক মিয়া তাকে বিয়ে দেয়। বিয়ের সময় পাত্রের বাবা জহির মিয়ার দাবি অনুযায়ী মালেক মিয়া নগদ দুই লক্ষ টাকা, টিভি, ফ্রিজ ও আসবাবপত্র দিতে বাধ্য হয়। বছর খানেক পর মালেক মিয়া সংবাদ পান তার মেয়ে প্রথম সন্তান জন্ম দিতে গিয়ে মৃত্যুবরণ করেছে।
ক. নিরক্ষরতা কী? ১
খ. বেকারত্ব বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে জহির মিয়ার দাবি করা বিষয়টি কোন ধরনের সামাজিক সমস্যা? ব্যাখ্যা কর। ৩
ঘ. রোকাইয়ার মৃত্যুর কারণ মূলত একটি সামাজিক ব্যাধি।– তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ৫ সকল বোর্ড ২০২২

বিষয় কোড : 1 1 8

সময়—২০ মিনিট

### সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—১৫

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। যে কোনো **পনেরোটি** প্রশ্নের উত্তর দাও।]

**১. কোন ধরনের কৃষকরা বর্গা দেয়?**
K প্রান্তিক L ভূমিহীন
M ধনী N দিনমজুর

**২. নিরক্ষরতার কারণে কী ঘটে?**
K কর্মসংস্থান সংকুচিত হয়
L রক্ষণশীলতা ক্রমশ হ্রাস পায়
M জনসংখ্যা দ্রুত হ্রাস হয়
N দক্ষ জনশক্তির বৃদ্ধি পায়

■ **উদ্দীপকটি পড়ে ৩নং প্রশ্নের উত্তর দাও :**
'ক' এর মধ্যে আজকাল কেমন অস্থিরতা লক্ষ করে তার পিতা-মাতা শঙ্কিত। সে কিছু বন্ধুবান্ধবের সাথে মিশে দিন দিন নিষিদ্ধ বস্তুতে আসক্ত হয়ে পড়ছে।

**৩. উদ্দীপকে কোন সামাজিক সমস্যার প্রতি ইঙ্গিত করা হয়েছে?**
K জঙ্গিবাদ L নিরক্ষরতা
M মাদকাসক্তি N সঙ্গদোষ

**৪. জলবায়ু পরিবর্তনের প্রভাব কোনটি?**
K আবাসনের নতুন সম্ভাবনা
L সুপেয় পানির সুবন্দোবস্ত
M জীববৈচিত্র্য সংরক্ষণ
N পরিবেশ শরণার্থী সৃষ্টি

**৫. কোনটি সামাজিক-অর্থনৈতিক নির্ভরশীলতার কারণে সৃষ্ট সমস্যা?**
K বার্ধক্যজনিত সমস্যা L নিরক্ষরতা
M বেকারত্ব N যৌন নিপীড়ন

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
শরীফা একটি সংস্থা থেকে কিছু টাকা ঋণ নিয়ে ব্যবসা শুরু করে। সংস্থাটি গত ১৫ বছরে গ্রামে এমন অনেক মহিলাকে ঋণ দিয়ে স্বাবলম্বী করেছে। এক সময়ের পিছিয়ে পড়া গ্রামটি আজ শিক্ষায়, কৃষিতে এগিয়ে গেছে।

**৬. উদ্দীপকের বর্ণনায় কোন ধারণাটি লক্ষ করা যায়?**
K সামাজিক সমস্যা L নারীবাদ
M সামাজিক উন্নয়ন N প্রগতি

**৭. উদ্দীপকে বর্ণিত সংস্থাটির ভূমিকা কীরূপ?**
K নারীর ক্ষমতায়নে সহায়ক
L জনসংখ্যার ব্যাপক বৃদ্ধি
M সামাজিক দ্বন্দ্বের সৃষ্টি
N পরিবেশের ব্যাপক ক্ষতি

**৮. গ্রামীণ ব্যাংক কী?**
K সরকারি ব্যাংক L সরকারি সংস্থা
M বেসরকারি ব্যাংক N বেসরকারি সংস্থা

**৯. BRAC কত সালে প্রতিষ্ঠিত হয়?**
K ১৯৭২ L ১৯৭৩ M ১৯৭৪ N ১৯৭৫

**১০. V-AID কী?**
K একটি কর্মসূচি L একটি সাহায্য সংস্থা
M ক্ষুদ্রঋণ সংস্থা N বিদেশি NGO

**১১. 'অর্থশাস্ত্র' গ্রন্থটির লেখক কে?**
K আবুল ফজল L কৌটিল্য
M ইবনে বতুতা N আল বেরুনি

**১২. বাংলাদেশে সমাজবিজ্ঞানের প্রতিষ্ঠাতা কে?**
K রামকৃষ্ণ মুখার্জী L আমীর আলী
M বিনয় সরকার N এ. কে. নাজমুল করিম

**১৩. সমাজবিজ্ঞান পাঠের মাধ্যমে—**
i. সামাজিক সংহতি বৃদ্ধি করা যায়
ii. সামাজিক পরিকল্পনা প্রণয়ন করা যায়
iii. সামাজিক সচেতনতা বৃদ্ধি করা যায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
আখতার তার পাঠ্যবইয়ে এমন একটি সভ্যতা সম্পর্কে অধ্যয়ন করছে, যা ভারতবর্ষের মধ্যে অত্যন্ত প্রাচীন। এ সভ্যতায় ছোট-বড় রাস্তা, রাস্তায় সড়ক বাতি, পরিকল্পিত সুয়ারেজ ব্যবস্থা, একতলা-দোতলা বাড়ির অস্তিত্ব খুঁজে পাওয়া যায়।

**১৪. উদ্দীপকে কোন সভ্যতার কথা বলা হয়েছে?**
K মিশরীয় L চৈনিক
M ব্যাবিলনীয় N সিন্ধু

**১৫. এ সভ্যতার বৈশিষ্ট্য হচ্ছে—**
i. নগরভিত্তিক
ii. শক্তিশালী প্রশাসনিক কাঠামোর উপস্থিতি
iii. সামাজিক স্তরবিন্যাস লক্ষণীয় নয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৬. লিখিত ভাষার আবিষ্কার হয় কোন যুগে?**
K প্রাচীন প্রস্তর L তাম্র ও ব্রোঞ্জ
M নব্যপ্রস্তর N লৌহ

**১৭. সোমপুর বিহার কোন প্রত্নতাত্ত্বিক স্থানের নিদর্শন?**
K ময়নামতি L সিন্ধু সভ্যতা
M পাহাড়পুর N মহাস্থানগড়

**১৮. প্রত্নতত্ত্বের কল্যাণে—**
i. সমাজ বিবর্তনের ধারণা পাওয়া যায়
ii. ধর্মীয় অনুভূতির পরিচয় জানা যায়
iii. অর্থনৈতিক কার্যাবলির ধারণা মেলে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
সানু এমন একটি সমাজে বসবাস করে যেখানে বিয়ের পর পুরুষরা কনের মা-বাবার বাড়িতে চলে যায়। আবার জমিজমার মালিকানাও নারীরা উপভোগ করে।

**১৯. উদ্দীপকের বর্ণনায় কোন নৃগোষ্ঠীর সাথে মিল খুঁজে পাওয়া যায়?**
K গারো L চাকমা
M সাঁওতাল N মণিপুরি

**২০. কোনটি মণিপুরিদের ভাষা?**
K আরাকান L মান্দি M মৈতে N অস্ট্রিক

■ **উদ্দীপকটি পড়ে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
'ক' অঞ্চলটি 'খ' অঞ্চলের শাসকদের অত্যাচারে অতিষ্ঠ। শাসকরা 'ক' অঞ্চলের মানুষের মুখের ভাষা কেড়ে নিতে চায়। এতে মানুষ বিদ্রোহ করে। এ আন্দোলনই পরবর্তীতে 'ক' অঞ্চলের স্বাধীনতার পথ প্রশস্ত করে।

**২১. উদ্দীপকের ঘটনাটি বাংলাদেশের কোন ঐতিহাসিক ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ?**
K ৬ দফা আন্দোলন
L ৫২'র ভাষা আন্দোলন
M ৬৯'এর গণআন্দোলন
N ৭১' এর মুক্তিযুদ্ধ

**২২. উদ্দীপকের বর্ণনায় বাংলাদেশের—**
i. অভ্যুদয়ের ইতিহাসের মিল খুঁজে পাওয়া যায়
ii. মানুষের শোষণ-নিপীড়নের কথা ফুটে উঠেছে
iii. শুধুমাত্র সামাজিক ইতিহাস ফুটে উঠেছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২৩. কোনটি ৭০'এর নির্বাচনের গুরুত্ব?**
K পশ্চিম পাকিস্তানের প্রতি সমর্থন
L পাকিস্তানের অখণ্ডতা মেনে নেয়া
M বাঙালি জাতীয়তাবাদের উন্মেষ
N পূর্ব পাকিস্তানের রাজনৈতিক পরাজয়

**২৪. আইয়ুব খানের পতন ঘটে কখন?**
K ১৯৫৮ সালে L ১৯৬২ সালে
M ১৯৬৬ সালে N ১৯৬৯ সালে

**২৫. ছয় দফা কে উত্থাপন করেন?**
K বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
L মওলানা আবদুল হামিদ খান ভাসানী
M হোসেন শহীদ সোহরাওয়ার্দী
N শের-ই-বাংলা এ. কে. ফজলুল হক

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
শফি মিয়ার নিজের কোনো জমি নেই। তিনি অন্যের জমিতে দৈনিক কাজ করেন। তার ছেলে শহরে কষ্ট করে পড়াশুনা শেষ করেছে। গ্রামে এসে সে লোকজনদের সংগঠিত করে তাদের অবস্থার উন্নয়নে নেতৃত্ব দিতে চায়।

**২৬. উদ্দীপকে শফি মিয়া কী ধরনের কৃষক?**
K ধনী L বর্গাচাষি
M প্রান্তিক N দিনমজুর

**২৭. উদ্দীপকের আলোকে কোনটি সঠিক?**
K শিক্ষা ক্ষমতা কাঠামোর প্রভাবক
L ভূমিহীন কৃষক পরিবারে শিক্ষা নেই
M নেতৃত্ব সর্বদা ভূমির মালিকানানির্ভর
N শিক্ষার সাথে পেশিশক্তি জড়িত

**২৮. গ্রামীণ ও শহরে সমাজের পার্থক্যের প্রধান ক্ষেত্র কোনটি?**
K ধর্ম L পরিবার M পেশা N রাজনীতি

**২৯. মধ্যবিত্ত শ্রেণি কারা?**
K শিল্পপতি L অধ্যাপক
M শ্রমিক N রাজনীতিবিদ

**৩০. যৌথ পরিবার ভাঙনের কারণ হচ্ছে—**
i. কলকারখানার অগ্রগতি
ii. মূল্যবোধের অবক্ষয়
iii. শিক্ষার সম্প্রসারণ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | K | ৩ | M | ৪ | N | ৫ | N | ৬ | M | ৭ | K | ৮ | N | ৯ | K | ১০ | K | ১১ | L | ১২ | N | ১৩ | N | ১৪ | N | ১৫ | K |
| ১৬ | L | ১৭ | M | ১৮ | N | ১৯ | K | ২০ | M | ২১ | L | ২২ | K | ২৩ | M | ২৪ | N | ২৫ | K | ২৬ | N | ২৭ | K | ২৮ | M | ২৯ | L | ৩০ | L |

# ৬ ✓ সকল বোর্ড ২০২১

## সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. আদাম কী?**
K মৌজা L গ্রাম
M পাড়া N সার্কেল

**২. মনিপুরীরা বাংলাদেশের কোন অঞ্চলে বসবাস করে?**
K সিলেট L শেরপুর
M বগুড়া N বান্দরবান

**৩. সাঁওতালদের ক্ষেত্রে কোনটি সঠিক?**
K এদের ভাষার নাম মৈতে
L এরা মাতৃতান্ত্রিক
M এদের কোনো বর্ণমালা বা লিপি নেই
N আদাম এদের সংগঠন

**৪. নৃগোষ্ঠী স্বতন্ত্র কেন?**
K এদের ধর্ম এক
L এদের সংস্কৃতি ভিন্ন
M তাদের একই পূর্বপুরুষ
N তাদের ভাষা অভিন্ন

**৫. সাংসারেক বলতে বোঝায়—**
i. ঐতিহ্যবাহী ধর্ম
ii. বিশেষ ধর্মীয় বিশ্বাস
iii. রাজনৈতিক আদর্শ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
রুমি পাহাড়ি এলাকায় একটি জনগোষ্ঠীর সাথে বসবাস করে তাদের জীবনযাপন পর্যবেক্ষণ করে। সেখানকার সার্কেলপ্রধান রাজার সাথে সে দেখা করে কিছু তথ্য সংগ্রহ করে। পরবর্তীতে রুমি তার অভিজ্ঞতার প্রেক্ষিতে একটি গবেষণা প্রতিবেদন তৈরি করে।

**৬. উদ্দীপকে কোন নৃগোষ্ঠীর প্রতি ইঙ্গিত করা হয়েছে?**
K খাসিয়া L চাকমা
M মারমা N গারো

**৭. রুমির কর্মকাণ্ড সমাজবিজ্ঞান পাঠের কোন প্রয়োজনীয়তাকে নির্দেশ করে?**
K সামাজিক সমস্যার গভীরতা অনুসন্ধান
L নৃগোষ্ঠীদের সামাজিক জীবন জানা
M সামাজিক পরিবর্তন অনুধাবন করা
N নৃগোষ্ঠীদের বিচ্যুতি সম্পর্কে জানা

**৮. সাঁওতালদের গ্রামপ্রধানকে কী বলে?**
K মাঝি L মারাংবুরো
M ইতুত N আদাম

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
ঘটনা-১ : ভাষার দাবিতে সংগ্রাম
ঘটনা-২ : নির্বাচন
ঘটনা-৩ : ৬টি দাবিসম্বলিত কর্মসূচি
ঘটনা-৪ : তীব্র গণআন্দোলন
ঘটনা-৫ : নির্বাচন
ঘটনা-৬ : মুক্তিযুদ্ধ

**৯. উদ্দীপকের ঘটনাসমূহ কী নির্দেশ করে?**
K সামরিক শাসনের প্রয়োজনীয়তা
L পাকিস্তানিদের শাসন শোষণ
M বাঙালি জাতীয়তাবাদের বিকাশ
N নির্বাচনের প্রয়োজনীয়তা

**১০. ঘটনা-১ থেকে ৬-এর আলোকে কোনটি সঠিক?**
K ঘটনা-৫ সাম্প্রদায়িক রাজনীতির বিকাশ ঘটায়
L ঘটনা-২ মহান মুক্তিযুদ্ধের প্রেরণা দিন
M ঘটনা-১ হচ্ছে সর্বশেষ ঘটনার প্রেরণা
N ঘটনা-৪ একটি বিচ্ছিন্ন সামাজিক ঘটনা

**১১. "ছয় দফা আমাদের বাঁচা মরার দাবি"— উক্তিটি কার?**
K বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
L হোসেন শহীদ সোহরাওয়ার্দী
M মওলানা আবদুল হামিদ খান ভাসানী
N মাওলানা আবদুর রশীদ তর্কবাগীশ

**১২. ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের লক্ষ্য কী ছিল?**
K সামরিক আমলাতন্ত্র মেনে নেওয়া
L বিরাজমান বৈষম্য দূরীকরণ
M সামরিক আইনের বাস্তবায়ন
N স্বায়ত্তশাসন মেনে না নেওয়া

**১৩. ১৯৭০ সালের সাধারণ নির্বাচন কত তারিখে অনুষ্ঠিত হয়?**
K ৫ অক্টোবর L ৪ অক্টোবর
M ৭ ডিসেম্বর N ১৬ ডিসেম্বর

**১৪. পূর্ব ও পশ্চিম পাকিস্তানের বৈষম্যের ক্ষেত্র ছিল—**
i. প্রাদেশিক ব্যয়
ii. শিল্পায়ন
iii. কৃষি উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৫. বিজু কী?**
K মারমাদের ভাষা L গারোদের উৎসব
M রাখাইনদের ভাষা N চাকমাদের উৎসব

**১৬. গ্রামীণ সমাজকে সনাতন বলা হয় কেন?**
K জীবনযাত্রার বৈচিত্র্য বেশি বলে
L সেখানে সামাজিক গতিশীলতা বেশি
M ঐতিহ্যবাহী রীতিনীতিতে গ্রামবাসী অভ্যস্ত
N শহরের সাথে গ্রামের ব্যাপক যোগাযোগ

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
'ক' অঞ্চলের অধিকাংশ লোক জমি চাষাবাদ করে। কয়েক পুরুষ ধরে আত্মীয়-স্বজন নিয়ে এক বাড়িতে বসবাস করে। তারা কঠোরভাবে ধর্মীয় অনুশাসন মেনে চলে। বর্তমানে এই 'ক' অঞ্চলের মানুষ "খ" অঞ্চলের কলকারখানায় কাজ করার উদ্দেশ্যে সেখানে গিয়ে বসবাস করতে শুরু করেছে।

**১৭. উদ্দীপকে 'ক' অঞ্চলে কোন বৈশিষ্ট্যটি লক্ষ করা যায়?**
K অকৃষি পেশার জনগোষ্ঠী
L দুর্বল ধর্মীয় সংহতি
M পেশার নানামুখী বৈচিত্র্য
N যৌথ বা বর্ধিত পরিবার প্রথা

**১৮. উদ্দীপকের পরিস্থিতিতে কী ঘটতে পারে?**
K 'ক' অঞ্চলে সামাজিক অসমতা হ্রাস পাবে
L 'খ' অঞ্চলে কৃষি উৎপাদন বৃদ্ধি পাবে
M 'খ' অঞ্চলে পেশাগত বৈচিত্র্য দেখা দিবে
N 'ক' ও 'খ' অঞ্চলে জনসংখ্যার ভারসাম্য হবে

**১৯. শহরে কী ধরনের পরিবার বেশি দেখা যায়?**
K যৌথ L বর্ধিত M একক N মাতৃসূত্রীয়

**২০. বাংলাদেশের এক নম্বর জাতীয় সমস্যা কোনটি?**
K জনসংখ্যাধিক্য L দারিদ্র্য
M মাদকাসক্তি N নিরক্ষরতা

■ **উদ্দীপকটি পড়ে ২১নং প্রশ্নের উত্তর দাও :**
উচ্চশিক্ষিত 'ক' কে তার পিতা-মাতা লক্ষ করে যে, সে বেশ কিছুদিন যাবৎ উদাসীন ও অস্বাভাবিক আচার-আচরণ করে। ইদানীং তাকে পাড়ার কিছু বখাটে ছেলের সাথে মেলামেশা করতে দেখা যায়। মা-বাবার কাছ থেকে বিভিন্ন অজুহাতে সে টাকা-পয়সা নেয়। তার মা লক্ষ করে যে, 'ক'-এর শরীর ক্রমান্বয়ে খারাপ হয়ে যাচ্ছে।

**২১. উদ্দীপকে কোন সামাজিক সমস্যাকে নির্দেশ করছে?**
K নিরক্ষরতা L দরিদ্রতা
M মাদকাসক্তি N যৌতুক প্রথা

**২২. সামাজিক সমস্যার ক্ষেত্রে কোনটি সঠিক?**
K এটি সাধারণ পরিস্থিতি
L স্বাভাবিক উন্নয়নের প্রতিবন্ধক
M কখনই নিরাময়যোগ্য নয়
N ইতিবাচক প্রভাব ফেলে

■ **উদ্দীপকটি পড়ে ২৩নং প্রশ্নের উত্তর দাও :**
অঞ্চলটিতে ইদানিং বন্যা, খরা, নদীভাঙন, ভূমিতে লবণাক্ততা বৃদ্ধি পাচ্ছে। মানুষ তাদের কৃষি পেশা ত্যাগ করছে। উৎপাদন হ্রাস পাচ্ছে এবং দরিদ্রতা বৃদ্ধি পাওয়ায় শিক্ষাও ব্যাহত হচ্ছে।

**২৩. উদ্দীপকে বর্ণিত সামাজিক সমস্যাসমূহের মূল কারণ কোনটি?**
K দরিদ্রতা L নিরক্ষরতা
M জলবায়ু পরিবর্তন N বেকারত্ব

**২৪. শব্দ দূষণের প্রভাব কোনটি?**
K বধিরতা L দুর্ভিক্ষ
M তাপমাত্রা বৃদ্ধি N মরুকরণ

**২৫. জাতিসংঘ বার্ধক্যের নির্দেশক হিসেবে কোন বয়সসীমাকে নির্দেশ করেছে?**
K ৪৫ + L ৬০ + M ৬৫ + N ৭০ +

**২৬. কখন ঢাকা বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞান বিভাগ চালু হয়?**
K ১৯৫৬-১৯৫৭ শিক্ষাবর্ষে
L ১৯৫৭-১৯৫৮ শিক্ষাবর্ষে
M ১৯৬৪-১৯৬৫ শিক্ষাবর্ষে
N ১৯৮০-১৯৮১ শিক্ষাবর্ষে

**২৭. "বাংলাদেশ সামাজিক নৃবিজ্ঞানীদের স্বর্গ"— উক্তিটি কার?**
K এফ আর খান L অজিত কুমার সেন
M লেভী স্ট্রস N ডিডি কোসাম্বী

**২৮. সমাজবিজ্ঞান পাঠের মাধ্যমে জানা যায়—**
i. অপরাধপ্রবণতার কারণ
ii. বিচ্যুতির প্রকৃতি
iii. সমাজের মৌল উদ্দেশ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
দেশ বিভাগের পূর্বে বাংলাদেশে প্রতিষ্ঠিত উচ্চশিক্ষার এ প্রতিষ্ঠানের মধ্য দিয়ে সমাজবিজ্ঞান চর্চার পথ সুগম হয়। তার পর অনেক সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক ঘটনা সমাজব্যবস্থায় নাড়া দেয়। সৃষ্টি হয় নানান সমস্যার। এ বিষয়টি এসব সমস্যা সমাধানের চেষ্টা করে।

**২৯. উদ্দীপকে কোন ঘটনাটির প্রতি ইঙ্গিত করা হয়েছে?**
K ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা
L ১৯৪৭-এর দেশবিভাগ
M ১৮৫৭ সালের সিপাহি বিদ্রোহ
N ১৭৮৯ সালের 'ফরাসি বিপ্লব'

**৩০. উদ্দীপকে বর্ণিত বিষয়বস্তুর আলোকে বলা যায়—**
i. সমাজ পরিবর্তনশীল
ii. সামাজিক সমস্যা সমাজ বহির্ভূত
iii. সামাজিক সমস্যার সমাধান সম্ভব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | K | ৩ | M | ৪ | L | ৫ | K | ৬ | L | ৭ | L | ৮ | K | ৯ | M | ১০ | L | ১১ | K | ১২ | N | ১৩ | M | ১৪ | K | ১৫ | N |
| ১৬ | M | ১৭ | N | ১৮ | M | ১৯ | M | ২০ | K | ২১ | M | ২২ | L | ২৩ | M | ২৪ | K | ২৫ | L | ২৬ | L | ২৭ | M | ২৮ | N | ২৯ | K | ৩০ | L |

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

## ৭ বিএএফ শাহীন কলেজ, কুর্মিটোলা, ঢাকা

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ সম্প্রতি সমাজবিজ্ঞানীরা এক গবেষণার সমীক্ষায় গবেষকরা প্রমাণ করেছেন যে সড়ক দুর্ঘটনার ক্ষেত্রে ৪০% দায়ী হলো পথচারীরা। এই প্রেক্ষিতে ঢাকা কলেজের সমাজবিজ্ঞান বিভাগের ছাত্ররা এক প্রচারাভিযান কর্মসূচি গ্রহণ করে। ঢাকা কলেজের সামনের রাস্তায় তারা পথচারীদের পারাপারে করণীয় দিকগুলো সম্পর্কে অবহিত করে।

ক. কত সালে বাংলাদেশে সমাজবিজ্ঞান শিক্ষা ও গবেষণা শুরু হয়? ১
খ. বাংলাদেশে কীভাবে সমাজবিজ্ঞান চর্চার পটভূমিতে নির্মিত হয়? ২
গ. উদ্দীপকের সমাজবিজ্ঞান অধ্যয়নের গুরুত্বের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয় ছাড়া সমাজবিজ্ঞান অধ্যয়নের আরও যেসব গুরুত্ব রয়েছে তা যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

২ ▶ মিনহাজ সাহেব একটি আন্তর্জাতিক এনজিওতে চাকরি করেন। চাকরির সুবাদে তিনি আফ্রিকার একটি দেশ ভ্রমণ করেন। সেখানে তিনি বনের পাশে একজন মানুষকে নিজেদের ভূমিতে চাষাবাদ করতে দেখেন। জানতে পারলেন তারা ফসল উৎপাদনের পাশাপাশি পাথরের তৈরি সরু হাতিয়ার দিয়ে বন থেকে শিকার করেন এবং ফলমূলও সংগ্রহ করেন। তাদের দেখে মিনহাজ সাহেবের ছাত্র অবস্থায় সমাজবিজ্ঞানে পড়া একটি প্রত্নতাত্ত্বিক যুগের কথা মনে পড়ে গেল।

ক. সিন্ধু সভ্যতার পতন ঘটেছিল কাদের হাতে? ১
খ. নব্য প্রস্তর যুগের মানুষ বিভিন্ন কুসংস্কারে বিশ্বাস করত ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মিনহাজ সাহেবের দেখা বিষয়টি কোন প্রত্নতাত্ত্বিক যুগের সাথে সাদৃশ্যপূর্ণ? তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উক্ত যুগের নানা অবদান বর্তমান যুগকে সমৃদ্ধ করেছে? বিশ্লেষণ কর। ৪

৩ ▶ শোভন ও শিমুল দুই বন্ধু খুবই আন্তরিক। কিন্তু তাদের পারিবারিক অবস্থা একেবারেই ভিন্ন। শোভন ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্য। তারা উত্তরাঞ্চলের বাসিন্দা এবং অস্ট্রালয়েড নরগোষ্ঠীর অন্তর্ভুক্ত। বাবার মৃত্যুর পর ভাইয়েরা বাবার সম্পত্তির মালিক হয়। তাদের কথা বলার নিজস্ব ভাষা আছে। বাংলাদেশের মধ্যঅঞ্চলের একটি জেলায় বাস করে ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্য শিমুলের পরিবার। মায়ের মৃত্যুর পর সকল সম্পত্তির মালিক হয় শিমুল। তাদের নৃগোষ্ঠীর অধিকাংশই ধর্মান্তরিত।

ক. থাসিয়ারা কোথায় বসবাস করে? ১
খ. চাকমাদের সামাজিক সংগঠনের বর্ণনা দাও। ২
গ. উদ্দীপকে শোভন বাংলাদেশের কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্য? ব্যাখ্যা কর। ৩
ঘ. শিমুল কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্য? তাদের নৃগোষ্ঠীর উত্তরাধিকার নীতি বিশ্লেষণ কর। ৪

৪ ▶ পাহাড় অরণ্য ও হ্রদের জেলা রাঙ্গামাটি প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করতে যান তান্নি ও তার বন্ধু। সেখানে লেকের উপর ঝুলন্ত সেতুটি পার হওয়ার সময় তিনি বলেন এখানকার স্থানীয় অধিবাসীদের সাথে চীনা মঙ্গোলীয়দের যথেষ্ট মিল রয়েছে। উচ্চতা মাঝারি থেকে বেঁটে। গড়নেও এরা বেশ শক্তিশালী। তিন পার্বত্য জেলার মধ্যে রাঙামাটিতে এরা বেশি বাস করে। বিকালে বিহারে গিয়ে দেখেন বুদ্ধ মন্দিরে প্রদীপ জ্বেলে ফুল দিয়ে ও খাদ্য দিয়ে পূজা করছে স্থানীয় ক্ষুদ্রনৃগোষ্ঠীর লোকেরা।

ক. মনিপুরী মেয়েদের কি পোশাক পরতে দেখা যায়? ১
খ. মনিপুরীদের অর্থনৈতিক কার্যক্রম সম্পর্কে লেখ। ২
গ. উদ্দীপকে তান্নির দেখা স্থানীয় নৃগোষ্ঠী কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীকে নির্দেশ করছে ব্যাখ্যা কর। ৩
ঘ. বর্তমানে উক্ত ক্ষুদ্র নৃগোষ্ঠী সমাজে যেসব পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে তা বিশ্লেষণ কর। ৪

৫ ▶ দক্ষিণ সুদানের তেল, গ্যাস ও কয়লা সম্পদ থেকে অর্জিত আয়ের বৃহৎ অংশ উত্তর সুদানের রাস্তাঘাট নির্মাণ ও উন্নয়নে ব্যয় হতো। রাষ্ট্রীয় কাজে দক্ষিণ সুদানের জাতিগোষ্ঠীর লোকজন সহজে নিয়োগ পেত না। এতে উত্তর ও দক্ষিণ সুদানের জাতিগুলোর মধ্যে পারস্পরিক অবিশ্বাসের জন্ম দেয়। এরই ধারাবাহিকতায় রক্তক্ষয়ী যুদ্ধ বাঁধে। যুদ্ধ বন্ধ করতে শান্তি চুক্তি স্বাক্ষরিত হয় এবং সর্বশেষ গণভোট অনুষ্ঠিত হয়। গণভোটের রায় মেনে সাবেক সুদান ভেঙে দক্ষিণ সুদান নামে একটি স্বাধীন রাষ্ট্রের জন্ম হয়।

ক. কত সালে মুজিবুর রহমানকে বঙ্গবন্ধু উপাধিতে ভূষিত করা হয়? ১
খ. বাঙালি জাতীয়তাবাদ ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. কোন ধরনের বৈষম্য দক্ষিণ সুদানের মত তৎকালীন পূর্ব পাকিস্তানের জনগণকে রক্তক্ষয়ী স্বাধীনতা যুদ্ধের দিকে ঠেলে দেয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে দক্ষিণ সুদানের তুলনায় বাংলাদেশের জনগণের শ্রেষ্ঠত্ব মূল্যায়ন কর। ৪

৬ ▶ তিনি এমন একজন নেতা যার সাথে ১৯৫২, ১৯৫৪, ১৯৬৬, ১৯৭০, ১৯৭১ সাল প্রত্যক্ষভাবে জড়িত। বাংলাদেশের মানুষ এখনো তাকে শ্রদ্ধাভরে স্মরণ করে এবং অবিসংবাদিত নেতা মনে করে।

ক. তমদ্দুন মজলিস কী? ১
খ. ভাষা আন্দোলনের সূচনা কীভাবে হয় ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন নেতার কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত নেতা বাঙালি জাতির পথপ্রদর্শক— তুমি কি একমত? মতামত দাও। ৪

৭ ▶ মনজুর শেখ স্বনামধন্য মাতব্বর। মেহেরপুরে তার অনেক জমিজমা আছে। প্রত্যন্ত এলাকায় বাস করলেও তিনি সন্তান-সন্ততিদের উচ্চশিক্ষায় শিক্ষিত করেছেন। তার বড় ছেলে জাহিদ ঢাকায় একটি গার্মেন্টস ফ্যাক্টরির মালিক।

ক. প্রান্তিক কৃষক কারা? ১
খ. ক্ষমতার ভিত্তিতে নগর সমাজের সামাজিক স্তরগুলো কী কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মনজুর শেখের সামাজিক অবস্থানের ভিত্তিতে কোন সমাজের সামাজিক স্তরবিন্যাসের রূপ ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের জাহিদ সাহেব যে সমাজের প্রতিনিধিত্ব করেন, তার সাথে মনজুর শেখের সমাজের পার্থক্য তুলে ধর। ৪

৮ ▶ শিবলু দেশের নামকরা একটি বিশ্ববিদ্যালয় থেকে এমএ পাস করেছে পাঁচ বছর আগে। তার ইচ্ছা ছিল বিসিএস-এর মাধ্যমে সরকারি উচ্চ পদে চাকরি করবে। সুযোগ থাকা সত্ত্বেও সে বেসরকারি চাকরিতে যোগদান করেনি। আজ এতদিনের চেষ্টায় সে সরকারি চাকরি না পেয়ে হতাশায় নিমজ্জিত হয়েছে এবং মাদকাসক্ত হয়ে পড়েছে।

ক. শব্দ দূষণ বলতে কী বোঝ? ১
খ. যৌতুকের অন্যতম একটি কারণ হলো নারীর পরনির্ভরশীলতা বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে শিবলুর বর্তমান অবস্থাকে কী বেকারত্ব হিসেবে দেখা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. শিবলুর মাদকাসক্তির পিছনে কি বেকারত্ব নাকি অন্য কোন প্রভাবক কাজ করতে পারে বলে মনে হয়? মতামত বিশ্লেষণ কর। ৪

৯ ▶ কলেজে ভর্তি হয়ে একাদশ শ্রেণির ছাত্র সুমনের নতুন নতুন বন্ধু জোটে। একদিন কলেজ থেকে বাসায় ফেরার পথে পাড়ার বড় ভাইও বন্ধুবান্ধবের প্ররোচনায় মাদক গ্রহণ করে। সেই থেকে কলেজ ফাঁকি দিয়ে পাড়ার গোপন আস্তানায় সুমনের নিয়মিত যাতায়াত। তার বাবা-মা যখন বিষয়টি জানতে পারেন ততক্ষণে অনেক দেরি হয়ে গেছে।

ক. নিরক্ষরতা কাকে বলে? ১
খ. মৌসুমি বেকারত্ব বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে সুমনের মাদকাসক্তির কারণ কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের পরিস্থিতি থেকে উত্তরণে তুমি কী কী সুপারিশ করবে? সুচিন্তিত মতামত দাও। ৪

১০ ▶ মিথিলা তার বাবা-মার সাথে নানাবাড়িতে বেড়াতে যায়। বাড়ির পাশেই ঐতিহাসিক পানাম নগর। শীতলক্ষ্যা নদীর তীরে অবস্থিত চারশত বছর প্রাচীন নগরীর ধ্বংসাবশেষ দেখে মিথিলা রোমাঞ্চিত হয়। সারি সারি ছোট-বড় ভগ্নপ্রায় অট্টালিকা, সুপ্রশস্ত রাস্তা, সড়ক বাতি, এসেম্বলি হল, স্নানাগার, সুরম্য প্রাসাদের সাথে মিথিলা অন্য একটি সভ্যতার মিল খুঁজে পায়।

ক. নবোপলীয় বিপ্লব বলতে কী বোঝ? ১
খ. ময়নামতির প্রাকৃতিক নিদর্শনে কোন ধর্মের প্রভাব পরিলক্ষিত হয়? ২
গ. উদ্দীপকের পানাম নগরের সাথে তোমার পঠিত কোন সভ্যতার সাদৃশ্য রয়েছে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রত্নতাত্ত্বিক নিদর্শনসমূহের সমাজ ঐতিহাসিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

১১ ▶ সামাজিক বিজ্ঞান অনুষদের কেন্দ্রীয় বিষয়টি ১৯২৫-১৯২৬ শিক্ষাবর্ষে দর্শন ও নীতিশাস্ত্রের সাথে এবং পরে রাষ্ট্রবিজ্ঞানের সাথে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পঠন-পাঠন শুরু হয়। আনুষ্ঠানিকভাবে পরবর্তীতে ১৯৫৭-১৯৫৮ শিক্ষাবর্ষে একটি স্বতন্ত্র বিষয় হিসেবে যাত্রা শুরু করে। বর্তমানে বিষয়টি মানবিক বিভাগের প্রধান আকর্ষণীয় বিষয় হিসেবে প্রতিষ্ঠা পেয়েছে।

ক. কখন রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠন করা হয়? ১
খ. বাংলাদেশের ইতিহাসে ১৯৬৯ সাল গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত বিষয়টি কী? বাংলাদেশের প্রেক্ষিতে বিষয়টির পঠন-পাঠনের প্রয়োজনীয়তা ও গুরুত্ব পাঠের আলোকে বর্ণনা কর। ৩
ঘ. বাংলাদেশে বিষয়টি পঠন-পাঠনে কোন মনীষীর ভূমিকা সবচেয়ে বেশি বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

## ৮ সবুজবাগ সরকারি কলেজ, ঢাকা

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র ▸ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ "করোনা মহামারী কালে বাংলাদেশের মানুষের জীবনযাত্রার সর্বক্ষেত্রে যেমন, অর্থনৈতিক খাত থেকে শুরু করে শিক্ষা, ধর্ম, সরকারব্যবস্থা, মানসিক স্বাস্থ্য ইত্যাদিতে করোনার প্রভাব ছিল ভয়াবহ"। রিমা এ বিষয়গুলোর সাথে সম্পর্কিত সমাজব্যবস্থাকে বৈজ্ঞানিক দৃষ্টিকোণ থেকে অধ্যয়ন করতে চায় এবং দেশের সামাজিক নীতি নির্ধারণে ভূমিকা রাখতে চায়। ফলে সে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমন একটি বিভাগে পড়তে আগ্রহী হয়, যেটি ইউনেস্কোর সহযোগিতায় একটি স্বতন্ত্র বিভাগ হিসেবে ১৯৫৭-৫৮ সাল থেকে যাত্রা শুরু করে।

ক. কোন ফরাসি সামাজিক নৃবিজ্ঞানী বাংলাদেশে সামাজিক বিজ্ঞানের পঠন-পাঠনের সম্ভাব্যতা যাচাই করতে আসেন? ১
খ. অধ্যাপক নাজমুল করিমকে বাংলাদেশের সমাজবিজ্ঞানের জনক বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে রিমা যে বিষয়টি পড়তে চাচ্ছে তার বিকাশধারা ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপকের বিষয় আলোচনায় সমাজবিজ্ঞান পাঠের প্রয়োজনীয়তা রয়েছে'– মতামত দাও। ৪

২ ▸ শ্যামলপুর ও কমলগঞ্জ একটি রাষ্ট্রের দুটি অঞ্চল। দুটি অঞ্চলের সব অধিবাসী মুসলিম হলেও তাদের জীবন ধারায় পার্থক্য সুস্পষ্ট। শ্যামলপুরে উৎপাদিত পণ্য বিদেশে রপ্তানি করে যে অর্থ উপার্জিত হয় তার সবটাই কমলগঞ্জের অবকাঠামোগত উন্নয়নে ব্যয় হয়। এমনকি ব্যাংক-বিমাসহ গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ কমলগঞ্জে গড়ে ওঠে। চাকরিতে নিয়োগের ক্ষেত্রে কমলগঞ্জের মানুষকে অগ্রাধিকার দেওয়া হয়। এমতাবস্থায় শ্যামলপুরের বঞ্চিত জনগোষ্ঠী এক সময় বিক্ষুব্ধ হয়ে স্বাধিকারের দাবি জানায়।

ক. লাহোর প্রস্তাব পেশ করেন কে? ১
খ. জাতীয়তাবাদ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে বর্ণিত শ্যামলপুর ও কমলগঞ্জের মধ্যকার বৈষম্যের সাথে বাংলাদেশের ইতিহাসের কোন বৈষম্যের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের পিছনে উদ্দীপকের অনুরূপ পরিস্থিতি চালিকাশক্তি হিসেবে প্রেরণা যুগিয়েছিল'– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৩ ▸ দৃশ্যপট-১ : ক নামক একটি দেশের দুটি অংশের মধ্যে দুই হাজার কিলোমিটারের ভৌগোলিক দূরত্ব। ধর্মের ভিত্তিতে সৃষ্ট দেশটির মানুষের জীবনধারায় মিল থাকলেও দেশ বিভাগের অব্যবহিত পরে দুটি অংশের মধ্যে বৈষম্য প্রবল হতে থাকে। জাতীয় আয়ের সিংহভাগ পূর্বাঞ্চল হতে আসতে থাকলেও পশ্চিমাঞ্চলের শাসকগোষ্ঠী তা নিজেদের উন্নয়নে ব্যয় করতে থাকে।
দৃশ্যপট-২ : ১৯৭১ সালের ৭ মার্চ ঘোষণা করা হয়, "এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।"

ক. ছয় দফা কত সালে উত্থাপন করা হয়? ১
খ. বাঙালি জাতীয়তাবাদ বলতে কী বোঝ? ২
গ. দৃশ্যপট-১ বাংলাদেশের কোন ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যপট-২ কীভাবে বাঙালি জাতিকে স্বাধীনতা সংগ্রামে উদ্বুদ্ধ করে? বিশ্লেষণ কর। ৪

৪ ▸ মতিন সাহেব একজন ধনী কৃষক এবং এক দশক যাবৎ ইউনিয়ন পরিষদের সদস্য। গ্রামের বিচারব্যবস্থা তৃণমূল পর্যায়ে মানুষের সাথে সম্পর্ক রাখেন। তার ছেলে শাহেদ ঢাকায় পড়ালেখার জন্য যায়। বর্তমানে সে একজন আইনজীবী এবং একটি 'ল' ফার্মের মালিক।

ক. সমাজকাঠামোর চাবিকাঠি কোনটি? ১
খ. শহরের সমাজের দ্রুত পরিবর্তন সূচিত হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. মতিন সাহেবের অবস্থানের ভিত্তিতে কোন সমাজের সামাজিক স্তরবিন্যাসের রূপ ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের শাহেদের সাথে মতিন সাহেবের সমাজের পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৫ ▸ বন্ধুদের এক আড্ডায় আনিস সহপাঠী শাহিনের সাথে শ্রেণির পাঠ নিয়ে বিতর্কে জড়িয়ে পড়ল। আনিসের মতে, ব্রোঞ্জ যুগের আগে লৌহ যুগের সূচনা হয় এবং আধুনিক সভ্যতার বিকাশে সবচেয়ে বেশি অবদান লৌহ যুগের। শাহিন এ বক্তব্যেও বিরোধিতা করে মতামত দিল যে, লৌহ যুগের আগে ব্রোঞ্জ যুগের শুরু এবং আধুনিক সমাজ ও সভ্যতার বিকাশধারার সূচনা হয় ব্রোঞ্জ যুগে।

ক. সোমপুর বিহার কোথায় অবস্থিত? ১
খ. নবোপলীয় বিপ্লব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের যুগ ধারাবাহিকতার ক্ষেত্রে আনিস ও শাহিনের বক্তব্যের কোনটিকে তুমি সঠিক মনে কর? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'আধুনিক সভ্যতার উন্মেষে উদ্দীপকে উল্লিখিত ধাতু দুটির অবদান অনস্বীকার্য'– বিশ্লেষণ কর। ৪

৬ ▸ রবি দাস তার জীবিকার প্রয়োজনে হাস-মুরগি, গরু-ছাগল লালন-পালন করে। এর পাশাপাশি তার নিজস্ব জমিতে ধান, গম, ভুট্টাসহ বিভিন্ন ফসল উৎপাদন করে থাকে। এটাই তার পেশা। তার স্ত্রী সংসারের কাজের ফাঁকে স্বামী ও সন্তানের মঙ্গল কামনায় বিভিন্ন দেবতার উপাসনা করে থাকে যা তার তার কাছে খুবই পছন্দের কাজ।

ক. চাকার আবিষ্কার হয় কোন যুগে? ১
খ. ময়নামতি প্রত্নতাত্ত্বিক নিদর্শনে কোন ধর্মের প্রভাব পরিলক্ষিত হয়? বুঝিয়ে বল। ২
গ. উদ্দীপকে রবি দাসের স্ত্রীর পছন্দের কাজটির সাথে সিন্ধু সভ্যতার সমাজজীবনের কোন দিকটির মিল লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'রবি দাসের পেশা সিন্ধু সভ্যতার অর্থনৈতিক ব্যবস্থারই প্রতিচ্ছবি'– তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি তুলে ধর। ৪

৭ ▸ বাংলাদেশের উত্তরাঞ্চলে একটি আদি-অস্ট্রিক ক্ষুদ্র নৃগোষ্ঠীর বাস। এদের ঐতিহ্যবাহী নৃত্যগীত ঝুমুর। পূজা-পার্বণে তারা নৃত্যগীতের আয়োজন করে। প্রাচীনকালে এরা তীর-ধনুক দিয়ে শিকার করত। বর্তমানে এরা দিনমজুর ও কৃষিজীবী।

ক. বৈসাবি কী? ১
খ. নৃগোষ্ঠী বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত নৃগোষ্ঠীর দৈহিক বৈশিষ্ট্য ও সমাজ সংগঠন বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের নৃগোষ্ঠীর পারিবারিক ও সাংস্কৃতিক জীবনধারা পর্যালোচনা কর। ৪

৮ ▸ একটি গবেষণায় দেখা গিয়েছেন বাসাবো বালুর মাঠের আশপাশে বসবাসকারীদের মধ্যে শ্বাসকষ্টের হার বৃদ্ধি পাচ্ছে। এক্ষেত্রে অত্র এলাকার অনেকেই অপরিকল্পিত স্থাপনা এবং রাস্তাঘাটের নির্মাণ/সংস্কার এর কারণে সৃষ্ট ধুলাবালি, যত্রতত্র ময়লা আবর্জনার উপস্থিতি এবং ফিটনেস ছাড়া চলাচলকারী যানবাহনের ধোঁয়াকে দায়ী করেন।

ক. শব্দ দূষণ কী? ১
খ. যৌন নিপীড়ন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের উক্ত স্থানে কোন পরিবেশগত সমস্যার চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সমস্যা প্রতিরোধ ও নিয়ন্ত্রণের জন্য তোমার সুচিন্তিত মতামত বিশ্লেষণ কর। ৪

৯ ▸ বখাটেদের উৎপাতের কারণে শান্তার উচ্চমাধ্যমিক পড়াশুনা শেষ হয়নি। শান্তা শহরে এসে গার্মেন্টস এ চাকরি নেয়। কিন্তু কর্মস্থলে এবং যানবাহনে তাকে মেয়ে হিসেবে বিভিন্ন নিপীড়নের শিকার হতে হচ্ছে। শান্তা পুরো সমাজের উপরেই আস্থাহীন হয়ে যাচ্ছে এবং ক্রমেই মানসিক ভারসাম্য হারাচ্ছে।

ক. ছদ্ম বেকারত্ব (Disguised Unemployment) কী? ১
খ. সামাজিক সমস্যা বলতে কী বোঝায়? ২
গ. শান্তা যে ধরনের সমস্যার মুখোমুখি হচ্ছে তার পেছনে সমাজের কোন কোন উপাদান দায়ী? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সামাজিক সমস্যা নিরসনের জন্য কী কী ধরনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে বলে তুমি মনে কর? উত্তরের স্বপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

১০ ▸ রহিম মিয়ার বয়স ৮০। সন্তানেরা নিজেদের মতো ব্যস্ত থাকায় রহিম মিয়ার একাকী জীবনধারণ কঠিন হয়ে যাচ্ছে। একদিন বাসের টিকিট কাটার লাইনে দুই ঘণ্টা দাঁড়িয়ে তিনি অসুস্থ হয়ে পড়লেন। একজন বলে উঠলেন "বুড়ো মিয়া"কে ডাক্তারের কাছে পাঠান। কথাটি রহিম মিয়াকে আরও অসহায় করে তুলল।

ক. কোন জনসংখ্যাকে প্রবীণ হিসেবে বিবেচনা করা হয়? ১
খ. জঙ্গীবাদ বলতে কী বোঝায়? ২
গ. রহিম মিয়া যে সমস্যার মুখোমুখি হয়েছেন তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সমস্যা নিরসনের জন্য কী ধরনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে বলে তুমি মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

১১ ▸ "জজিরা" গ্রামের দুস্থ মহিলারা সরকারি একটি প্রকল্প থেকে সাহায্য হিসেবে সেলাই মেশিন এবং বিভিন্ন কর্মমুখী প্রশিক্ষণ পাচ্ছেন। সম্প্রতি একটি এনজিও ঐ গ্রামে একই মহিলাদের জন্য ঋণ বিতরণ কার্যক্রম শুরু করতে যাচ্ছে। অথচ পাশের গ্রামের দুঃস্থ মহিলাদের জন্য এধরনের কোনো উদ্যোগ সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠান থেকে নেওয়া হয়নি।

ক. 'বাংলাদেশ পল্লি উন্নয়ন একাডেমি (বোর্ড)-এর প্রতিষ্ঠাতা পরিচালক কে ছিলেন? ১
খ. প্রচলিত উন্নয়ন ধারণা এবং সামাজিক উন্নয়ন ধারণার মধ্যে মূল পার্থক্য বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের সমস্যাটি দূরীকরণের জন্য কোন বিষয়টিকে গুরুত্ব দেওয়া প্রয়োজন? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, সামাজিক উন্নয়নের ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠান এবং বেসরকারি প্রতিষ্ঠান (এনজিও) একে অন্যকে সাহায্য করতে পারে? তোমার মতামতের সপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

## ৯ সাতক্ষীরা সরকারি মহিলা কলেজ

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ ১৯২১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। ১৯৫৮ সালে জনাব এমন একটি বিভাগের চেয়ারম্যান হন, যা পূর্বে দর্শন ও রাষ্ট্রবিজ্ঞানের কিছু বিষয়বস্তু পড়ানো হতো। পরবর্তীতে এটা বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আলাদা বিভাগ হিসেবে বিভিন্ন সময়ে আত্মপ্রকাশ করে।

ক. সমাজবিজ্ঞান কী বিজ্ঞান হিসেবে স্বীকৃত? ১
খ. সমাজবিজ্ঞান একটি মূল্যবোধ নিরপেক্ষ বিজ্ঞান বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে কোন বিজ্ঞানের কথা বলা হয়েছে? রাজশাহী বিশ্ববিদ্যালয়ে এর ভূমিকা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের জনাব এর অবদান মূল্যয়ন কর। ৪

২ ▶ বাংলাদেশের ইতিহাসে নিম্নের সালগুলো গুরুত্বপূর্ণ (১৯৫২-১৯৫৪-১৯৬৬-১৯৬৯-১৯৭১)

ক. দ্বিজাতি তত্ত্ব কী? ১
খ. ২১ ফেব্রুয়ারীকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণা দেয় কোন সংস্থা এবং কেন? ২
গ. উদ্দীপকে কোন সালটিতে গণঅভ্যুত্থান সংঘটিত হয়? এর উদ্দেশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে কোন সালের আন্দোলনটিতে সফলভাবে বাঙালির জাতীয়তাবাদের বীজ রোপিত হয়েছিল? বিশ্লেষণ কর। ৪

৩ ▶ যতদিন রবে পদ্মা, যমুনা, গৌরি বহমান; ততদিন কীর্তি তোমার...।

ক. লাহোর প্রস্তাব গৃহীত হয় কোন সালে? ১
খ. জাতীয়তাবাদ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের লাইন দুটি যে মহান নেতাকে ইঙ্গিত করেছে, ভাষা আন্দোলনে তার কোথায় অবদান ছিল? বুঝিয়ে লেখ। ৩
ঘ. 'বাংলাদেশের মুক্তিযুদ্ধে উক্ত নেতার ভূমিকা ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ'— বক্তব্যটি মূল্যায়ন কর। ৪

৪ ▶ পরিমল ভৌমিক রাঙামাটির বাসিন্দা। তার গায়ের রং সুন্দর এবং ফর্সা, মুখমণ্ডল গোলাকার, ওষ্ঠাধর পাতলা, নাক চ্যাপ্টা এবং দাড়ি গোঁফ কম। তার স্বাস্থ্য সুগঠিত এবং উচ্চতা প্রায় ৫"-৬"। সে গ্রামকে আদাম বলে। তাদের সমাজে বিদ্যমান সংগঠনগুলোর মধ্যে ক্ষুদ্রতম সংগঠন হলো পরিবার।

ক. ক্ষুদ্র নৃগোষ্ঠীগুলো বাংলাদেশে প্রধান কয়টি অঞ্চলে বাস করে? ১
খ. ক্ষুদ্র নৃগোষ্ঠী বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর পরিচয় ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত ক্ষুদ্র নৃগোষ্ঠীর বাড়িঘর ও বিবাহ রীতি বিশ্লেষণ কর। ৪

৫ ▶ গার্মেন্টস শ্রমিক মাজেদ আলী দিনরাত পরিশ্রম করেও সামান্য মজুরি পায়। এ মজুরিতে তার পরিবারের ভরণপোষণ করা খুবই কষ্টকর। তার কারখানায় তৈরিকৃত ছোট বাচ্চাদের সুন্দর জামাকাপড় কেনান সামর্থ্য তার নেই। যে জিনিসটা সে তৈরি করে সেই জিনিসটিই সে কিনতে বা ব্যবহার করতে পারে না। বিষয়টি তাকে ব্যথিত করে এবং সে কাজে মনোযোগ হারিয়ে ফেলে। সহকারীদের সাথে আলোচনায় সে কাজ ছেড়ে দেওয়ার ইচ্ছা পোষণ করলে সহকর্মী শ্রমিকরা মালিকের বিরুদ্ধে আন্দোলনের প্রস্তাব করে। এরই প্রেক্ষিতে আন্দোলনের কর্মসূচি ঘোষিত হয় এবং আন্দোলন একসময় সহিংসতায় রূপ নেয়।

ক. শ্রেণিসংগ্রাম তত্ত্ব কে প্রদান করেছেন? ১
খ. ঐতিহাসিক বস্তুবাদে সমাজের কয়টি স্তরের কথা বলা হয়েছে ও কী কী? ২
গ. "পুঁজিবাদ হচ্ছে একটি বৈষম্যমূলক আর্থসামাজিক ব্যবস্থা"— কীভাবে? ৩
ঘ. আব্দুল মাজেদ কেন, কীভাবে ক্রমশ বিচ্ছিন্নতাবোধে আক্রান্ত হলো? ব্যাখ্যা কর। ৪

৬ ▶ ১৯৫৭ খ্রি.-১৯৬৯ খ্রি.-১৯৭০ খ্রি.-১৯৯২ খ্রি.

ক. বাংলাদেশে সামাজবিজ্ঞানের প্রতিষ্ঠাতা কে? ১
খ. যেকোনো পরিকল্পনা প্রণয়নে সামাজবিজ্ঞানের জ্ঞান জরুরি— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রথম সালটি কীভাবে সমাজবিজ্ঞানের বিষয়ের সাথে সম্পৃক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের নির্দেশিত সালগুলো বাংলাদেশে সমাজবিজ্ঞান পঠন-পাঠনের ক্রমবিকাশকেই নির্দেশ করেছে; তুমি কি একমত? মূল্যায়ন কর। ৪

৭ ▶ ১৯৭১ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়
১৯৫৪ সালে পাঞ্জাব বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়
১৯৫৭ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়
?

ক. সমাজবিজ্ঞান কি বিজ্ঞান হিসেবে স্বীকৃত? ১
খ. লেভি স্ট্রস সম্পর্কে যা জানো লেখ? ২
গ. উদ্দীপকে (?) স্থানে কোন বিজ্ঞানের প্রতিষ্ঠার কথা বলা হয়েছে? বাংলাদেশের তার পটভূমি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিজ্ঞান পাঠের প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

৮ ▶ 'ক' ও 'খ' দুই বন্ধু। 'ক' ঢাকা বিশ্ববিদ্যালয়ে যে বিষয়ে লেখাপড়া করে তা সামাজিক সম্পর্ক, কার্যাবলি ও ঘটনা নিয়ে আলোচনা করে। 'খ'-এর বিষয়টি রাষ্ট্র, সংবিধান ও নাগরিকের অধিকার নিয়ে বিশদ আলোচনা করে।

ক. সমাজবিজ্ঞানের সংজ্ঞা দাও। ১
খ. 'সমাজবিজ্ঞান একটি মূল্যবোধ নিরপেক্ষ বিজ্ঞান' ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'ক'-এর অধীত বিষয় কোনটি? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে 'খ'-এর অধীত বিষয়টি 'ক'-এর অধীত বিষয়কে সমৃদ্ধ করেছে— তুমি কি একমত? ব্যাখ্যা কর। ৪

৯ ▶ হাসান ও রাফি ঢাকায় থাকে। তাদের মা-বাবা একটি বেসরকারি সংস্থায় কাজ করে। তাদের অবসর কাটে কম্পিউটার গেমস খেলে এবং টেলিভিশন দেখে। টেলিভিশনের একটি নাটকে তারা নৌকায় চড়ে মানুষকে নদী পারাপার হতে দেখে, লাঙল-গরু দিয়ে চাষাবাদ করতে দেখে এবং ঢেঁকিতে ধান ভাঙার দৃশ্য দেখে অবাক হয়।

ক. Primitive Culture গ্রন্থটির লেখক কে? ১
খ. সংস্কৃতির ব্যবধান বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে বাংলাদেশে কোন সমাজ সংস্কৃতির চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপকে উল্লিখিত পরিবারের সংখ্যা বাংলাদেশে ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে'— এর কারণ বিশ্লেষণ কর। ৪

১০ ▶ আমরা এমন নেতার কথা বলতে চাই, যার সাথে ১৯৫৪, ১৯৫৮, ১৯৬৬, ১৯৭০, ১৯৭১ সাল প্রত্যক্ষভাবে জড়িত এবং যার জন্ম না হলে বাংলাদেশ সৃষ্টি হতো না।

ক. শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করা হয় কখন? ১
খ. শিক্ষা আন্দোলন কী? ২
গ. উদ্দীপকে কোন নেতার কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত নেতা বাঙালি জাতির পথপ্রদর্শক— তুমি কি একমত মতামত দাও। ৪

১১ ▶ বাংলাদেশের অন্যতম নৃগোষ্ঠী যাদের বসবাস সিলেট বিভাগের বিভিন্ন জেলায় খালাছাই ও মৈতেই দুটি গোত্রে বিভক্ত। এ নৃগোষ্ঠীর লোকেরা বিশ্বাস করে যে নৃত্য সৃষ্টিকর্তার সন্তুষ্ট করে এবং ফলশ্রুতিতে সাফল্য বয়ে আনে। তাদের তৈরি তাতজাত বস্ত্র খুবই নামকরা।

ক. বাংলাদেশের সমাজবিজ্ঞান বিকাশ জাতিসংঘের কোন প্রতিষ্ঠানের অবদান আছে? ১
খ. প্রত্নতত্ত্ব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন নৃগোষ্ঠীর বৈশিষ্ট্য চিত্রিত হয়েছে এবং তাদের ধর্মবিশ্বাস সম্পর্কে তোমার ধারণা কী? ৩
ঘ. উদ্দীপকে যে নৃগোষ্ঠীর বর্ণনা দেওয়া হয়েছে তাদের বিবাহ রীতির সাথে বাঙালিদের বিবাহরীতির কী মিল বা অমিল খুঁজে পাও? ব্যাখ্যা কর। ৪

## ১০ ✓ কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ লুবনা উচ্চ মাধ্যমিক সমাপ্ত করে ঢাকা বিশ্ববিদ্যালয়ে যে বিষয়ে ভর্তি হয় সেটির আনুষ্ঠানিক সূচনা হয় ১৮৩৯ সালে। পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিষয়টি সর্বপ্রথম একজন বাঙালি পণ্ডিতের হাত ধরে একটি স্বতন্ত্র বিভাগ হিসেবে প্রতিষ্ঠিত হয়। লুবনা বন্ধু রুমি বলে, "উক্ত বিষয়টি বাংলাদেশের সামাজিক সমস্যা এবং এর প্রতিকার নিয়ে বিশদ আলোচনা করে থাকে।"

ক. 'অর্থশাস্ত্র' গ্রন্থটির রচয়িতা কে? ১
খ. আইন-ই-আকবরীর মৌলিক ধারণা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন বিষয়টির প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে রুমির বক্তব্যের মূল্যায়ন কর। ৪

২ ▶ কলেজের ছাত্রছাত্রীরা শিক্ষা সফরে বাংলাদেশের বরেন্দ্র অঞ্চলের প্রত্নতাত্ত্বিক একটি স্থানে বেড়াতে এসেছে। এটি একটি প্রাচীন জনপদ ছিল। একসময় এখানে ধর্মশিক্ষাকে কেন্দ্র করে সুউচ্চ আবাসিক মন্দির গড়ে উঠেছিল। রাজার কন্যা যেখানে স্নান করত সেখানে একটি স্নানঘাটও রয়েছে। শিক্ষার্থীরা এগুলো দেখে বিস্মিত হয়।

ক. প্রত্নতত্ত্ব কী? ১
খ. লৌহ যুগ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন প্রত্নতাত্ত্বিক স্থানের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত প্রত্নতাত্ত্বিক নিদর্শনসমূহের গুরুত্ব মূল্যায়ন কর। ৪

৩ ▶ দৃশ্যকল্প-১ : মৌসুমি একটি বইয়ে কিছু ছবি দেখতে পায় যেখানে মানুষ নুড়ি পাথর ব্যবহার করে বিভিন্ন হাতিয়ার তৈরি করে শিকার করত। তারা আবার তীর-ধনুক ব্যবহারও করত। কিছু মানুষকে আবার গুহাতে বসবাস করতেও দেখা যায়।

দৃশ্যকল্প-২ : সুমন টিভিতে প্রচারিত এমন একটি যুগের তথ্যচিত্র দেখে যেখানে মানুষকে প্রথম কৃষিকাজ করতে দেখা যায়। একইসাথে তারা আবার পশুপালন শুরু করে। চাকার আবিষ্কার করে তারা সভ্যতার মোড়কেই ঘুরিয়ে দেয়।

ক. প্রাগৈতিহাসিক যুগ কী? ১
খ. লিখিত ভাষার গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যকল্প-১ এ কোন প্রত্নতাত্ত্বিক যুগের উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ বর্ণিত যুগের তাৎপর্য ব্যাপক– বিশ্লেষণ কর। ৪

৪ ▶ সাথী তার পাঠ্যপুস্তকে এমন একটি নৃগোষ্ঠীর কথা পড়ছে যারা বাংলাদেশের সর্ববৃহৎ এবং তারা পার্বত্য অঞ্চলে বসবাস করে। বৌদ্ধধর্মের অনুসারী এই নৃগোষ্ঠীরা বিবাহরীতিতে সাথীর সমাজের তুলনায় যথেষ্ট ভিন্ন। বিষয়টি সাথীকে বেশ আকৃষ্ট করে। সাথী আরও কিছু নৃগোষ্ঠী সম্পর্কে তথ্য সংগ্রহ করে প্রত্যেকের সমাজব্যবস্থায় ভিন্নতা লক্ষ করে।

ক. ক্ষুদ্র নৃগোষ্ঠী বলতে কী বোঝ? ১
খ. 'জুমচাষ' কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে কোন নৃগোষ্ঠীর কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে উল্লিখিত নৃগোষ্ঠীর সাথে অন্যান্য নৃগোষ্ঠীর পার্থক্য মূলত সংস্কৃতিগত" তুমি কি একমত? ব্যাখ্যা কর। ৪

৫ ▶ দৃশ্যকল্প- ১ :

| | | | |
|---|---|---|---|
| ১৯৪৭ | ১৯৫২ | ১৯৬৬ | ১৯৭১ |

দৃশ্যকল্প- ২ : গ্রামের অত্যাচারী মহাজন দরিদ্র কৃষকদেরকে চড়াসুদে ঋণ নিতে বাধ্য করে। নানা ভাবে সে কৃষকদেরকে দিয়ে কাজ করিয়ে নেয়। গ্রামের মানুষের কোনো উন্নতি না করে তিনি শহরে সম্পদ পাচার করছেন। আর শহরে নিজের জন্য কল-কারখানা, অট্টালিকা তৈরি করে। গ্রামে কোনো ভালো শিক্ষা প্রতিষ্ঠান পর্যন্ত নেই। ক্রমান্বয়ে শোষণের এ মাত্রা বৃদ্ধি পেলে একসময় গ্রামের মানুষ প্রতিবাদী হয়।

ক. জাতীয়তাবাদ কী? ১
খ. 'ছয় দফা হলো বাঙালির মুক্তির সনদ' কথাটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের দৃশ্যকল্প-১ বাংলাদেশ রাষ্ট্রের উৎপত্তির সাথে কীভাবে সম্পর্কিত ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের দৃশ্যকল্প-২ এর বর্ণনায় বাংলাদেশের মুক্তিযুদ্ধের আর্থ-সামাজিক পটভূমির মিল খুঁজে পাওয়া যায়" – যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৬ ▶ সৈয়দ সাহেবকে গ্রামের মানুষ সমীহ করে। তার অনেক জমিজমা রয়েছে। নিজে এগুলো চাষাবাদ করেন না। বর্গা দিয়ে রাখেন। তার ছেলে শফিক ঢাকায় থাকে। সেখানে তার নিজের দুটি বাড়ি আছে এবং গার্মেন্টসের ব্যবসা আছে।

ক. প্রান্তিক কৃষকের সংজ্ঞা দাও। ১
খ. ভূমিহীন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে সৈয়দ সাহেবের ক্ষেত্রে কোন ধরনের সামাজিক স্তরবিন্যাসের রূপ ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপকে বর্ণিত শফিকের সামাজিক অবস্থানের ভিত্তি তার বাবার চাইতে পৃথক' কথাটি ব্যাখ্যা কর। ৪

৭ ▶ জনপদটিতে লোকসংখ্যা খুবই কম। নিজেরা শস্য চাষাবাদ করতে পারে। আর এজন্য লাঙল, নিড়ানি, ব্যবহার করে বাড়িঘর জমির পাশেই তৈরি করেছে। অবসরে তারা গানবাজনা করে। কেউ কেউ আবার মুখে মুখে কাহিনিও বলে থাকে। বর্তমানে টিভি, ইন্টারনেট, মোবাইল ফোন ইত্যাদির কারণে এসব কর্মকাণ্ডে ধীরে ধীরে পরিবর্তন আসছে।

ক. মাতব্বর কারা? ১
খ. মধ্যবিত্ত বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের বর্ণনায় কোন সমাজের প্রকৃতি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বর্ণনায় পরিবর্তনের ধারণা প্রস্ফুটিত হয়েছে– বিশ্লেষণ কর। ৪

৮ ▶ কেস স্টাডি-১ : মেধাবী ছেলে রফিক (ছদ্মনাম) শহরে উচ্চশিক্ষায় গমন করে। সেখানে তারই সমবয়সি কিছু ছেলেমেয়েদের সাথে মিশে। এদের মধ্যে কেউ কেউ বিভিন্ন নেশাজাতীয় জিনিস গ্রহণ করে। এদের বেশির ভাগই ধনী ঘরের সন্তান। রফিক প্রথম প্রথম উপেক্ষা করলেও একসময় সেও তাতে জড়িয়ে পড়ে। রফিকের পরিবর্তন দেখে তার পিতা-মাতা চিন্তিত হন।

কেস স্টাডি-২ : অফিসের কাজে সুমি এবং চয়ন সমান দক্ষ। কিন্তু চয়নকে অফিস যেভাবে মূল্যায়ন করে সুমিকে সেভাবে করে না। ফলে সুমির মধ্যে অনীহা কাজ করে। সে বিষয়টি নিয়ে অন্যান্য নারী সহকর্মীদের সাথে আলোচনা করে। সবাই মনে করে বিষয়টির পরিবর্তন হওয়ার একমাত্র উপায় নারীদের কর্মক্ষেত্রে আরও বেশি এগিয়ে আসা।

ক. বেকারত্ব কী? ১
খ. কর্মক্ষেত্রে নারীর নিরাপত্তা ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কেস স্টাডি-১-এ মাদকাসক্তের কোন কারণটি ক্রিয়াশীল? ব্যাখ্যা কর। ৩
ঘ. কেস স্টাডি-২-এর সমস্যা সমাধানের পন্থা কতটুকু যৌক্তিক বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

৯ ▶ শিল্প কলকারখানার বিষাক্ত ধোঁয়া আজ এলাকাটির পরিবেশ দূষিত করছে। মানুষের শ্বাসকষ্ট, এ্যাজমা ইত্যাদি বৃদ্ধি পাচ্ছে। তাপমাত্রা অস্বাভাবিকভাবে বৃদ্ধি পাচ্ছে। গত কয়েক বছর ধরে আবার এই অঞ্চলে আকস্মিক বন্যা আর নদীভাঙ্গন দেখা যায়। অনেক মানুষ বাড়িঘর হারিয়ে এখন শহরমুখী হচ্ছে।

ক. জঙ্গিবাদ কী? ১
খ. শব্দ দূষণের সামাজিক প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন ধরনের পরিবেশ দূষণের প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বর্ণনায় জলবায়ু পরিবর্তনের প্রভাব স্পষ্ট। তুমি কি একমত? বিশ্লেষণ কর। ৪

১০ ▶ বাসে, ট্রেনে, বাজারে সর্বত্র শুধু মানুষ আর মানুষ। বিশ্ববিদ্যালয় ভর্তি কিংবা চাকরির পরীক্ষা সর্বত্রই ব্যাপক লোকসমাগম। ফলে জমির পরিমাণ যেমন কমছে তেমনি যানবাহনে দুর্ঘটনাও বৃদ্ধি পাচ্ছে। এসব পরিস্থিতি বিবেচনায় রবিন সিদ্ধান্ত নিয়েছে লেখাপড়া শেষ করে সে উদ্যোক্তা হয়ে আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করবে।

ক. সামাজিক সমস্যা কী? ১
খ. নিরক্ষরতার সামাজিক প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন ধরনের সামাজিক সমস্যার প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত রবিনের সিদ্ধান্ত অন্তত একটি সামাজিক সমস্যার সমাধানে ভূমিকা পালন করতে পারে– বিশ্লেষণ কর। ৪

১১ ▶ জমিলা আক্তার গ্রামের একটি সংস্থা থেকে কিছু টাকা নিয়ে একটি সেলাই মেশিন কিনেন। তা দিয়ে তিনি প্রথমে নিজেই গ্রামের মানুষের জামাকাপড় সেলাই করে দিয়ে সপ্তাহের কিস্তি পরিশোধ করে এখন আরও কয়েকটি সেলাই মেশিন কিনে গ্রামের কিছু অসহায় মহিলার কর্মসংস্থানের ব্যবস্থা করেন। জমিলার অবস্থা দেখে অনেকেই এখন এরকম টাকা ধার নিয়ে হাঁস-মুরগি পালন, সেলাই ইত্যাদি কাজ করছে।

ক. উন্নয়ন কাকে বলে? ১
খ. স্বনির্ভর আন্দোলন প্রত্যয়টি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বেসরকারি সংস্থার কোন ভূমিকাটির কথা উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের পরিস্থিতি সামাজিক উন্নয়ন বান্ধব– উক্তিটি মূল্যায়ন কর। ৪

## ১১ চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ সখিপুর একটি প্রত্যন্ত গ্রাম। অধিকাংশ মানুষই লিখতে ও পড়তে পারে না। শিশু-কিশোরদের অনেকেই স্কুলে যায় না। সনাতন পদ্ধতিতে চাষাবাদের কারণে কৃষকদের ভাগ্যের পরিবর্তন হয় না। অসুখ-বিসুখে লোকজন ঝাঁড়ফুক ও তাবিজ-কবজের আশ্রয় নেয়। গ্রামটির নবনির্বাচিত জনপ্রতিনিধি শাকিল এ অবস্থা থেকে উত্তরণের জন্য কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেছে।

ক. বাংলাদেশের সমাজবিজ্ঞানের প্রতিষ্ঠাতা কে? ১
খ. 'অতীতের ধ্বংসাবশেষ সম্পর্কিত পাঠ' বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে কোন সামাজিক সমস্যাটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের এলাকাটির উন্নয়নে সমাজবিজ্ঞানের জ্ঞান সহায়ক হবে'— বিশ্লেষণ কর। ৪

২ ▸ আমাজনের জঙ্গলে বসবাসকারী 'ক' নামক জনগোষ্ঠী পাথরে পাথর ঘষে আগুন আবিষ্কার করে। বনের পশুশিকার, ফলমূল সংগ্রহ এবং নদীনালা থেকে মাছ শিকার করে তারা জীবিকা নির্বাহ করে। আমাজনের অন্যপ্রান্তে বসবাসকারী 'খ' নামক জনগোষ্ঠীর মেয়েরা লক্ষ করে, তাদের ফেলে দেওয়া বীজ থেকে চারা গাছ জন্ম নিয়েছে। এভাবে তারা কৃষির সূচনা করে।

ক. প্রস্তর যুগ কী? ১
খ. আধুনিক সভ্যতার বিকাশে লৌহের ভূমিকা কী? ২
গ. উদ্দীপকে 'ক' নামক জনগোষ্ঠীর জীবনধারা কোন প্রত্নতাত্ত্বিক যুগকে প্রতিনিধিত্ব করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের 'খ' নামক জনগোষ্ঠীর আবিষ্কার তাদের সমাজে বৈপ্লবিক পরিবর্তন আনবে— উক্তিটি ব্যাখ্যা কর। ৪

৩ ▸ কৃষক রহিম মিয়া পৈত্রিক সূত্রে যেটুকু জমি পেয়েছেন তা চাষাবাদ করেই তিন ছেলেকে লেখাপড়া শিখিয়েছেন। বর্তমানে তার বড় দুই ছেলে শহরে চাকরি করে। স্ত্রী-সন্তানসহ তারা শহরেই বসবাস করে। ছোট ছেলে অনিক লেখাপড়া শেষ করে গ্রামেই ব্যবসায় বাণিজ্য করে এখন বেশ সচ্ছল। বিগত ইউপি নির্বাচনে সে বিপুল ভোটে জয়ী হয়ে চেয়ারম্যান নির্বাচিত হয়েছে। গ্রামের মানুষজন এমন শিক্ষিত ও পরিশ্রমী তরুণকে চেয়ারম্যান হিসেবে পেয়ে উচ্ছ্বসিত।

ক. গ্রামীণ সমাজ কী? ১
খ. নগর সমাজে অণুপরিবার বেশি দেখা যায় কেন? ২
গ. গ্রাম সমাজের স্তরবিন্যাসে উদ্দীপকের রহিম মিয়ার অবস্থান ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের গ্রামটির ক্ষমতাকাঠামোয় পরিবর্তন স্পষ্ট— ব্যাখ্যা কর। ৪

৪ ▸ একাদশ শ্রেণির ছাত্র তৌসিফের বাবা প্রবাসে চাকরি করেন। তারা তিন ভাইবোন মায়ের সাথে শহরে বসবাস করে। পড়াশুনার চেয়ে সে মোবাইলেই বেশি সময় ব্যয় করে। মায়ের বারণ সত্ত্বেও সে কিছু বখাটে বন্ধুবান্ধবের সাথে মেলামেশা অব্যাহত রাখে। একসময় সে মাদকাসক্ত হয়ে পুলিশের হাতে ধরা পড়ে।

ক. বেকারত্ব কী? ১
খ. জনসংখ্যা বৃদ্ধির ধর্মীয় কারণ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে তৌসিফের মাদকাসক্তির কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে সমস্যা মোকাবিলার উপায় নির্দেশ কর। ৪

৫ ▸ লিমা বাংলাদেশের দুটি ক্ষুদ্র নৃগোষ্ঠীর জীবনধারা অধ্যয়ন করে তাদের বিশেষ কিছু বৈশিষ্ট্য চিহ্নিত করেছে যা নিম্নরূপ—

ক্ষুদ্র নৃগোষ্ঠী-১ : সিলেট অঞ্চলে বসবাস-মৈথেয়ী ভাষায় কথা বলে—বিশেষ ধরনের নৃত্যের জন্য বিখ্যাত।

ক্ষুদ্র নৃগোষ্ঠী-২ : ময়মনসিংহ অঞ্চলে বসবাস-মান্দি ভাষায় কথা বলে- সম্পত্তি মা থেকে ছোট কন্যা পায়।

ক. চাকমা জনগোষ্ঠী প্রধানত কোন জেলায় বসবাস করে? ১
খ. 'ক্ষুদ্র নৃগোষ্ঠীসমূহ স্বতন্ত্র সংস্কৃতির অধিকারী'— বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের ক্ষুদ্র নৃগোষ্ঠী-১-এর পরিচয় দাও। ৩
ঘ. 'ক্ষুদ্র নৃগোষ্ঠী-২-এর পরিবার ও বিবাহ ব্যবস্থা অন্যদের চেয়ে পৃথক'— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৬ ▸ শিক্ষাসফরের অংশ হিসেবে এহসান একটি প্রাচীন সভ্যতার ধ্বংসাবশেষ পরিদর্শন করে প্রতিবেদন তৈরি করে। প্রতিবেদনে সুবৃহৎ প্রাসাদ, সুপ্রশস্ত রাস্তা, পয়ঃপ্রণালি ব্যবস্থা, ডাস্টবিন, সড়কবাতি, শস্যাগার, স্নানাগার ইত্যাদির ধ্বংসাবশেষ ও নিদর্শনের বিস্তারিত বর্ণনা তুলে ধরে।

ক. ময়নামতি কোথায় অবস্থিত? ১
খ. প্রাচীন মুদ্রার সমাজ ঐতিহাসিক তাৎপর্য কী? ২
গ. উদ্দীপকে কোন প্রাচীন সভ্যতার কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপকের সমাজটিতে উন্নত নগর পরিকল্পনার সুস্পষ্ট চাপ বিদ্যমান'— ব্যাখ্যা কর। ৪

৭ ▸ সদ্য স্বাধীন একটি দেশের দুটি অংশের মধ্যে হাজার মাইলের দূরত্ব। উন্নয়ন খাতে ব্যয়, শিক্ষাদীক্ষা, শিল্পায়ন, সরকারি চাকরিতে নিয়োগ ইত্যাদি সকল ক্ষেত্রে পশ্চিম অংশ কর্তৃক পূর্ব অংশকে পরিকল্পিতভাবে বঞ্চিত করা হয়। পূর্ব অংশের অবিসংবাদিত নেতা এসব বঞ্চনার অবসান ও আর্থসামাজিক মুক্তির লক্ষ্যে স্বায়ত্তশাসনের দাবি উত্থাপন করেন।

ক. যুক্তফ্রন্ট কী? ১
খ. ৭ই মার্চের ভাষণের তাৎপর্য কী? ২
গ. উদ্দীপকে পশ্চিম অংশের আচরণ বাংলাদেশের কোন ঐতিহাসিক ঘটনার সাথে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের ইতিহাসের প্রেক্ষাপটে পূর্ব অংশের নেতার দাবির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৮ ▸ সিদ্দিক সাহেব স্বল্প বেতনের চাকরি করে সন্তানদের লেখাপড়া শিখিয়েছেন। বর্তমানে তিনি অসুস্থ স্ত্রীকে নিয়ে গ্রামে বসবাস করেন। নিজেও প্রায়ই অসুস্থ থাকেন। বিপদে-আপদে সহযোগিতা করার মতো আপনজন কেউ নেই। সন্তানরা নিজ নিজ স্ত্রী-সন্তান নিয়ে শহরেই বসবাস করেন।

ক. ASA-এর পূর্ণরূপ কী? ১
খ. দারিদ্র্য-বিমোচনে ক্ষুদ্রঋণের ভূমিকা কী? ২
গ. উদ্দীপকে কোন সমস্যাটি বর্ণিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের পরিস্থিতি থেকে উত্তরণের জন্য তুমি কী সুপারিশ করবে? মতামত দাও। ৪

৯ ▸


চিত্র-১


চিত্র-২

ক. সামাজিক উন্নয়ন কী? ১
খ. প্রযুক্তিজনিত বেকারত্ব উদাহরণসহ ব্যাখ্যা কর। ২
গ. চিত্র-১ কোন সমস্যাকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'চিত্র-১ ও চিত্র-২ পরস্পর সম্পর্কিত'— বিশ্লেষণ কর। ৪

১০ ▸ সকালের পত্রিকা খুলেই জামান সাহেবের দুটি উদ্বেগজনক সংবাদের শিরোনাম চোখে পড়ল—

শিরোনাম-১ : ঢাকা পৃথিবীর তৃতীয় দূষিত শহর।

শিরোনাম-২ : ২০৫০ সাল নাগাদ পৃথিবীর গড় তাপমাত্রা ১.৫০ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত বাড়তে পারে।

ক. পরিবেশ দূষণ কী? ১
খ. জঙ্গিবাদের ধারণা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে শিরোনাম-১ কোন সমস্যাকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. শিরোনাম-২ এর সমস্যা মোকাবিলায় করণীয় কী? ব্যাখ্যা কর। ৪

১১ ▸ সড়ক দুর্ঘটনায় স্বামীর মৃত্যু হলে সাজেদা বেগম দুই সন্তান নিয়ে অসহায় হয়ে পড়েন। পরে স্থানীয় 'দিশারী' নামক সংস্থা থেকে ঋণ নিয়ে হাঁসমুরগি লালন-পালন করে স্বাবলম্বী হন। তার গ্রামের আরও বেশকিছু নারী ও যুবক এ সংস্থা থেকে ঋণ নিয়ে নিজেদের আত্মকর্মসংস্থানে নিযুক্ত করেছে।

ক. BRDB-এর পূর্ণরূপ কী? ১
খ. ক্ষুদ্র ঋণের ধারণা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের দিশারী নামক সংস্থাটির ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের সংস্থাটি গ্রামটির সামাজিক উন্নয়নে ভূমিকা রাখবে'— মূল্যায়ন কর। ৪

## ১২ ইস্পাহানি পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ বাংলাদেশে সমাজবিজ্ঞানের একাডেমিক চর্চা শুরু হয় ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৯৫৭ সালে ইউনেস্কোর সহযোগিতায়, ফরাসি সমাজবিজ্ঞানী লেভী স্ট্রসের তত্ত্বাবধানে। বর্তমানে আমাদের সমাজজীবন যতই আধুনিক ও জটিল হচ্ছে ততই সমাজবিজ্ঞান পাঠের প্রয়োজনীয়তা বা গুরুত্ব বৃদ্ধি পাচ্ছে।

ক. 'Changing Society in India, Pakistan and Bangladesh' কার লেখা? ১
খ. সমাজবিজ্ঞান একটি বিশ্লেষণধর্মী বিজ্ঞান– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে বিষয়টির গোড়াপত্তনে বিশ্বসংস্থার ভূমিকা ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশে উক্ত বিষয়টি পাঠের প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

২ ▶ মঙ্গোলীয় নৃগোষ্ঠীভুক্ত পার্বত্য চট্টগ্রামের প্রধান এথনিক সম্প্রদায় এরা বৌদ্ধ ধর্মাবলম্বী লৌকিক গল্পে এরা চম্পকনগরের বাসিন্দা। এদের প্রধান উৎসব নববর্ষের অনুষ্ঠান। রাজবন বিহারের কঠিন চীবর দানোৎসবও বৈশিষ্ট্যপূর্ণ।

ক. বিজু কী? ১
খ. জুম চাষ কী? ২
গ. উদ্দীপকে সম্প্রদায়টির প্রশাসন ও সাংগঠনিক কাঠামো বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে সম্প্রদায়টির পরিবার বিবাহ ও ধর্মীয় জীবন বিশ্লেষণ কর। ৪

৩ ▶ 'ক' দেশটি ধর্মের ভিত্তিতে গঠিত কৃত্রিম রাষ্ট্রের শাসন ও শোষণে বন্দি হয়। একজন মহান নেতা দেশটিকে মুক্ত করার জন্য আন্দোলন শুরু করে এবং ছয় দফা প্রস্তাব উত্থাপন করেন, যাকে জাতির মুক্তির মহাসনদ আখ্যায়িত করা হয়।

ক. লাহোর প্রস্তাব কে উত্থাপন করেন? ১
খ. ১৯৬৯-এর গণঅভ্যুত্থান কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জাতির মুক্তির মহাসনদটি বর্ণনা ও বিশ্লেষণ কর। ৩
ঘ. এদেশের স্বাধীনতা অর্জনে মহাসনদটির গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

৪ ▶ বাঙালি একমাত্র জাতি – মাতৃভাষাকে রাষ্ট্রভাষায় প্রতিষ্ঠিত করার জন্য জীবন দিয়েছে। এ ভাষা আন্দোলনের পথ বয়ে এদেশ স্বাধীনতাপ্রাপ্ত হয়।

ক. দ্বিজাতিতত্ত্ব কী? ১
খ. জাতীয়তাবাদ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে যে আন্দোলনের কথা বলা হয়েছে তার পটভূমি বর্ণনা কর। ৩
ঘ. বাঙালি জাতীয়তাবাদ বিকাশে উক্ত আন্দোলনের গুরুত্ব আলোচনা কর। ৪

৫ ▶


চিত্র-১ : ওয়াংগালা


চিত্র-২ : রাস পূর্ণিমা

ক. নৃগোষ্ঠী Race বলতে কী বোঝায়? ১
খ. ক্ষুদ্র নৃগোষ্ঠী এথনিক সম্প্রদায় কী? ২
গ. চিত্র-১ ক্ষুদ্র নৃগোষ্ঠীর পরিবার ও ধর্মীয় জীবন বর্ণনা কর। ৩
ঘ. চিত্র-২ ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক জীবনধারা আলোচনা কর। ৪

৬ ▶


পাথরের মূর্তি


সীলমোহর


ব্রোঞ্জপাত্র


মহেঞ্জোদারো নগর

ক. সিন্ধু সভ্যতার নির্মাতা কারা? ১
খ. সিন্ধু সভ্যতার অবস্থান উল্লেখ কর। ২
গ. উদ্দীপকে সভ্যতাটির নগর পরিকল্পনা বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে সভ্যতাটির আর্থসামাজিক জীবন পর্যালোচনা কর। ৪

৭ ▶ বাংলাদেশের উত্তরাঞ্চলের আদি অষ্ট্রিক ক্ষুদ্র নৃগোষ্ঠী। এদের ঐতিহ্যবাহী নৃত্যগীত ঝুমুরা পূজা পার্বণে নৃত্যগীতের আয়োজন করে। প্রাচীনকালে এরা তীর-ধনুক দিয়ে শিকার করত। বর্তমানে দিনমজুর ও কৃষিজীবী।

ক. সর্বোচ্চ চাকমা সংগঠন কোনটি? ১
খ. বৈসাবি উৎসব কী? ২
গ. উদ্দীপকে নৃগোষ্ঠীর দৈহিক বৈশিষ্ট্য ও সমাজ সংগঠন বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে নৃগোষ্ঠীর ধর্মসংস্কৃতি জীবনধারা আলোচনা কর। ৪

৮ ▶ সভ্যতার বিকাশে লৌহের আবিষ্কার ও ব্যবহার গুরুত্বপূর্ণ অগ্রগতি। বর্তমান আধুনিক বিশ্বে বিজ্ঞান, প্রযুক্তি শিল্পায়ন নগরায়ণ প্রভৃতির উন্নতির মূলে রয়েছে লৌহের ব্যাপক ব্যবহার। আধুনিক সভ্যতাকে Iron Civilization হিসেবে আখ্যায়িত করা হয়।

ক. Fossil বা জীবাশ্ম কী? ১
খ. নবপলীয় বিপ্লব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে যুগের সাংস্কৃতিক বৈশিষ্ট্য আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে যুগে আধুনিক ভাবধারার বিকাশ বিশ্লেষণ কর। ৪

৯ ▶ শিল্পবিপ্লব → ফরাসি বিপ্লব → ১৯৩৯ অগাষ্ট কোঁত → লেভী স্ট্রস → এ. কে নাজমুল করিম → পেরী বেসাইনি → ঢাকা বিশ্ববিদ্যালয়?

ক. পেরী বেসাইনি Picrre Bassaignct কে ছিলেন? ১
খ. সমাজবিজ্ঞান মূল্যবোধ নিরপেক্ষ বিজ্ঞান– ব্যাখ্যা দাও। ২
গ. উদ্দীপকের বিষয়টি একাডেমিক চর্চার পটভূমি বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকে বিষয়টির বিকাশধারা পর্যালোচনা কর। ৪

১০ ▶


চিত্র-১ : প্রাচীন প্রস্তর যুগ


চিত্র-২ : নব্য প্রস্তর যুগ

ক. প্রত্নতত্ত্ব Archacology কী? ১
খ. ব্রোঞ্জযুগ বলতে কী বোঝায়? ২
গ. চিত্র-১ প্রাগৈতিহাসিক যুগের সাংস্কৃতিক বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩
ঘ. চিত্র-২ যুগের সাংস্কৃতিক অগ্রগতি পর্যালোচনা কর। ৪

## ১৩ পটুয়াখালী সরকারি কলেজ

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ মোস্তফা সাহেব একজন ব্যবসায়ী এবং সমাজবিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর। তার প্রতিষ্ঠিত কারখানায় অনেক লোক কর্মরত রয়েছেন। তিনি ব্যবসায়ের প্রতিটি ক্ষেত্রেই নজর রাখেন। রাজনৈতিক অস্থিতিশীলতা, গ্রাহকের চাহিদা ইত্যাদি বিষয়েও তাকে খেয়াল রাখতে হয় যেন তার ব্যবসায়িক কার্যক্রম পরিচালনায় কোনো বাধা না আসে।

ক. বাংলাদেশে সমাজবিজ্ঞানের জনক বলা হয় কাকে? ১
খ. 'বাংলাদেশে সমাজবিজ্ঞানের যাত্রা শুরুর প্রক্রিয়া মসৃণ নয়'– ব্যাখ্যা কর। ২
গ. ব্যবসায়ের ক্ষেত্রে মোস্তফা সাহেবের সমাজবিজ্ঞানের জ্ঞানের কোন দিকটি তাকে সহায়তা করতে পারে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মোস্তফা সাহেবের ব্যবসায়িক কার্যক্রমকে বাধামুক্ত রাখতে সমাজবিজ্ঞান গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। তুমি কি উক্তিটির সাথে একমত? তোমার মতামত দাও। ৪

২ ▸ রবিন ছোটবেলা থেকেই শহরে বসবাস করছে। বাবার সাথে দাদার বাড়ি গ্রামে বেড়াতে গিয়ে সে দেখল, গ্রামের মানুষরা সহজ-সরল, মিতব্যয়ী, আন্তরিক বিনোদনপ্রিয় ও ধার্মিক। অথচ শহরের মানুষের মধ্যে এর ভিন্নতা লক্ষ করা যায়।

ক. সংস্কৃতির ইংরেজি প্রতিশব্দ 'Culture' শব্দটি প্রথম কে ব্যবহার করেন? ১
খ. সাংস্কৃতিক ব্যবধান বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে বাংলাদেশের গ্রামীণ সংস্কৃতির ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. 'নগর সংস্কৃতি গ্রামীণ সংস্কৃতি থেকে ভিন্ন' – উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৩ ▸ মিথিলা তার বাবা-মায়ের সাথে নানাবাড়ি বেড়াতে যায়। বাড়ির পাশেই ঐতিহাসিক পানাম নগরী। শীতলক্ষ্যা নদীর তীরে অবস্থিত চার শত বছরের প্রাচীন এ নগরের ধ্বংসাবশেষ দেখে মিথিলা রোমাঞ্চিত হয়। সারি সারি ছোটবড় ভগ্নপ্রায় অট্টালিকা, সুপ্রশস্ত রাস্তা, সড়কবাতি, এসেম্বলি হল, স্নানাগার ও সুদৃশ্য প্রাসাদ প্রভৃতি নিদর্শনসমূহের সাথে মিথিলা অন্য একটি সভ্যতার মিল খুঁজে পায়।

ক. কৃষির আবিষ্কার হয় কোন যুগে? ১
খ. লৌহকে আধুনিক সভ্যতার ভিত্তি বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের পানাম নগরীর সাথে তোমার পঠিত কোন সভ্যতার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রত্নতাত্ত্বিক নিদর্শনসমূহের সমাজ–ঐতিহাসিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৪ ▸ গ্রীষ্মের ছুটিতে কল্পনা চাকমা তার বান্ধবী সোমা আপাংদের ময়মনসিংহের বাড়িতে বেড়াতে গিয়ে অবাক হয়ে দেখল যে, পরিবারের সবকিছুই সোমা আপাং এর মায়ের ইচ্ছায় হচ্ছে। আপাংদের সমাজে বিয়েতে পণ বা যৌতুক দেওয়া হয় না।

ক. রাখাইনরা কোন ধর্মাবলম্বী? ১
খ. "সাঁওতালদের জীবিকার প্রধান উপায় কৃষি।" – বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে সোমা আপাং কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'কল্পনা চাকমা ও সোমা আপাংদের সমাজ কাঠামো ভিন্ন ধরনের।' – তুমি কি এ বক্তব্যের সাথে একমত? ৪

৫ ▸ নির্বাচন এলেই বাংলাদেশি বংশোদ্ভূত ব্রিটিশ নাগরিক হাশেম কোরেশী উদ্বিগ্ন হয়ে পড়েন। কারণ বাংলাদেশে জাতীয় রাজনীতির শৃঙ্খলা নষ্ট হয় জাতীয় নির্বাচনের সময়। অথচ অবিভক্ত পাকিস্তানের একটি নির্বাচনে ২৩৭টি মুসলিম আসনের মধ্যে যুক্তফ্রন্ট এককভাবে ২২৩টি আসন লাভ করে, যা প্রদত্ত ভোটের শতকরা প্রায় ৬৪ ভাগ। এ নির্বাচন আমাদের মহান মুক্তিযুদ্ধকে সহজ করে দিয়েছিল। আমাদের ভাষা আন্দোলনের সাথে এ নির্বাচনের সম্পর্ক ওতপ্রোতভাবে জড়িত।

ক. আগরতলা মামলার আসামি সংখ্যা কত ছিল? ১
খ. পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যকার সাংস্কৃতিক বৈষম্যের ব্যাখ্যা দাও। ২
গ. উদ্দীপকে হাশেম কোরেশী যে নির্বাচনের তথ্য প্রদান করেছেন ওই নির্বাচনের ইতিহাস বর্ণনা কর। ৩
ঘ. 'বাঙালি জাতীয়তাবাদের বিকাশধারায় ভাষা আন্দোলনের বেশ অবদান রয়েছে'– হাশেম কোরেশীর তথ্যের আলোকে উক্ত বিষয়টি মূল্যায়ন কর। ৪

৬ ▸ সৈয়দপুর গ্রামের কাদের মিয়া অনেক জমিজমার মালিক। তার জমিতে অনেক বর্গাচাষিও কাজ করে, গ্রামে সবাই তাকে অত্যন্ত সমীহ করে। বিত্তশালী হওয়ায় গ্রামে তার আলাদা দাপটও রয়েছে।

ক. বাংলাদেশের শহর সমাজে ক্ষমতা কয়টি ক্ষেত্রে বণ্টিত হতে দেখা যায়? ১
খ. 'জেন্ডার' ধারণাটি কেন ব্যবহৃত হয়? ২
গ. উদ্দীপকে গ্রামীণ ক্ষমতা কাঠামোর কোন উপাদানের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'ক্ষমতায় টিকে থাকতে কাদের মিয়াকে ভূমির পাশাপাশি অন্যান্য উপাদানকেও সক্রিয় রাখতে হবে'– বিশ্লেষণ কর। ৪

৭ ▸ গ্রামের প্রভাবশালী ব্যক্তি রশিদ চৌধুরী নিজ পরিবার নিয়ে গর্ববোধ করেন। তিন ছেলে, ছেলে বউ, নাতি-নাতনী নিয়ে তার বৃহৎ পরিবার। প্রচুর জমিজমা থাকলেও সেসব বর্গাচাষিরা চাষাবাদ করে। তার ছেলেরা শিক্ষিত এবং গ্রামেই ব্যবসায় বাণিজ্য করে। তার এক ছেলের স্ত্রী শিক্ষক। অন্য ছেলের স্ত্রী স্থানীয় ইউপি মেম্বার। রশিদ চৌধুরীর ছোট ছেলে সাকিব তার চাকরিজীবী স্ত্রী ও দুসন্তানসহ শহরে বাস করেন।

ক. ক্ষমতার ভিত্তিতে পরিবার কয় ধরনের? ১
খ. লেভিরেট বিবাহের তাৎপর্য কী? ২
গ. উদ্দীপকে সাকিবের পরিবারের ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপকে রশিদ চৌধুরীর পরিবারটি সনাতন গ্রামীণ পরিবার থেকে ব্যতিক্রম।' – বিশ্লেষণ কর। ৪

৮ ▸ বহু বছর পর আসিফ সাহেব যুক্তরাষ্ট্র থেকে দেশে ফিরে অবাক হয়ে লক্ষ করলেন যে, দেশে শিক্ষা ব্যবস্থাপনায় ব্যাপক পরিবর্তন হয়েছে। কৃষিক্ষেত্রে আধুনিক যন্ত্রপাতির ব্যবহার শুরু হয়েছে। পেশায় বৈচিত্র্য বেড়েছে। এছাড়াও নারীরাও গৃহকর্মের পাশাপাশি উপার্জনমূলক কর্মকাণ্ডে নিজেদেরকে নিয়োজিত করছে।

ক. 'Globalization' শব্দের অর্থ কী? ১
খ. 'গণমাধ্যম বাংলাদেশের সামাজিক পরিবর্তনে ব্যাপক ভূমিকা পালন করছে।'– বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকের আসিফ সাহেবের দেখা বিষয়গুলো সামাজিক পরিবর্তনের কোন উপাদানটি দ্বারা বেশি প্রভাবিত? যুক্তি দাও। ৩
ঘ. 'উদ্দীপকের উল্লিখিত সামাজিক পরিবর্তনগুলো আমাদের সমাজব্যবস্থাকে সমৃদ্ধ করছে'– তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯ ▸ কলেজে ভর্তি হয়েই একাদশ শ্রেণির ছাত্র সুমনের নতুন বন্ধুবান্ধব জোটে। একদিন কলেজ থেকে বাসায় ফেরার পথে পাড়ার বড় ভাই ও বন্ধুবান্ধবের প্ররোচণায় সে মাদক গ্রহণ করে। সেই থেকে কলেজ ফাঁকি দিয়ে পাড়ার গোপন আস্তানায় সুমনের নিয়মিত যাতায়াত। তার বাবা-মা যখন বিষয়টি জানতে পারেন ততক্ষণে অনেক দেরি হয়ে গেছে।

ক. নিরক্ষরতা কী? ১
খ. জলবায়ু পরিবর্তন কীভাবে জীববৈচিত্র্য ধ্বংস করে? ২
গ. উদ্দীপকে সুমনের মাদকাসক্তির কারণ কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের পরিস্থিতি থেকে উত্তরণে তুমি কী সুপারিশ করবে? সুচিন্তিত মতামত দাও। ৪

১০ ▸ বাংলাদেশকে উন্নয়নশীল দেশ থেকে মধ্যম আয়ের দেশে উন্নীত করার যে প্রচেষ্টা চলছে সে প্রচেষ্টায় বেসরকারি সংস্থাগুলোর ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। এ বেসরকারি সংস্থাগুলোর মধ্যে একটি ২০০৬ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে।

ক. NGO'র পূর্ণরূপ কী? ১
খ. সামাজিক উন্নয়ন অর্থ মানুষের সামগ্রিক উন্নয়ন। – ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত নোবেলজয়ী সংস্থা কোনটি? ব্যাখ্যা কর। ৩
ঘ. "বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করার প্রচেষ্টায় বেসরকারি সংস্থাগুলোর ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ।" – তুমি কি এ বক্তব্যের সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১ ▸ মিসেস আমিনা এবং মুনির সাহেব দুটি আলাদা প্রতিষ্ঠানের প্রধান ব্যক্তি। দেশি-বিদেশি বিভিন্ন উৎস থেকে টাকা সংগ্রহ করে মিসেস আমিনা গ্রামীণ দরিদ্র নারীদের আর্থসামাজিক উন্নয়নে ব্যবহার করেন। অন্যদিকে, মুনির সাহেব গরিব, অশিক্ষিত ও অসহায় মানুষের কল্যাণে কাজ করেন যা বিভিন্ন মন্ত্রণালয় থেকে সরাসরি মনিটরিং করা হয়।

ক. গ্রামীণ ব্যাংক কোন ধরনের সংস্থা? ১
খ. 'কুমিল্লা মডেল' – বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে মিসেস আমিনা কোন ধরনের প্রতিষ্ঠানে কাজ করে? তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. 'বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে মিসেস আমিনা ও মুনির সাহেবদের প্রতিষ্ঠান একসাথে কাজ করলে সর্বাধিক সাফল্য অর্জিত হবে। – তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

# ১৪ দিনাজপুর সরকারি কলেজ

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ রাজিয়া উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করবে। তার পঠিত অনেকগুলো বিষয়ের মধ্যে একটি বিষয় সমাজে মানুষের পারস্পরিক সম্পর্কে নিয়ে আলোচনা করে। উক্ত বিষয় মানবতাবাদী বিজ্ঞান হিসেবে স্বীকৃত। বিষয়টি নবীনতম হলেও বর্তমানে এদেশের অনেক বিশ্ববিদ্যালয়েই এটি স্বতন্ত্র বিষয় হিসেবে পড়ানো হয়।

ক. অর্থশাস্ত্র গ্রন্থটি কার লেখা? ১
খ. "সমাজবিজ্ঞান পাঠ মানুষের মধ্যে সচেতনতা জাগ্রত করে"— বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে নির্দেশিত বিষয়টি বাংলাদেশে বিকাশের ক্ষেত্রে জাতিসংঘের বিশেষ সংস্থার অবদান উল্লেখ কর। ৩
ঘ. উদ্দীপকে নির্দেশিত বিষয়টি বাংলাদেশের প্রেক্ষাপটে অধ্যয়ন করার প্রয়োজনীয়তা তুলে ধর। ৪

২ ▶ ২০১৭ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নতুন একটি বিষয়ে ভর্তি হয় সানজিদা। বিষয়টির উক্ত বিশ্ববিদ্যালয়ে আনুষ্ঠানিক সূচনা হয় ১৯২৫-২৬ শিক্ষাবর্ষে দর্শন বিভাগের নীতিশাস্ত্রের সাথে সমাজবিজ্ঞানের কিছু বিষয়বস্তু পরবর্তীতে রাষ্ট্রবিজ্ঞানের সাথে পড়ানোর মাধ্যমে। পরবর্তীতে ১৯৫৭-৫৮ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিষয়টি সর্বপ্রথম স্বতন্ত্র একটি বিভাগ হিসেবে প্রতিষ্ঠিত হয়। যার প্রথম অধ্যক্ষ ছিলেন একজন ফরাসি নৃবিজ্ঞানী।

ক. রাজশাহী বিশ্ববিদ্যালয়ে স্বতন্ত্র সমাজবিজ্ঞান বিভাগের যাত্রা শুরু হয় কত সালে? ১
খ. বাংলাদেশে সমাজবিজ্ঞান বিকাশে যারা গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন তাদের মধ্যে পাঁচজনের নাম উল্লেখ কর। ২
গ. উদ্দীপকে সানজিদা যে বিষয়টি অধ্যয়ন করার জন্য ভর্তি হয়েছে তার বিকাশধারা ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়টি অধ্যয়ন করে কী কী জ্ঞান অর্জন করা যাবে বলে তুমি মনে কর? তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৩ ▶ সিনথিয়া তার বাবা-মায়ের সাথে নানাবাড়িতে বেড়াতে যায়। বাড়ির পাশেই ঐতিহাসিক পানাম নগরী। শীতলক্ষ্যা নদীর তীরে অবস্থিত চারশত বছরের প্রাচীন এই নগরের ধ্বংসাবশেষ দেখে সিনথিয়া রোমাঞ্চিত হয়। সারি সারি ছোট-বড় ভগ্নপ্রায় অট্টালিকা, সুপ্রশস্ত রাস্তা, সড়কবাতি, এসেম্বলি হল, স্নানাগার ও সুদৃশ্য প্রাসাদ প্রভৃতি নিদর্শনসমূহের সাথে সিনথিয়া অন্য একটি সভ্যতার মিল খুঁজে পায়।

ক. কৃষির আবিষ্কার হয় কোন যুগে? ১
খ. লৌহকে আধুনিক সভ্যতার ভিত্তি বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের পানাম নগরীর সাথে তোমার পঠিত কোন সভ্যতার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রত্নতাত্ত্বিক নিদর্শনসমূহের সমাজ–ঐতিহাসিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৪ ▶ নয়ন গত ঈদের ছুটিতে নরসিংদীতে বেড়াতে গিয়ে বেলাব থানা সদর থেকে প্রায় চার কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে বাংলাদেশের প্রাচীনতম প্রত্নতাত্ত্বিক নিদর্শন পরিদর্শন করেছে।

ক. মহাস্থানগড় কোন জেলায় অবস্থিত? ১
খ. সিন্ধু সভ্যতা ধ্বংসের কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে নয়নের পরিদর্শনকৃত প্রত্নতাত্ত্বিক নিদর্শন কোনটি? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের সামাজিক ইতিহাস রচনায় উক্ত প্রত্নতাত্ত্বিক নিদর্শনটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৫ ▶ বিশ্ববিদ্যালয়ের ছাত্র কল্যাণের নতুন বন্ধুটি বাংলাদেশের সর্ববৃহৎ ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্য। এদের সমাজ আদাম, মৌজা, সার্কেল এরূপ স্তরে বিভক্ত। প্রত্যেক স্তরে একজন প্রধান ব্যক্তি কর্তৃত্ব করেন। রাজা এই সমাজের ঐক্য ও সংহতির প্রতীক। কলেজে কল্যাণের আরেকজন ক্ষুদ্র নৃগোষ্ঠীর বন্ধু ছিল, যাদের বসবাস বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলে। এদের সমাজ মায়ের কর্তৃত্ব পরিচালিত।

ক. আদাম কাকে বলে? ১
খ. জুমচাষকে সরকার নিরুৎসাহিত করার কারণ কী? ২
গ. উদ্দীপকে কল্যাণের কলেজের বন্ধুটি কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর বুঝিয়ে লেখ। ৩
ঘ. উদ্দীপকের কল্যাণের বিশ্ববিদ্যালয়ের বন্ধুটির সামাজিক সংগঠনের সাথে বাঙালি সমাজের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৬ ▶ ঝুমকি একজন পেশাদার খ্যাতিমান নৃত্যশিল্পী। তার প্রিয় নাচের মধ্যে অন্যতম হলো লাই-হারা-উরা। কিছুদিন পূর্বের সে 'নোংগক্রেম' নামে নতুন একটি নাচ শিখেছে, যা সে সিলেটে গিয়ে বেহদিয়েং খৃলাম নামক একটি উৎসবে নেচেছিল।

ক. সাঁওতালদের প্রাচীন দেবতার নাম কী? ১
খ. চাকমাদের কঠিন চীবর দান অনুষ্ঠান কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ঝুমকির নতুন করে শেখা নাচটি বাংলাদেশের কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাথে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. ঝুমকির প্রিয় নাচটি বাংলাদেশের একটি ক্ষুদ্র নৃগোষ্ঠীকে বিশেষভাবে পরিচিত করেছে— যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৭ ▶ রোহনপুর ও করিমপুর একটি রাষ্ট্রের দুটি অঞ্চল। দুটি অঞ্চলের সকল অধিবাসী মুসলিম হলেও তাদের জীবনধারায় পার্থক্য সুস্পষ্ট। রোহনপুরে উৎপাদিত পণ্য বিদেশে রপ্তানি করে যে অর্থ উপার্জিত হয় তার সবটাই করিমপুরের অবকাঠামোগত উন্নয়নে ব্যয় হয়। এমনকি ব্যাংক-বিমাসহ গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ করিমপুরে গড়ে ওঠে। চাকরিতে নিয়োগের ক্ষেত্রে করিমপুরের মানুষকে অগ্রাধিকার দেওয়া হয়। এমতাবস্থায় রোহনপুরে বঞ্চিত জনগোষ্ঠী একসময় বিক্ষুব্ধ হয়ে স্বাধিকারের দাবি জানায়।

ক. লাহোর প্রস্তাব কে পেশ করেন? ১
খ. বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণের গুরুত্ব বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে বর্ণিত রোহনপুর ও করিমপুরের মধ্যকার বৈষম্যের সাথে বাংলাদেশের ইতিহাসের কোন বৈষম্যের সাদৃশ্য রয়েছে? ৩
ঘ. "বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের পিছনে উদ্দীপকের অনুরূপ পরিস্থিতি চালিকাশক্তি হিসেবে প্রেরণা যুগিয়েছিল"– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৮ ▶ জনাব মিজানুর রহমান শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের বলেন, ১৯৫২ সালের আন্দোলন শুধু জাতীয়তাবাদ বিকাশের আন্দোলন নয়, এটি ছিল অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ, দাসত্ব থেকে মুক্তির প্রয়াস। সামাজিক বঞ্চনা-বৈষম্য পূর্ব বাংলার মানুষের মনে ক্ষোভের সৃষ্টি করে। ১৯৫২-এর ফেব্রুয়ারি মাসে তা চরম আন্দোলনের রূপ নেয়।

ক. আগরতলা ষড়যন্ত্র মামলার প্রধান আসামি কে ছিলেন? ১
খ. জাতীয়তাবাদ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে জনাব মিজানুর কোন আন্দোলনের কথা বলেন, ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত আন্দোলন জাতি গঠনে কতখানি অবদান রেখেছে আলোচনা কর। ৪

৯ ▶ মোহনপুর গ্রামের অর্ধেকটা জুড়েই তালুকদার বংশের আবাস। গনি তালুকদার তাদের গ্রামের মধ্যে প্রভাবশালী এবং সারা এলাকায় তার অনেক দাপট। গ্রামে তিনি অনেক ভূসম্পত্তির মালিক। শহরেও তার বিশাল বাড়ি ও সম্পত্তি আছে বিধায় মাঝে মাঝেই শহরে থাকেন। একদিন শহরের এক বিজয়দিবসের অনুষ্ঠানে গিয়ে দেখেন তার গ্রাম থেকেই শহরে আসা সাধারণ পরিবারের সন্তান সরকার দলীয় জাতীয় সংসদ সদস্য হবিবুর রহমান প্রধান অতিথি। সেই অনুষ্ঠানে গনি তালুকদার শুধুই একজন সাধারণ সুধী।

ক. গ্রামীণ ক্ষমতা কাঠামো কাকে বলে? ১
খ. প্রান্তিক চাষি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে গ্রামীণ সমাজে গনি তালুকদারের দাপটে ভূমিকার কারণ কী বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে গ্রামীণ ও শহুরে সমাজে গনি তালুকদারের অবস্থানগত যে বৈপরীত্য ফুটে উঠেছে তার পিছনের কারণগুলো যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

১০ ▶ আসমারা ভাইবোন মিলে ছয় জন। তার মধ্যে আসমাই শুধু অনেক কষ্টে লেখাপড়া শিখেছে। অন্যরা কেউ দিনমজুর, কেউ ভ্যানচালক। তার বাবা মারা যাবার পর সামান্য জমিজমা নিয়ে ভাইবোনদের মধ্যে দুবেলা গন্ডগোল বাঁধে। বাড়িতে প্রায়ই খাবার থাকে না; এক অসহনীয় পরিবেশ বিরাজ করে সবসময়।

ক. নিরক্ষরতা কী? ১
খ. জেন্ডার প্রত্যয়টির ধারণা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে আসমাদের পরিবারের সমস্যার সাথে বাংলাদেশের কোন সামাজিক সমস্যার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে সমস্যাটি থেকে কীভাবে প্রতিকার পাওয়া যেতে পারে? তোমার মতামত দাও। ৪

১১ ▶ জনাব 'খ' ১৯৫৯ সালে একটি জেলায় একটি একাডেমি প্রতিষ্ঠা করেন। যার অন্যতম কাজ হলো সমাজ সম্পর্কে জরিপ করা, টার্গেট গ্রুপকে প্রশিক্ষণদান এবং পল্লি জনগণকে নিয়ে সমবায় সমিতি গঠন ইত্যাদি। পরবর্তীতে এটির আদলে সারাদেশে বিভিন্ন সরকারি বেসরকারি পল্লি উন্নয়ন কর্মসূচি গ্রহণ করা হয়।

ক. NGO-এর পূর্ণরূপ কী? ১
খ. সামাজিক নিরাপত্তা বেষ্টনী কী? ২
গ. উদ্দীপকে জনাব 'খ'-এর কোন প্রতিষ্ঠানের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের জনাব 'খ'-এর প্রতিষ্ঠান বাংলাদেশে পল্লি উন্নয়নে বিভিন্ন সরকারি বেসরকারি কার্যক্রমের পথপ্রদর্শক– তুমি কি একমত? বিশ্লেষণ কর। ৪

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ১৫ ✓ বিএএফ শাহীন কলেজ, কুর্মিটোলা, ঢাকা

সময়–৩০ মিনিট | সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা | পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. গুপ্ত যুগের রচনা কোনটি?**
K অর্থশাস্ত্র L কামসূত্র
M বেতাল পঞ্চবিংশতি N ইথিওপিয়া

**২. ভারততত্ত্ব গ্রন্থের রচয়িতা কে?**
K আল-বেরুনী
L আবুল ফজল
M সৈয়দ গোলাম হোসেন
N মির্জা নাথান

**৩. দ্য ইম্পেরিয়াল গেজেটিয়ার গ্রন্থের লেখক কে?**
K উইলিয়াম হান্টার
L হেলি বেরি
M জেমস ওয়াইজ
N সামনার

**৪. সর্বপ্রথম পাথর ঘষে আগুন আবিষ্কার করে কোন ধরনের মানুষ?**
K নিয়ানথারডাল L হাইডেলবার্গ
M ক্রোমাগনন N পিকিং

**৫. সভ্যতার পথে মানুষের যাত্রার ইতিহাস কী বিশ্লেষণ করলে জানা যায়?**
K মানুষের জীবনযাত্রা
L প্রত্নতাত্ত্বিক নিদর্শন
M ঐতিহাসিক গ্রন্থ
N সমাজের বিবর্তন

**৬. শালবন বিহার কোন প্রত্নতাত্ত্বিক স্থানের নিদর্শন?**
K মহাস্থানগড় L পাহাড়পুর
M ময়নামতি N বটেশ্বর

**৭. 'পাঙন' নৃগোষ্ঠীর সদস্যরা কোথায় বসবাস করেন?**
K রাঙামাটি L সিলেট
M বান্দরবান N মৌলভীবাজার

**৮. গারোদের নিজস্ব ভাষার নাম কী?**
K পালি ভাষা L হিব্রু ভাষা
M মান্দি ভাষা N আচিক

**৯. গারোদের ঐতিহ্যবাহী ধর্মের নাম কী?**
K বৈষ্ণব L সাংসারেক
M বৌদ্ধ N সনাতন

**১০. এথনিক গ্রুপ হলো—**
i. বৃহৎ সমাজের খণ্ডিত অংশ
ii. আলাদা সংস্কৃতি
iii. নিজেদের আলাদা মনে করা জনগোষ্ঠী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১১. তৎকালীন পাকিস্তানের শতকরা কত ভাগ লোকের মাতৃভাষা ছিল বাংলা?**
K ৫৫ L ৫০
M ৭০ N ৮০

**১২. তমদ্দুন মজলিস গঠন করা হয় কার নেতৃত্বে?**
K অধ্যাপক আবুল কাসেম
L নুরুল হক ভূঞা
M ড. মুহাম্মদ শহীদুল্লাহ
N অলি আহাদ

**১৩. গ্রামীণ সমাজকে সনাতন বলা হয় কেন?**
K সেখানে জীবনযাত্রার গতিশীলতা বেশি
L ঐতিহ্যবাহী রীতিনীতিতে গ্রামবাসী অভ্যস্ত
M শহরের সাথে গ্রামের ব্যাপক যোগাযোগ
N গ্রামের বেশিরভাগ মানুষ সনাতন ধর্মাবলম্বী

**১৪. যে সমাজে প্রবল সংহতিবোধ বিদ্যমান থাকে তাকে কী বলা হয়?**
K আদিম সমাজ L গ্রামীণ সমাজ
M আধুনিক সমাজ N দাস সমাজ

**১৫. বাংলাদেশের প্রেক্ষিতে কোন এলাকায় কমপক্ষে কত জনগণ থাকলে তাকে নগর বলা হয়?**
K ৪০০০ L ৫০০০
M ৫০০০০ N ৭০০০

**১৬. সাধারণভাবে গ্রাম বলতে যা বোঝানো হয়ে থাকে—**
i. জনবসতির সমষ্টি
ii. মানুষের স্থায়িভাবে বসবাস
iii. কৃষিভিত্তিক জীবিকা নির্বাহ করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১৭. দ্বিজাতি তত্ত্বের মূলকথা কোনটি?**
K গণতান্ত্রিক শাসনব্যবস্থা
L ধর্মনিরপেক্ষ রাষ্ট্রব্যবস্থা
M ধর্মভিত্তিক রাষ্ট্রব্যবস্থা
N সমাজতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা

**১৮. ১৯৪৮-১৯৫২ পর্যন্ত কতজন রাষ্ট্রনায়ক উর্দুকে রাষ্ট্রভাষা ঘোষণা দেন?**
K একজন L দুইজন
M তিনজন N চারজন

**১৯. কত সালে উর্দুকে পাকিস্তানের রাষ্ট্রভাষা করার প্রস্তাব গৃহীত হয়?**
K ১৯৪৭ সালের ২৭ নভেম্বর মাসে
L ১৯৪৮ সালের জানুয়ারি মাসে
M ১৯৪৮ সালের মার্চ মাসে
N ১৯৫২ সালের ডিসেম্বর মাসে

**২০. ছয় দফা দাবির অন্তর্ভুক্ত বিষয়সমূহ হলো—**
i. রাষ্ট্রপতি শাসিত সরকার
ii. সামরিক বাহিনী গঠন
iii. সংসদীয় পদ্ধতির সরকার
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**২১. অতীতে এদেশের গ্রামীণ সমাজ ছিল—**
K গতানুগতিক L অনুন্নত
M প্রাচুর্যপূর্ণ ও সমৃদ্ধ N উন্নত

**২২. মহাজনী দাদন ব্যবসা কী?**
K উচ্চ সুদে ঋণ নেওয়া
L কম সুদে ঋণ নেওয়া
M সুদবিহীন ঋণ নেওয়া
N জমি লিজ নেওয়া

**২৩. বাংলাদেশের এক নম্বর জাতীয় সমস্যা কোনটি?**
K জনসংখ্যাধিক্য L মাদকাসক্তি
M নিরক্ষরতা N দারিদ্র্য

**২৪. জাতিসংঘ বার্ধক্যের নির্দেশক হিসেবে কোন বয়সকে নির্দেশ করেছে?**
K ৪৫+ L ৫০
M ৬০ N ৭০

**২৫. উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা ১৯৫২ সালের জানুয়ারি মাসে কোন নেতা এই ঘোষণা দেন?**
K খাজা নাজিমুদ্দিন
L লিয়াকত আলী খান
M মওলানা আব্দুল হামিদ খান ভাসানী
N মাওলানা আকরম খাঁ

**২৬. বাংলাদেশের গ্রামসমাজের ক্ষমতার প্রধান উৎস কোনটি?**
K ভূমির মালিকানা
L শিল্পকারখানা
M উচ্চ পেশাগত অবস্থান
N শিক্ষার হার

**২৭. বাংলাদেশি ধনী-দরিদ্রের বৈষম্য পূর্বের তুলনায় ব্যাপকহারে পরিলক্ষিত হচ্ছে কীভাবে?**
K ক্ষুদ্র শিল্পের প্রভাবে
L শিল্পায়নের প্রভাবে
M বিশ্বায়নের প্রভাবে
N সংস্কৃতির প্রভাবে

**২৮. কোন সময় হাওড় অঞ্চলের পরিবেশ বিদ্যালয়ে যাওয়ার জন্য উপযোগী থাকে?**
K শীতকালীন সময় L বর্ষাকালীন সময়
M হেমন্তকালীন সময় N গ্রীষ্মকালে

**২৯. বাংলাদেশে কোন শিক্ষাকে বাধ্যতামূলক করা হয়েছে?**
K ধর্মীয় শিক্ষা L উচ্চশিক্ষা
M প্রাথমিক শিক্ষা N মাধ্যমিক শিক্ষা

**৩০. বাংলাদেশের জন্য এক ধরনের বড় অপচয় বলতে কোনটিকে বোঝানো হয়?**
K এককালীন ফসল উৎপাদন
L মৌসুমি কৃষিজ বেকারত্ব
M বিপুল ব্রিজের অপচয়
N খাদ্য অপচয়

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | K | ৪ | M | ৫ | L | ৬ | M | ৭ | N | ৮ | N | ৯ | L | ১০ | N | ১১ | K | ১২ | K | ১৩ | L | ১৪ | K | ১৫ | L |
| ১৬ | L | ১৭ | M | ১৮ | M | ১৯ | K | ২০ | L | ২১ | M | ২২ | K | ২৩ | K | ২৪ | M | ২৫ | K | ২৬ | K | ২৭ | M | ২৮ | K | ২৯ | M | ৩০ | L |

## ১৬ মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, ঢাকা

সময়—৩০ মিনিট **সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. **'The positive Background of Hindu Sociology'-গ্রন্থটি কার লেখা?**
K সুশোবন সরকার L রাঁধা কমল মুখার্জী
M বিনয় কুমার সরকার N বিনয় ঘোষ

২. **সমাজবিজ্ঞানের মূল আলোচ্য বিষয় হলো—**
K সামাজিক প্রতিষ্ঠান
L রাজনৈতিক প্রতিষ্ঠান
M অর্থনৈতিক প্রতিষ্ঠান
N আন্তর্জাতিক প্রতিষ্ঠান

৩. **বাংলাদেশের সমাজবিজ্ঞান প্রতিষ্ঠার সাথে সরাসরি কোন নামটি জড়িত ছিল?**
K ক্লদ লেভি স্ট্রস L ম্যাকাইভার
M ম্যাক্স ওয়েবার N ডেভিড শেফার

৪. **ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্বতন্ত্র বিভাগ হওয়ার পূর্বে সমাজবিজ্ঞান কোন বিষয়ের অন্তর্ভুক্ত ছিল?**
K অর্থনীতি L ইতিহাস
M সমাজকল্যাণ N রাষ্ট্রবিজ্ঞান

৫. **চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে কত সালে সমাজতত্ত্ব নামে আলাদা একটি বিভাগ চালু হয়?**
K ১৯৬৭ সালে L ১৯৬৯ সালে
M ১৯৭০ সালে N ১৯৭২ সালে

৬. **বাংলাদেশি কয়েকজন সমাজবিজ্ঞানী হলেন—**
i. ড. নাজমুল করিম
ii. ড. আকবর আলী খান
iii. ড. অনুপম সেন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৭. **ক্ষুদ্র জাতিসত্তার অন্তর্ভুক্ত নয় কোনটি?**
K চাকমা L গারো M সাঁওতাল N বাঙালি

৮. **চাকমা সার্কেল প্রধানকে কী বলে?**
K রাজা L হেডম্যান
M কমিশনার N কারবারি

৯. **চাকমা সমাজে আদাম প্রধানকে কী বলা হয়?**
K জমিদার L চেয়ারম্যান
M হেডম্যান N কারবারি

১০. **গারোদের স্থানীয় ভাষার নাম কী?**
K পালি ভাষা L বাংলা ভাষা
M আচিক N মান্দি ভাষা

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
ক্ষুদ্র জাতিগোষ্ঠীর মধ্যে একটি জাতি নিজেদেরকে মান্দি বলে পরিচয় দিতে পছন্দ করে। এরা সাধারণত সমতলেরই বাসিন্দা। এ জাতিগোষ্ঠীর আদি নিবাস ছিল তিব্বত।

১১. **উদ্দীপকে উল্লিখিত জাতিগোষ্ঠীর নাম কী?**
K চাকমা L মারমা
M গারো N খাসিয়া

১২. **উক্ত ক্ষুদ্র নৃগোষ্ঠীর সামাজিক জীবন ব্যবস্থা হলো—**
i. মাতৃতান্ত্রিক জীবনব্যবস্থা
ii. কন্যা সমুদয় সম্পত্তির উত্তরাধিকার লাভ করে
iii. প্রধান জীবিকা কৃষিকাজ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৩. **কখন উর্দুকে পাকিস্তানের রাষ্ট্রভাষা করার প্রস্তাব গৃহীত হয়?**
K ১৯৪৭ সালের ডিসেম্বরে
L ১৯৪৮-এর জানুয়ারিতে
M ১৯৪৮-এর মার্চে
N ১৯৪৮-এর ডিসেম্বরে

১৪. **২১ ফেব্রুয়ারি হলো—**
i. জাতীয় শহিদ দিবস
ii. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস
iii. জাতীয় শোকদিবস
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৫. **সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম কমিটি সিদ্ধান্ত গ্রহণ করে—**
i. ২১ ফেব্রুয়ারিকে রাষ্ট্রভাষা হিসেবে পালন করা
ii. ভাষার দাবি প্রতিষ্ঠিত না হওয়া পর্যন্ত সংগ্রাম চালিয়ে যাওয়া
iii. স্বাধীনতা অর্জিত না হওয়া পর্যন্ত সংগ্রাম চালিয়া যাওয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৬. **কেন বাঙালি জাতীয়তাবাদের বিকাশ ঘটে?**
K বাঙালিদের নিজস্ব চেতনার প্রতি অধিক মনোযোগ থাকায়
L বাঙালি চেতনা জাগ্রত করতে পাকিস্তানের সহযোগিতা
M পাকিস্তানিদের শাসন-শোষণ
N কালের সাধারণ নিয়মে

১৭. **পূর্ব বাংলার জনগণ ভাষা আন্দোলনে যোগ দেয় কোন ঐক্যের প্রভাবে?**
K রাজনৈতিক ঐক্য L সামাজিক ঐক্য
M ভাষাগত ঐক্য N সাংস্কৃতিক ঐক্য

১৮. **পূর্ব পাকিস্তান পশ্চিম পাকিস্তানের চেয়ে যে দিক থেকে ভিন্ন ছিল—**
i. ঐতিহ্যের দিক থেকে
ii. ভাষার দিক থেকে
iii. সংস্কৃতির দিক থেকে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৯. **গ্রাম সমাজে ক্ষমতার উৎস হিসেবে কাজ করে—**
i. উচ্চ বংশ মর্যাদা
ii. ব্যবসায় বাণিজ্য
iii. বুদ্ধিবৃত্তিক গুণাবলি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২০. **ক্ষমতা কাঠামোর মধ্য দিয়ে কী ফুটে ওঠে?**
K রাষ্ট্র কাঠামো
L রাজনৈতিক কাঠামো
M অর্থনৈতিক কাঠামো
N সমাজকাঠামো

২১. **বাংলাদেশে শহর সমাজে মর্যাদার প্রধান বিষয় কী?**
K সম্পদ L রাজনীতি
M বংশ N পেশা ও শিক্ষা

২২. **বাংলাদেশের গ্রাম ও শহর সমাজের পরিবারের ধরন মূলত কীরূপ?**
K মাতৃতান্ত্রিক L পিতৃতান্ত্রিক
M মাতৃসূত্রীয় N বহুবিবাহভিত্তিক

২৩. **গ্রামীণ অর্থনীতিকে সচল রাখতে কৃষির পাশাপাশি কী স্থাপনের দিকে দৃষ্টি দিতে হবে?**
K অফিস আদালত L ক্ষুদ্র ও কুটিরশিল্প
M শিক্ষাপ্রতিষ্ঠান N হাটবাজার

২৪. **যৌথ পরিবার ভেঙে যাওয়ার অন্যতম কারণের মধ্যে রয়েছে—**
i. আর্থিক অনটন
ii. নগরায়ণ ও শিল্পায়নের প্রভাব
iii. শ্রমবিভাজন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৫. **শিক্ষা বিস্তারের ফলে জনসংখ্যা বৃদ্ধির হার হ্রাস পায়—**
i. সচেতনতা বৃদ্ধি পাওয়ায়
ii. স্বাস্থ্য সচেতনতা সৃষ্টি হওয়ায়
iii. মানুষের আয় বৃদ্ধি পাওয়ায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৬. **জাতীয় শিক্ষানীতি— ২০১০ অনুসারে শিক্ষার স্তর কয়টি?**
K ২টি L ৩টি
M ৪টি N ৫টি

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
করিম ঢাকার একটি পোশাক কারখানায় কাজ করে। উৎপাদিত পোশাকের চাহিদা কমে যাওয়ায় মালিক উৎপাদন ব্যয় কমাতে শ্রমিক ছাঁটাইয়ের উদ্যোগ নেয়। ফলে করিমসহ অনেক শ্রমিক চাকরি হারিয়ে মানবেতর জীবনযাপন করছে।

২৭. **উদ্দীপকের অনুরূপ বেকারত্বের ফলে সমাজে—**
i. আত্মহত্যার প্রবণতা বেড়ে যেতে পারে
ii. বিশৃঙ্খলা সৃষ্টি হতে পারে
iii. উৎপাদিত পণ্যের দাম কমতে পারে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৮. **উদ্দীপকের বেকারত্বকে কী বলা হয়?**
K আকস্মিক বেকারত্ব
L প্রযুক্তিজনিত বেকারত্ব
M বাণিজ্য চক্রজনিত বেকারত্ব
N মৌসুমি বেকারত্ব

২৯. **জাতিসংঘ ঘোষিত মাদক প্রতিরোধ দিবস কত তারিখে পালন করা হয়?**
K ২৩ জুন L ২৬ জুন
M ১৮ জুন N ১৩ জুন

৩০. **কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচি চালু হয় কত সালে?**
K ১৯৭২ সালে L ১৯৭৪ সালে
M ১৯৭৫ সালে N ১৯৭৬ সালে

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ M | ২ K | ৩ K | ৪ N | ৫ M | ৬ L | ৭ N | ৮ K | ৯ N | ১০ N | ১১ M | ১২ N | ১৩ M | ১৪ K | ১৫ K |
| ১৬ K | ১৭ M | ১৮ M | ১৯ K | ২০ M | ২১ N | ২২ L | ২৩ L | ২৪ K | ২৫ K | ২৬ L | ২৭ K | ২৮ K | ২৯ L | ৩০ L |

## ১৭ শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা

সময়—৩০ মিনিট **সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. জাতি গঠনের অন্যতম উপাদান কোনটি?**
K রাজনৈতিক গোষ্ঠী L নৃগোষ্ঠী
M সামাজিক গোষ্ঠী N ধর্মীয় গোষ্ঠী

**২. ক্ষুদ্র জাতিসত্তার অন্তর্ভুক্ত নয় কোনটি?**
K চাকমা L গারো
M সাঁওতাল N বাঙালি

**৩. বাঙালিদের পরিচয়ের ক্ষেত্রে জনপ্রিয় বক্তব্য হলো—**
K শংকর নরগোষ্ঠী L শংকর আদিগোষ্ঠী
M উন্নত নরগোষ্ঠী N মিশ্র আদিগোষ্ঠী

**৪. চাকমা সমাজে কোন সংগঠনের প্রধানকে হেডম্যান বলা হয়?**
K পাড়া L আদাম
M মৌজা N সার্কেল

**৫. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস প্রথম কবে পালিত হয়?**
K ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি
L ১৯৫৩ সালের ২১ ফেব্রুয়ারি
M ১৯৯৯ সালের ২৬ নভেম্বর
N ২০০০ সালের ২১ ফেব্রুয়ারি

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
মাজেদ প্রতিবছর ২১ ফেব্রুয়ারি ঘরে বসে মোবাইল গেইম খেলে। কিন্তু এ বছর সে প্রভাতফেরিতে অংশ নেয় এবং প্রতিজ্ঞা করে যে, আর ইংরেজি অক্ষরে বাংলা লিখবে না।

**৬. উদ্দীপকের সাথে বাংলাদেশের ইতিহাসের কোন সাল জড়িত?**
K ১৯৪৮ L ১৯৫২
M ১৯৬৬ N ১৯৭১

**৭. মাজেদের মানসিক পরিবর্তনের পিছনে যে মূল্যবোধ প্রতিফলিত হয়েছে তা হলো—**
K অনুকরণ করার মানসিকতা
L নিজ ভাষার প্রতি মমত্ববোধ
M ইংরেজি লেখার প্রতি অনীহা
N প্রতিভার বিকাশ ঘটানো

**৮. কার নেতৃত্বে জনগণের তীব্র আন্দোলনের মুখে আগরতলা মামলা প্রত্যাহার করা হয়?**
K মওলানা আব্দুল হামিদ খান ভাসানী
L এম, এ হান্নান
M তাজউদ্দিন আহমেদ
N বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

**৯. ১৯৭০ সালের নির্বাচনে আওয়ামী লীগ এককভাবে প্রতিদ্বন্দ্বিতা করে—**
i. একুশ দফার ভিত্তিতে
ii. ছয় দফার ভিত্তিতে
iii. এগারো দফার ভিত্তিতে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১০. কে ছয় দফার নিন্দা করেছিলেন?**
K টিক্কা খান
L আইয়ুব খান
M ইয়াহিয়া খান
N রাও ফরমান আলী

**১১. গ্রামীণ সমাজে ঐতিহ্য ও ঐক্য পরিলক্ষিত হয়—**
K জ্ঞাতি সম্পর্কের জন্য
L সহানুভূতির জন্য
M সহজ সরল মানুষের জন্য
N যৌথ পরিবারের জন্য

**১২. গ্রামীণ চাষাবাদ প্রধানত কিসের সরবরাহের ওপর নির্ভরশীল?**
K প্রাকৃতিক শক্তি
L মানব শক্তি
M গৃহপালিত পশু শক্তির
N যান্ত্রিক শক্তির

**১৩. গ্রামীণ সমাজের উন্নয়নের মূল উৎস হলো—**
K শিক্ষা L আধুনিক প্রযুক্তি
M কৃষি N শিল্প

**১৪. কাদের ধ্যানধারণা কৃত্রিমতাপূর্ণ?**
K গ্রামের মানুষের
L পল্লির মানুষের
M শহরের মানুষের
N বাজারের মানুষের

**১৫. ব্যক্তিস্বাধীনতার প্রভাব বিদ্যমান কোন সমাজে?**
K গ্রামীণ সমাজে L শহুরে সমাজে
M আদিম সমাজে N আধুনিক সমাজে

**১৬. নগর সমাজের বৈশিষ্ট্য হলো—**
K শিক্ষাভিত্তিক স্তরবিন্যাস
L ভূমি কেন্দ্রিক উৎপাদন ব্যবস্থা
M ধর্মভিত্তিক সমাজ
N বৈষম্যভিত্তিক সমাজ

**১৭. সামাজিক সমস্যা কী?**
K কাঙ্ক্ষিত অবস্থা
L অনাকাঙ্ক্ষিত অবস্থা
M দ্বন্দ্বমূলক অবস্থা
N শোচনীয় অবস্থা

**১৮. বর্তমানে বাংলাদেশের এক নম্বর সামাজিক সমস্যা কোনটি?**
K দারিদ্র্য L বেকারত্ব
M জনসংখ্যা N নারী নির্যাতন

**১৯. যেকোনো দেশের শ্রেষ্ঠ সম্পদ কোনটি?**
K নিরক্ষরতা L মূল্যবোধ
M আদর্শ N জনসংখ্যা

**২০. নিরক্ষরের শাব্দিক অর্থ কী?**
K জ্ঞানের অভাব
L শিক্ষার অভাব
M স্বাক্ষরের অভাব
N স্বাক্ষর জ্ঞানের অভাব

**২১. Unemployment এর বাংলা প্রতিশব্দ কী?**
K বেকারত্ব L বেকার সমস্যা
M নিরক্ষরতা N অজ্ঞতা

**২২. কর্মক্ষম লোকের কর্মসংস্থানের অভাবকে কী বলে?**
K নিরক্ষরতা
L বেকারত্ব
M দারিদ্র্য
N প্রযুক্তিগত বেকারত্ব

**২৩. বর্তমানে মাদকাসক্তি কীরূপ সমস্যা হিসেবে পরিগণিত?**
K আন্তর্জাতিক L জাতীয়
M আঞ্চলিক N স্থানীয়

**২৪. জেন্ডার বৈষম্যের অন্যতম কারণ হলো—**
K কুসংস্কার
L দুর্বলতা
M পর্দাপ্রথা
N অসচেতনতা

**২৫. কার উদ্যোগে 'রয়েল এশিয়াটিক সোসাইটি অব বেঙ্গল' প্রতিষ্ঠিত হয়?**
K উইলিয়াম জোনস
L উইলিয়াম হান্টার
M হেনরি মেইন
N ফার্মিংগার

**২৬. সমাজবিজ্ঞান সমীক্ষণ বইটির রচয়িতা কে?**
K ড. এ. কে নাজমুল করিম
L অধ্যাপক আফসার উদ্দিন
M অধ্যাপক ফজলুল করিম
N অধ্যাপক ড. রঙ্গলাল সেন

**২৭. বাংলাদেশে সমাজবিজ্ঞান প্রতিষ্ঠায় যে নৃ-বিজ্ঞানী ভূমিকা রাখেন তার নাম কী?**
K বিনয় কুমার
L রাধাকমল
M ব্রজেন্দ্রনাথশীল
N ক্লদ লেভি স্ট্রস

**২৮. ১৯৫৭ সালের আগে সমাজবিজ্ঞান ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগের অন্তর্ভুক্ত ছিল?**
K রাষ্ট্রবিজ্ঞান
L ভূগোল
M অর্থনীতি
N ইতিহাস

**২৯. কত সালে কলকাতা বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞান পাঠ শুরু হয়?**
K ১৯১৭ L ১৮১৯
M ১৯২১ N ১৯৫৭

**৩০. বাংলাদেশের সমাজবিজ্ঞানের বিকাশে জাতিসংঘের কোন সংস্থা অবদান রেখেছে?**
K UNICEF L ILO
M UNESCO N WHO

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | N | ৩ | K | ৪ | M | ৫ | N | ৬ | L | ৭ | L | ৮ | N | ৯ | L | ১০ | L | ১১ | K | ১২ | M | ১৩ | L | ১৪ | M | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | L | ১৮ | M | ১৯ | N | ২০ | N | ২১ | K | ২২ | L | ২৩ | K | ২৪ | K | ২৫ | K | ২৬ | K | ২৭ | N | ২৮ | K | ২৯ | K | ৩০ | M |

# ১৮ কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল

সময়—৩০ মিনিট **সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র — বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. "বাংলাদেশ সামাজিক নৃবিজ্ঞানীদের স্বর্গ"— উক্তিটি কার?**
K এফ আর খান L অজিত কুমার সেন
M লেভি স্ট্রস N ডিডি কোসাম্বী

**২. বাংলাদেশের সমাজবিজ্ঞানের পথিকৃৎ কে?**
K অজিত কুমার সেন
L আবুল ফজল
M রাধাকমল মুখার্জী
N ড. এ. কে. নাজমুল করিম

**৩. চর্যাপদ কবিদের সাধন ক্ষেত্র ছিল—**
K শ্রীনগর L কালিগঞ্জ
M সোমপুর বিহার N শ্রীরামপুর

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
শীতের ছুটিতে অপু তার বন্ধু-বান্ধবীর সাথে কুমিল্লার একটি পাহাড়ি অঞ্চলে বেড়াতে যায়। সেখানে খ্রিষ্টীয় অষ্টম শতাব্দী পর্যন্ত বৌদ্ধ সংস্কৃতি ও সভ্যতার বিকাশ ঘটেছিল।

**৪. উদ্দীপকে অপুর বেড়াতে যাওয়া সভ্যতাটি পাঠ্যপুস্তকের কোন সভ্যতাকে ইঙ্গিত করে?**
K মহাস্থানগড় L উয়ারি বটেশ্বর
M পাহাড়পুর N ময়নামতি

**৫. উক্ত সভ্যতাটির ঐতিহাসিক গুরুত্ব হলো—**
i. এ যুগের সমাজ ও সংস্কৃতি ছিল প্রধানত ধর্ম দ্বারা প্রভাবিত
ii. ধ্বংসাবশেষ-এ মন্দির ও বিহারই বেশি ছিল
iii. স্থানীয় নৃপতিরা মন্দির তৈরিতে অবদান রেখেছিল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. আদিম সমাজে ব্যবহৃত তৈজসপত্রাদি কিসের নিদর্শন?**
K দার্শনিক L নৃতাত্ত্বিক
M প্রত্নতাত্ত্বিক N অর্থনৈতিক

**৭. কোন যুগের মানুষের কোনো ব্যক্তিগত সম্পত্তি ছিল না?**
K ব্রোঞ্জ যুগ L মধ্যপ্রস্তর যুগ
M নব্যপ্রস্তর যুগ N লৌহযুগ

**৮. গারোদের ঐতিহ্যবাহী ধর্মের নাম—**
K বৈষ্ণব L সর্বপ্রাণবাদ
M জৈন N সাংসারেক

**৯. সাঁওতালদের গ্রামপ্রধানকে কী বলে?**
K মাঝি L মারাংবুরো
M ইতুত N আদাম

■ **উদ্দীপকটি পড়ে ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :**
বাসু সরেন সবসময় মঙ্গলের জন্য সূর্যকে পূজা করেন। তার মতে, বিশ্বব্রহ্মাণ্ডের সৃষ্টিকর্তা হলো ঠাকুর জিও আর জাগতিক দেবতা মারাংবুরু।

**১০. উদ্দীপকে বাসু সরেন কোন নৃগোষ্ঠীর অন্তর্ভুক্ত?**
K চাকমা L সাঁওতাল M গারো N মারমা

**১১. উক্ত নৃগোষ্ঠী অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন করে মৃতদেহ আগুনে পোড়ায়, কারণ—**
i. স্বর্গ-নরকের প্রতি বিশ্বাস
ii. আত্মার শান্তির জন্য
iii. সামাজিক রীতিনীতির জন্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
রিমা তার দাদার কাছ থেকে বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস শুনছিল। দাদা তাকে জানালেন তিনি তখন বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন এবং ছাত্ররাই প্রথম এ আন্দোলন গড়ে তোলে। দ্বিজাতি তত্ত্বের ভিত্তিতে গঠিত রাষ্ট্রে প্রথম এ অঞ্চলের মানুষ ধর্মীয় পরিচয় ত্যাগ করে ভাষার ভিত্তিতে ঐক্যবদ্ধ হয়।

**১২. রিমার দাদা কোন আন্দোলনের কথা বলছিলেন?**
K ভাষা আন্দোলনের
L '৬৯-এর গণঅভ্যুত্থানের
M '৬২-এর শিক্ষা আন্দোলনের
N ১৯৭১-এর মুক্তিযুদ্ধের

**১৩. এ আন্দোলন বাঙালি জনগোষ্ঠীকে—**
i. ধর্মীয় বিভেদ হ্রাসে উদ্বুদ্ধ করে
ii. নতুন জাতীয়তাবাদ বিকাশে ভূমিকা রাখে
iii. নতুন শিল্প-কারখানা গড়তে প্রেরণা দেয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৪. বাঙালিদের কাছ থেকে চাকমারা চাষের কোন পদ্ধতি শিখে থাকেন?**
K হাল চাষ L জুম চাষ
M মৎস্য চাষ N আধুনিক চাষ

**১৫. ছয় দফাকে কেন বাঙালির মুক্তিসনদ বলা হয়?**
K বঙ্গবন্ধু কর্তৃক "আমাদের বাঁচার দাবি" আখ্যায়িত করার কারণে
L আঞ্চলিক স্বায়ত্তশাসন ও অর্থনৈতিক মুক্তির দিক নির্দেশনা ছিল বলে
M বঙ্গবন্ধু কর্তৃক ছয় দফা ঘোষণা করা হয় বলে
N ছয় দফার প্রতি বাঙালিদের স্বতঃস্ফূর্ত জনসমর্থনের কারণে

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
রুবায়েতের মামা মবিন সাহেব একটি ঐতিহাসিক ভাষণের প্রত্যক্ষদর্শী। '৭০-এর দশকে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন। মবিন সাহেব গর্ব করে বললেন, বাংলার অবিসংবাদিত নেতার প্রদত্ত সেই ভাষণকে পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ ভাষণ বলা হয়। এটিকে স্বাধীনতার অনানুষ্ঠানিক ঘোষণাপত্রও বলা হয়।

**১৬. উদ্দীপকে বাংলাদেশের ইতিহাসের কোন ভাষণের কথা বলা হয়েছে?**
K ১৯৪৮ সালের কার্জন হলে জিন্নাহ্ প্রদত্ত ভাষণ
L ১৯৭১ সালে বঙ্গবন্ধু প্রদত্ত ৭ মার্চের ভাষণ
M কাগমারীতে প্রদত্ত মওলানা ভাসানীর ভাষণ
N ছয় দফা উত্থাপনকালে বঙ্গবন্ধু প্রদত্ত ভাষণ

**১৭. উক্ত ভাষণকে স্বাধীনতার অনানুষ্ঠানিক ঘোষণা বলা হয়, কারণ—**
i. এতে পাকিস্তান রাষ্ট্রকে অস্বীকার করা হয়
ii. এটি বাঙালি জাতিকে ঐক্যবদ্ধ করতে সক্ষম হয়
iii. এতে ঘরে ঘরে প্রতিরোধ সংগ্রাম গড়ে তুলতে বলা হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৮. স্থানীয় সরকারব্যবস্থার প্রথম সোপান কোনটি?**
K পৌরসভা L ইউনিয়ন পরিষদ
M সিটি কর্পোরেশন N উপজেলা পরিষদ

**১৯. 'অপারেশন সার্চলাইট' হলো—**
K নিরস্ত্র নিরীহ পাকিস্তানিদের ওপর হামলা
L নিরস্ত্র নিরীহ বাঙালিদের ওপর হামলা
M পাকিস্তানি শাসকগোষ্ঠীর অপারেশন
N বাঙালি ও পাকিস্তানিদের যুদ্ধ

**২০. জীবিকার তাগিদে এখন অধিকাংশ মানুষ কী ছেড়ে শহরমুখী হচ্ছে?**
K সমাজ ছেড়ে L গ্রাম ছেড়ে
M মহল্লা ছেড়ে N পরিবার ছেড়ে

**২১. নিরক্ষরতা কী?**
K বক্তব্য বুঝতে না পারা
L লেখার অক্ষমতা
M পড়তে ও লিখতে না পারা
N শুধু অক্ষরজ্ঞান থাকা

**২২. জলবায়ু পরিবর্তনের সামাজিক প্রভাব কোনটি?**
K ছিন্নমূল জনগোষ্ঠী বৃদ্ধি
L নতুন প্রজাতির সৃষ্টি
M খাদ্যের নতুন চাহিদা
N বস্তির ক্রমাগত হ্রাস

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
দশম শ্রেণির ছাত্র রুমনের স্কুলে আসা-যাওয়ার পথে এক দোকানে মাদকদ্রব্য কেনাবেচা হয়। একদিন এক মাদক বিক্রেতা কৌশলে ডেকে নিয়ে তাকে মাদক গ্রহণে বাধ্য করে। মাদকাসক্ত রুমন বর্তমানে তার পরিবার ও সমাজের জন্য অভিশাপস্বরূপ।

**২৩. উদ্দীপকে রুমনের মাদকাসক্তির কারণ কোনটি?**
K পারিবারিক বিশৃঙ্খলা
L মাদকের সহজলভ্যতা
M অসৎ সঙ্গ N মূল্যবোধের অবক্ষয়

**২৪. মাদকাসক্তির প্রভাবে রুমন—**
i. শারীরিকভাবে ক্ষতিগ্রস্ত হবে
ii. মানসিক ভারসাম্য হারাতে পারে
iii. অপরাধপ্রবণ হয়ে উঠতে পারে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৫. বিস্তৃত কৃষিক্ষেত্র ও অসংখ্য বাস্তুভিটা নিয়ে কী গড়ে ওঠে?**
K গ্রাম L শহর M নগর N গঞ্জ

**২৬. শহরে কী ধরনের পরিবার বেশি দেখা যায়?**
K যৌথ L বর্ধিত M অণু N মাতৃতান্ত্রিক

**২৭. শহরে কার শিক্ষায় গড়ে তোলে সন্তানের মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি?**
K শিক্ষকের L দাদা-দাদির
M পিতা-মাতার N চাচা-চাচির

**২৮. নারী প্রতারিত হয়ে পাচার হয়ে যায় কোন দুর্বলতার কারণে?**
K সামাজিক L রাজনৈতিক
M অর্থনৈতিক N সাংস্কৃতিক

**২৯. বাংলাদেশে যৌতুক নিরোধ আইন কত সালে পাস হয়?**
K ১৯৮০ L ১৯৮১ M ১৯৮২ N ১৯৮৩

**৩০. স্যামুয়েল হ্যান্টিংটনের 'সভ্যতার সংকট' নামক তত্ত্বে নতুন শত্রু হিসেবে দাঁড় করায় কাদের?**
K ইহুদিদেরকে L বৌদ্ধদেরকে
M খ্রিষ্টানদেরকে N মুসলমানদেরকে

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | N | ৩ | M | ৪ | M | ৫ | N | ৬ | M | ৭ | L | ৮ | N | ৯ | K | ১০ | L | ১১ | K | ১২ | K | ১৩ | K | ১৪ | K | ১৫ | L |
| ১৬ | L | ১৭ | N | ১৮ | L | ১৯ | L | ২০ | L | ২১ | M | ২২ | K | ২৩ | L | ২৪ | N | ২৫ | K | ২৬ | M | ২৭ | K | ২৮ | M | ২৯ | K | ৩০ | N |

## ১৯ বিএএফ শাহীন কলেজ, যশোর

সময়—৩০ মিনিট **সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র • বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. **'আকবরনামা' গ্রন্থের লেখক কে?**
K আল-বেরুনি L সম্রাট আকবর
M আবুল ফজল N রাজা রামমোহন রায়

২. **সমাজবিজ্ঞান পাঠের মাধ্যমে জানা যায়—**
i. অপরাধপ্রবণতার কারণ
ii. বিচ্যুতির প্রকৃতি
iii. সমাজের মৌল উদ্দেশ্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৩. **বাংলাদেশে সমাজবিজ্ঞান চর্চার প্রয়োজনীয়তা রয়েছে—**
i. সামাজিক সমস্যা উত্তরণে
ii. সামাজিক পরিকল্পনা বাস্তবায়ন
iii. ব্যক্তি মানুষের স্বার্থ সংরক্ষণে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৪. **নব্যপ্রস্তর যুগের মানুষেরা অভাবনীয় সাফল্য অর্জন করেছিল—**
i. বিনিময় প্রথা চালুতে
ii. তামা ও চাকা আবিষ্কারে
iii. সমাজ কাঠামো ও প্রশাসনিক অগ্রগতিতে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

৫. **সিন্ধু সভ্যতার সড়কবাতি রাস্তাঘাটের বৈশিষ্ট্য প্রমাণ করে, এখানে ছিল—**
K শক্তিশালী কেন্দ্রীয় শাসন
L পর্যাপ্ত নাগরিক সুবিধা
M বিভিন্ন শ্রেণির অস্তিত্ব
N আধুনিক স্থাপত্যের সমাহার

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
মিতুল ও তার বন্ধুরা বান্দরবান বেড়াতে গিয়ে এমন একটি জনগোষ্ঠীর খোঁজ পায়, যারা মাত্র কয়েক বছর আগে শিকারি জীবন পরিত্যাগ করে খাদ্য উৎপাদন করতে শিখেছে। এরপর দ্রুতই বদলে যায় তাদের জীবনধারা ও সংস্কৃতি। স্থায়ী বসবাস, উৎপাদিত পণ্যের আদান-প্রদান এবং অবসর সময়ের যথার্থ ব্যবহার করে তারা সমাজে বৈপ্লবিক পরিবর্তনের সূচনা করে।

৬. **উদ্দীপকের জনগোষ্ঠীর জীবনধারার সাথে কোন প্রত্নতাত্ত্বিক যুগের সাদৃশ্য রয়েছে?**
K পুরাতন প্রস্তর L নব্য প্রস্তর M ব্রোঞ্জ N লৌহ

৭. **উদ্দীপকের বর্ণিত সমাজে বৈপ্লবিক পরিবর্তনের মূল নিয়ামক কোনটি?**
K যাযাবর জীবনের অবসান
L ব্যবসায় বাণিজ্যের প্রসার
M প্রচুর অবসর সময় N কৃষির সূচনা

৮. **গারোদের ঐতিহ্যবাহী ধর্মের নাম—**
K বৈষ্ণব L সর্বপ্রাণবাদ
M জৈন N সাংসারেক

৯. **মণিপুরিরা বাংলাদেশের কোন অঞ্চলে বসবাস করে?**
K সিলেট L শেরপুর
M বগুড়া N বান্দরবান

১০. **সাংসারেক বলতে বোঝায়—**
i. ঐতিহাসিক ধর্ম
ii. বিশেষ ধর্মীয় বিশ্বাস
iii. রাজনৈতিক আদর্শ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
বার্ষিক পরীক্ষা শেষে রাজু তার বাবার সাথে বান্দরবান বেড়াতে যায়। সেখানে সে দেখতে পায় পাহাড়ের গায়ে আগুন জ্বেলে পাহাড় পরিষ্কার করে স্থানীয়রা চাষাবাদ করছে। এ পদ্ধতিতে তারা গর্ত করে একসাথে বিভিন্ন বীজ রোপণ করে।

১১. **উদ্দীপকে বর্ণিত চাষ পদ্ধতিটির নাম কী?**
K হালচাষ L উদ্যান চাষ
M জুম চাষ N খামার চাষ

১২. **এ সমাজের জনগোষ্ঠীর বৈশিষ্ট্য কোনটি?**
K পৃথক জীবনধারা
L সমতলের মতো চাষাবাদ
M বাজারমুখী উৎপাদন
N চাষাবাদে যন্ত্রের ব্যবহার

১৩. **বর্তমান বিশ্বের কয়টি দেশে ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালিত হয়?**
K ৮৮ L ১৮৮ M ২৭৮ N ২৮৮

১৪. **দ্বিজাতি তত্ত্বের মূলভাব হলো—**
K হিন্দু ও মুসলমানদের জন্য একটি রাষ্ট্র হবে
L হিন্দু ও মুসলমানদের জন্য আলাদা রাষ্ট্র হবে
M সব জাতির জন্য ভিন্ন ভিন্ন রাষ্ট্র হবে
N সব জাতির জন্য একটি রাষ্ট্র হবে

১৫. **প্রাক-ব্রিটিশ আমলে কারা নিজেদের আশরাফ বা অভিজাত বলে দাবি করত?**
K বহিরাগত মুসলমানরা
L দেশীয় মুসলমানরা
M বহিরাগত খ্রিষ্টানরা N দেশীয় হিন্দুরা

১৬. **বাঙালি জাতীয়তাবাদ বিকাশে বঙ্গবন্ধুর ভূমিকা—**
i. ভাষা আন্দোলনে নেতৃত্ব দান
ii. বাঙালির বাঁচার দাবি ছয়-দফা কর্মসূচি ঘোষণা
iii. দ্বিজাতিভিত্তিক আন্দোলনে নেতৃত্ব দান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৭. **নেতৃত্ব সম্পর্কে সজাগ ও সক্রিয় গ্রাম সদস্যদের কাজ হলো—**
i. নির্বাচনে ভোট সংগ্রহ করা
ii. গ্রামের বিতর্কিত বিষয়ের প্রতি উৎসাহ প্রদান করা
iii. গ্রামীণ সালিশে মতামত ব্যক্ত করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

১৮. **বাংলাদেশের গ্রাম ও শহরের অন্যতম পার্থক্য কোথায়?**
K সমপেশার জনগোষ্ঠী
L ভিন্ন সংস্কার ও মূল্যবোধ
M পেশি শক্তির প্রভাব N রাজনৈতিক সম্পৃক্ততা

১৯. **গ্রাম ও শহরের স্তরবিন্যাসের ক্ষেত্রে যে উপাদানগুলো অপরিহার্য—**
i. পেশা শ্রম
ii. ভূমি ও বংশমর্যাদা
iii. ক্ষমতা ও মর্যাদা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২০. **যা থেকে সামাজিক সমস্যার উদ্ভব ঘটে—**
i. সমাজস্থ মানুষের পারস্পরিক ক্রিয়াপ্রতিক্রিয়া
ii. উৎপাদনসমূহের মধ্যকার পারস্পরিক মিথস্ক্রিয়া
iii. রাষ্ট্রের সামাজিক আদর্শ ও মূল্যবোধ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২১. **ছদ্ম বেকারত্ব কোনটি?**
K ৫ জনের স্থলে ৭ জন কাজ করা
L ৭ জনের স্থলে ৫ জন কাজ করা
M ৫ জনের মধ্যে ৫ জনই বেকার থাকা
N ৫ জনের মধ্যে ৪ জন বেকার থাকা

২২. **বাংলাদেশের যৌতুক নিরোধ আইন কত সালে পাস হয়?**
K ১৯৮০ L ১৮১
M ১৯৮২ N ১৯৮৩

২৩. **জঙ্গিবাদী কর্মকাণ্ড—**
K সমাজের আইন ও রাষ্ট্রবিরোধী
L ধর্মীয় আদর্শের সমর্থক
M জাতীয়তাবোধের বহিঃপ্রকাশ
N ন্যায়বিচার প্রতিষ্ঠায় সহায়ক

২৪. **জেন্ডার বৈষম্যের প্রভাবে সমাজে—**
i. নারী নির্যাতন বৃদ্ধি পায়
ii. মানবাধিকার লঙ্ঘিত হয়
iii. সামাজিক উন্নয়ন ব্যাহত হয়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৫. **উনবিংশ শতাব্দীর মধ্যভাগে বাঙালি বুদ্ধিজীবীরা অনুপ্রাণিত হন—**
i. অগাস্ট কোঁতের ধ্যানধারণায়
ii. বেন্থামের ধ্যানধারণায়
iii. লেভি স্ট্রসের ধ্যানধারণায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৬নং প্রশ্নের উত্তর দাও :**
রুমার দাদার এগারজন ছেলেমেয়ে ছিল। তিনি সবাইকে সমানভাবে পড়ালেখা করাতে পারেননি। অল্প জমি সবার মধ্যে বণ্টন করতে গিয়ে ফসল উৎপাদনও হ্রাস পেয়েছে।

২৬. **উদ্দীপকে কোন সামাজিক সমস্যার প্রতি ইঙ্গিত করা হয়েছে?**
K খাদ্য স্বল্পতা L ভূমির খণ্ডায়ন
M জনসংখ্যাধিক্য N শিক্ষাব্যবস্থার ত্রুটি

২৭. **সামাজিক উন্নয়ন বলতে বোঝায়—**
i. সামাজিক উন্নয়ন একটি সামাজিক প্রক্রিয়া
ii. সামাজিক উন্নয়ন সামাজিক কাঠামোগত রূপান্তর
iii. সামাজিক উন্নয়ন প্রাতিষ্ঠানিক মূল্যবোধগত পরিবর্তন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

২৮. **বিংশ শতকের কোন দশক থেকে উন্নয়ন প্রত্যয়টি সমাজবিজ্ঞানে ব্যবহৃত হয়?**
K চল্লিশের L পঞ্চাশের
M ষাটের N সত্তরের

২৯. **নিচের কোনটি বেসরকারি সংস্থা?**
K BRDB L BRAC
M BARD N RDA

৩০. **BRDB কখন গঠিত হয়?**
K ১৯৭০ সালে L ১৯৭৫ সালে
M ১৯৮০ সালে N ১৯৮৫ সালে

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | N | ৩ | K | ৪ | L | ৫ | L | ৬ | L | ৭ | N | ৮ | N | ৯ | K | ১০ | K | ১১ | M | ১২ | K | ১৩ | L | ১৪ | L | ১৫ | K |
| ১৬ | N | ১৭ | L | ১৮ | L | ১৯ | M | ২০ | N | ২১ | K | ২২ | K | ২৩ | K | ২৪ | N | ২৫ | L | ২৬ | M | ২৭ | M | ২৮ | M | ২৯ | L | ৩০ | L |

## ২০ ✓ সরকারি প্রফুল্ল চন্দ্র কলেজ, বাগেরহাট

সময়—৩০ মিনিট **সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. প্রাচীন ভারতীয় উপমহাদেশের দার্শনিকরা কোন বিষয়ে বেশি গুরুত্বারোপ করেছিলেন?**
K অর্থনৈতিক বিষয় L রাজনৈতিক বিষয়
M সামাজিক বিষয় N ধর্মীয় বিষয়

**২. কার উদ্যোগে 'রয়েল এশিয়াটিক সোসাইটি অব বেঙ্গল' প্রতিষ্ঠিত হয়?**
K উইলিয়াম জোনস
L উইলিয়াম হান্টার
M হেনরি মেইন
N ফার্মিংগার

**৩. বাংলাদেশে সমাজবিজ্ঞান চর্চা শুরু হয় কোন বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে?**
K ঢাকা বিশ্ববিদ্যালয়
L চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
M রাজশাহী বিশ্ববিদ্যালয়
N খুলনা বিশ্ববিদ্যালয়

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**
সমাজবিজ্ঞানের শিক্ষক শ্রেণিকক্ষে বলেন, বাংলাদেশের একটি বিশ্ববিদ্যালয়ে স্বতন্ত্র সমাজবিজ্ঞান বিভাগ প্রতিষ্ঠার ক্ষেত্রে ফরাসি নৃবিজ্ঞানী লেভি স্ট্রস-এর গুরুত্বপূর্ণ অবদান রয়েছে।

**৪. অনুচ্ছেদে বর্ণিত বিশ্ববিদ্যালয় কোন বিশ্ববিদ্যালয়কে নির্দেশ করে?**
K রাজশাহী বিশ্ববিদ্যালয়
L জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
M চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
N ঢাকা বিশ্ববিদ্যালয়

**৫. উক্ত বিশ্ববিদ্যালয়ে স্বতন্ত্র সমাজবিজ্ঞান বিভাগ প্রতিষ্ঠার ফলে—**
i. সমাজবিজ্ঞানের গঠন-পাঠন বিস্তৃত হয়েছে
ii. সমাজকাঠামো সম্পর্কে জ্ঞান লাভের সুযোগ বৃদ্ধি পেয়েছে
iii. রাজনৈতিক অস্থিতিশীলতা হ্রাস পেয়েছে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৬. প্রত্নতত্ত্বের ইংরেজি প্রতিশব্দ কী?**
K Ancientest L Ancienter
M Anthropology N Archaeology

**৭. প্রত্নতাত্ত্বিকরা মানুষের সাংস্কৃতিক জীবনের চিত্র তুলে ধরতে সক্ষম হয়—**
i. আবহাওয়া পরীক্ষা করে
ii. মানুষের বর্তমান জীবনপ্রণালি পর্যবেক্ষণ করে
iii. জলবায়ু পরীক্ষা করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**৮. সমাজ বিবর্তনের দীর্ঘতম যুগ কোনটি?**
K তাম্র L নবোপলীয়
M পুরোপলীয় N ব্রোঞ্জ

■ **উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :**
চীনের একটি জায়গায় খননের ফলে প্রাচীন মানুষের ফসিল পাওয়া যায়। পরীক্ষার পর জানা যায়, ফসিলটি খ্রিষ্টপূর্ব দুই লক্ষ বছর আগের।

**৯. অনুচ্ছেদে উল্লিখিত ফসিলটি কোন যুগের মানুষের?**
K উচ্চ প্রাচীন প্রস্তর যুগের
L ব্রোঞ্জ যুগের
M নব্যপ্রস্তর যুগের
N নিম্ন প্রাচীন প্রস্তর যুগের

**১০. উক্ত যুগের ক্ষেত্রে প্রযোজ্য তথ্য হলো, মানুষ—**
i. খোলা জায়গায় বসবাস করত
ii. আত্মার অমরত্ব সম্পর্কে ধারণা লাভ করেছিল
iii. আগুন জ্বালাবার কৌশল জেনেছিল
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১১. চাকমা সমাজে কোন সংগঠনের প্রধানকে হেডম্যান বলা হয়?**
K পাড়া L আদাম
M মৌজা N সার্কেল

**১২. বাংলাদেশের অধিকাংশ গারো কোন ভাষায় কথা বলে?**
K পালি L বোডো
M আচিক কুসিক N আবেং

**১৩. চাকমা ও গারোদের জীবনব্যবস্থার মিলগুলো হলো—**
i. উভয়ই মাচার ওপর ঘর তৈরি করে
ii. উভয়ই বৌদ্ধধর্মের অনুসারী
iii. উভয় সমাজেই বহুপত্নীক ও বিধবা বিবাহ প্রচলিত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**১৪. মণিপুরিদের মূল আবাসস্থল কোথায়?**
K মেদিনীপুরে
L আসাম রাজ্যে
M মেঘালয়ে
N মণিপুর রাজ্যে

**১৫. ছয় দফা দাবি পেশ করা হয় কোথায়?**
K ঢাকায় L লাহোরে
M কলকাতায় N ইসলামাবাদে

**১৬. কে শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করেন?**
K আমির হোসেন আমু
L তোফায়েল আহম্মদ
M তাজউদ্দিন আহমেদ
N ড. কামাল হোসেন

**১৭. আইয়ুববিরোধী আন্দোলন জোরদার হয়েছিল—**
i. আগরতলা মামলা করায়
ii. ছয় দফা কর্মসূচিকে বিচ্ছিন্নতাবাদী আখ্যা দেওয়ায়
iii. মৌলিক গণতন্ত্র প্রতিষ্ঠা করায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১৮. বাঙালি জাতীয়তাবাদের রূপকার কে?**
K বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
L রবীন্দ্রনাথ ঠাকুর
M কাজী নজরুল ইসলাম
N এ কে ফজলুল হক

**১৯. গ্রামীণ ক্ষমতা কাঠামোর সাথে সংযুক্ত উপাদানসমূহের কয়টিকে স্বাধীন চলক হিসেবে চিহ্নিত করা হয়েছে?**
K ৪টি L ৬টি
M ১৩টি N ১৯টি

**২০. গ্রামীণ ক্ষমতা কাঠামোয় চাপসৃষ্টিকারী দল হলো—**
i. রাজনৈতিক দলের স্থানীয় নেতা
ii. কোন সম্প্রদায়ের নেতা
iii. ইউপি চেয়ারম্যান
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**২১. বাংলাদেশের গ্রাম ও শহর সমাজের পরিবারের ধরন মূলত কীরূপ?**
K মাতৃতান্ত্রিক L পিতৃতান্ত্রিক
M মাতৃসূত্রীয় N বহুবিবাহভিত্তিক

**২২. গ্রামের মানুষ তাদের চিন্তাধারাকে সংকুচিত করে রাখে কীসের প্রভাবে?**
K সনাতন ধ্যানধারণা
L দরিদ্রতা
M সামাজিক স্থবিরতা
N ধর্মান্ধতা

**২৩. যৌন নিপীড়ন কোন ধরনের অসমতার বহিঃপ্রকাশ?**
K ধনী-গরিবের
L শিক্ষিত-অশিক্ষিতের
M ধর্ম-বর্ণের
N নারী-পুরুষের

**২৪. সাধারণভাবে প্রবীণ নাগরিক বলা হয় কাদের?**
K ৫৫ উর্ধ্ব ব্যক্তিদের
L ৬০ উর্ধ্ব ব্যক্তিদের
M ৬৫ উর্ধ্ব ব্যক্তিদের
N ৭০ উর্ধ্ব ব্যক্তিদের

**২৫. 'জঙ্গির' ইংরেজি প্রতিশব্দ কোনটি?**
K Militant L Militeant
M Militunt N Milirant

**২৬. শব্দ দূষণের প্রধান উৎস কোনটি?**
K বিমান পরিবহণ
L মিটিং মিছিলের মাইক
M শিল্প কারখানা
N যানবাহন

**২৭. বিংশ শতকের কোন দশক থেকে উন্নয়ন প্রত্যয়টি সমাজবিজ্ঞান ব্যবহৃত হয়?**
K চল্লিশের L পঞ্চাশের
M ষাটের N সত্তরের

**২৮. নিচের কোনটি সামাজিক উন্নয়ন নির্দেশ করে?**
K শিক্ষার হার বৃদ্ধি
L সামাজিক অসমতার ব্যাপকতা
M শিল্পের প্রসার
N রাজনৈতিক ক্ষমতার পালাবদল

**২৯. অর্থনীতিবিদরা কয়টি মানদণ্ডের ওপর ভিত্তি করে সামাজিক উন্নয়নের স্বরূপ নির্ণয় করেন?**
K দুটি L তিনটি
M চারটি N পাঁচটি

**৩০. সামাজিক উন্নয়ন মানুষের কোন ধরনের উন্নয়নে বিশ্বাসী?**
K সামগ্রিক L স্বল্পমেয়াদি
M আংশিক N তাৎক্ষণিক

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | K | ৩ | K | ৪ | N | ৫ | K | ৬ | N | ৭ | N | ৮ | L | ৯ | N | ১০ | K | ১১ | M | ১২ | M | ১৩ | M | ১৪ | N | ১৫ | L |
| ১৬ | L | ১৭ | N | ১৮ | K | ১৯ | L | ২০ | K | ২১ | L | ২২ | K | ২৩ | N | ২৪ | L | ২৫ | K | ২৬ | L | ২৭ | M | ২৮ | K | ২৯ | L | ৩০ | K |

## ২১ ✓ কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ

সময়–৩০ মিনিট **সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র ⌄ বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বাংলাদেশে সমাজবিজ্ঞানের প্রতিষ্ঠাতা বলা হয় কাকে?**
K আবুল ফজল L এ কে নাজমুল করিম
M অজিত কুমার সেন N রাধা কমল মুখার্জি

**২. বাংলাদেশে সমাজবিজ্ঞান পাঠের প্রয়োজনীয়তা কোনটি?**
K সামাজিক সমস্যার সমাধানে
L উন্নয়নকে বৈচিত্র্যময় করতে
M নগর জনসংখ্যা বৃদ্ধিতে
N বৈজ্ঞানিক আবিষ্কার করতে

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
সালমা তার ছেলেমেয়েদের নিয়ে শালবন সমৃদ্ধ একটি জায়গায় বেড়াতে যায়। তারা প্রায়ই সময় সুযোগ করে বাংলাদেশের এমন ঐতিহাসিক স্থান ছেলেমেয়েদের দেখিয়ে থাকেন।

**৩. উদ্দীপকের বর্ণনায় কোন প্রত্নতাত্ত্বিক নিদর্শনকে নির্দেশ করছে?**
K পাহাড়পুর L ময়নামতি
M সিন্ধু সভ্যতা N মহাস্থানগড়

**৪. উদ্দীপকের বর্ণনা থেকে বলা যায়–**
i. সভ্যতা বিকাশমান প্রক্রিয়া
ii. প্রত্নতত্ত্ব শিক্ষা সহায়ক
iii. সংস্কৃতি শুধুমাত্র বস্তুগত
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. আগুনের আবিষ্কার কোন যুগে হয়?**
K লৌহ L ব্রোঞ্জ M প্রস্তর N নব্যপ্রস্তর

**৬. প্রত্নতত্ত্ব-এর আলোচ্য বিষয়–**
i. বর্তমান সমাজ
ii. অতীতের ধ্বংসাবশেষ
iii. শিলালিপি ও মুদ্রা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. বিজু কী?**
K মারমাদের ভাষা L চাকমাদের উৎসব
M গারোদের উৎসব N রাখাইনদের ভাষা

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
আদিম জনগোষ্ঠীটি শিকারী জীবন পরিত্যাগ করে খাদ্য উৎপাদন করতে শিখে। এভাবে তাদের জীবনযাত্রায় আসে পরিবর্তন। স্থায়ী বসবাস করতে শিখে, উৎপাদিত দ্রব্যের ক্রয়-বিক্রয় শুরু হয়। এমনকি অবসর সময়ের ব্যবহারও শুরু হয়।

**৮. উদ্দীপকে কোন সমাজের উল্লেখ করা হয়েছে?**
K পুরাতন প্রস্তর L নব্যপ্রস্তর
M ব্রোঞ্জ N লৌহ

**৯. উদ্দীপকের আলোকে বলা যায়–**
i. উৎপাদন উপকরণ সমাজ পরিবর্তন করতে পারে
ii. হাতিয়ারের পরিবর্তন জীবনযাপন উন্নত করে
iii. উদ্বৃত্ত সময় অবসরের সুযোগ তৈরি করে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

**১০. ভাষা আন্দোলন কত সালে হয়?**
K ১৯৪৭ L ১৯৪৮ M ১৯৫২ N ১৯৫৪

**১১. শহুরে সমাজে অপরাধ বৃদ্ধির কারণ হলো–**
i. বেকারত্ব
ii. আর্থিক অসচ্ছলতা
iii. নিরক্ষরতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১২. বাংলাদেশে গ্রামীণ সমাজে পরিবার ব্যবস্থা বেশি দেখা যায়?**
K একক L যৌথ M মাতৃবাস N মাতৃতান্ত্রিক

**১৩. ব্যক্তি স্বাতন্ত্র্যবাদী দৃষ্টিভঙ্গির কারণে–**
i. পারিবারিক সংঘাত কমে এসেছে
ii. পরিবারের যৌথবদ্ধতা শিথিল হচ্ছে
iii. ব্যক্তি নিজেকে স্বাধীন ভাবতে শিখে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৪. সিন্ধু সভ্যতায় সমাজব্যবস্থা কেমন ছিল?**
K যুদ্ধ-সংঘাত L অসংঘবদ্ধ
M শ্রেণিবিভক্ত N সামাজিক সাম্য

**১৫. মণিপুরিদের বসবাস কোন অঞ্চলে?**
K রাঙামাটি L সিলেট
M বান্দরবান N পটুয়াখালি

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
